No. 8 Div. 14

DISCARDED BY S. T. LIBRARY

LIBRARY
OF
School of Theology,
OF
Boston University.

Presented by

ইব্রীয় ভাষাহইতে ভাষান্তরীকৃত

# দায়ূদের গীত

এবং

## সুলেমান্‌লিখিত হিতোপদেশ।

# THE PSALMS OF DAVID

AND

## THE PROVERBS OF SOLOMON,

IN BENGÁLÍ.

Bible. O.T. Psalms. Bengali.
1862.

TRANSLATED FROM THE ORIGINAL HEBREW,

BY

The Calcutta Baptist Missionaries.

CALCUTTA:

PRINTED FOR THE BIBLE TRANSLATION SOCIETY, AT THE
BAPTIST MISSION PRESS.

1862.

R.R.
223.2
B47
1862

# দায়ূদের গীত।

## ১ গীত।

পুণ্যবান লোকদের সুখ ও পাপি লোকদের দুঃখ।

১ যে জন দুষ্টদের পরামর্শে চলে না, ও পাপিদের পথে
দাঁড়াইয়া থাকে না, ও নিন্দকদের সভাতে বসে না;
২ কিন্তু পরমেশ্বরের শাস্ত্রেতেই আমোদ করে, ও দিবা-
৩ রাত্রি তাঁহার শাস্ত্র ধ্যান করে, সেই ধন্য। সে জল-
স্রোতের নিকটে রোপিত ও সময়ে ফলবান্ ও অম্লান
পত্র বিশিষ্ট বৃক্ষের সদৃশ; তাহার তাবৎ কর্ম্ম সফল
৪ হয়। দুষ্টদের তাদৃশ গতি নয়, তাহারা বায়ুতে চালিত
৫ তুষের ন্যায়। এই কারণ দুষ্ট লোকেরা বিচারদিনে
ও পাপিগণ ধার্ম্মিকদের মণ্ডলীতে দাঁড়াইতে পারিবে
৬ না। কেননা পরমেশ্বর ধার্ম্মিক লোকদের পথ জানেন,
কিন্তু দুষ্ট লোকদের পথ বিনষ্ট হইবে।

## ২ গীত।

১ খ্রীষ্টের শত্রুদের কথা, ৪ ও তাঁহার রাজ্য স্থাপনের ভবিষ্যদ্বাক্য,
১০ ও তাঁহার বিষয়ে রাজগনের প্রতি নিবেদন।

১ ভিন্নজাতীয়েরা কেন কলহ করে, ও লোকেরা কেন
২ অনর্থক চিন্তা করে? পরমেশ্বরের ও তাঁহার অভিষিক্ত
ব্যক্তির বিপরীতে ভূপতিরা দণ্ডায়মান হয়, ও রাজারা
৩ পরস্পর এমত পরামর্শ করে, 'আইস, আমরা উহা-
দের বন্ধন ছেদন করি, ও আপনাদের নিকটহইতে
উহাদের রজ্জু ফেলিয়া দি।'

ইহাতে স্বর্গনিবাসী হাস্য করিবেন, ও প্রভু তাহা- ৪
দিগকে উপহাস করিবেন। তখন তিনি ক্রোধে তাহা- ৫
দিগকে ব্যাকুল করিবেন, ও কোপে এই কথা কহিবেন,
'আমি আপন কৃত রাজাকে আপনার পবিত্র সিয়োন্ ৬
পর্ব্বতে অভিষিক্ত করিলাম।'

আমি নিয়ম প্রকাশ করিব; পরমেশ্বর আমাকে ৭
কহিয়াছেন, 'তুমি আমার পুত্র, অদ্য আমি তোমাকে
জন্ম দিলাম। আমার নিকটে যাচ্ঞা কর, তাহাতে ৮
আমি তোমার অধিকারের নিমিত্তে ভিন্নজাতীয়দিগকে
ও তোমার রাজ্যের নিমিত্তে ভূমণ্ডলের প্রান্তস্থিত সক-
লকে তোমাকে দিব। তুমি তাহাদিগকে লৌহদণ্ডদ্বারা ৯
আঘাত করিবা, ও কুম্ভকারের পাত্রের ন্যায় চূর্ণ
করিবা।'

হে নৃপতিবর্গ, তোমরা এখন জ্ঞান পূর্ব্বক আচরণ ১০
কর; হে পৃথিবীর শাসকগণ, তোমরা উপদেশ গ্রহণ
কর। সভয় হইয়া পরমেশ্বরের সেবা কর, ও সকম্প ১১
হইয়া জয়ধ্বনি কর। পুত্রকে চুম্বন কর; পাছে তিনি ১২
ক্রুদ্ধ হন, ও তোমরা পথে বিনষ্ট হও, কেননা ক্ষণমাত্রে
তাঁহার ক্রোধানল প্রজ্বলিত হইবে। যে সকল লোক
তাঁহাতে বিশ্বাস করে, তাহারাই ধন্য।

## ৩ গীত।

ঈশ্বরের আশ্রয়েতে যে রক্ষা হয় তাহার বর্ণনা।

অবশালম্ নামক পুত্রের নিকটহইতে পলায়ন কালে
দায়ূদের ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, আমার কত বৈরী হইয়াছে! অনেকে ১
আমার বিপক্ষ হইয়াছে। 'ঈশ্বরহইতে উহার নিস্তার ২

হইবে না,' আমার প্রাণের বিষয়ে অনেকে এমত কহে।
৩ সেলা। কিন্তু হে পরমেশ্বর, তুমিই আমার ঢালস্বরূপ
ও আমার গৌরবস্বরূপ ও আমার মস্তকের উন্নতিকা-
৪ রক। আমি আপন রবেতে পরমেশ্বরের নিকটে প্রা-
র্থনা করিলে তিনি আপন পবিত্র পর্ব্বতে থাকিয়া
৫ আমাকে উত্তর দেন। সেলা। আমি শয়ন করিয়া নিদ্রা
যাই, পুনর্ব্বার জাগ্রৎ হই, কারণ পরমেশ্বর আমাকে
৬ রক্ষা করেন। সহস্র২ লোক আমার বিরুদ্ধে চতুর্দ্দিগে
৭ সুসজ্জ হইলেও আমি ভীত হইব না। হে পরমেশ্বর,
উঠ; হে আমার ঈশ্বর, আমার পরিত্রাণ কর;
কারণ তুমি আমার তাবৎ শত্রুকে চপেটাঘাত করিয়া
৮ থাক, ও দুষ্টগণের দন্ত ভগ্ন করিয়া থাক। পরমেশ্বরের
নিকটে পরিত্রাণ, ও নিজ লোকের প্রতি তাঁহার আ-
শীর্ব্বাদ আছে। সেলা।

## ৪ গীত।

১ ঈশ্বরের প্রতি দায়ূদের নিবেদন, ২ ও শত্রুদের প্রতি অনুযোগ, ৬ ও বলেতে নয় কিন্তু ঈশ্বরের অনুগ্রহেতে সুখ হওন।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ হে আমার ধর্ম্মস্বরূপ ঈশ্বর, আমি প্রার্থনা করিলে
আমাকে উত্তর দেও। দুঃখের সময়ে তুমি আমাকে
উদ্ধার করিয়া থাক; অনুগ্রহ করিয়া আমার প্রা-
র্থনা শুন।

২ হে মনুষ্যসন্তানেরা, তোমরা আর কত কাল আমার
গৌরব অবজ্ঞা করিবা? ও কত কাল বা অনর্থক ক্রিয়া
৩ ভাল বাসিয়া মিথ্যা চেষ্টা করিবা? সেলা। পরমেশ্বর
আপনার নিমিত্তে সাধু লোককে মনোনীত করেন, ইহা
তোমরা জ্ঞাত হও; আমি প্রার্থনা করিলে পরমেশ্বর

তাহা শুনিবেন। তোমরা ক্রুদ্ধ হইয়া পাপ করিও না, ৪
এবং আপন শয্যাতে নীরব হইয়া মনে ধ্যান কর।
সেলা। ধর্ম্মবলিদান কর, ও পরমেশ্বরেতে বিশ্বাস ৫
কর।

'কে আমাদিগকে মঙ্গল দেখাইবে?' এ কথা অনেকেই ৬
বলিয়া থাকে; হে পরমেশ্বর, তুমি আমাদের প্রতি
আপন শ্রীমুখের দীপ্তি প্রকাশ কর। শস্য ও দ্রাক্ষারসের ৭
বাহুল্য হইলে তাহাদের যে আহ্লাদ হয়, তদপেক্ষাও
অধিক আহ্লাদ আমার মনেতে তুমি দিয়া থাক। আমি ৮
শান্তিতে শয়ন করিয়া নিদ্রা যাই, কারণ, হে পরমেশ্বর,
কেবল তুমি আমাকে নিরাপদে রাখিবা।

## ৫ গীত।

১ ঈশ্বরের প্রতি দায়ূদের নিবেদন, ৮ ও শত্রুগণের বিরুদ্ধে ও ধার্ম্মিকগণের নিমিত্তে তাহার প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য নিহীলোৎ নামক স্বরযুক্ত
দায়ূদের এক ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, তুমি আমার কথা শুন, ও আমার কা- ১
কুক্তিতে মনোযোগ কর। হে আমার রাজন্ ও আমার ২
ঈশ্বর, আমার ক্রন্দনের রব শ্রবণ কর, কেননা
আমি তোমার নিকটে নিবেদন করি। হে পরমেশ্বর, ৩
প্রাতঃকালে আমার রব শ্রবণ কর; প্রাতঃকালে আমি
তোমার নিকটে প্রার্থনা করিয়া ঊর্দ্ধদৃষ্টি করি। তুমি ৪
দুষ্টতাতে সন্তুষ্ট ঈশ্বর নও; তোমার নিকটে কোন মন্দ
লোক আশ্রয় পায় না। অহঙ্কারিগণ তোমার সাক্ষাতে ৫
দাঁড়াইতে পারে না; তুমি অধর্ম্মাচারি সকলকে ঘৃণা
করিতেছ। এবং মিথ্যাবাদিদিগকে নষ্ট করিবা; হে ৬
পরমেশ্বর, তুমি হত্যাকারি ও কপটি সকলকে নিগ্রহ

৭ করিবা। কিন্তু আমি তোমার প্রচুর অনুগ্রহেতে তো-
মার মন্দিরে প্রবেশ করিব, ও তোমার ধর্ম্মধামের দিগে
সম্মুখ হইয়া সভয়ে তোমার ভজনা করিব।
৮ হে পরমেশ্বর, আমার বৈরিগণ প্রযুক্ত তোমার
ধর্ম্মপথে আমাকে লইয়া যাও, এবং আমার সম্মুখে
৯ তোমার মার্গ সরল কর। কারণ তাহাদের মুখে প্রকৃত
বাক্য নাই, ও তাহাদের অন্তঃকরণ দুষ্ট; তাহাদের
গলার নলী অনাবৃত কবরস্বরূপ, তাহারা জিহ্বাদ্বারা
১০ স্তুতিবাদ করে। হে ঈশ্বর, তুমি তাহাদিগকে দণ্ড দেও,
তাহারা আপনং পরামর্শদ্বারাই পতিত হউক; এবং
তাহাদের প্রচুর অপরাধ প্রযুক্ত তাহাদিগকে তাড়া-
ইয়া দেও, কেননা তাহারা তোমার বিরুদ্ধ আচরণ
১১ করিয়াছে। তাহাতে তোমার শরণাগত তাবৎ লোক
আনন্দিত হইবে, এবং তোমাদ্বারা রক্ষিত হওন প্র-
যুক্ত সর্ব্বদা হৃষ্টচিত্ত হইবে; এবং যাহারা তোমার
নামের প্রতি প্রেম করে, তাহারা তোমাতে উল্লাস
১২ করিবে। হে পরমেশ্বর, তুমিই ধার্ম্মিক লোককে আশী-
র্ব্বাদ করিবা, ও অনুগ্রহ রূপ ঢালেতে তাহাকে আ-
বৃত করিবা।

## ৬ গীত।

বিপদসময়ে দায়ূদের বিলাপ।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য অষ্টম স্বরযক্ত দায়ূদের এক
ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, ক্রোধেতে আমাকে অনুযোগ করিও না,
২ ও কোপেতে আমাকে শাস্তি দিও না। হে পরমেশ্বর,
আমি ক্ষীণ হইলাম, আমাকে কৃপা কর; হে পরমে-

শ্বর, আমার অস্থি সকল কাঁপিতেছে, আমাকে সুস্থ
কর। হে পরমেশ্বর, আমার প্রাণ অতি ব্যাকুল হই- ৩
তেছে, কত কাল বিলম্ব করিবা? হে পরমেশ্বর, ফিরিয়া ৪
আইস, আমার প্রাণকে মুক্ত কর, তোমার দয়াগুণে
আমাকে পরিত্রাণ কর। কেননা মৃত্যুদশাতে তোমার ৫
স্মরণ হইবে না; পরলোকে তোমার প্রশংসা কে
করিবে? আমি কোঁকাইতে২ শ্রান্ত হই, সমস্ত রাত্রি ৬
অশ্রুপাতে শয্যা ভাসাই, ও নয়নজলে খাট ভিজাই।
রোদনেতে আমার চক্ষু ক্ষীণ হইল, ও আমার তাবৎ ৭
বৈরী প্রযুক্ত নয়ন নিস্তেজ হইল। হে কুকর্ম্মকারি সকল, ৮
তোমরা আমার নিকটহইতে দূর হও, পরমেশ্বর আ-
মার ক্রন্দনের রব শুনিলেন। পরমেশ্বর আমার প্রার্থনা ৯
শুনিলেন, ও পরমেশ্বর আমার বিনয় বাক্য গ্রাহ্য করি-
লেন। আমার তাবৎ শত্রু অতিশয় লজ্জিত ও ব্যাকুল ১০
হইবে, তাহারা পরাঙ্মুখ হইয়া হঠাৎ লজ্জিত হইবে।

## ৭ গীত।

১ শত্রু কূশের অপবাদ বিষয়ে দায়ূদের আপনাকে নির্দ্দোষ করণ,
১০ ও কূশের বিনাশ প্রকাশ করণ।

বিন্যামীনীয় কূশের কথার বিষয়ে পরমেশ্বরের নিকটে
দায়ূদের ব্যাকুলতাসূচক গীত।

হে আমার প্রভো পরমেশ্বর, আমি তোমার শরণাগত; ১
তুমি আমাকে তাবৎ তাড়নাকারিহইতে উদ্ধার কর ও
রক্ষা কর; নতুবা শত্রু আমার প্রাণকে অরক্ষক দে- ২
খিয়া সিংহের ন্যায় বিদীর্ণ করিয়া ছিন্নভিন্ন করিবে।
হে আমার প্রভো পরমেশ্বর, আমি যদি সেই মন্দ কর্ম্ম ৩
করিয়া থাকি, ও আমার হস্তে যদি কুকর্ম্ম হইয়া থাকে;
যদি উপকারি লোকের অপকার করিয়া থাকি, এবং ৪

যে জন অকারণে আমার বৈরী, তাহার দ্রব্য যদি লুট
৫ করিয়া থাকি; তবে শত্রুগণ আমার নাশার্থে পশ্চাৎ
ধাবমান হইয়া আমাকে ধরুক, ও আমার প্রাণকে
ভূমিতে দলিত করুক, এবং আমার শ্রীকে ধূলায় নি-
৬ পাত করুক। সেলা। হে পরমেশ্বর, ক্রোধেতে উঠ, ও
আমার বৈরিদের কোপ প্রযুক্ত গাত্রোত্থান কর; এবং
আমার নিমিত্তে জাগ্রৎ হও, কেননা তুমি বিচারকর্ত্তা;
৭ এবং লোকসমূহ তোমাকে বেষ্টন করিবে; তুমি তা-
৮ হাদের ঊর্দ্ধে পুনর্ব্বার উচ্চস্থানে গমন করিও। হে পর-
মেশ্বর, তুমি লোকদের বিচারকর্ত্তা; হে পরমেশ্বর,
আমার ধর্ম্ম ও সৎস্বভাবানুসারে আমার বিচার কর।
৯ বিনয় করি, দুর্জনদের দুষ্টতার শেষ হউক, কিন্তু তুমি
ধার্ম্মিকদিগকে সুস্থির কর; কেননা, হে ন্যায়বান ঈশ্বর,
তুমি সকলের অন্তঃকরণ ও মনের পরীক্ষক।
১০ ঈশ্বর আমার ঢালস্বরূপ, তিনিই সরলান্তঃকরণের
১১ নিস্তারক। ঈশ্বর ধার্ম্মিকের প্রতিফলদাতা, তিনি সমস্ত
১২ দিন পাপির প্রতি ক্রোধকারী ঈশ্বর; সে যদি না ফিরে,
তবে তিনি আপনার খড়্গে শাণ দিবেন, ও আপন
১৩ ধনুকে চাড়া দিয়া প্রস্তুত করিবেন; এবং তাহার নি-
মিত্তে সংহারক অস্ত্র প্রস্তুত করিবেন, ও আপনার বাণ
১৪ সকল অগ্নিতে প্রজ্বলিত করিবেন। দেখ, সে অধর্ম্মে
গর্ব্ভধারণ করিত, ও কুসন্ধানে পূর্ণগর্ব্ভ হইত, ও মিথ্যা-
১৫ কথা প্রসব করিত। সে যে কূপ খনন করিয়া গভীর
করিয়াছে, আপনার কৃত সেই খাতে আপনি পতিত
১৬ হইবে। তাহাতে তাহার কুসন্ধান তাহারই প্রতি ফলি-
১৭ বে, ও তাহার দৌরাত্ম্য তাহারই মস্তকে বর্ত্তিবে। কিন্তু
পরমেশ্বরের ন্যায়স্বভাব প্রযুক্ত আমি তাঁহার প্রশংসা
করিব, ও সর্ব্বোপরিস্থ পরমেশ্বরের নামে গান করিব।

## ৮ গীত।

১ ঈশ্বরের গুণ, ৩ ও মনুষ্যের প্রতি তাঁহার অনুগ্রহের প্রশংসা।

প্রধান বাদ্যকরকে দাতব্য গিত্তীৎ নামক স্বরযুক্ত
দায়ূদের এক ধর্ম্মগীত।

হে আমাদের প্রভো পরমেশ্বর, সমস্ত পৃথিবীতে তো- ১
মার নাম কেমন আদরণীয়! গগনের ঊর্দ্ধেও তোমার
প্রতাপ স্থাপিত হইয়াছে। তুমি আপন বৈরিগণের ২
নিমিত্তে অর্থাৎ শত্রু ও হিংসাকারিকে দমনের নিমিত্তে
বালক ও দুগ্ধপোষ্য শিশুদের মুখহইতে জয়ধ্বনি প্র-
কাশ করিতেছ।

তোমার অঙ্গুলীদ্বারা নির্ম্মিত যে আকাশমণ্ডল, ও ৩
তোমাকর্ত্তৃক স্থাপিত যে চন্দ্র ও তারাগণ, তাহা নিরী-
ক্ষণ করিলে আমি বলি, মর্ত্ত্য কে, যে তুমি তাহাকে ৪
স্মরণ কর? এবং মনুষ্যসন্তানই বা কে, যে তাহার
তত্ত্বাবধারণ কর? তুমি দিব্য দূতগণ অপেক্ষা তাহাকে ৫
অল্প (কাল) ন্যূন করিয়াছ, ও গৌরব ও ঐশ্বর্য্যরূপ
মুকুটেতে বিভূষিত করিয়াছ। তোমার হস্তকৃত তাবৎ ৬
বস্তুর উপরে তাহাকে কর্ত্তৃত্ব দিয়াছ। এবং সকল বস্তু, ৭
অর্থাৎ গো মেষাদি সকল ও বন্য পশুগণ ও খেচর ৮
পক্ষী ও সমুদ্রের মৎস্য ও জলচর জন্তু সকল তাহার
পদতলস্থ করিয়াছ। হে আমাদের প্রভো পরমেশ্বর, ৯
সমস্ত পৃথিবীতে তোমার নাম কেমন আদরণীয়!

## ৯ গীত।

১ জয়ের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা, ১৩ ও ভাবি উপকারের জন্যে প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য পুত্রের মরণ নামে স্বরযুক্ত
দায়ূদের এক ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার ১

প্রশংসা করিব, ও তোমার তাবৎ আশ্চর্য্য ক্রিয়া
২ বর্ণনা করিব; এবং তোমাতে আনন্দ ও উল্লাস করিব;
হে সর্ব্বোপরিস্থ প্রভো, আমি তোমার নামে গান
৩ করিব। আমার শত্রুগণ পরাঙ্মুখ হইয়া তোমার সা-
৪ ক্ষাতে পতিত ও বিনষ্ট হইতেছে। কেননা তুমি আ-
মার বিচার ও বিবাদ নিষ্পত্তি করিলা, ও সিংহাসনে
৫ বসিয়া যথার্থ বিচার করিলা। তুমি অন্যজাতীয়দিগকে
ভর্ৎসনা ও দুষ্টদিগকে সংহার করিলা, এবং সদাকাল
৬ তাহাদের নাম লোপ করিলা। সদাকালের নিমিত্তে
শত্রুদিগকে পূর্ণরূপে উচ্ছিন্ন করিয়া তাহাদের সকল
নগর ধ্বংস করিলা, এবং তাহাদের স্মৃতিও বিনষ্ট
৭ হইল। পরমেশ্বর সদাকালস্থায়ী, তিনি বিচার করিতে
৮ আপন সিংহাসন প্রস্তুত করিয়াছেন। তিনি ন্যায়েতে
জগতের বিচার করিবেন, ও যাথার্থ্যে লোকদের শাসন
৯ করিবেন। পরমেশ্বর ক্লিস্ট লোকের দুর্গস্বরূপ, তিনি বি-
১০ পদসময়েই তাহার দুর্গস্বরূপ। হে পরমেশ্বর, যাহারা
তোমার নাম জ্ঞাত আছে, তাহারা তোমাতে বিশ্বাস
করে, যেহেতুক তুমি আপনার অন্বেষণকারি লোকদি-
১১ গকে পরিত্যাগ কর না। তোমরা সিয়োন্ নিবাসি পর-
মেশ্বরের নামে গান কর, ও লোকদের মধ্যে তাঁহার
১২ মহৎ ক্রিয়া প্রকাশ কর। যিনি রক্তপাতের ফলদাতা,
তিনি তাহা স্মরণ করেন, দুঃখি লোকের কাতরোক্তি
কখন বিস্মৃত হন না।

১৩ হে পরমেশ্বর, আমার প্রতি দয়া কর, ও ঘৃণাকারি-
গণহইতে আমার যে ক্লেশ হয় তাহার প্রতি দৃষ্টিপাত
১৪ কর; তুমিই মৃত্যুদ্বারহইতে আমার উদ্ধারকর্ত্তা। তা-
হাতে আমি সিয়োন্ নগরের দ্বারে তোমার সমস্ত
গুণের বর্ণনা করিব, ও তোমার কৃত পরিত্রাণেতে উল্লাস

করিব। অন্যজাতীয় লোকেরা আপনাদের খোদিত ১৫
খাতেতেই আপনারা ডুবিয়াছে, ও গোপনে বিস্তারিত
আপনাদের জালেতেই আপনারা বদ্ধচরণ হইয়াছে।
পরমেশ্বর আপনাকে প্রকাশ করিয়া বিচার করিয়া- ১৬
ছেন, এবং দুর্জন স্বহস্তের কর্ম্মদ্বারা ধরা পড়িয়াছে।
হিগায়োন। সেলা। দুষ্ট লোকেরা ও ঈশ্বরবিস্মৃত ১৭
অন্যজাতীয় সকলে নরকে নিক্ষিপ্ত হইবে। কেননা দরি- ১৮
দ্রগণ সর্ব্বদা তাঁহার বিস্মরণের পাত্র থাকিবে না;
এবং দুঃখিগণের আশা সদাকালের নিমিত্তে বিনষ্ট
থাকিবে তাহা নহে। হে পরমেশ্বর, উঠ; মর্ত্ত্যকে ১৯
প্রবল হইতে দিও না, তোমার সাক্ষাতে অন্যজাতীয়-
দের বিচার করিতে আজ্ঞা হউক। হে পরমেশ্বর, তা- ২০
হাদের মনেতে ভয় জন্মাও; অন্যজাতীয়েরা মর্ত্ত্যমাত্র,
ইহা তাহারা জ্ঞাত হউক।

## ১০ গীত।

১ পাপি লোকদের বিষয়ে দায়ূদের খেদ করণ, ১২ ও ঈশ্বরের কাছে তাহাদের হইতে রক্ষার প্রার্থনা করণ।

হে পরমেশ্বর, তুমি কেন দূরে দাঁড়াইয়া থাক? দুর্দ্দ- ১
শার সময়ে কেন চক্ষু মুদ্রিত কর? দুষ্ট লোকের গর্ব্ব- ২
প্রযুক্ত দুঃখিগণ দগ্ধ হয়, ও তাহার কল্পিত ছলে ধৃত
হয়। দুষ্ট লোক আপন মনোরথ বিষয়ে দর্প করে, ৩
এবং লোভী ধন্যবাদ করিতে২ পরমেশ্বরকে অবজ্ঞা
করে। দুষ্ট লোক অহঙ্কার প্রযুক্ত ঈশ্বরের অন্বেষণ ৪
করে না, এবং ঈশ্বর নাই, এই তাহার সমস্ত চিন্তার
সার। তাহার সমস্ত গতিতে সর্ব্বদা সৌভাগ্য হয়; ৫
তোমার দণ্ডাজ্ঞা উচ্চ, ও তাহার দৃষ্টির বহির্ভূত; সে
তাবৎ শত্রুর প্রতি ফূৎকার করে; এবং মনে২ কহে, ৬

'আমি কখনো স্থানভ্রষ্ট হইব না, পুরুষানুক্রমে নিরা-
৭ পদে থাকিব।' তাহার মুখ অভিশাপ ও কাপট্য ও
শঠতাতে পরিপূর্ণ, এবং তাহার জিহ্বার নিম্নভাগে
৮ দৌরাত্ম্য ও অন্যায় থাকে। সে গ্রামের গুপ্ত স্থানে
বসিয়া নির্জ্জনেতে নির্দ্দোষকে বধ করে, ও তাহার চক্ষু
৯ দুঃখগ্রস্তকে ধরিবার জন্যে নিরীক্ষণ করে। এবং যেমন
গহ্বরের মধ্যে সিংহ, তদ্রূপ সেও গুপ্ত স্থানে অপে-
ক্ষাতে থাকে, ও দুঃখিকে ধরিতে অপেক্ষা করে; সে
১০ আপন জালে দুঃখিকে টানিয়া ধরে; তাহাতে সে বি-
দীর্ণ হইয়া পড়ে; এই রূপে বলবানেরা দুঃখগ্রস্ত লো-
১১ ককে নিপাত করে; এবং 'পরমেশ্বর বিস্মৃত হইয়া-
ছেন, তাঁহার মুখ আচ্ছাদিত, তিনি কখনো দেখিবেন
না,' মনে২ এমত কহে।

১২ হে পরমেশ্বর, উঠ; হে ঈশ্বর, আপনার হস্ত বি-
১৩ স্তার কর, দরিদ্রদিগকে বিস্মৃত হইও না। দুষ্ট লোক
কেন ঈশ্বরকে তুচ্ছবোধ করে? তুমি অনুসন্ধান করিবা
১৪ না, সে মনে২ এমত কহে। কিন্তু তুমি দেখিতেছ, কা-
রণ তুমি স্বহস্তে উপদ্রবের ও ক্লেশের প্রতিফল দিবার
নিমিত্তে তাহার প্রতি দৃষ্টিপাত করিতেছ; তুমি পিতৃ-
হীনের উপকারক, এই কারণ দুঃখগ্রস্ত লোক তোমার
১৫ হস্তে আপন প্রাণ সমর্পণ করে; তুমি দুষ্ট ও দুরন্ত
লোকের বাহু ভগ্ন কর, এবং শেষ পর্য্যন্ত তাহার
১৬ দুষ্টতার অনুসন্ধান কর। পরমেশ্বর সদাকাল রাজা,
১৭ ভিন্নজাতীয়েরা তাঁহার দেশহইতে লুপ্ত হইয়াছে। হে
পরমেশ্বর, তুমি দুঃখিদের প্রার্থনা শুনিয়া তাহাদের মন
১৮ সুস্থির করিবা। এবং সাংসারিক লোক যেন পুনর্ব্বার
দৌরাত্ম্য না করে, এই নিমিত্তে পিতৃহীন ও ক্লিষ্ট লো-
কদের বিচার করিতে কর্ণপাত করিবা।

## ১১ গীত।

১ শত্রুদ্বারা দায়ূদের তাড়না, ৪ ও পরমেশ্বরেতে তাহার আশ্রয় লওন।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের গীত।

আমি পরমেশ্বরের শরণাগত, অতএব ‘পক্ষির ন্যায় ১
তোমাদের পর্ব্বতে উড়িয়া যাও,’ এ কথা তোমরা
আমার মনকে কেন কহ? দেখ, সরলান্তঃকরণ লো- ২
ককে অন্ধকারে বধ করিবার জন্যে দুষ্টগণ আপন
ধনুকে চাড়া দিয়া গুণেতে বাণ যোগ করিয়াছে। মূল- ৩
বস্তু সকল উৎপাটিত হইলে ধার্ম্মিক লোক কি করিতে
পারে?

পরমেশ্বর আপন পবিত্র মন্দিরে থাকেন, পরমেশ্ব- ৪
রের সিংহাসন স্বর্গে আছে, এবং তাঁহার চক্ষু নিরীক্ষণ
করে, ও তাঁহার চক্ষুর পাতা মনুষ্যসন্তানদিগের পরীক্ষা
করে। পরমেশ্বর ধার্ম্মিকগণের পরীক্ষা করেন, কিন্তু ৫
দুষ্ট ও দৌরাত্ম্যপ্রিয়কে মনেতে ঘৃণা করেন। তিনি দুষ্ট ৬
লোকদের প্রতি পাশ ও অগ্নি ও গন্ধক বর্ষণ করিবেন,
ও উগ্র বায়ু তাহাদের পানপাত্রস্থ পেয় দ্রব্য হইবে।
পরমেশ্বর ধর্ম্মশীল, তিনি ধর্ম্মকর্ম্ম ভাল বাসেন, তাঁহার ৭
চক্ষু সরল লোককেই নিরীক্ষণ করে।

## ১২ গীত।

১ দায়ূদের নিন্দিত হওন, ৩ ও পরমেশ্বরেতে তাহার আশ্রয় লওন

প্রধান বাদ্যকরকে দাতব্য অষ্টম স্বরযুক্ত দায়ূদের এক ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, উপকার কর; কেননা সাধু লোকের ১
লোপ হইতেছে, ও মনুষ্যসন্তানদের মধ্যে বিশ্বসনীয়
লোকের হ্রাস হইতেছে। প্রতি জন আপন প্রতিবাসির ২

সহিত মিথ্যা কথা কহে, এবং ওষ্ঠাধরেতে স্তুতিবাদ
ও দ্বিধা মনে আলাপ করে।
৩ পরমেশ্বর তাবৎ স্তুতিবাদি ওষ্ঠাধর ও গর্ব্বপ্রকাশক
৪ জিহ্বা ছেদন করিবেন। ‘আমরা আপন২ জিহ্বাদ্বারা
প্রবল হইব; আমাদের ওষ্ঠই আমাদের সহায়
আছে, আমাদের উপরে কর্ত্তা কে?’ এ কথা তাহারা
৫ কহে। অতএব পরমেশ্বর কহেন, দুঃখিদের বিনাশ
ও দরিদ্রদের কাতরোক্তি প্রযুক্ত আমি এই ক্ষণে উঠিব,
৬ ও ত্রাণের আকাঙ্খি লোককে ত্রাণপ্রাপ্ত করিব। ঈশ্বরের
যে বাক্য সে নির্ম্মল বাক্য, তাহা মৃত্তিকার মুচিতে
৭ সাত বার পরিষ্কৃত রূপার তুল্য। হে পরমেশ্বর, তুমি
তাহাদিগকে রক্ষা করিবা, ও সর্ব্বদা এ বর্ত্তমান লোক-
৮ হইতে উদ্ধার করিবা। কিন্তু (সম্প্রতি) দুষ্টগণ চতুর্দ্দিগে
বেড়াইতেছে, ও যাহারা মনুষ্যদের মধ্যে অধম, তা-
হারা উত্তমরূপে মান্য হইতেছে।

## ১৩ গীত।

দায়ূদের বিলাপ ও প্রার্থনা ও ধন্যবাদ করন।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, আর কত কাল আমাকে বিস্মৃত থা-
কিবা? কি চিরকাল? কত কাল আমাহইতে আপন
২ মুখ লুক্কায়িত করিবা? আমি কত কাল দিনে২
অন্তঃকরণে বিষণ্ণ হইয়া মনে২ ভাবনা করিব? শত্রু বা
৩ কত কাল আমার উপরে দর্প করিবে? হে আ-
মার প্রভো পরমেশ্বর, আমার প্রতি দৃষ্টি করি-
য়া উত্তর দেও; ও আমার চক্ষুকে সতেজ কর, আ-
৪ মাকে মহানিদ্রা যাইতে দিও না। নতুবা ‘আমি তা-
হাকে জয় করিলাম,’ আমার শত্রু এই কথা কহিবে,

ও আমি বিচলিত হইলে আমার বৈরিগণ উল্লাস
করিবে। কিন্তু আমি তোমার অনুগ্রহে প্রত্যাশা রাখি, ৫
তোমাদ্বারা পরিত্রাণ পাইলে আমার মন উল্লাসিত
হইবে। পরমেশ্বর আমার উপকার করিয়াছেন, এই ৬
নিমিত্তে আমি তাঁহার উদ্দেশে গান করিব।

## ১৪ গীত।

পাপি লোকদের দুষ্টতা ও ভাবি দুঃখ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের গীত।

'ঈশ্বর নাই,' অজ্ঞান লোক মনেং এমত কহে। ১
তাহারা দুষ্ট ও ঘৃণ্যকর্ম্মকারী, সৎকর্ম্ম কেহই করে না।
জ্ঞানী ও ঈশ্বরের তত্ত্বচেষ্টাকারী কেহ আছে কি না, ২
ইহা জানিবার জন্যে পরমেশ্বর স্বর্গহইতে মনুষ্য-
সন্তানদের প্রতি নিরীক্ষণ করিয়া থাকেন। সকলে ৩
নিতান্ত বিপথগামী ও দুষ্কর্ম্মকারী; সৎকর্ম্ম কেহই
করে না, এক জনও না। এই কুকর্ম্মকারিদের কি কিছুই ৪
জ্ঞান নাই? তাহারা অন্নের ন্যায় আমার লোককে
গ্রাস করে, ও পরমেশ্বরের কাছে প্রার্থনা করে না।
ঐ স্থানে তাহারা বড় ভয় পাইবে, কেননা ঈশ্বর ৫
ধার্ম্মিক বংশের মধ্যবর্ত্তী। তোমরা কি দুঃখি লোকের ৬
পরামর্শ তুচ্ছ করিতেছ? দেখ, পরমেশ্বরই তাহার
আশ্রয়। আহা! সিয়োনহইতে ইস্রায়েলের পরিত্রাণ ৭
হউক; তাহাতে পরমেশ্বর আপনার প্রজাদিগকে
দাসত্বহইতে মুক্ত করিলে যাকূব্ বংশ উল্লাসিত ও
ইস্রায়েল বংশ হৃষ্টচিত্ত হইবে।

## ১৫ গীত।

সিয়োন নিবাসির বর্ণনা।

দায়ূদের ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, তোমার আবাসে কে প্রবাস করিবে?
২ ও তোমার পবিত্র পর্ব্বতে কে বসতি করিবে? যে জন
সরলাচরণ ও ধর্ম্মকর্ম্ম করে, ও মনের সহিত সত্য কথা
৩ কহে; এবং জিহ্বাতে কাহারও গ্লানি করে না, ও
মিত্রের অনিষ্ট করে না; ও প্রতিবাসির দুর্নাম করে না;
৪ এবং দুষ্ট লোককে তুচ্ছ বোধ করিয়া পরমেশ্বরভক্ত
লোকের গৌরব করে, ও দিব্য করিয়া আপনার ক্ষতি
৫ হইলেও তাহার অন্যথা করে না; এবং কুসীদের
লোভে ঋণ দেয় না, ও নির্দ্দোষের বিরুদ্ধে উৎকোচ
গ্রহণ করে না; যে জন এমত আচার করে, সে কদাচ
বিচলিত হইবে না।

## ১৬ গীত।

১ পরমেশ্বরেতে দায়ূদের আশ্রয় করণ, ৮ ও অনন্ত পরমায়ুর প্রত্যাশা করণ।

দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

১ হে ঈশ্বর, আমাকে রক্ষা কর, আমি তোমার শর-
২ ণাগত। আমার মন পরমেশ্বরকে কহে, তুমিই প্রভু,
৩ তোমা ভিন্ন আমার কিছু মঙ্গল নাই। পৃথিবীতে যে
পবিত্র লোকেরা থাকে, তাহারা আমার আদরণীয় ও
৪ পরম সন্তোষের পাত্র। যাহারা ইতর বস্তুর পূজাতে
সত্বর হয়, তাহারা আপন২ যাতনার বৃদ্ধি আপ-
নারা করে; তাহাদের খর্পরের রক্ত আমি উৎসর্গ
করিব না, এবং আপন ওষ্ঠাধরে তাহাদের নামও

লইব না। হে পরমেশ্বর, তুমি আমার অধিকার ও ৫
পানপাত্রস্বরূপ, তুমি আমার অংশ স্থির করিয়াছ।
আমার নিমিত্তে পরিমাণরজ্জু মনোহর স্থানেতেই ৬
পড়িয়াছে, ও আমার অধিকার শোভা পায়। আমি ৭
পরমেশ্বরের ধন্যবাদ করিব, কারণ তিনি আমাকে
সৎপরামর্শ দিয়াছেন; রাত্রিকালে আমার মন আ-
মাকে প্রবোধ দেয়।

আমি সর্ব্বদাই পরমেশ্বরকে সম্মুখে রাখি, তিনি ৮
আমার দক্ষিণদিগে থাকাতে আমি বিচলিত হইব না।
তন্নিমিত্তে আমার মন হৃষ্ট হয়, ও আমার চিত্ত আন- ৯
ন্দেতে গান করে; আমার শরীরও প্রত্যাশাতে শয়ন
করিবে। যেহেতুক তুমি পরলোকে আমার আত্মাকে ১০
পরিত্যাগ করিবা না, ও নিজ পুণ্যবানকে ক্ষয় পাইতে
দিবা না। এবং আমাকে জীবনের পথ দর্শন করাইবা, ১১
ও আপনার সম্মুখে যে আনন্দ ও আপনার দক্ষিণে
যে অনন্ত সুখ, তাহাতে আমাকে তৃপ্ত করিবা।

## ১৭ গীত।

নিন্দার বিষয়ে দায়ূদের আপনাকে নির্দ্দোষ করণ, ও অপবাদ-
কের বিরুদ্ধে তাহার প্রার্থনা।

### দায়ূদের প্রার্থনা।

হে পরমেশ্বর, যথার্থ বাক্য শুন, আমার আহ্বা- ১
নেতে মনোযোগ কর, এবং নিষ্কপট ওষ্ঠহইতে নির্গত
আমার এই প্রার্থনা শ্রবণ কর। তোমার সাক্ষাতে ২
আমার বিচারের নিষ্পত্তি হউক, সরলতার প্রতি তো-
মার দৃষ্টি বর্ত্তুক। তুমি আমার মন নিরীক্ষণ করিয়া ৩
রাত্রিকালে আমার তত্ত্বানুসন্ধান করিয়া আমাকে প-
রীক্ষা করিয়াছ, তাহাতে দোষ পাও নাই; এবং মনের

৪ ভাবহইতে আমার মুখ ভিন্ন নহে। আমি মনুষ্যের কার্য্য
বিষয়ে তোমার মুখের কথাদ্বারা বিনাশকের পথহইতে
৫ সাবধান হইয়াছি। তুমি আপন পথে আমার গতি
স্থির রাখ, তাহাতে আমার পাদ বিচলিত হইবে না।
৬ হে ঈশ্বর, তুমি আমার নিবেদন শুনিয়া থাক, এই জন্যে
তোমার কাছে প্রার্থনা করিতেছি; কর্ণ পাতিয়া আমার
৭ কথা শুন। দক্ষিণ বাহুদ্বারা শরণাগত লোকদিগকে
বিপক্ষগণহইতে রক্ষা কর যে তুমি, তুমি আপনার
৮ আশ্চর্য্য অনুগ্রহ প্রকাশ কর। নয়নের তারার ন্যায়
আমাকে রক্ষা কর, ও আপন পক্ষের ছায়াতে আ-
৯ চ্ছাদন কর। এবং যে দুষ্টগণ আমার হিংসা করে,
ও যে শত্রুগণ প্রাণনাশার্থে আমাকে বেষ্টন করে, তা-
১০ হাদের হইতে রক্ষা কর। তাহারা মেদেতে স্থূল
১১ হইয়াছে, ও অহঙ্কারের কথা কহে। এখন তা-
হারা আমাদের গমনপথে আমাদিগকে ঘেরে, ও ভূমি-
১২ তে হেঁট হইয়া নিরীক্ষণ করিয়া থাকে। তাহারা মৃগয়া
করিতে উদ্যত বলবান্ সিংহের সদৃশ ও গুপ্তস্থানে
১৩ শয়নকারি যুবসিংহের তুল্য। হে পরমেশ্বর, উঠ, তা-
হাদিগকে বঞ্চিত করিয়া নিপাত কর, ও নিজ খড়্গ-
১৪ স্বরূপ দুষ্ট লোকহইতে আমার প্রাণ রক্ষা কর। হে
পরমেশ্বর, যে লোকেরা তোমার মুষ্টিস্বরূপ, তাহাদের
হইতে আমাকে রক্ষা কর; তাহারা সাংসারিক, ও
জীবদ্দশাতেই সুখভোগী; তাহাদের উদর তোমাদ্বারা
গুপ্ত ধনে পরিপূর্ণ, ও চক্ষু সন্তানদর্শনে তৃপ্ত হয়; আর
তাহারা আপন২ শিশু বালকদের নিমিত্তে সম্পত্তি
১৫ রাখে। আমি ধর্ম্মেতে তোমার মুখের দর্শন পাইব,
এবং তোমার সাদৃশ্যে জাগ্রৎ হইয়া তৃপ্ত হইব।

## ১৮ গীত।

১ দায়ূদের কথা, ৭ ও পরমেশ্বরের নানা আশ্চর্য্য ক্রিয়া, ১৬ ও ঈশ্বরহইতে উপকারের দ্বারা দায়ূদের রক্ষা, ৪৬ ও তন্নিমিত্তে তাঁহার ধন্যবাদ করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য পরমেশ্বরের দাস
দায়ূদের গীত।

যে সময়ে পরমেশ্বর তাবৎ শত্রুর ও শৌলের হস্তহইতে দায়ূদকে রক্ষা করিলেন, তৎকালে সে পরমেশ্বরের নিকটে যে গীত গান করিল, এই সেই গীত।

হে আমার বলস্বরূপ পরমেশ্বর, আমি তোমাকে ১
প্রেম করি। হে পরমেশ্বর, তুমিই আমার পর্ব্বত ও গড় ২
ও রক্ষাকর্ত্তা, ও আমার ঈশ্বর, ও আমার আশ্রয়-
গিরি; এবং আমার ঢাল, ও আমার বলবান্ ত্রাণকর্ত্তা
ও উচ্চদুর্গ। আমি প্রশংসনীয় পরমেশ্বরের কাছে প্রা- ৩
র্থনা করিয়া আপন শত্রুহইতে রক্ষা পাইলাম। আমি ৪
মৃত্যুরূপ রজ্জুতে বেষ্টিত, ও বিনাশরূপ বন্যাতে আশ-
ঙ্কিত, এবং পরলোকীয় পাশে বদ্ধ, ও মৃত্যুরূপ জালে ৫
জড়িত ছিলাম। এমন বিপদ সময়ে আমি পরমেশ্বরের ৬
নিকটে প্রার্থনা করিলাম, ও আপন ঈশ্বরকে আহ্বান
করিলাম, তাহাতে তিনি আপন মন্দিরে থাকিয়া আ-
মার রব শ্রবণ করিলেন, ও আমার আহ্বান তাঁহার
কর্ণগোচর হইল।

তখন তাঁহার ক্রোধ প্রযুক্ত পৃথিবী টলটলায়মান ৭
ও কম্পিত হইল, এবং পর্ব্বতের মূল কম্পান্বিত
হইয়া বিচলিত হইল। এবং তাঁহার নাসারন্ধ্র- ৮
হইতে ধূম নির্গত হইল, ও তাঁহার মুখহইতে নির্গত
অগ্নি তাবৎকে গ্রাস করিল; তাহাতে অঙ্গার প্রজ্বলিত
হইল। পরে তিনি আকাশকে পথস্বরূপ করিয়া পদ- ৯

১০ তলে অন্ধকার পাতিয়া নামিলেন। এবং কিরূব্ আ-
রোহণ করিয়া উড্ডীয়মান হইলেন, এবং বায়ুর
১১ পক্ষদ্বারা উড়িয়া আইলেন। এবং কৃষ্ণবর্ণ জল ও নি-
বিড় মেঘকে চতুর্দ্দিক্স্থ আবাসস্বরূপ করিয়া অন্ধকার-
১২ ময় তাম্বুতে বসতি করিলেন। তাহাতে তাঁহার অগ্র-
বর্ত্তি তেজহইতে মেঘ ও শিল ও জ্বলন্ত অঙ্গার বহির্গত
১৩ হইল। এবং পরমেশ্বর আকাশে গর্জ্জন করিলেন,
এবং সর্ব্বোপরিস্থ যিনি, তিনি শিল ও জ্বলন্ত অঙ্গার-
১৪ বৃষ্টির সহিত নিনাদ করিলেন। এবং আপনার বাণ
নিক্ষেপ করিয়া শত্রুদিগকে ছিন্নভিন্ন করিলেন, ও বহু-
১৫ বজ্রদ্বারা তাহাদিগকে উদ্বিগ্ন করিলেন। হে পরমেশ্বর,
তোমার হুঙ্কারেতে ও নাসিকার প্রশ্বাসবায়ুতে জলাশ-
য়ের খাত সকল প্রকাশ পাইল, ও পৃথিবীর মূল
দৃষ্ট হইল।
১৬ তৎকালে তিনি ঊর্দ্ধহইতে হস্ত বিস্তার করিয়া জল-
১৭ সমূহহইতে আমাকে তুলিয়া উদ্ধার করিলেন। এবং
বলবান্ শত্রু ও আমা অপেক্ষাও শক্তিমান ঘৃণাকারি-
১৮ গণহইতে আমাকে নিস্তার করিলেন। তাহারা বিপদ-
সময়ে আমাকে ঘেরিল, কিন্তু পরমেশ্বর আমার অব-
১৯ লম্বন যষ্টিস্বরূপ হইলেন। এবং তিনি আমার প্রতি
তুষ্ট হওয়াতে আমাকে উদ্ধার করিয়া এক প্রশস্ত স্থানে
২০ আনিলেন। পরমেশ্বর আমার ধর্ম্মানুসারে পুরস্কার
করিলেন, ও আমার হস্তের পবিত্রতানুসারে ফল দি-
২১ লেন। কেননা আমি পরমেশ্বরের পথের পথিক হইয়া
২২ আপন ঈশ্বরের বিরুদ্ধে পাপ করি নাই। তাঁহার
সকল দণ্ডাজ্ঞা আমার গোচরে ছিল, আমি তাঁহার
২৩ বিধি আপনাহইতে দূর করি নাই। আমি তাঁহার
দৃষ্টিতে সাধু ছিলাম, ও আমার পাপহইতে আপ-

নাকে রক্ষা করিতাম। অতএব পরমেশ্বর আমার ২৪
ধর্ম্মানুসারে ও আপন সাক্ষাতে আমার হস্তের পবিত্র-
তানুসারে আমাকে ফল দিলেন। তুমি অনুগ্রাহকের ২৫
প্রতি অনুগ্রহ, ও সজ্জনের প্রতি সৌজন্য করিয়া থাক;
এবং পবিত্রের সহিত পবিত্রাচরণ, ও বিরুদ্ধাচারির ২৬
সহিত বিরুদ্ধাচরণ করিয়া থাক; এবং দুঃখিদিগকে ২৭
রক্ষা করিয়া থাক, কিন্তু উচ্চদৃষ্টিকে নীচ করিয়া থাক।
তুমি আমার প্রদীপ প্রজ্বলিত করিয়া থাক; আমার ২৮
প্রভু পরমেশ্বর আমার অন্ধকারকে আলোকময় করেন।
তোমার সাহায্যেতে আমি সৈন্যমধ্য দিয়া দৌড়িতে ২৯
পারি, এবং আমার ঈশ্বরের দ্বারা প্রাচীর উল্লংঘন
করিতে পারি। সেই ঈশ্বরের পথ নির্দ্দোষ, ও পরমে- ৩০
শ্বরের বাক্য সুপরীক্ষিত, তিনি নিজ শরণাগত সকলের
ঢালস্বরূপ। পরমেশ্বর ব্যতিরেকে আর ঈশ্বর কে ৩১
আছে? ও আমাদের ঈশ্বর ব্যতিরেকে পর্ব্বতস্বরূপ কে
আছে? ঈশ্বর বলেতে আমার কটিবন্ধন করিলেন, ও ৩২
আমার পথ সরল করিলেন। তিনি হরিণীর চরণ সদৃশ ৩৩
আমার চরণ করিলেন, ও উচ্চস্থানে আমাকে স্থাপিত
করিলেন। এবং আমার হস্তকে যুদ্ধ করিতে এমত ৩৪
শিক্ষা দিলেন, যে আমার বাহুদ্বারা তাম্রময় ধনুক ভগ্ন
হইল। তুমি আমাকে পরিত্রাণরূপ ঢাল দিলা, ও তো- ৩৫
মার দক্ষিণ হস্ত আমাকে ধারণ করিল, ও তোমার
নম্রতাদ্বারা আমি উন্নত হইলাম। তুমি আমার নীচে ৩৬
পাদবিক্ষেপের স্থান প্রশস্ত করিলা, এ কারণ আমার
চরণ বিচলিত হইল না। আমি শত্রুর পশ্চাৎ ধাবমান ৩৭
হইয়া তাহাদিগকে ধরিলাম, ও সকলকে সংহার না
করিয়া ফিরিলাম না। আমি তাহাদিগকে চূর্ণ করিলে ৩৮
তাহারা উঠিতে পারিল না, আমার পদতলে পড়িয়া

৩৯ রহিল। তুমি যুদ্ধ করিতে বলেতে আমার কটিবন্ধন
করিলা, ও আমার বিপক্ষগণকে আমার বশীভূত
৪০ করিলা ; এবং আমার শত্রুগণকে আমাহইতে পরাঙ্মুখ
করিলা, তাহাতে আমি আপন ঘৃণাকারিগণকে সং-
৪১ হার করিলাম। তাহারা ত্রাহি২ শব্দ করিলে কেহ
তাহাদিগকে রক্ষা করিল না ; এবং পরমেশ্বরের প্রতি
৪২ করিলে তিনি উত্তর দিলেন না। তাহাতে আমি বায়ুর
দ্বারা চালিত ধূলির ন্যায় তাহাদিগকে চূর্ণ করিলাম,
এবং পথের কর্দ্দমের ন্যায় তাহাদিগকে নিক্ষেপ
৪৩ করিলাম। তুমি আমাকে প্রজাদের দ্রোহহইতে উদ্ধার
করিলা, এবং অন্যদেশীয়দের মস্তকরূপে নিযুক্ত করিলা,
তাহাতে আমার অজ্ঞাত জাতিও আমার সেবা করে ;
৪৪ এবং আমার কথা শ্রবণমাত্র আমার আজ্ঞাবর্ত্তী হয়,
৪৫ ও বিদেশীয়েরা আমার স্তবস্তুতি করে। এবং বিদে-
শীয়েরা উদ্বিগ্ন হইয়া আপনাদের গোপনীয় স্থানে
থাকিয়া কম্পিত হয়।

৪৬ আমার পর্ব্বতস্বরূপ যে অমর পরমেশ্বর, তিনি ধন্য,
৪৭ ও আমার ত্রাণজনক ঈশ্বর সর্ব্বদা উন্নত হউন্। হে
ঈশ্বর, তুমি আমার নিমিত্তে অন্যকে প্রতিফল
৪৮ দিয়া আমার বশে প্রজাগণকে দমন করিলা। তুমি
শত্রুগণহইতে আমাকে উদ্ধার করিলা, এবং বিপক্ষ-
গণের উপরে আমাকে উচ্চপদ দিলা, ও দুর্ব্বৃত্ত লোক-
৪৯ হইতে আমাকে মুক্ত করিলা। অতএব হে পরমেশ্বর,
আমি ভিন্নদেশীয়দের নিকটে তোমার গুণের প্রশংসা
৫০ করিব ও তোমার নাম গান করিব। তুমি স্বকৃত রাজাকে
মহাপরিত্রাণ দিয়া আপন অভিষিক্ত ব্যক্তির, অর্থাৎ
দায়ূদের ও তাহার বংশের সহিত সর্ব্বদা অনুগ্রহ
ব্যবহার করিবা।

## ১৯ গীত।

১ পরমেশ্বরের কর্ম্মদ্বারা তাঁহার মহিমার প্রকাশ হওন, ৭ ও শাস্ত্রদ্বারা আরও স্পষ্টরূপে প্রকাশ হওন।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

আকাশ ঈশ্বরের মহিমা বর্ণনা করে, ও গগণমণ্ডল ১
তাঁহার হস্তকৃত কর্ম্ম প্রকাশ করে। এক দিবস অপর ২
দিবসকে সুগোচর করে, ও এক রাত্রি অপর রাত্রিকে
শিক্ষা দেয়। তাহাদের কোন বাক্য ও ভাষা নাই, ৩
এবং তাহাদের রবও শুনা যায় না; তথাপি তাহা- ৪
দের স্বর সর্ব্বদেশে, ও তাহাদের বক্তৃতা জগতের সীমা
পর্য্যন্ত ব্যাপিয়াছে। তিনি তাহাদের মধ্যে সূর্য্যের তাম্বূ
স্থাপন করিয়াছেন; সে বাসরগৃহহইতে বহির্গত বরের ৫
তুল্য, ও পথে ধাবমান হইতে বীরের ন্যায় আনন্দিত
হয়। সে আকাশের আদিসীমাহইতে যাত্রা করিয়া ৬
অন্তসীমা পর্য্যন্ত গমন করে, তাহার উত্তাপে কোন বস্তু
লুক্কায়িত থাকে না।

পরমেশ্বরের শাস্ত্র সিদ্ধ ও মনের পরিবর্ত্তক, এবং ৭
পরমেশ্বরের প্রমাণবাক্য বিশ্বসনীয় ও অজ্ঞানের জ্ঞান-
জনক। পরমেশ্বরের বিধি সকল যথার্থ ও মনের আন- ৮
ন্দবর্দ্ধক, এবং পরমেশ্বরের আজ্ঞা নির্ম্মল ও নয়নের
দীপ্তিজনক। পরমেশ্বরের সেবা পবিত্র ও চিরস্থায়ী, ৯
এবং পরমেশ্বরের রাজনীতি সত্য ও সর্ব্বাংশে ন্যায্য;
তাহা কাঞ্চন ও তপ্তকাঞ্চন অপেক্ষা বাঞ্ছনীয়, এবং ১০
মধু ও মৌচাকের রসহইতেও সুস্বাদু। তোমার এই ১১
দাসও তদ্দ্বারা সুশিক্ষা পায়, তাহা প্রতিপালন করিলে
মহাফল হয়। কিন্তু আপনার তাবৎ ভ্রান্তি কে বুঝিতে ১২
পারে? তুমি গুপ্ত দোষহইতে আমাকে পরিষ্কার কর।
দুঃসাহসরূপ তাবৎ অপরাধহইতেও নিজ দাসকে রক্ষা ১৩

কর; সেই সকলকে আমার উপরে কর্ত্তৃত্ব করিতে দিও
না; তাহাতে আমি সিদ্ধ এবং মহাপাতকহইতে শুচি
১৪ হইব। হে আমার আশ্রয়স্বরূপ ত্রাণকর্ত্তা পরমেশ্বর,
আমার মুখের কথা ও মনের ধ্যান তোমার দৃষ্টিতে
গ্রাহ্য হউক।

## ২০ গীত।

১ রাজার নিমিত্তে প্রজাদের প্রার্থনা, ৬ ও রাজার উত্তর, ৭ ও পরমেশ্বরের প্রজাদের প্রত্যাশা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ পরমেশ্বর বিপদকালে তোমাকে উত্তর দিউন, ও যাকু-
২ বের ঈশ্বরের নাম তোমাকে রক্ষা করুক। তিনি ধর্ম্ম-
ধামহইতে তোমার উপকার করুন, ও সিয়োনে থাকিয়া
৩ তোমাকে সুস্থির রাখুন; এবং তোমার তাবৎ নৈবেদ্য
স্মরণ করুন, ও তোমার হোমবলি গ্রাহ্য করুন। সেলা।
৪ এবং তোমার মনোবাঞ্ছা পূর্ণ করুন, ও তোমার তাবৎ
৫ পরামর্শ সিদ্ধ করুন। আমরা তোমার পরিত্রাণে আ-
নন্দিত হইব, ও আমাদের ঈশ্বরের নামে ধ্বজা তুলিব;
পরমেশ্বর তোমার তাবৎ প্রার্থনা সফল করুন।

৬ পরমেশ্বর আপনার অভিষিক্ত ব্যক্তিকে রক্ষা
করেন, ইহা আমি এখন জানিলাম; তিনি নিজ পবিত্র
স্বর্গহইতে তাহাকে উত্তর দেন, এবং নিজ দক্ষিণ বা-
হুর বলেতে তাহাকে রক্ষা করেন।

৭ দেখ, ইহারা রথের, ও উহারা অশ্বের প্রশংসা
করে, কিন্তু আমরা আমাদের প্রভু পরমেশ্বরের নামের
৮ প্রশংসা করি। তাহারা নত হইয়া পতিত হইয়াছে,
৯ কিন্তু আমরা উত্থিত হইয়া দণ্ডায়মান আছি। পরমে-

শ্বর রাজাকে রক্ষা করুন; যে সময়ে আমরা প্রার্থনা করি, তৎকালে আমাদিগকে উত্তর দিউন।

## ২১ গীত।

১ জয়ের নিমিত্তে ঈশ্বরের ধন্যবাদ, ৮ ও উপকারার্থে তাঁহাতে প্রত্যাশা করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, তোমার পরাক্রমে রাজা আনন্দিত হয়, ১
ও তোমাহইতে পরিত্রাণ পাইয়া পরমাহ্লাদিত হয়।
তুমি তাহার মনোবাঞ্ছা পূর্ণ করিয়াছ, এবং তাহার ২
ওষ্ঠাধরের প্রার্থনা অস্বীকার কর নাই। সেলা। তা- ৩
হাকে শীঘ্র শুভ বর দিয়া সুবর্ণ মুকুট তাহার মস্তকে
দিয়াছ। সে তোমার নিকটে জীবন প্রার্থনা করিয়াছিল, ৪
তাহাতে তুমি তাহাকে দীর্ঘ বরং সদাকালস্থায়ি পর-
মায়ু দিয়াছ। সে তোমাহইতে পরিত্রাণ পাইয়া মহা- ৫
গৌরবান্বিত হইয়াছে; তুমি তাহাকে প্রতাপ ও ঐশ্ব-
র্য্যযুক্ত করিয়াছ, এবং তাহাকে নিত্য আশীর্ব্বাদের ৬
পাত্র করিয়াছ, ও আপন মুখের প্রসন্নতাতে পরমান-
ন্দিত করিয়াছ। কেননা রাজা পরমেশ্বরেতে প্রত্যাশা ৭
করে, সর্ব্বোপরিস্থের অনুগ্রহদ্বারা সে কদাচ বিচলিত
হইবে না।

তোমার হস্ত তোমার তাবৎ শত্রুকে ধরিবে, ও তো- ৮
মার দক্ষিণ হস্ত ঘৃণাকারিবর্গকে ধরিবে। তুমি ক্রো- ৯
ধের সময়ে তাহাদিগকে তুন্দুরের ন্যায় অগ্নিময় করিবা;
পরমেশ্বর আপন কোপদ্বারা তাহাদিগকে গ্রাস করি-
বেন, এবং অগ্নি তাহাদিগকে ভক্ষণ করিবে। তুমি ১০
পৃথিবীহইতে তাহাদের ফল ও মনুষ্যসন্তানদের মধ্য-
হইতে তাহাদের বংশ উচ্ছিন্ন করিবা। যেহেতুক তা- ১১

হারা তোমার বিরুদ্ধে দুশ্চিন্তা করিল, এবং কুমন্ত্রণা
১২ করিল; কিন্তু তাহারা কৃতকার্য্য হইবে না। তুমি তা-
হাদিগকে পরাঙ্মুখ করিবা, ও তাহাদের মুখের দিগে
১৩ ধনুর্গুণে বাণ যোজনা করিবা। হে পরমেশ্বর, তুমি
নিজ বলেতে উন্নত হও, আমরা তোমার পরাক্রমের
গান ও প্রশংসা করিব।

## ২২ গীত।

১ খ্রীষ্টের নিদর্শনস্বরূপ দায়ূদের বিলাপ, ১৯ ও প্রার্থনা, ২২ ও প্রশংসা করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অরুণের মৃগী নামক স্বরযুক্ত দায়ূদের এক ধর্ম্মগীত।

১ হে আমার ঈশ্বর, হে আমার ঈশ্বর, তুমি কেন আ-
মাকে পরিত্যাগ করিয়াছ? ও আমার রক্ষা ও আর্ত্ত-
২ নাদহইতে কেন দূরে থাক? হে আমার ঈশ্বর, আমি
দিনেতে আহ্বান করি, কিন্তু তুমি উত্তর দেও না, রাত্রি-
৩ তেও করি, তথাপি আমার বিরাম হয় না। কিন্তু
তুমিই পবিত্র, এবং ইস্রায়েলের কৃত প্রশংসা তোমার
৪ সিংহাসনস্বরূপ। আমাদের পূর্ব্বপুরুষেরা তোমাতে
বিশ্বাস করিত, তাহারা বিশ্বাস করাতে তুমি তাহাদি-
৫ গকে উদ্ধার করিতা। তাহারা তোমাকে আহ্বান করিয়া
রক্ষা পাইত, এবং তোমাতে বিশ্বাস করিয়া লজ্জিত
৬ হইত না। কিন্তু আমি কোন্ কীটের কীট, মনুষ্যের
মধ্যেও গণ্য নই, ও মনুষ্যদের নিন্দাস্পদ, ও প্রজাদের
৭ তুচ্ছতার পাত্র। যে সকল লোক আমাকে দেখে, তা-
হারা আমাকে বিদ্রূপ করে, ও ওষ্ঠ বক্র করিয়া মস্তক
৮ নাড়িয়া কহে, সে পরমেশ্বরেতে আপন ভার অর্পণ
করুক; তিনি তাহাকে নিস্তার করুন; তিনি যদি তাহাতে

সন্তুষ্ট হন, তবে তাহাকে রক্ষা করুন? তুমি আমাকে ৯
মাতৃগর্ব্ভহইতে উদ্ধার করিয়াছ, ও মাতৃস্তন পান করণ
সময়েও আমার আশ্রয় হইয়াছ। গর্ব্ভহইতে নিঃসৃত ১০
হওনাবধি আমি তোমাতে সমর্পিত আছি, ও আমার
মাতৃগর্ব্ভস্থ হওনাবধি তুমি আমার ঈশ্বর হইয়াছ।
আমাহইতে দূরবর্ত্তী হইও না, কেননা আমার দুঃখ ১১
উপস্থিত হইল, ও উপকার করে এমত কেহই নাই।
অনেক বৃষ আমাকে বেষ্টন করে, ও বাশনের বলবান্ ১২
বৃষ সকল আমাকে ঘেরে। তাহারা গর্জ্জনকারি বিদা- ১৩
রক সিংহের ন্যায় আমার প্রতি মুখ ব্যাদান করে।
আমি পতিত জলস্বরূপ হইয়াছি, ও আমার তাবৎ ১৪
অস্থি খসিয়াছে, ও আমার অন্তঃকরণ মোমের ন্যায়
হইয়া উদরস্থ নাড়ীর মধ্যে গলিত হইয়াছে। আমার ১৫
বল খোলার ন্যায় শুষ্ক হইয়াছে, ও তালুতে আমার
জিহ্বা রুদ্ধ হইয়াছে, ও তুমি মৃত্যুর ধূলাতে আমাকে
নিপাত করিতেছ। কুক্কুরেরা আমাকে ঘেরে, ও দুষ্টদের ১৬
জনতা আমাকে বেড়ে, ও আমার হস্তপাদ বিদ্ধ করে।
আমি আপনার তাবৎ অস্থি গণনা করিতে পারি, ১৭
এবং লোকেরা আমার প্রতি দৃষ্টি করিয়া অবলোকন
করে। তাহারা আপনাদের মধ্যে আমার পরিধেয় ১৮
বস্ত্র বিভাগ করে, এবং আমার উত্তরীয় বস্ত্রের জন্যে
গুলিবাঁট করে।

হে পরমেশ্বর, আমাহইতে দূরে থাকিও না, তুমিই ১৯
আমার বল, আমার উপকার করিতে ত্বরা কর।
খড়্গহইতে আমার প্রাণকে, ও কুক্কুরের হস্তহইতে ২০
আমার অনাথ প্রাণকে রক্ষা কর। সিংহের মুখ- ২১
হইতে আমাকে উদ্ধার কর, ও গাণ্ডারের শৃঙ্গহইতে
নিস্তার কর।

২২ আমি আপন ভ্রাতৃগণের কাছে তোমার নাম
প্রকাশ করিব, ও মণ্ডলীর মধ্যে তোমার প্রশংসা
২৩ করিব। হে পরমেশ্বরের ভক্ত লোক সকল, তোমরা
তাঁহার প্রশংসা কর; হে যাকূবের তাবৎ বংশ,
তোমরা তাঁহার সমাদর কর; হে ইস্রায়েলের তাবৎ
২৪ বংশ, তোমরা তাঁহাকে ভয় কর। কেননা তিনি দুঃখি
লোকের দুঃখকে তুচ্ছনীয় কিম্বা অগ্রাহ্য জ্ঞান করিলেন
না, এবং তাহাহইতে আপনার মুখ আচ্ছাদন করি-
লেন না, বরং আহ্বান করিবামাত্র তাহার নিবেদন
২৫ শুনিলেন। মহামণ্ডলীতে তুমি আমার প্রশংসার ভূমি
হইবা, আমি তোমার ভয়কারি লোকদের সাক্ষাতে
২৬ আপন মানত সকল পূর্ণ করিব। তাহাতে নম্র লো-
কেরা ভোজন করিয়া তৃপ্ত হইবে, এবং পরমেশ্বরের
অন্বেষণকারি লোকেরা তাঁহার গুণানুবাদ করিবে, ও
২৭ তাহাদের মন নিত্যজীবী হইবে। পৃথিবীর প্রান্তস্থিত
সকলে পরমেশ্বরকে স্মরণ করিয়া তাঁহার প্রতি ফিরিবে,
ও ভিন্নজাতীয়দের তাবৎ গোষ্ঠী তাঁহার সাক্ষাতে
২৮ ভজনা করিবে। যেহেতুক রাজ্য পরমেশ্বরের আছে,
২৯ ও তিনি ভিন্নজাতীয়দের মধ্যে কর্ত্তৃত্ব করেন। অতএব
পৃথিবীস্থ পুষ্ট লোকেরা ভোজন করিয়া তাঁহার ভজনা
করিবে, এবং যাহারা ধূলীতে লীন হইতে উদ্যত ও
আপন২ প্রাণ রক্ষা করণে অসমর্থ, তাহারা তাঁহার
৩০ সাক্ষাতে হাঁটু পাতিবে। এক বংশ তাঁহার সেবা
করিবে, ও সর্ব্বদা প্রভুর প্রজারূপে গণিত হইবে।
৩১ তাহারা উপস্থিত হইয়া তাঁহার ধর্ম্ম প্রকাশ করিবে,
এবং ভাবি লোকদিগকে কহিবে, তিনি তাহা সিদ্ধ
করিয়াছেন।

---

## ২৩ গীত।

পালক পরমেশ্বরের প্রতি প্রত্যাশা করন।

দায়ূদের ধর্ম্মগীত।

পরমেশ্বর আমার পালক, আমার কিছুরই অভাব ১
হইবে না। তিনি তৃণভূষিত চরাণীতে আমাকে শয়ন ২
করান, ও মন্দ২ বাহি জলের নিকটে লইয়া যান। তিনি ৩
আমার মন পরিবর্ত্তন করেন, এবং আপন নামের
গুণে আমাকে ধর্ম্মপথে গমন করান। আমি যখন ৪
মৃত্যুচ্ছায়ারূপ উপত্যকা দিয়া গমন করিব, তৎকালেও
অমঙ্গলহইতে ভীত হইব না, কেননা তুমি আমার
সঙ্গে থাকিবা, এবং তোমার পাঁচনি ও যষ্টি আমাকে
সান্ত্বনা দিবে। তুমি আমার বৈরিগণের সাক্ষাতে আ- ৫
মার সম্মুখে ভোজ প্রস্তুত করিতেছ, ও আমার মস্তকে
তৈল মর্দ্দন করিতেছ, ও আমার পানপাত্র উথলিয়া
পড়িতেছে। মঙ্গল ও অনুগ্রহ যাবজ্জীবন আমার ৬
অনুচর হইবে, এবং আমি চিরকাল পরমেশ্বরের
মন্দিরে বসতি করিব।

## ২৪ গীত।

১ পরমেশ্বরের রাজত্ব, ৩ ও তাঁহার লোকদের বর্ণনা, ৭ ও তাঁহার গ্রাহ্য লোকদের নিবেদন।

দায়ূদের ধর্ম্মগীত।

পৃথিবী ও তন্মধ্যস্থ তাবৎ বস্তু এবং জগৎ ও তন্নিবা- ১
সিগণ পরমেশ্বরের। কেননা তিনিই সমুদ্রের উপরে ২
তাহা স্থাপন করিয়াছেন, ও প্রবাহের উপরে তাহা
নির্ম্মাণ করিয়াছেন।

পরমেশ্বরের পর্ব্বতে কে আরোহণ করিবে? ও তাঁ- ৩

৪ হার ধর্ম্মধামে কে অবস্থিতি করিবে? যাহার পরিষ্কৃত
হস্ত ও নির্ম্মল অন্তঃকরণ আছে; ও যাহার মন মিথ্যা-
কথাতে রত নহে, ও যে জন মিথ্যা শপথ না করে;
৫ এমত ব্যক্তি পরমেশ্বরহইতে আশীর্ব্বাদ ও আপনার
৬ ত্রাণকর্ত্তা ঈশ্বরহইতে পুণ্য প্রাপ্ত হইবে। এই তাঁহার
অন্বেষণকারি বংশ, এবং এই তোমার শ্রীমুখের
দর্শনাকাঙ্ক্ষি যাকূব। সেলা।
৭ হে দ্বার সকল, মুক্ত হও; হে চিরস্থায়ি কবাট
সকল, উত্থিত হও; মহামহিম রাজা প্রবেশ করিবেন।
৮ সেই মহামহিম রাজা কে? যে পরমেশ্বর সর্ব্বশক্তি-
৯ মান্ ও যুদ্ধেতে শূর ও পরাক্রমী, তিনি। হে দ্বার
সকল, মুক্ত হও; হে চিরস্থায়ি কবাট সকল, উত্থিত
১০ হও; মহামহিম রাজা প্রবেশ করিবেন। সেই মহাম-
হিম রাজা কে? সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরই সেই মহা-
মহিম রাজা। সেলা।

## ২৫ গীত।

ইব্রী ভাষার ককারাদি গীত; তাহাতে দায়ূদের পাপের ক্ষমা ও উপ-
কারার্থে প্রার্থনা করন।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমি ঊর্দ্ধদিগে তোমার প্রতি মন রাখি।
২ হে আমার ঈশ্বর, আমি তোমার শরণাগত; আমাকে
লজ্জিত হইতে দিও না, এবং আমার শত্রুগণকে আ-
৩ মার প্রতি দর্প করিতে দিও না। যে সকল লোক তো-
মার অপেক্ষা করে, তাহারা কখনো লজ্জা পাইবে না;
কিন্তু যাহারা অকারণে প্রবঞ্চনা করে, তাহারাই
৪ লজ্জিত হইবে। হে পরমেশ্বর, তোমার তাবৎ পথ

আমাকে জ্ঞাত কর, ও তোমার মার্গ বিষয়ে আমাকে
শিক্ষা দেও। তোমার সত্যপথে আমাকে গমন করাও; ৫
তুমি আমাকে শিক্ষা দেও; যেহেতুক তুমিই আমার
ত্রাণকর্ত্তা ঈশ্বর, এবং আমি যাবৎ দিন তোমার
অপেক্ষা করি। হে পরমেশ্বর, অনাদিকালাবধি তো- ৬
মার যে নানাবিধ দয়া ও করুণা আছে, তাহা স্মরণ
কর। আমার যৌবনাবস্থার পাপ ও আমার অপরাধ ৭
সকল স্মরণ করিও না; হে পরমেশ্বর, আপন সৌজন্য
প্রযুক্ত আপন দয়ানুসারে আমাকে স্মরণ কর। পর- ৮
মেশ্বর সজ্জন ও যাথার্থিক, এই জন্যে পাপিদিগকেও
সৎপথ দেখান। তিনি নম্র লোকদিগকে রাজনীতির ৯
পথে গমন করান, ও নম্রদিগকে আপন পথের বিষয়ে
শিক্ষা দেন। যাহারা পরমেশ্বরের নিয়ম ও প্রমাণ- ১০
বাক্য প্রতিপালন করে, তাহাদের জন্যে তাঁহার যাবৎ
পথ দয়ার ও সত্যতার পথ। হে পরমেশ্বর, তুমি নিজ ১১
নামের গুণে আমার অপরাধ মার্জ্জনা কর, কেননা
তাহা বড়। যে জন পরমেশ্বরকে ভয় করে, সে কে? ১২
তাহাকে তিনি গন্তব্য পথ দেখাইয়া দিবেন। তাহার ১৩
প্রাণ কুশলে বসতি করিবে, এবং তাহার বংশ পৃথি-
বীর অধিকারী হইবে। পরমেশ্বরের ভয়কারিদিগের ১৪
সহিত তাঁহার মিত্রতালাপ হয়, তিনি তাহাদিগকে আ-
পন নিয়ম জ্ঞাত করেন। পরমেশ্বরের প্রতি আমার ১৫
একান্ত দৃষ্টি আছে, কেননা তিনি জালহইতে আমার
চরণ উদ্ধার করিবেন। আমার প্রতি ফিরিয়া দয়া কর, ১৬
কেননা আমি অনাথ ও দুঃখী। আমার মনের ক্লেশ ১৭
বৃদ্ধি পাইতেছে, কষ্টহইতে আমাকে নিস্তার কর।
আমার দুঃখ ও ক্লেশের প্রতি দৃষ্টিপাত কর, আমার ১৮
পাপ সকল ক্ষমা কর। আমার বৈরিগণের প্রতি অব- ১৯

লোকন কর, কেননা তাহারা অনেক, এবং আমার
২০ প্রতি নির্দ্দয় শত্রুতা করে। আমার প্রাণ রক্ষা কর, ও
আমাকে উদ্ধার কর; লজ্জিত হইতে দিও না, কেননা
২১ আমি তোমার শরণাগত। সাধুতা ও সরলতা আমাকে
২২ রক্ষা করুক, আমি তোমার অপেক্ষা করিতেছি। হে
ঈশ্বর, ইস্রায়েল্‌কে তাবৎ ক্লেশহইতে মুক্ত কর।

## ২৬ গীত।

দায়ূদের সরলতা ও প্রার্থনা।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমার বিচার কর, যেহেতুক আমি
সরলাচরণ করি; আমি পরমেশ্বরেতে নির্ভর করি,
২ বিচলিত হইব না। হে পরমেশ্বর, আমার পরী-
ক্ষা করিয়া প্রমাণ লও, এবং আমার মন ও চিত্ত
৩ পরিষ্কার কর। তোমার দয়া আমার নয়নগোচর;
৪ আমি তোমার সত্য পথে গমন করি; এবং প্রবঞ্চক
লোকের সহবাস ও কপটি লোকের সহিত গমনাগমন
৫ করি না। এবং দুরাচারিদের সভাকে ঘৃণা করি, ও
৬ দুষ্ট লোকদের সহিত বসতি করি না। হে পরমে-
শ্বর, আমি শুদ্ধতারূপ জলে হস্ত প্রক্ষালন পূর্ব্বক তো-
৭ মার বেদি প্রদক্ষিণ করিয়া প্রশংসার ধ্বনি শ্রবণ করা-
ইয়া থাকি, ও তোমার আশ্চর্য্য ক্রিয়া সকল প্র-
৮ কাশ করিয়া থাকি। হে পরমেশ্বর, আমি তোমার
নিবাস মন্দিরকে ও তোমার মহিমার বসতিস্থানকে
৯ প্রেম করি। পাপিদের সহিত আমার প্রাণকে ও
হত্যাকারিদের সহিত আমার জীবনকে সংহার করিও
১০ না। তাহাদের হস্তে প্রবঞ্চনা থাকে, ও তাহাদের
১১ দক্ষিণ হস্ত উৎকোচেতে পরিপূর্ণ। কিন্তু আমি সরল

ভাবে আচরণ করি, আমাকে নিস্তার কর, ও আমার
প্রতি সদয় হও। আমি সরল স্থানে পাদবিক্ষেপ ১২
করিব, ও মণ্ডলীগণের মধ্যে পরমেশ্বরের প্রশংসা
করিব।

## ২৭ গীত।

১ পরমেশ্বরের প্রতি দায়ূদের প্রত্যাশা, ৪ ও প্রেম, ৭ ও প্রার্থনা।

দায়ূদের গীত।

পরমেশ্বর আমার দীপ্তি ও পরিত্রাণস্বরূপ, আমি ১
কাহাকে ভয় করিব? পরমেশ্বর আমার জীবনের বল,
আমি কাহাহইতে ত্রাসযুক্ত হইব? দুষ্ট লোকেরা ২
যখন আমার বিপক্ষ ও শত্রু হইয়া আমার মাংস
ভোজন করিতে উদ্যত হইল, তখন তাহারাই টলিয়া
পড়িল। যদ্যপি সৈন্যগণ আমার বিরুদ্ধে শিবির স্থা- ৩
পন করে, তথাপি আমার মন ভীত হইবে না;
যদ্যপি আমার বিরুদ্ধে যুদ্ধের সংঘটন হয়, তথাপি
আমি তখন উৎসাহ করিব।

পরমেশ্বরের কাছে আমি এই একটি বর প্রার্থনা ৪
করি, এবং পাইতে চেষ্টাও করি, যেন যাবজ্জীবন পর-
মেশ্বরের মন্দিরে বাস করিয়া পরমেশ্বরের সৌন্দর্য্য
দর্শন করিতে ও তাঁহার প্রাসাদের আলোচনা করিতে
পারি। কেননা বিপদকালে তিনি আপন কুটীরে আ- ৫
মাকে গুপ্ত করিবেন, ও আপন তাম্বুর গুপ্তস্থানে আ-
মাকে লুক্কায়িত করিবেন, ও পর্ব্বতের উপরে আমাকে
উঠাইয়া রাখিবেন। তাহাতে চতুর্দ্দিক্‌স্থিত তাবৎ শত্রু- ৬
হইতে আমার মস্তক উন্নত হইবে; এবং আমি তাঁ-
হার তাম্বুতে থাকিয়া উল্লাসার্থক বলিদান করিব, এবং
পরমেশ্বরের প্রশংসার্থে গান ও বাদ্য করিব।

৭ হে পরমেশ্বর, শ্রবণ কর; আমি আপন রবেতে আ-
হ্বান করি, তুমি আমার প্রতি কৃপা করিয়া উত্তর দেও।
৮ 'তোমরা আমার মুখের অন্বেষণ কর,' তোমার এই
বাক্যে আমার মন কহে, হে পরমেশ্বর, আমি তোমার
৯ মুখের অন্বেষণ করিব। তুমি আমাহইতে আপন মুখ
আচ্ছাদিত করিও না; এবং ক্রোধ পূর্ব্বক নিজ দাসকে
দূর করিও না; তুমি আমার উপকারী; হে আমার
ত্রাণকর্ত্তা ঈশ্বর, আমাকে ছাড়িও না ও পরিত্যাগ
১০ করিও না। যদ্যপি আমার পিতা মাতা আমাকে
পরিত্যাগ করে, তথাপি পরমেশ্বর আমাকে গ্রাহ্য
১১ করিবেন। হে পরমেশ্বর, তোমার পথ আমাকে জ্ঞাত
কর, এবং বৈরিগণ প্রযুক্ত আমাকে সরল পথে গমন
১২ করাও। আমার বিপক্ষগণের হস্তে আমাকে সমর্পণ
করিও না; মিথ্যা সাক্ষিগণ আমার বিরুদ্ধে উঠিয়া
১৩ নির্দ্দয়রূপে হুঙ্কার করিতেছে। আমি জীবিত লোকদের
দেশে পরমেশ্বরের সৌজন্য দর্শন করিব, এমত বিশ্বাস
১৪ যদি আমার না থাকিত, তবে নিরাশ হইতাম। পর-
মেশ্বরের অপেক্ষা কর, ও উৎসাহ কর, তাহাতে তিনি
তোমার মন সবল করিবেন, পরমেশ্বরের অপে-
ক্ষাতে থাক।

## ২৮ গীত।

১ আপনার ও আপন লোকদের নিমিত্তে দায়ূদের প্রার্থনা, ৬ ও পরমে-
শ্বরের ধন্যবাদ করণ।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, আমি তোমার কাছে প্রার্থনা করি-
তেছি; হে আমার পর্ব্বত, আমার প্রতি মৌনী হইও
না; কেননা তুমি আমার প্রতি মৌনীভূত হইলে আমি

গর্ত্তস্থ লোকের তুল্য হইব। তোমার নিকটে আমার ২
প্রার্থনাকালে ও তোমার পবিত্র বাক্যস্থানের দিগে
আমার কৃতাঞ্জলি হওন সময়ে আমার বিনতির কথা
শ্রবণ করিও। দুর্জনদের ও দুষ্কর্ম্মকারি লোকদের সঙ্গে ৩
আমাকে সংহার করিও না; তাহারা প্রতিবাসির
সহিত শান্তির কথা কহে, কিন্তু অন্তঃকরণে কুচিন্তা
করে। অতএব তাহাদের যেমন ক্রিয়া ও চরিত্রের ৪
দুষ্টতা, তদনুসারে তাহাদিগকে ফল দেও। তাহাদের
হস্তকৃত কর্ম্মানুসারে ফল দেও; তাহাদিগকে সমুচিত
প্রতিফল দেও। তাহারা পরমেশ্বরের ক্রিয়া ও তাঁহার ৫
হস্তের কর্ম্ম সকল বিবেচনা করে না, এই জন্যে তিনি যে
তাহাদিগকে গাঁথিবেন, তাহা দূরে থাকুক, বরং উৎ-
পাটন করিবেন।

ধন্য পরমেশ্বর, কেননা তিনি আমার বিনতির বাক্য ৬
শুনিলেন। পরমেশ্বর আমার বল ও ঢালস্বরূপ, আ- ৭
মার মন তাঁহাতে নির্ভর করাতে আমি উপকার পাই-
লাম; এই জন্যে আমার অন্তঃকরণ উল্লাসিত হয়, ও
আমি গীতদ্বারা তাঁহার প্রশংসা করি। হে পরমেশ্বর, ৮
তুমি আপনার লোকদের বলস্বরূপ, ও আপন অভি-
ষিক্তের ত্রাণকারি আশ্রয়স্বরূপ। আপন প্রজাদিগকে ৯
পরিত্রাণ কর, ও নিজ অধিকারকে আশীর্ব্বাদ কর,
এবং সর্ব্বদা তাহাদিগকে প্রতিপালন করিয়া উচ্চ-
পদান্বিত কর।

## ২৯ গীত।

ঈশ্বরের গুণানুবাদ করণ।

দায়ূদের ধর্ম্মগীত।

হে ঈশ্বরীয় বংশ সকল, তোমরা পরমেশ্বরের ও তাঁ- ১

২ হার মহিমার ও পরাক্রমের প্রশংসা কর। এবং তাঁ-
হার নামের মহিমা প্রকাশ কর, ও পবিত্র শোভাতে
৩ তাঁহার ভজনা কর। জলনিধির উপরে পরমেশ্বরের
রব শুনা যাইতেছে। মহামহিম ঈশ্বর গর্জ্জন করিতে-
৪ ছেন; পরমেশ্বর জলরাশির উপরে থাকেন। পরমে-
শ্বরের রব বলযুক্ত, ও পরমেশ্বরের রব মহিমান্বিত।
৫ পরমেশ্বরের রব এরস বৃক্ষগণকে ভগ্ন করে, ও পরমে-
৬ শ্বর লিবানোনের এরস্ বৃক্ষগণকে ভগ্ন করেন; এবং
গোবৎসের ন্যায় তাহাদিগকে এবং গণ্ডারশাবকের
৭ ন্যায় লিবানোন্ ও শিরিয়োনকে লম্ফ করান। পরমে-
৮ শ্বরের রব অগ্নিশিখাকে দ্বিধা করে। পরমেশ্বরের রব
প্রান্তরকে কম্পবান করে, পরমেশ্বর কাদেশের প্রান্তরকে
৯ কম্পবান করেন। পরমেশ্বরের রব হরিণীদিগকে প্রসব
করায়, ও বনসমূহকে পল্লবহীন করে; তাঁহার মন্দিরস্থ
১০ সকলই তাঁহার মহিমা প্রচার করে। জলপ্লাবনে পর-
মেশ্বর সিংহাসনারূঢ় ছিলেন; পরমেশ্বর সর্ব্বদা রাজ-
১১ বৎ উপবিষ্ট থাকিবেন। পরমেশ্বর আপন প্রজাদিগকে
বল দিবেন, পরমেশ্বর প্রজাদিগকে কুশলের আশী-
র্ব্বাদ করিবেন।

## ৩০ গীত।

১ বিপদহইতে নিস্তারের নিমিত্তে ধন্যবাদ করণ, ৪ ও অনুগ্রহ প্রাপ্তির
নিমিত্তে ঈশ্বরের কাছে ধন্যবাদ ও প্রার্থনা।

গৃহপ্রতিষ্ঠাসময়ে দায়ূদের কৃত গানার্থক ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, আমি তোমাকে শ্রেষ্ঠ করিয়া মান্য করি,
কেননা তুমি আমাকে উদ্ধার করিলা, আমার শত্রু-
২ গণকে আমার বিরুদ্ধে আনন্দ করিতে দিলা না। হে
আমার প্রভো পরমেশ্বর, আমি তোমার কাছে প্রা-

র্থনা করিলে তুমি তৎক্ষণাৎ আমাকে সুস্থ করিলা।
হে পরমেশ্বর, তুমি পরলোকহইতে আমার প্রাণকে ৩
উদ্ধার করিলা, ও কবরে প্রবেশ করিতে না দিয়া আ-
মাকে বাঁচাইলা।

হে পরমেশ্বরের পুণ্যবান্ লোক সকল, তোমরা ৪
তাঁহার নামে গান কর, ও তাঁহার পবিত্রতা স্মরণ
করিয়া প্রশংসা কর। কেননা তাঁহার ক্রোধ ক্ষণস্থায়ী, ৫
কিন্তু তাঁহার অনুগ্রহ জীবনদায়ক; সন্ধ্যাতেই রোদন
হইলে প্রভাতে আনন্দ হয়। 'আমি কদাচ বিচলিত ৬
হইব না,' এ কথা সম্পদকালে কহিয়াছিলাম। হে ৭
পরমেশ্বর, তুমি আপন অনুগ্রহে আমার পর্ব্বতকে
দৃঢ় করিয়া স্থির রাখিয়াছিলা; কিন্তু আপন মুখ লুক্কা-
য়িত করিলে আমি ব্যাকুল হইলাম। হে পরমেশ্বর, ৮
আমি তোমার নিকটে প্রার্থনা করিলাম; আমি পর-
মেশ্বরের নিকটে এই বিনতির কথা কহিলাম, আমার ৯
রক্তেতে ও কবর প্রবেশে কি লাভ হইবে? ধূলা কি
তোমার গুণানুবাদ করিবে? কিম্বা তোমার সত্যতা প্র-
কাশ করিবে? হে পরমেশ্বর, শ্রবণ করিয়া আমার ১০
প্রতি দয়া কর; হে পরমেশ্বর, আমার উপকারী হও।
তাহাতে তুমি আমার রোদনকে হাস্য করিলা, ও ১১
আমার চট মুক্ত করিয়া আনন্দরূপ বস্ত্র পরিধান
করাইলা। এই কারণ আমার চিত্ত মৌনী না থাকিয়া ১২
তোমার স্তুতি গান করিবে; এবং হে আমার প্রভো
পরমেশ্বর, আমি সর্ব্বদা তোমার গুণের প্রশংসা
করিব।

---

## ৩১ গীত।

১ উপকারার্থে পরমেশ্বরের কাছে প্রার্থনা, ১৪ ও অনুগ্রহের নিমিত্তে প্রশংসা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, আমি তোমার শরণাগত, অতএব
আমাকে কখন লজ্জিত হইতে দিও না; তুমি নিজ ধর্ম্ম-
২ গুণে আমাকে রক্ষা কর। আমার নিবেদনেতে কর্ণ-
পাত করিয়া ত্বরায় আমাকে উদ্ধার কর; ও আমার
৩ আশ্রয় পর্ব্বতস্বরূপ ও রক্ষার্থক দুর্গস্বরূপ হও। তুমিই
আমার পর্ব্বত ও দুর্গস্বরূপ; অতএব আপন নামের
৪ গুণে আমাকে গমন করাইয়া লইয়া যাও। এবং আ-
মাকে বদ্ধ করিতে লোকেরা গোপনে যে জাল পাতি-
য়াছে, তাহাহইতে রক্ষা কর; তুমিই আমার আশ্রয়।
৫ তোমার হস্তে আমি আপন আত্মাকে সমর্পণ করি;
হে সত্যময় প্রভো পরমেশ্বর, তুমি আমার মুক্তিদাতা।
৬ যাহারা অসার মিথ্যাবস্তু মানে, তাহাদিগকে ঘৃণা করি-
৭ য়া আমি পরমেশ্বরেতে নির্ভর রাখি। আমি তোমার
দয়াতে আনন্দ ও উল্লাস করি, কেননা তুমি আমার দুঃখ
দেখিয়াছ, ও দুর্দ্দশাতে আমার প্রাণের তত্ত্বাবধারণ
৮ করিয়াছ, এবং শত্রুগণের হস্তে আমাকে সমর্পণ না
৯ করিয়া প্রশস্ত স্থানে আমার চরণ রাখিয়াছ। হে পর-
মেশ্বর, আমার প্রতি দয়া কর, আমি বিপদগ্রস্ত হই-
লাম; আমার নয়ন ও প্রাণ ও উদর কাতরতাতে
১০ শীর্ণ হইল। শোকেতে আমার জীবৎকাল ও খেদেতে
আমার বয়স গেল; অপরাধদ্বারা আমার বল ক্ষীণ
১১ ও অস্থি সকল বিশীর্ণ হইল। আমি বৈরিগণের মধ্যে,
বিশেষতঃ প্রতিবাসি লোকের মধ্যে নিন্দাস্পদ ও পরি-
চিত লোকের কাছে ভয়ঙ্কর হইলাম; লোকেরা পথের

মধ্যে আমাকে দেখিলে পলায়ন করে। আমি মৃত ১২
ব্যক্তির ন্যায় বিস্মৃত, ও নষ্টকল্প পাত্রের সদৃশ হইলাম।
অনেকের মুখে আমার নিন্দা শুনিতেছি, ও চতুর্দ্দিগে ১৩
ভয় আছে, কেননা তাহারা আমার বিরুদ্ধে পরামর্শ
করিয়া আমার প্রাণ নষ্ট করিতে মন্ত্রণা করিতেছে।
হে পরমেশ্বর, আমি তোমার শরণাগত, 'তুমি আ- ১৪
মার ঈশ্বর,' এ কথা কহিতেছি। আমার তাবৎ সময় ১৫
তোমার হস্তগত; তুমি শত্রুগণ ও তাড়নাকারিদের হস্ত-
হইতে আমাকে উদ্ধার কর। নিজ দাসের প্রতি প্রসন্ন- ১৬
বদন হও, এবং তোমার দয়াতে আমাকে ত্রাণ কর।
হে পরমেশ্বর, আমি তোমার কাছে প্রার্থনা করি, ১৭
আমাকে লজ্জিত হইতে দিও না; কিন্তু দুষ্টগণ লজ্জিত
হউক, ও পরলোকে নীরব হইয়া থাকুক। এবং যা- ১৮
হাদের ওষ্ঠাধর মিথ্যা কথা কহে, এবং ধার্ম্মিক মনুষ্যের
বিরুদ্ধে অহঙ্কারে ও অবজ্ঞাতে দর্পকথা কহে, তাহা-
রাও মূক হউক। আহা, তোমার ভয়কারিদের জন্যে ১৯
সঞ্চিত, ও মনুষ্যসন্তানদের সাক্ষাতে তোমার শরণাগত
লোকদের প্রতি প্রকাশিত তোমার যে কৃপানিধি, সে
কেমন বড়! তুমি মনুষ্যদের কুমন্ত্রণাহইতে তাহাদিগকে ২০
আপন শ্রীমুখের আশ্রয়ে গোপনে রাখিবা, এবং জি-
হ্বার দুর্ব্বাক্যহইতে তাহাদিগকে কুটীরমধ্যে লুক্কায়িত
রাখিবা। ধন্য পরমেশ্বর, কেননা তিনি দৃঢ় নগরে আ- ২১
মার প্রতি আশ্চর্য্য দয়া করিলেন। 'আমি তোমার ২২
দৃষ্টিগোচরহইতে বহিষ্কৃত,' এই কথা হঠাৎ বলিয়াছি-
লাম, কিন্তু তোমাকে আহ্বান করিলে তুমি আমার
বিনতির রব শ্রবণ করিলা। হে পরমেশ্বরের পুণ্যবান ২৩
লোক সকল, তোমরা তাঁহাকে প্রেম কর; পরমেশ্বর
বিশ্বস্ত লোকদের রক্ষাকর্ত্তা, কিন্তু গর্ব্বাচারিদের বাহুল্য

২৪ রূপে প্রতিফলদাতা। হে পরমেশ্বরের আকাংক্ষি
লোক সকল, উৎসাহ কর, তিনি তোমাদের অন্তঃকরণ
সবল করিবেন।

## ৩২ গীত।

১ পাপ মার্জনা নিমিত্তক সুখের নির্ণয়, ৩ ও মার্জনার নিমিত্তে খেদের ও পাপস্বীকারের প্রয়োজন, ৮ ও তাহার ফল।

দায়ূদের উপদেশগীত।

১ যাহার অপরাধ লুপ্ত ও পাপ আচ্ছাদিত হইয়াছে,
২ সে ধন্য। পরমেশ্বর যে মনুষ্যের দোষ গণনা না করেন,
ও যাহার আত্মাতে কোন প্রবঞ্চনা নাই, সে ধন্য।
৩ আমি (পাপ) অস্বীকার করিলে সমস্ত দিন রোদ-
৪ নেতে আমার অস্থি সকল ক্ষয় পাইল। কারণ দিবা-
রাত্র আমার উপরে তোমার হস্ত ভারী হইল, গ্রীষ্ম-
কালীয় তাপেতে আমার সরসতা শুষ্ক হইল। সেলা।
৫ আমি নিজ পাপ আর গোপন করিলাম না, ও আ-
পন অপরাধ আর অস্বীকার না করিয়া কহিলাম, ‘আমি
পরমেশ্বরের কাছে নিজ দোষ স্বীকার করিব,’ তা-
হাতে তুমি আমার পাপ ও অপরাধ ক্ষমা করিলা।
৬ সেলা। এই নিমিত্তে প্রত্যেক পুণ্যবান লোক তোমার
সাক্ষাৎ পাইবার সময়ে তোমার কাছে প্রার্থনা করি-
বে, এবং অতিশয় জলপ্লাবন হইলে তাহার নিকটে
৭ তাহা আসিবে না। তুমি আমার গুপ্তস্থান, আমাকে
দুর্গতিহইতে উদ্ধার করিবা, ও রক্ষাগীতদ্বারা আমাকে
বেষ্টন করিবা। সেলা।
৮ আমি তোমাকে জ্ঞান দিব, ও গন্তব্য পথ দেখাইয়া
৯ দিব, ও চক্ষুর ইঙ্গিতে তোমাকে পরামর্শ দিব। তোমরা
অশ্ব ও অশ্বতরের ন্যায় নির্ব্বোধ হইও না, তাহাদের
দমনার্থক ভূষণরূপে বল্গা ও লৌহ কবীয় তাহাদিগকে

দেওয়া যায়, নতুবা তোমার নিকটে থাকে না। দুষ্ট ১০
লোকের অনেক ক্লেশ ঘটিবে, কিন্তু যে জন পরমেশ্ব-
রেতে নির্ভর করে, সে দয়াতে বেষ্টিত হইবে। হে ধা- ১১
র্ম্মিকগণ, তোমরা পরমেশ্বরেতে আনন্দ কর ও উল্লা-
সিত হও; হে সরলান্তঃকরণ লোক সকল, তোমরা
জয়ধ্বনি কর।

## ৩৩ গীত।

১ অনুগ্রহের ও পরাক্রমের, ১২ ও রক্ষার নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা।

হে ধার্ম্মিকগণ, পরমেশ্বরের উদ্দেশে জয়ধ্বনি কর, তাঁ- ১
হার প্রশংসা করা সরল লোকদের উপযুক্ত। তোমরা ২
বীণাযন্ত্রে পরমেশ্বরের প্রশংসা গান কর, ও নেবল্ না-
মক দশতন্ত্রীতে তাঁহার গুণের গান কর। তাঁহার নামে ৩
নূতন গীত গাও, ও উচ্চৈঃশব্দে মনোহর বাদ্য কর।
কেননা পরমেশ্বরের বাক্য যথার্থ ও তাঁহার তাবৎ কর্ম্ম ৪
সত্য। ধর্ম্ম ও ন্যায়বিচার তাঁহার প্রিয়; পৃথিবী পর- ৫
মেশ্বরের দয়াতে পরিপূর্ণ। পরমেশ্বরের বাক্যদ্বারা ৬
গগনমণ্ডল, ও তাঁহার মুখের শ্বাসে আকাশের নক্ষত্র-
সমূহ নির্ম্মিত হইল। তিনি সমুদ্রের তাবৎ জলকে রা- ৭
শির ন্যায় সঞ্চয় করেন, ও গভীর জলকে ভাণ্ডারে রা-
খেন। অতএব পৃথিবীস্থ সকলে পরমেশ্বরকে ভয় করুক, ৮
ও তাবৎ জগন্নিবাসি লোক তাঁহাহইতে ভীত হউক।
তাঁহার কথামাত্রেতে সৃষ্টি হইল, ও তাঁহার আজ্ঞা- ৯
মাত্রেতে স্থিতি হইল। পরমেশ্বর অন্যজাতীয়দের ১০
মন্ত্রণা নিষ্ফল করেন; ও লোকদের সকল কল্পনা বৃথা
করেন। পরমেশ্বরের মন্ত্রণা সদাস্থায়ী, ও তাঁহার ১১
মনের কল্পনা পুরুষানুক্রমে স্থির থাকে।

পরমেশ্বর যে লোকদের প্রভু হন, ও যে জাতীয়দি- ১২

গকে আপন অধিকারের জন্যে মনোনীত করিয়াছেন,
১৩ তাহারা ধন্য। পরমেশ্বর স্বর্গহইতে দৃষ্টিপাত করিয়া
১৪ তাবৎ মনুষ্যসন্তানগণকে নিরীক্ষণ করেন। তিনি আ-
পন বাসস্থানহইতে পৃথিবীনিবাসি সকলকে অবলোকন
১৫ করেন। তিনি তাহাদের অন্তঃকরণের অদ্বিতীয় সৃষ্টিকর্ত্তা
১৬ ও তাহাদের তাবৎ ক্রিয়ার সাক্ষী। কোন রাজা মহা-
সৈন্যদ্বারা ত্রাণ পায় না, ও কোন বীর মহাবলেতে নি-
১৭ স্তার পায় না। উদ্ধারার্থে অশ্বও বৃথা হয়, সে আপন
১৮ মহাবলেতে রক্ষা করিতে পারে না। দেখ, যাহারা
পরমেশ্বরকে ভয় করে, ও তাঁহার দয়ার অপেক্ষাতে
১৯ থাকে, তাহাদের প্রাণকে মৃত্যুহইতে রক্ষা করিতে ও
দুর্ভিক্ষ সময়ে তাহাদিগকে জীবৎ রাখিতে তাঁহার চক্ষু
২০ তাহাদের প্রতি উন্মীলিত আছে। আমাদের আত্মা পর-
মেশ্বরের অপেক্ষাতে থাকে, তিনি আমাদের উপকারক
২১ ও ঢালস্বরূপ। আমরা তাঁহার পবিত্র নামে প্রত্যাশা
২২ করাতে আমাদের মন তাঁহাতে আনন্দিত আছে। হে
পরমেশ্বর, আমরা যেমন তোমার অপেক্ষাতে থাকি,
তদ্রূপ তোমার দয়া আমাদের প্রতি বর্ত্তুক।

## ৩৪ গীত।

১ ইব্রী ভাষাতে ককারাদি অক্ষরের গীত; তাহাতে রক্ষার নিমিত্তে ঈশ্বরের প্রশংসা, ১১ ও দায়ূদের উপদেশ কথা।

যে কালে দায়ূদ্ অবীমেলকের সাক্ষাতে নিজ স্বভাবের অন্যথা করণ প্রযুক্ত তৎকর্তৃক বহিষ্কৃত হইয়া প্রস্থান করিল, তাহার সেই কালের গীত।

১ আমি সর্ব্বকালে পরমেশ্বরের ধন্যবাদ করিব, ও তাঁহার
২ প্রশংসা নিত্য২ আমার মুখে থাকিবে। আমার মন
পরমেশ্বরেরই শ্লাঘা করিবে, তাহা শুনিয়া নম্র লোক

আনন্দিত হইবে। তোমরা আমার সহিত পরমেশ্বরের ৩
মহিমা প্রকাশ কর; আইস, আমরা একসঙ্গে তাঁহার
নামের প্রশংসা করি। আমি পরমেশ্বরের অন্বেষণ ৪
করিলে তিনি আমাকে উত্তর দিলেন, ও তাবৎ ভয়হইতে
আমাকে উদ্ধার করিলেন। অন্যেরাও তাঁহার প্রতি ৫
দৃষ্টি করিয়া দীপ্তিমান্ হইল; তাহাদের মুখ বিবর্ণ
হইল না। এই দুঃখী আহ্বান করিলে পরমেশ্বর তাহা ৬
শ্রবণ করিলেন, ও তাবৎ বিপদহইতে তাহাকে উদ্ধার
করিলেন। পরমেশ্বরের দূত তাঁহার ভক্ত লোকদের ৭
চতুর্দ্দিগে শিবির স্থাপন করিয়া তাহাদিগকে রক্ষা
করেন। তোমরা আস্বাদন করিয়া বুঝ, পরমেশ্বর মঙ্গল- ৮
দাতা, যে জন তাঁহার শরণাগত সে ধন্য। হে পবিত্র ৯
লোকেরা, পরমেশ্বরকে ভয় কর; কেননা যাহারা
পরমেশ্বরকে ভয় করে, তাহাদের কিছুরই অভাব নাই।
যুবসিংহেরা খাদ্যের অভাবে ক্ষুধার্ত্ত হয়, কিন্তু যাহারা ১০
পরমেশ্বরের অন্বেষণ করে, তাহাদের কোন মঙ্গলের
অভাব হয় না।

হে বালকগণ, আইস, আমার কথা শুন, আমি তো- ১১
মাদিগকে পরমেশ্বরের ভক্তি শিক্ষা করাই। কোন্ ১২
ব্যক্তি জীবন ভাল বাসে, ও মঙ্গল দেখিবার জন্যে
দীর্ঘায়ুতে প্রেম করে? তুমি মন্দ কথাহইতে আপন ১৩
জিহ্বাকে, ও প্রবঞ্চনার কথাহইতে আপন ওষ্ঠাধরকে
নিবৃত্ত কর। ও দুষ্টাচরণ ত্যাগ করিয়া সৎকর্ম্ম কর, ১৪
ও প্রীতিভাব চেষ্টা করিয়া তাহাতে যত্নবান্ থাক।
ধার্ম্মিকগণের প্রতি পরমেশ্বরের দৃষ্টি, ও তাহাদের ১৫
কাকুতির প্রতি তাঁহার শ্রবণ থাকে। দুষ্টাচারিদের ১৬
বিরুদ্ধে পরমেশ্বরের মুখ আছে; তিনি পৃথিবীহইতে
তাহাদের নাম লোপ করিবেন। (ধার্ম্মিকেরা) কাত- ১৭

রোক্তি করিলে পরমেশ্বর তাহা শুনেন, ও সকল বিপদ-
১৮ হইতে তাহাদিগকে উদ্ধার করেন। পরমেশ্বর ভগ্না-
ন্তঃকরণ লোকদের নিকটবর্ত্তী; তিনি ক্ষুণ্নমনা লোক-
১৯ দের পরিত্রাণ করেন। ধার্ম্মিক লোকের অনেক ক্লেশ
ঘটে, কিন্তু পরমেশ্বর সেই সকলহইতে তাহাকে উদ্ধার
২০ করেন। তিনি তাহার তাবৎ অস্থি রক্ষা করেন, এক-
২১ টাও ভগ্ন হয় না। বিপদ দুষ্ট লোককে বিনষ্ট করে;
যাহারা ধার্ম্মিকদিগকে ঘৃণা করে, তাহারা দণ্ডনীয় হয়।
২২ পরমেশ্বর আপন দাসগণের প্রাণকে মুক্ত করেন; তাঁ-
হার শরণাগত সকলে কদাচ দণ্ডনীয় হয় না।

## ৩৫ গীত।

১ শত্রুদমনের নিমিত্তে প্রার্থনা, ১৭ ও আপনার রক্ষার নিমিত্তে ঈশ্বরের কাছে প্রার্থনা।

দায়ূদের গীত।

১ হে পরমেশ্বর, তুমি আমার বিবাদিগণের সহিত বিবাদ
কর, ও আমার প্রতিপক্ষ যোদ্ধার সহিত যুদ্ধ কর।
২ ঢাল ও ফলক লইয়া আমার উপকারের নিমিত্তে গা-
৩ ত্রোত্থান কর; এবং বড়শা ধরিয়া আমার তাড়না-
কারিদের পথ রোধ কর; ও 'আমি তোমার ত্রাণ-
৪ কর্ত্তা,' এ কথা আমার প্রাণকে বল। যাহারা আ-
মার প্রাণের বিনাশ চেষ্টা করে, তাহারা লজ্জিত ও
কুণ্ঠিত হউক; এবং আমার অমঙ্গল চিন্তাকারিগণ
৫ পরাঙ্মুখ ও বিবর্ণ হউক। তাহারা বায়ুচালিত তু-
ষের ন্যায় হউক; পরমেশ্বরের দূত তাহাদিগকে ছিন্ন-
৬ ভিন্ন করুক। তাহাদের পথ অন্ধকারময় ও পিচ্ছিল
হউক; পরমেশ্বরের দূত তাহাদিগকে তাড়না করুক।
৭ কেননা তাহারা আমার নিমিত্তে অকারণে গর্ত্তের মধ্যে

গুপ্তরূপে জাল পাতিল, ও আমার প্রাণ নাশার্থে
অকারণে খাত খনন করিল। অজ্ঞাতসারে তাহাদের ৮
বিনাশ উপস্থিত হউক। তাহারা গোপনে বিস্তারিত
আপনাদের জালে আপনারা ধৃত হইয়া বিপদে প-
তিত হউক। তাহাতে আমার প্রাণ পরমেশ্বরে আন- ৯
ন্দিত হইবে, ও তাঁহার কৃত পরিত্রাণে উল্লাসিত হইবে।
এবং আমার অস্থি সকল বলিবে, ‘হে পরমেশ্বর, তো- ১০
মার তুল্য কে? তুমি দুঃখি লোককে তদপেক্ষা বলবান্
শত্রুহইতে ও দুঃখি দরিদ্রকে তাহার সর্ব্বস্বহারিহইতে
রক্ষা করিয়া থাক।’ অন্যায় সাক্ষিগণ আমার বিরুদ্ধে ১১
উঠে, এবং আমার অজ্ঞাত বিষয়ের কথা জিজ্ঞাসা
করে। তাহারা আমার প্রাণকে অনাথ করিতে উপ- ১২
কারের পরিবর্ত্তে অপকার করে। তাহারা পীড়িত ১৩
হইলে আমি চট পরিধান করিতাম, ও উপবাসদ্বারা
আপন প্রাণকে দুঃখ দিতাম, ও হৃদয়ে পুনঃ২ প্রার্থনা
করিতাম। আমি তাহাদের প্রতি নিজ বন্ধুর কিম্বা ভ্রা- ১৪
তার ন্যায় আচরণ করিতাম, এবং মাতৃশোকের ন্যায়
শোকগ্রস্ত হইয়া অধোমুখ হইতাম। তথাপি তাহারা ১৫
আমার পতনে আনন্দিত হইয়া সকলে একত্র হয়; নি-
ন্দকেরা আমার অজ্ঞাতসারে আমার বিরুদ্ধে একত্র হয়,
আমাকে বিদীর্ণ করিতে নিবৃত্ত হয় না। এবং ভোজ্যে ১৬
দুষ্ট বিদ্রূপকারিরাও আমার প্রতি দন্তঘর্ষণ করে।

হে প্রভো, তুমি আর কত কাল ইহা দেখিবা? তা- ১৭
হাদের ধ্বংসকারি হস্তহইতে আমার প্রাণকে ও সিং-
হগণহইতে আমার অনাথ প্রাণকে রক্ষা কর। তাহাতে ১৮
আমি মহাসভার মধ্যে তোমার প্রশংসা করিব ও
বলবান্ লোকদের কাছে তোমার ধন্যবাদ করিব।
মিথ্যাবাদি শত্রুগণকে আমার বিরুদ্ধে আনন্দ করিতে, ১৯

এবং যাহারা অকারণে আমাকে ঘৃণা করে, তাহা-
২০ দিগকে আমার প্রতি ভ্রূকুটী করিতে দিও না। তাহারা
হিতের কথা কিছুই কহে না, কেবল দেশস্থ শান্তগ-
২১ ণের বিরুদ্ধে প্রবঞ্চনার কথা কল্পনা করে। তাহারা
আমার বিরুদ্ধে আপন২ মুখ ব্যাদান করিয়া বলে,
২২ 'আহা২, আমাদের চক্ষু দেখিতেছে!' হে পরমেশ্বর,
তুমিও তাহা দেখিতেছ, নীরব থাকিও না; হে প্রভো,
২৩ আমাহইতে দূরবর্ত্তী হইও না। হে আমার ঈশ্বর, হে
আমার প্রভো, জাগ্রৎ হইয়া আমার বিবাদের বিচার
২৪ করিতে গাত্রোত্থান কর। হে আমার প্রভো পরমেশ্বর,
২৫ তোমার ন্যায়ানুসারে আমার বিচার কর। তাহা-
দিগকে আমার বিরুদ্ধে আনন্দিত হইতে দিও না, এবং
'এই আমাদের অভিলষিত,' ও 'আমরা তাহাকে
গ্রাস করিলাম,' মনে২ এ কথা তাহাদিগকে কহিতে দিও
২৬ না। যাহারা আমার বিপদ দেখিয়া আনন্দিত হয়,
তাহারা এক কালে লজ্জিত ও বিবর্ণ হউক; এবং
যাহারা আমার বিরুদ্ধে আত্মশ্লাঘা করে, তাহারা
২৭ লজ্জাতে ও অপযশেতে আচ্ছন্ন হউক। কিন্তু যাহারা
আমার ধর্ম্ম বিষয়ে সন্তুষ্ট, তাহারা আনন্দিত ও উল্লা-
সিত হউক; আর 'যিনি নিজ দাসের কল্যাণে সন্তুস্ট
হন, সেই পরমেশ্বর মহামহিমান্বিত হউন্,' এ কথা
২৮ তাহারা সর্ব্বদা কহুক। তাহাতে আমার জিহ্বা সমস্ত
দিন তোমার ধর্ম্ম ও প্রশংসা প্রকাশ করিবে।

## ৩৬ গীত।

১ মানুষের দুষ্টতা, ৫ ও পরমেশ্বরের ভদ্রতার বর্ণনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য পরমেশ্বরের দাস দায়ূদের গীত।

১ দুষ্ট লোকের অধর্ম্ম বিষয়ে আমার অন্তঃকরণের মধ্যে

এই বাণী হয়, পরমেশ্বর বিষয়ক ভয় তাহার চক্ষুর
অগোচর। তাহার পাপ যে প্রকাশিত হইয়া ঘৃণার্হ ২
বোধ হইবে, তাহা সে আপনাকে ভুলাইয়া দেখে
না। তাহার মুখে অযথার্থ ও প্রবঞ্চনার কথা থাকে, ৩
এবং সে সুবিবেচনা ও সদাচরণ ত্যাগ করিয়াছে। সে ৪
আপন শয্যাতে অযথার্থ কল্পনা করে, ও কুপথে দণ্ডা-
য়মান থাকে, দুষ্কর্ম্ম ঘৃণা করে না।

হে পরমেশ্বর, তোমার দয়া স্বর্গ পর্য্যন্ত, ও তোমার ৫
সত্যতা আকাশ পর্য্যন্ত। তোমার ধর্ম্ম বৃহৎ পর্ব্বতের ৬
ন্যায়, ও তোমার বিচারাজ্ঞা মহাসাগরস্বরূপ; হে
পরমেশ্বর, তুমি মনুষ্য ও পশ্বাদিকে রক্ষা করিতেছ।
হে ঈশ্বর, তোমার দয়া কেমন বহুমূল্য! অতএব মনু- ৭
ষ্যসন্তানবর্গ তোমার পক্ষচ্ছায়াতে আশ্রয় লয়। তা- ৮
হারা তোমার গৃহের প্রচুর খাদ্যে তৃপ্ত হয়; তুমি
তাহাদিগকে আপন আনন্দনদীর জল পান করাইয়া
থাক। যেহেতুক তোমার কাছে জীবনের উনুই আছে; ৯
আমরা তোমার দীপ্তিতে দীপ্তি পাই। তোমার তত্ত্ব- ১০
জ্ঞানিদের প্রতি আপন দয়া, ও সরলান্তঃকরণদের প্রতি
আপন ধর্ম্ম চিরস্থায়ী কর। অহঙ্কারের চরণ আমার ১১
নিকটে না আইসুক, ও দুষ্ট লোকদের হস্ত আমাকে
দূর না করুক। ঐ দেখ, দুষ্কর্ম্মকারিগণ পতিত হইল; ১২
তাহারা অধঃপতিত হইয়া আর উঠিতে পারে না।

## ৩৭ গীত।

ইব্রী ভাষাতে দায়ূদের ককারাদিবর্ণের গীত; তাহাতে সাংসারিক সুখের নিমিত্তে পাপিলোকদের প্রতি ঈর্ষ্যা করণের অনুপযুক্ততা, ও পরমেশ্বরেতে প্রত্যাশা রাখনের উপযুক্ততা।

দায়ূদের গীত।

তুমি দুষ্টদের বিষয়ে ব্যস্ত হইও না, এবং কুকর্ম্মকা- ১

২ রিদের প্রতি ঈর্ষ্যা করিও না। কেননা তাহারা ঘাসের
ন্যায় ত্বরায় ছিন্ন হইবে, ও হরিৎ তৃণের ন্যায় ম্লান
৩ হইবে। পরমেশ্বরেতে নির্ভর রাখিয়া সদাচরণ কর, ও
৪ দেশে থাকিয়া সত্যতাতে তৃপ্ত হও। এবং পরমেশ্ব-
রেতে আনন্দিত থাক, তাহাতে তিনি তোমার তাবৎ
৫ মনোবাঞ্ছা পূর্ণ করিবেন। তোমার গতির ভার পরমে-
শ্বরেতে সমর্পণ কর ও তাঁহাতে নির্ভর কর, তাহাতে
৬ তিনি কর্ত্তব্য সাধন করিবেন; এবং দীপ্তির ন্যায়
তোমার ধর্ম্ম ও মধ্যাহ্নের ন্যায় তোমার যথার্থতা
৭ প্রকাশ করিবেন। পরমেশ্বরের নিকটে নীরব হইয়া
তাঁহার অপেক্ষা কর, ও যে কুমন্ত্রণাকারী আপন
পথে কৃতার্থ হয়, তাহার বিষয়ে ব্যস্ত হইও না।
৮ ক্রোধহইতে নিবৃত্ত হও ও কোপ ত্যাগ কর, ব্যস্ত
৯ হইও না, হইলে কুক্রিয়া করিবা। যেহেতুক কুক্রিয়া-
কারিগণ উচ্ছিন্ন হইবে; কিন্তু যাহারা পরমেশ্বরের
১০ অপেক্ষা করে, তাহারা দেশাধিকারী হইবে। ক্ষণেক
কাল গত হইলে পাপি লোক লুপ্ত হইবে, এবং তুমি
১১ তাহার স্থানে তত্ত্ব করিয়া তাহাকে পাইবা না। কিন্তু
নম্র লোকেরা দেশ অধিকার করিবে, ও বহুমঙ্গলেতে
১২ প্রফুল্ল হইবে। দুষ্ট লোক ধার্ম্মিকের প্রতিকূলে মন্ত্রণা
১৩ ও দন্তঘর্ষণ করে; কিন্তু প্রভু তাহাকে উপহাস করেন,
কেননা তাহার দিন আসিতেছে, ইহা তিনি দেখেন।
১৪ দুঃখি ও দরিদ্র লোককে নিপাত করিতে, ও সরলপথ-
গামিকে বধ করিতে দুষ্টগণ খড়্গ নিষ্কোষ করে ও ধনুক
১৫ প্রস্তুত করে; কিন্তু তাহাদের খড়্গ তাহাদেরই অন্তঃক-
রণে প্রবিষ্ট হইবে, ও তাহাদের ধনুক ভগ্ন হইবে।
১৬ মান্য পাপিগণের প্রচুর সম্পত্তি অপেক্ষা ধার্ম্মিকের
১৭ অল্প সম্পত্তি ভাল; যেহেতুক পাপি লোকদের বাহু

ভগ্ন হইবে; কিন্তু ধার্ম্মিক লোকদিগকে পরমেশ্বর
ধরিয়া রাখেন। পরমেশ্বর সাধু লোকদের তাবৎ দিন ১৮
জানেন, তাহাদের অধিকার চিরকাল থাকিবে। তাহারা ১৯
বিপদ কালেও লজ্জিত হইবে না, এবং দুর্ভিক্ষ সম-
য়েও তৃপ্ত হইবে। পাপিগণ বিনষ্ট হইবে; পরমেশ্ব- ২০
রের শত্রুগণ মেষশাবকের মিষ্ট ভক্ষ্যের ন্যায় হইবে,
ও ধূমেতে নিতান্ত লুপ্ত হইবে। পাপি লোক ঋণ করি- ২১
য়া পরিশোধ করে না, কিন্তু ধার্ম্মিক লোক দয়া করিয়া
বিতরণ করে। কেননা তাঁহার আশীর্ব্বাদপ্রাপ্ত লো- ২২
কেরা দেশাধিকারী হইবে, কিন্তু তাঁহার শাপগ্রস্ত
লোকেরা উচ্ছিন্ন হইবে। পরমেশ্বর সল্লোককে গতি ২৩
করান ও তাহার পথে সন্তুষ্ট হন। সে যদিও পতিত ২৪
হয়, তথাপি পতিত থাকিবে না; যেহেতুক পরমেশ্বর
তাহার হস্ত ধরিয়া রাখেন। আমি যুবা ছিলাম, এই ২৫
ক্ষণে বৃদ্ধ হইলাম, কিন্তু ধার্ম্মিক লোককে কখন পরি-
ত্যক্ত হইতে কিম্বা তাহার বংশকে কদাচ খাদ্যদ্রব্য
ভিক্ষা করিতে দেখি নাই। সে প্রতিদিন দয়া করিয়া ২৬
ধার দেয়, এবং তাহার বংশ আশীর্ব্বাদ প্রাপ্ত হয়।
তুমি মন্দহইতে পলায়ন করিয়া সর্ব্বদা সৎক্রিয়া ২৭
করিয়া বাস কর। পরমেশ্বর ন্যায়েতে প্রেম করেন, তিনি ২৮
আপন পুণ্যবানদিগকে কদাচ ত্যাগ করেন না; তা-
হারা সদাকাল পর্য্যন্ত রক্ষা পাইবে, কিন্তু পাপি
লোকদের বংশ উচ্ছিন্ন হইবে। ধার্ম্মিকেরা দেশের ২৯
অধিকারী হইয়া সর্ব্বদা তাহাতে বাস করিবে। ধার্ম্মি- ৩০
কের মুখহইতে জ্ঞানের কথা নির্গত হয়, ও তাহার
জিহ্বা বিচারের কথা উচ্চারণ করে। তাহার ঈশ্বরের ৩১
শাস্ত্র তাহার অন্তঃকরণে থাকে, তাহার চরণ টলে
না। পাপি লোক ধার্ম্মিকের অনুসন্ধান করে ও ৩২

৩৩ তাহাকে বধ করিতে চেষ্টা করে; কিন্তু পরমেশ্বর তা-
হার হস্তে তাহাকে সমর্পণ করিবেন না, তাহার বিচা-
৩৪ রের সময়ে তাহাকে দোষী করিবেন না। তুমি পরমেশ্ব-
রের অপেক্ষাতে থাক, ও তাঁহার পথে গমন কর, তিনি
তোমাকে দেশাধিকারী করিতে উন্নত করিবেন; তুমি
৩৫ দুষ্টদের উৎপাটন দেখিবা। আমি দুষ্ট লোককে
দেখিয়াছি, সে দুর্জ্জয় এবং শ্যামল বৃক্ষের ন্যায়
৩৬ বিস্তারিত ছিল; তথাপি সে গেল, থাকিল না; আমি
তাহার অন্বেষণ করিলাম, কিন্তু উদ্দেশ পাইলাম
৩৭ না। সাধু জনের প্রতি মনোযোগ কর, ও সরল লো-
ককে নিরীক্ষণ কর, কেননা শান্ত ব্যক্তির আশা সফল
৩৮ হইবে। কিন্তু অধার্ম্মিক লোকেরা একেবারে নষ্ট
৩৯ হইবে, এবং দুষ্টদের আশা উচ্ছিন্ন হইবে। ধার্ম্মি-
কদের পরিত্রাণ পরমেশ্বরহইতে হইবে, তিনি বিপদ-
৪০ কালে তাহাদের বলস্বরূপ। পরমেশ্বর তাহাদের
উপকার করিয়া রক্ষা করিবেন; তাহারা তাঁহার
শরণাগত, এই প্রযুক্ত তিনি দুষ্টদের হস্তহইতে তাহা-
দিগকে উদ্ধার করিয়া পরিত্রাণ করিবেন।

## ৩৮ গীত।

১ পাপের জন্যে শোক, ১১ ও দুঃখের জন্যে বিলাপ।

দায়ূদের কৃত স্মরণার্থক ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর ক্রোধেতে আমাকে ভর্ৎসনা করিও না,
২ এবং রোষেতে আমাকে শাস্তি দিও না। কেননা তো-
মার তীর আমাতে বিদ্ধ আছে, ও আমার উপরে তো-
৩ মার হস্ত ভারী আছে। তোমার কোপদ্বারা আমার
মাংসে কিছু স্বাস্থ্য নাই, এবং আমার পাপ প্রযুক্ত
৪ আমার অস্থির কিছুই শান্তি নাই। আমার অপরাধ

সকল তরঙ্গের ন্যায় মস্তক উল্লঙ্ঘন করিতেছে, এবং
আমার শক্তি অপেক্ষা ভারি বোঝার ন্যায় হইতেছে।
এবং আমার অজ্ঞানতার কর্ম্ম প্রযুক্ত আমার ক্ষত ৫
সকল দুর্গন্ধ ও গলিত হইতেছে। এবং আমি উদ্বিগ্ন ৬
হইয়া অত্যন্ত অধোমুখ হইতেছি, ও সমস্ত দিন বিষণ্ণ
হইয়া বেড়াইতেছি। আমার কটিদেশ জ্বালাতে দগ্ধ ৭
হইতেছে, ও আমার মাংসেতে কিছুমাত্র স্বাস্থ্য নাই।
আমি শক্তিহীন ও অতি ক্ষীণ হইতেছি, ও মনের ব্যা- ৮
কুলতাতে কাতরোক্তি করিতেছি। হে প্রভো, তুমি আ- ৯
মার মনের বাঞ্ছা সকল জ্ঞাত আছ, ও আমার কাত-
রোক্তি তোমার অগোচর নয়। আমার হৃদয় দুপ্ ২ ১০
করিতেছে, এবং শক্তি আমাকে ত্যাগ করিয়াছে, এবং
আমার চক্ষুর তেজও আমাহইতে পৃথক্ হইয়াছে।
আমার প্রিয় লোক ও বন্ধুগণ আমার বিপদহইতে ১১
পৃথক্ থাকে, এবং জ্ঞাতিবর্গ দূরে দণ্ডায়মান থাকে।
এবং যাহারা আমার প্রাণের অন্বেষণ করে, তাহারা ১২
ফাঁদ পাতে; ও যাহারা আমার অনিষ্ট চেষ্টা করে, তা-
হারা দুষ্ট কথা কহিয়া সমস্ত দিন কুমন্ত্রণা চিন্তা করে।
কিন্তু আমি বধিরের ন্যায় কোন কথা শুনি না, ও বদ্ধ- ১৩
মুখ বোবার সদৃশ থাকি। যে জন শুনিতে পায় না, ও ১৪
বাদানুবাদের কথা মুখে আনে না, তাহার তুল্য হই।
হে পরমেশ্বর, আমি তোমার অপেক্ষা করিতেছি; ১৫
হে প্রভো, হে আমার ঈশ্বর, তুমি আমাকে উত্তর
দিবা। আমি বিনয় করি, তাহাদিগকে আমার বিপক্ষে ১৬
আনন্দিত হইতে দিও না; আমার চরণ টলিলে
তাহারা আমার বিপক্ষে দর্প করিবে। আমি পত- ১৭
নোন্মুখ হই, ও আমার ব্যথা সর্ব্বদা আমার গোচরে
থাকে। আমি আপন অপরাধ স্বীকার করিতেছি, ও ১৮

১৯ পাপের নিমিত্তে মনস্তাপ পাইতেছি। কিন্তু আমার
শত্রুগণ সতেজ ও বলবান, এবং অনেকে আমাকে
২০ অকারণে ঘৃণা করে। এবং উপকারের পরিশোধে
অপকার করে, আর আমি সৎকর্ম্মের অনুগামী, এই
২১ কারণ আমার শত্রুতা করে। হে পরমেশ্বর, আমাকে
ত্যাগ করিও না; হে আমার ঈশ্বর, আমাহইতে দূরে
২২ থাকিও না। হে আমার পরিত্রাণের প্রভো, আমার
উপকার করিতে সত্বর হও।

## ৩৯ গীত।

১ মানুষের অসারতা, ৭ ও দায়ূদের প্রার্থনা।

যিদূথূনের দলমধ্যে প্রধান বাদ্যকরকে দাতব্য
দায়ূদের ধর্ম্মগীত।

১ 'আমি আপন তাবৎ পথে সাবধান হইয়া চলিব;
জিহ্বাদ্বারা পাপ করিব না; দুষ্ট লোক যাবৎ আ-
মার নিকটে থাকিবে, তাবৎ আমি বল্‌গাদ্বারা মুখ বদ্ধ
২ করিয়া রাখিব,' এই কথা কহিয়াছিলাম। আমি বো-
বার ন্যায় নীরব হইয়া সৎকথাহইতেও নিবৃত্ত হইয়া
থাকিলাম, কিন্তু তাহাতে আমার শোক উথলিল;
৩ ও ভাবিতে২ আন্তরিক অগ্নি প্রজ্বলিত হইলে আমার
মন উত্তপ্ত হইল; তখন আমি জিহ্বাতে এই কথা কহি-
৪ লাম; হে পরমেশ্বর, আমার মরণসময় ও আয়ুর
পরিমাণ আমাকে জ্ঞাত কর, তাহাতে আমি কেমন
৫ অল্পস্থায়ী, তাহা জানিতে পারিব। দেখ, তুমি আমার
জীবনকাল বিঘত পরিমিত করিয়াছ, ও আমার আয়ু
তোমার দৃষ্টিতে নামমাত্র; প্রত্যেক মনুষ্য আপন
৬ উত্তম অবস্থাতেও নিতান্ত অসার। সেলা। প্রত্যেক
মনুষ্যই ছায়ার ন্যায় গমনাগমন করে, ও অসারের

নিমিত্তে ব্যস্ত থাকে; সে ধন সঞ্চয় করে, কিন্তু কে তাহা
ভোগ করিবে তাহা জানে না।
হে প্রভো, সম্প্রতি আমি কাহার অপেক্ষা করি? ৭
তোমাতেই আমার প্রত্যাশা আছে। আমার সমস্ত ৮
অপরাধহইতে আমাকে নিস্তার কর, অজ্ঞান লোকের
নিন্দাস্পদ হইতে দিও না। এ তোমার কর্ম্ম, এই কারণ ৯
আমি নীরব হইলাম, একটি কথাও কহিব না। আমা- ১০
হইতে আপন দণ্ড দূর কর, তোমার করাঘাতে আমি
ক্ষীণ হইতেছি। তুমি যখন অপরাধ প্রযুক্ত কোন ১১
মনুষ্যকে ভর্ৎসনা করিয়া শাস্তি দেও, তৎকালে কীটের
ন্যায় তাহার সৌন্দর্য্যের নাশ কর; প্রত্যেক মনুষ্য
অসারমাত্র। সেলা। হে পরমেশ্বর, আমার প্রার্থনা ১২
শুন, ও আমার কাতরোক্তিতে কর্ণ দেও, আমার
অশ্রুপাত দেখিয়া নীরব হইও না; কেননা তোমার
নিকটে আমি অতিথি ও আমার তাবৎ পূর্ব্বপুরুষের
ন্যায় প্রবাসী আছি। আমাকে ছাড়, এবং আমার ১৩
যাত্রা করণের ও অন্তর্হিত হওনের পূর্ব্বে আমাকে
সান্ত্বনা পাইতে দেও।

## ৪০ গীত।

১ ঈশ্বরের দয়ার বর্ণনা, ৬ ও খ্রীষ্টের পুন্যের বাক্য, ১৩ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

আমি পরমেশ্বরের অপেক্ষায় থাকাতে তিনি আমার ১
প্রতি মনোযোগ করিয়া আমার প্রার্থনা শুনিলেন;
এবং ভয়ানক গর্ত্ত ও পঙ্কের হ্রদহইতে আমাকে ২
তুলিলেন, ও শৈলের উপরে আমার চরণ রাখিয়া
গতিশক্তি দিলেন; এবং এক নূতন গীত, অর্থাৎ ৩
আমাদের ঈশ্বরের স্তব আমার মুখে দিলেন; ইহা

দেখিয়া অনেকে ভীত হইয়া পরমেশ্বরেতে প্রত্যাশা
৪ করিবে। অহঙ্কারি ও মিথ্যা পথে ভ্রমণকারি লোক-
দের প্রতি না ফিরিয়া যে জন পরমেশ্বরকে আশ্রয়
৫ করে, সেই ধন্য। হে আমার প্রভো পরমেশ্বর, তুমি
আমাদের জন্যে অনেক আশ্চর্য্য ক্রিয়া ও সঙ্কল্প করি-
য়াছ; তোমার নিকটে তাহা গণনা করা যায় না,
প্রত্যেকের নাম কহিতে ও প্রকাশ করিতে গেলে
অসংখ্যেয় হয়।

৬ তুমি বলিদান ও নৈবেদ্য না চাহিয়া আমার কর্ণ
ছিদ্রিত করিয়াছ; এবং তুমি হোম ও পাপার্থক
৭ বলিদান প্রয়াস কর না; অতএব আমি কহিলাম,
দেখ, আমি আসিতেছি; ধর্ম্মগ্রন্থে আমার বিষয়
৮ লিখিত আছে। হে ঈশ্বর, তোমার বাসনা পূর্ণ করিতে
আমার সন্তোষ আছে; তোমার শাস্ত্র আমার অন্তঃ-
৯ করণের মধ্যে থাকে। আমি মহামণ্ডলীতে ধর্ম্ম প্রকাশ
করি; হে পরমেশ্বর, দেখ, আমি আপন ওষ্ঠাধর
১০ বন্ধ করি না, ইহা তুমি জ্ঞাত আছ। আমি মনের মধ্যে
তোমার ধর্ম্ম গোপন করিয়া রাখি না, তোমার যথা-
র্থতা ও তোমার কৃত পরিত্রাণ সর্ব্বত্র প্রকাশ করিয়া
থাকি; তোমার দয়া ও সত্যতা মহামণ্ডলীতেও গুপ্ত
১১ রাখি না। হে পরমেশ্বর, আমার প্রতি তোমার কৃপাকে
বন্ধ করিও না, তোমার দয়া ও সত্যতাদ্বারা সর্ব্বদা আ-
১২ মার রক্ষা হউক। অসংখ্যেয় বিপদ্ আমাকে ঘেরে,
ও আমার তাবৎ অপরাধ আমাকে ধরে, আমি ঊর্দ্ধ-
দৃষ্টি করিতে পারি না; আমার মস্তকের কেশ অপে-
ক্ষাও তাহা অধিক; অতএব আমার মনশ্চেতনা আ-
মাকে ত্যাগ করিতেছে।

১৩ হে পরমেশ্বর, অনুগ্রহ করিয়া আমাকে উদ্ধার কর;

হে পরমেশ্বর, ত্বরায় আমার উপকার কর। যাহারা ১৪
আমার প্রাণকে নষ্ট করিতে চেষ্টা করে, তাহারা
একেবারে লজ্জিত ও অপ্রতিভ হউক; ও যাহারা
আমার বিপদে আনন্দ করে, তাহারা পরাঙ্মুখ ও
বিষণ্ণ হউক। এবং যাহারা হা২ বলিয়া আমাকে ১৫
বিদ্রূপ করে, তাহারা আপনাদের লজ্জা প্রযুক্ত স্তব্ধ
হউক। কিন্তু তোমার অন্বেষণকারি সকলে তোমাতে ১৬
আনন্দিত ও উল্লাসিত হউক, এবং যাহারা তোমার
কৃত পরিত্রাণে প্রেম করে, তাহারা সর্ব্বদা এ কথা
কহুক, পরমেশ্বর মহামহিমান্বিত হউন। আমি দুঃখী ১৭
ও দরিদ্র, কিন্তু প্রভু আমার বিষয়ে চিন্তা করেন; তুমি
আমার উপকারী ও রক্ষাকর্ত্তা; হে আমার ঈশ্বর,
বিলম্ব করিও না।

## ৪১ গীত।

১ দয়ালু লোকের ধন্যতা, ৪ ও বিশ্বাসঘাতকতা বিষয়ে বিলাপ, ১০ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

যে জন দীনহীনের সহিত সদ্ব্যবহার করে সে ধন্য, ১
বিপদকালে পরমেশ্বর তাহাকে রক্ষা করিবেন। পর- ২
মেশ্বর তাহাকে বাঁচাইয়া প্রতিপালন করিবেন, ও
দেশে সুখী করিবেন, এবং শত্রুগণের ইচ্ছাতে তাহাকে
সমর্পণ করিবেন না। পরমেশ্বর ব্যাধিশয্যার উপরে ৩
তাহাকে সবল করিবেন, ও রোগেতে তাহার তাবৎ
শয্যা প্রস্তুত করিবেন।

আমি কহিলাম, হে পরমেশ্বর, তুমি দয়া করিয়া ৪
আমার মনকে সুস্থ কর, কেননা আমি তোমার বিরুদ্ধে
পাপ করিলাম। আমার শত্রু আমার বিষয়ে এই ২ ৫

রূপ দুর্ব্বাক্য কহে, 'সে কবে মরিবে? ও কত দিনে
৬ তাহার নাম লুপ্ত হইবে?' সে যদি আমাকে দেখিতে
আইসে, তবে মিথ্যা কহিতে২ মনের মধ্যে দুষ্টতা
সঞ্চয় করে, পরে বাহিরে গিয়া তাহা প্রকাশ করে।
৭ আমার ঘৃণাকারিগণ পরস্পর কাণাকাণি করিয়া আ-
৮ মার বিরুদ্ধে সর্ব্বদা এমত মন্দ চিন্তা করে, 'দুষ্টতার
ফল তাহাতে ফলিতেছে, সে শয্যাগত হইল, পুন-
৯ র্ব্বার উঠিতে পারিবে না।' আমার যে সুহৃৎ আমার
বিশ্বাসপাত্র ছিল, ও আমার রুটী আহার করিত, সেও
আমার বিরুদ্ধে পাদমূল উঠায়।
১০ হে পরমেশ্বর, তুমি দয়া করিয়া আমাকে উত্থাপন
১১ কর, আমি তাহাদিগকে ইহার প্রতিফল দিব। আমার
শত্রু জয় করে নাই, ইহাতে আমি জানি, তুমি আমাতে
১২ সন্তুষ্ট আছ। তুমি আমার সারল্যে আমাকে রক্ষা
করিবা, ও সর্ব্বদা আপন সাক্ষাতে আমাকে স্থান দিবা।
১৩ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আদ্যোপান্ত পর্য্যন্ত ধন্য
হউন্। আমেন, আমেন।

## ৪২ গীত।

১ পরমেশ্বরের মন্দিরহইতে দূর হওয়াতে দায়ূদের দুঃখ, ৬ ও তাহার কাছে ফিরিতে তাহার ইচ্ছা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের
উপদেশগীত।

১ হরিণ যেমন জলস্রোতের আকাঙ্ক্ষা করে, হে ঈশ্বর,
আমার প্রাণ তদ্রূপ তোমার আকাঙ্ক্ষা করিতেছে।
২ ঈশ্বরের নিমিত্তে, অর্থাৎ অমর ঈশ্বরের কারণ আমার
প্রাণ তৃষ্ণার্ত্ত হইতেছে; আমি কখন্ আসিয়া ঈশ্বরের
৩ সাক্ষাতে উপস্থিত হইব? লোকেরা সর্ব্বদা আমাকে

বলে, তোমার ঈশ্বর কোথায়? এই কথা প্রযুক্ত আমি
দিবারাত্র অশ্রুজল পান করিতেছি। তাহা মনে করিলে ৪
আমার হৃদয় গলিত হয়, কেননা আমি লোকারণ্যের
অগ্রে চলিয়া পর্ব্বপালনকারি জনতার সহিত জয় ও
প্রশংসাধ্বনি করিতে২ ঈশ্বরের মন্দিরে গমন করি-
তাম। হে আমার মন, তুমি কেন শোকার্ত্ত হও? ও ৫
আমার অন্তরে কেন ব্যাকুল হও? ঈশ্বরের অপেক্ষা
কর; তাঁহার শ্রীমুখ আমার পরিত্রাণজনক, আমি
এখনও তাঁহার গুণানুবাদ করিব।

হে আমার ঈশ্বর, আমার প্রাণ আমার অন্তরে ৬
শোকাকুল হইতেছে; অতএব আমি যর্দ্দন্ ও হর্মোণ্
দেশে ও মিৎসিয়র্ পর্ব্বতে তোমাকে স্মরণ করি-
তেছি। তোমার ঝোরাসমূহের শব্দদ্বারা এক গভীর জল ৭
অন্য গভীর জলকে আহ্বান করিতেছে, ও তোমার
তরঙ্গ ও প্রবল ঢেউ সকল আমার উপর দিয়া যাই-
তেছে। তথাপি পরমেশ্বরের আজ্ঞাতে দিবসে তাঁহার ৮
দয়া ও রাত্রিতে তাঁহার প্রশংসাগীত এবং জীবন-
দাতা ঈশ্বরের কাছে প্রার্থনা আমার সহচর হইবে।
আমি আপন পর্ব্বতস্বরূপ ঈশ্বরের কাছে এই কথা ৯
বলিব, তুমি কেন আমাকে বিস্মৃত হইতেছ? আমি
কেন শত্রুনিন্দাপ্রযুক্ত শোকান্বিত হইয়া ভ্রমণ করি-
তেছি? আর 'তোমার ঈশ্বর কোথায়?' এই অপ- ১০
মানের কথাদ্বারা আমার বৈরিগণ সমস্ত দিন অস্থি-
ভঙ্গের ন্যায় আমাকে বেদনা দিতেছে। হে আমার ১১
মন, তুমি কেন শোকার্ত্ত হও? ও আমার অন্তরে
কেন ব্যাকুল হও? ঈশ্বরের অপেক্ষা কর; তিনি
আমার মুখের প্রসন্নতাজনক ও আমার ঈশ্বর, আমি
এখনও তাঁহার গুণানুবাদ করিব।

## ৪৩ গীত।

পরমেশ্বরের মন্দিরের প্রতি ফিরিবার সময়ে আনন্দপূর্ব্বক ঈশ্বরের আরাধনা করিতে দায়ূদের মানত।

১ হে ঈশ্বর, আমার বিচার কর, ও অধার্ম্মিক জাতির
সহিত আমার বিবাদ নিষ্পত্তি কর, এবং প্রবঞ্চক ও
২ অধার্ম্মিক মনুষ্যহইতে আমাকে উদ্ধার কর। তুমিই
আমার দুর্গস্বরূপ ঈশ্বর; কেন আমাকে অগ্রাহ্য করি-
তেছ? এবং আমি কেন শত্রুনিন্দাপ্রযুক্ত শোকান্বিত
৩ হইয়া ভ্রমণ করিতেছি? হে প্রভো, তোমার দীপ্তি ও
সত্যতাকে প্রেরণ কর; তাহা আমার পথদর্শক হইয়া
তোমার পবিত্র পর্ব্বতে ও বাসস্থানে আমাকে লইয়া
৪ যাইবে। তাহাতে আমি ঈশ্বরের বেদির নিকটে ও
আপন পরমানন্দজনক ঈশ্বরের নিকটে উপস্থিত হইব,
এবং হে ঈশ্বর, হে আমার ঈশ্বর, বীণাযন্ত্রেতে তো-
৫ মার গুণানুবাদ করিব। হে আমার মন, কেন শো-
কার্ত্ত হও? আমার অন্তরে কেন ব্যাকুল হও? ঈশ্বরের
অপেক্ষা কর; তিনি আমার মুখের প্রসন্নতাজনক
ও আমার ঈশ্বর, আমি এখনও তাঁহার গুণানুবাদ
করিব।

## ৪৪ গীত।

১ মণ্ডলীর বিলাপ, ২০ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের উপদেশগীত।

১ হে ঈশ্বর, পূর্ব্বকালে আমাদের পূর্ব্বপুরুষদের বর্ত্ত-
মান সময়ে তুমি যে২ কার্য্য করিয়াছিলা, তাহা
আমরা স্বকর্ণে শুনিয়াছি; তাহারা আমাদের নিমিত্তে
২ বর্ণনা করিয়াছে। তুমিই আপন হস্তে অন্যজাতীয়-

দিগকে দূর করিয়া তাহাদিগকে বসাইয়াছিলা, এবং
সমূহলোকদিগকে শাস্তি দিয়া তাহাদিগকে বিস্তার
করিয়াছিলা। তাহারা আপন২ খড়্গদ্বারা দেশাধি- ৩
কার পাইয়াছিল, কিম্বা আপন২ বাহুবলেতে জয়ী
হইয়াছিল, তাহা নহে, কিন্তু তুমি তাহাদিগেতে সন্তুষ্ট
হওয়াতে আপন প্রসন্ন বদন ও দক্ষিণ হস্ত ও বাহু-
বলদ্বারা তাহা করিয়াছিলা। হে ঈশ্বর, তুমি আমার ৪
রাজা; যাকূবকে পরিত্রাণ করিতে আজ্ঞা হউক।
তোমাদ্বারা আমরা শত্রুদিগকে শৃঙ্গাঘাত করিব, এবং ৫
তোমার নামের গুণে আপন বিপক্ষগণকে পদতলে
দলিব। যেহেতুক আমি নিজ ধনুকেতে নির্ভর করি না, ৬
আমার খড়্গ আমাকে রক্ষা করে না; কিন্তু তুমিই ৭
শত্রুগণহইতে আমাদিগকে রক্ষা করিয়া থাক, ও ঘৃণা-
কারিগণকে লজ্জা দিয়া থাক। আমরা সমস্ত দিন ঈশ্ব- ৮
রের শ্লাঘা করি, ও সর্ব্বদা তোমার নামের প্রশংসা
করি। সেলা। কিন্তু তুমি আমাদিগকে দূর করিয়া লজ্জা ৯
দিতেছ, আমাদের সৈন্যের সহিত আর গমন কর না।
তুমি শত্রুহইতে আমাদিগকে পরাঙ্মুখ করিতেছ, এবং ১০
ঘৃণাকারিগণ আমাদের দ্রব্যাদি লুট করিতেছে। তুমি ১১
আমাদিগকে বধ্য মেষগণের ন্যায় করিতেছ, এবং
অন্যজাতীয়দের মধ্যে ছিন্নভিন্ন করিতেছ। ও আপন ১২
প্রজাদিগকে বিনা মূল্যে বিক্রয় করিতেছ, তাহাদের
বিক্রয়দ্বারা তোমার বৃদ্ধি হয় না। তুমি প্রতিবাসিগণের ১৩
নিকটে আমাদিগকে নিন্দিত, ও চতুর্দ্দিক্স্থিত লোকদের
কাছে আমাদিগকে হাস্যাস্পদ ও বিদ্রূপের পাত্র করি-
তেছ। এবং আমাদিগকে অন্যজাতীয়দের গল্পের ১৪
বিষয় ও লোকদের মধ্যে শিরশ্চালনের আস্পদ করি-
তেছ। এবং নিন্দক ও তিরস্কারির বাক্যদ্বারা, এবং ১৫

১৬ শত্রু ও কোপাচারির কর্ম্মদ্বারা আমার অপমান
সমস্ত দিন আমার সম্মুখে থাকে, ও লজ্জা আমার মুখ
১৭ আচ্ছাদন করে। আমাদের প্রতি এই সমস্ত ঘটে;
কিন্তু আমরা তোমাকে বিস্মৃত হই নাই, ও তোমার
১৮ নিয়ম অস্বীকার করি নাই; এবং আমাদের মন
পরাঙ্মুখ হয় নাই, ও তোমার পথহইতে আমাদের
১৯ চরণ টলে নাই। তথাপি তুমি নাগগণের আলয়ে
আমাদিগকে চূর্ণ করিতেছ, ও মৃত্যুচ্ছায়াতে আচ্ছন্ন
করিতেছ।

২০ আমরা যদি আপনাদের ঈশ্বরের নাম বিস্মৃত এবং
২১ ইতর দেবের সম্মুখে কৃতাঞ্জলি হইয়া থাকি, তবে ঈশ্বর
কি তাহার অনুসন্ধান করিবেন না? যেহেতুক তিনি
২২ মনেরও গুপ্ত কথা জ্ঞাত আছেন। আমরা তোমার
নিমিত্তে সমস্ত দিন মৃত্যুমুখে আছি; ও বধ্য মেষের
২৩ ন্যায় গণিত হইতেছি। হে প্রভো, জাগ্রৎ হও, কেন
নিদ্রা যাও? গাত্রোত্থান কর; আমাদিগকে চিরকাল
২৪ নিগ্রহ করিও না। তুমি কেন আপনার মুখ আচ্ছাদন
করিতেছ? আমাদের দুঃখ ও তাড়না কেন বিস্মৃত
২৫ হইতেছ? আমাদের প্রাণ ধূলিতে পতিত, ও আমা-
২৬ দের উদর ভূমিতে লগ্ন আছে। আমাদের উপকারের
নিমিত্তে উঠিয়া নিজ দয়াগুণে আমাদিগকে মুক্ত কর।

## ৪৫ গীত।

খ্রীষ্টের সৌন্দর্য্য ও জয় ও রাজ্য বিষয়ক ভবিষ্যদ্বাক্য।

প্রধান বাদ্যকরকে দাতব্য শোশন্নীম্ নামক স্বরযুক্ত
কোরহীয় বংশের কৃত প্রেমবিষয়ক ধর্ম্মগীত।

১ আমার মনে সৎকথা উঠিতেছে; আমি রাজার নিকটে
আপন ক্রিয়া নিবেদন করিব; আমার জিহ্বা দ্রুত

লেখকের লেখনীস্বরূপ হইবে। তুমি মনুষ্যের সন্তান ২
অপেক্ষা পরম সুন্দর, তোমার ওষ্ঠাধরে অনুগ্রহের
প্রবাহ থাকে, এই নিমিত্তে ঈশ্বর তোমাকে নিরন্তর
আশীর্ব্বাদ করেন। হে মহাবীর, আপন প্রতাপ ও ৩
মহিমারূপ খড়্গ ঊরুতে বন্ধন কর, এবং যথার্থতা ৪
ও ধর্ম্মযুক্ত নম্রতার নিমিত্তে জয়ী হইয়া নিজ মহিমা-
রূপ রথে গমন কর; তাহাতে তোমার দক্ষিণ হস্ত
ভয়ানক কর্ম্ম দেখাইবে। তোমার বাণ তীক্ষ্ণ, এই ৫
জন্যে লোকেরা তোমার নীচে পতিত হইবে, ও রাজার
বিপক্ষগণের অন্তঃকরণ বিদ্ধ হইবে। হে ঈশ্বর, তো- ৬
মার সিংহাসন নিত্যস্থায়ী, ও তোমার রাজদণ্ড যথা-
র্থতার দণ্ড; তুমি ধর্ম্মকে প্রেম করিতেছ, এবং দুষ্ট- ৭
তাকে ঘৃণা করিতেছ; এই কারণ ঈশ্বর অর্থাৎ তোমার
ঈশ্বর তোমার মিত্রগণ অপেক্ষা অধিক আনন্দরূপ
তৈলেতে তোমাকে অভিষিক্ত করিয়াছেন। এবং গন্ধ- ৮
রস ও অগুরু ও দারচিনীতে তোমার তাবৎ বস্ত্র সুবা-
সিত হয়, ও হস্তিদন্তনির্ম্মিত অট্টালিকাতে বাদ্যাদি
তোমার আনন্দ জন্মায়। তোমার স্ত্রীরত্নদিগের মধ্যে ৯
রাজকুমারীরা আছে, এবং তোমার দক্ষিণ দিকে
ওফীরীয় সুবর্ণেতে ভূষিতা রাণী দণ্ডায়মানা আছে।
হে কন্যে, কথা শুন, ও কর্ণ পাতিয়া মনোযোগ কর; ১০
তোমার জাতিকে ও পিতৃগৃহকে বিস্মৃত হও। তাহাতে ১১
রাজা তোমার সৌন্দর্য্যে সন্তুষ্ট হইবেন; তিনিই তো-
মার প্রভু, তুমি তাঁহাকে প্রণাম কর। তাহাতে সোরের ১২
কন্যা উপঢৌকন আনিবে, ও ধনি লোকেরা তোমার
নিকটে বিনতি করিবে। অন্তঃপুরে রাজকুমারী সর্ব্ব- ১৩
তোভাবে শোভা বিশিষ্টা ও স্বর্ণসূত্রের বস্ত্রেতে বস্ত্রা-
ন্বিতা আছে; সে বিচিত্র পরিচ্ছদে রাজার নিকটে ১৪

আনীতা হইবে, ও তাহার পশ্চাদ্বর্ত্তিনী সহচরী কুমা-
১৫ রীরা তোমার নিকটে আনীতা হইবে। তাহারা আ-
নন্দে ও উল্লাসে আনীতা হইয়া রাজমন্দিরে প্রবেশ
১৬ করিবে। তোমার পিতৃগণ গত হইলে তোমার সন্তা-
নেরা থাকিবে; তুমি তাহাদিগকে তাবৎ পৃথিবীর
১৭ অধ্যক্ষপদে নিযুক্ত করিবা। আমি তোমার নাম পু-
রুষ পরম্পরায় স্মরণ করাইব; তাহাতে লোকেরা
নিরন্তর তোমার প্রশংসা করিবে।

## ৪৬ গীত।

জয়ের নিমিত্তে দায়ূদের পরমেশ্বরের ধন্যবাদ করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অলামোৎ নামে স্বরযুক্ত
কোরহীয় বংশের গীত।

১ ঈশ্বর আমাদের আশ্রয় ও বলস্বরূপ, তিনি বিপদকালে
২ অতি নিকটবর্ত্তি উপকারিরূপে পরিচিত হন। অতএব
পৃথিবী যদ্যপি টলে ও পর্ব্বতগণ সমুদ্রের মধ্যে নিক্ষিপ্ত
৩ হয়; এবং তাহার তরঙ্গ ঘোর গর্জন করিয়া বেগে
চলে, ও তাহার আস্ফালনে পর্ব্বতগণ কম্পিত হয়,
৪ তথাপি আমরা ভয় করিব না। সেলা। এক নদী
আছে, তাহার প্রবাহদ্বারা ঈশ্বরের নগর ও সর্ব্বো-
৫ পরিস্থের বাসস্থানরূপ ধর্ম্মধাম আনন্দিত হয়। ঈশ্বর
তাহার মধ্যে থাকেন; সে কখন বিচলিত হইবে না;
৬ ঈশ্বর অতি প্রত্যূষে তাহার উপকার করিবেন। অন্য-
জাতীয়েরা কলরব করিবে, ও রাজ্য সকল বিচলিত
হইবে; তিনি আপন রব শুনাইবামাত্র পৃথিবী গলিয়া
৭ যাইবে। সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাদের সঙ্গী, ও যা-
৮ কূবের ঈশ্বর আমাদের উচ্চদুর্গস্বরূপ। সেলা। আইস,
আমরা পরমেশ্বরের কর্ম্ম দেখি, তিনি পৃথিবীতে কি

প্রকার উৎপাত করেন। তিনি পৃথিবীর সীমা পর্য্যন্ত ৯
যুদ্ধ নিবৃত্ত করেন, ও ধনু ভগ্ন করেন, ও বড়শা খণ্ড২
করেন, ও অগ্নিতে রথকে দগ্ধ করেন। ‘তোমরা ক্ষান্ত ১০
হও, এবং আমি ঈশ্বর, ইহা জ্ঞাত হও; আমি অন্য-
জাতীয়দের মধ্যে মহামহিমান্বিত হইব, ও তাবৎ
পৃথিবীতে মহিমান্বিত হইব।’ সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর ১১
আমাদের সঙ্গী, ও যাকূবের ঈশ্বর আমাদের উচ্চদুর্গ-
স্বরূপ। সেলা।

## ৪৭ গীত।

ঈশ্বরের বশীভূত হওনের ও প্রশংসা করণের আবশ্যকতা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের ধর্ম্মগীত।

হে সমস্ত লোক, তোমরা করতালি দিয়া উচ্চৈঃস্বরে ১
ঈশ্বরের জয়ধ্বনি কর। কেননা সর্ব্বোপরিস্থ পরমেশ্বর ২
ভয়ঙ্কর ও তাবৎ পৃথিবীর রাজাধিরাজ। তিনি জাতি- ৩
দিগকে আমাদের অধীন করেন, ও অন্যদেশীয়দিগকে
আমাদের পদতলস্থ করেন। এবং তিনি আমাদের ৪
অধিকার মনোনীত করেন; তাহাই তাঁহার প্রিয় যা-
কূবের রত্নস্বরূপ। সেলা। ঈশ্বর জয়ধ্বনির সহিত ও ৫
পরমেশ্বর তূরীধ্বনির সহিত স্বর্গারোহণ করেন। ঈশ্ব- ৬
রের উদ্দেশে গান কর, গান কর; এবং আমাদের
রাজার উদ্দেশে গান কর, গান কর। ঈশ্বর তাবৎ পৃ- ৭
থিবীর রাজা, তাঁহার উদ্দেশে জ্ঞানসূচক গীত গান কর।
ঈশ্বর অন্যজাতীয়দের উপরে রাজত্ব করেন; তিনি ৮
আপন পবিত্র সিংহাসনে বসিয়া থাকেন। লোকদের ৯
অধ্যক্ষগণ ইব্রাহীমের ঈশ্বরের লোক হইয়া একত্র
হইতেছে; যেহেতুক পৃথিবীর অধ্যক্ষগণ ঈশ্বরের, তিনি
অতিশয় উন্নত।

## ৪৮ গীত।

মণ্ডলীর গৌরব ও সুখ।

কোরহীয় বংশের ধর্ম্মগীত।

১ আমাদের ঈশ্বরের নগরমধ্যে তাঁহার পবিত্র পর্ব্বতে
২ পরমেশ্বর মহান্ ও অতি প্রশংসনীয়। উত্তরদিগে
স্থিত যে সিয়োন পর্ব্বত মহারাজের রাজধানী আছে,
সে উচ্চতা প্রযুক্ত অতি রমণীয় ও তাবৎ পৃথিবীর
৩ আনন্দজনক। তাহার অট্টালিকার মধ্যে ঈশ্বর উচ্চ-
৪ দুর্গরূপে জ্ঞাত আছেন। ঐ দেখ, রাজগণ সভাস্থ
৫ হইয়া একেবারে লুপ্ত হইল। তাহারা তাহা দেখিবা-
মাত্র স্তব্ধ হইল, এবং উদ্বিগ্ন হইয়া ত্বরায় পলায়ন
৬ করিল। ঐ স্থানে তাহারা কম্পান্বিত ও প্রসূতীর ন্যায়
৭ বেদনাগ্রস্ত হইল। তুমি পূর্ব্বীয় বায়ুদ্বারা তর্শীশের
৮ জাহাজ ভগ্ন করিয়া থাক। আমরা যাহা শুনিয়াছি-
লাম, তাহা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের নগরে অর্থাৎ
আমাদের ঈশ্বরের নগরে দেখিয়াছি; ঈশ্বর সর্ব্বদা
৯ তাহা সুস্থির করিয়া রাখিবেন। সেলা। হে ঈশ্বর,
আমরা তোমার মন্দিরের মধ্যে তোমার দয়া মনে
১০ চিন্তা করিতেছি। হে ঈশ্বর, তোমার যেমন নাম, পৃ-
থিবীর প্রান্তভাগ পর্য্যন্ত তোমার প্রশংসাও তদ্রূপ;
১১ তোমার দক্ষিণ হস্ত ধর্ম্মেতে পরিপূর্ণ। তোমার বিচা-
রাজ্ঞা প্রযুক্ত সিয়োন্ পর্ব্বত আনন্দে প্রফুল্ল হয়, ও
১২ যিহূদার পুরী সকল উল্লাসিত হয়। তোমরা সিয়োন্-
কে প্রদক্ষিণ কর, ও তাহার চতুর্দ্দিগে ভ্রমণ করিয়া
১৩ তাহার দুর্গ গণনা কর। ও তাহার দৃঢ় প্রচীরে মনো-
যোগ কর, ও তাহার অট্টালিকা সন্দর্শন কর; তা-
হাতে তোমরা ভাবি বংশকে তাহার বর্ণনা কহিতে

পারিবা; কেননা এই ঈশ্বর সর্ব্বদা আমাদের ঈশ্বর ১৪
হইবেন, তিনি মৃত্যুকাল পর্য্যন্ত আমাদের পথদর্শক
হইবেন।

## ৪৯ গীত।

### ধনের ও মানুষের অসারতা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের ধর্ম্মগীত।

হে সমস্ত লোক, তোমরা শ্রবণ কর; হে জগন্নিবাসি- ১
গণ, তোমরা মহান্ কি ক্ষুদ্র, ও ধনবান্ কি দরিদ্র, যে ২
হও, আমার কথাতে সকলে মনোযোগ কর। আমি ৩
মুখদ্বারা জ্ঞানের কথা কহিব, ও মনেতে বুদ্ধির কথা
চিন্তা করিব, ও কর্ণেতে দৃষ্টান্তকথা শ্রবণ করিব, এবং ৪
বীণাযন্ত্রে আপনার মর্ম্মকথা গান করিব। প্রবঞ্চনাকা- ৫
রির দুষ্টতা আমাকে ঘেরিলে আমি কেন বিপদসময়ে
ভয় করিব? যাহারা আপন২ ধনেতেই নির্ভর রাখে, ৬
ও সম্পত্তির বাহুল্য প্রযুক্ত শ্লাঘা করে, তাহাদের মধ্যে ৭
কেহ আপন ভ্রাতাকে মুক্ত করিতে পারে না; এবং সে ৮
যেন নিত্যজীবী হইয়া মৃত্যুগ্রস্ত না হয়, তন্নিমিত্তে ঈশ্ব-
রকে তাহার মূল্য দিতেও পারে না; কেননা প্রাণকে ৯
যে মুক্ত করা, সে অমূল্য ও সর্ব্বদা অসাধ্য হয়। সে মৃ- ১০
ত্যুগ্রস্ত হইবে, কেননা জ্ঞানবান্ লোকেরা যেমন মরে,
তদ্রূপ অজ্ঞান ও পশুবৎ লোক বিনষ্ট হয়, ও অন্য-
দের হস্তে ধন ত্যাগ করে। তাহাদের বাটী চিরকাল ও ১১
গৃহ পুরুষানুক্রমে থাকিবে, এবং তাহাদের ভূমি সকল
তাহাদের নামে বিখ্যাত থাকিবে, ইহা তাহাদের মনের
অভিপ্রায়। তথাপি মানুষ সম্ভ্রান্ত হইয়া থাকে না, কিন্তু ১২
পশুর সদৃশ হইয়া নষ্ট হয়। তাহাদের এই গতি তাহা- ১৩
দের অজ্ঞানতার ফল, তথাপি তাহাদের পরে অন্যেরা

১৪ তাহাদের বাক্যই ভাল বাসে। সেলা। তাহারা মেষের
ন্যায় পরলোকে চালিত হইবে, ও মৃত্যু তাহাদিগকে
চরাইবে; সরলাত্মা লোকেরা প্রভাতেই তাহাদের
উপরে কর্তৃত্ব করিবে, পরলোকরূপ বাসস্থানে তাহা-
১৫ দের সৌন্দর্য্য নষ্ট হইবে। কিন্তু ঈশ্বর পরলোকের
হস্তহইতে আমার প্রাণকে মুক্ত করিয়া আমাকে গ্রহণ
১৬ করিবেন। সেলা। কোন লোক ধনবান্ হইয়া বা-
১৭ টীর ঐশ্বর্য্য বৃদ্ধি করিলে তুমি উদ্বিগ্ন হইও না। কেননা
সে মরণকালে কিছু সঙ্গে লইয়া যাইবে না, ও তাহার
১৮ ঐশ্বর্য্য তাহার অনুগমন করিবে না। সে জীবদ্দশাতে
আপন প্রাণের শ্লাঘা করিত, ও আপনার মঙ্গল করাতে
১৯ লোকেরা তাহাকে প্রশংসা করিত; কিন্তু সে পিতৃলো-
কদের বাসস্থানে গিয়া দীপ্তির দর্শন কখন পাইবে না।
২০ যে সম্ভ্রান্ত মনুষ্য অজ্ঞান, সে পশুর তুল্য হইয়া নষ্ট হয়।

## ৫০ গীত।

১ পরমেশ্বরের বিচার করণ, ৭ ও যজ্ঞকর্ম্মাদি অপেক্ষা ভক্তির আবশ্যকতা, ১৬ ও পাপি লোকের প্রতি অনুযোগ।

### আসফের ধর্ম্মগীত।

১ প্রভুদের প্রভু পরমেশ্বর বক্তা হইয়া সূর্য্যের উদয়াচল
অবধি অস্তাচল পর্য্যন্ত তাবৎ জগজ্জনকে আহ্বান
২ করিবেন। সর্ব্বতোভাবে মনোরম্য যে সিয়োন পর্ব্বত,
৩ তাহাহইতে ঈশ্বর দীপ্তি প্রকাশ করিবেন। আমাদের
ঈশ্বর আগমন করিয়া নীরব হইয়া থাকিবেন না; সর্ব্ব-
গ্রাসক অগ্নি তাঁহার অগ্রবর্ত্তী হইবে, ও প্রবল ঝড়
৪ তাঁহাকে বেষ্টন করিবে। তিনি আপন লোকদের বি-
চার করণার্থে উপরিস্থ স্বর্গকে ও পৃথিবীকে আহ্বান
৫ করিয়া কহিবেন, ‘যাহারা বলিদানদ্বারা আমার

সহিত নিয়ম করিয়াছে, আমার সেই পুণ্যবান্ লোক-
দিগকে আমার নিকটে একত্র কর।’ তাহাতে স্বর্গ ৬
তাঁহার ধর্ম্ম প্রকাশ করিবে, কেননা ঈশ্বর আপনি বি-
চারকর্ত্তা হইবেন। সেলা।

‘হে আমার প্রজাগণ, আমি কহি, শ্রবণ কর; হে ৭
ইস্রায়েল বংশ, আমি তোমার বিষয়ে সাক্ষ্য দিব; আমি
ঈশ্বর, তোমার ঈশ্বর। তুমি আমার সাক্ষাতে নিত্য২ ৮
যে বলিদান ও হোম করিয়া থাক, তদ্বিষয়ে তোমাকে
অনুযোগ করিব না; এবং তোমার গৃহহইতে বৃষ ও ৯
খোঁয়াড়হইতে ছাগল লইব না। কেননা তাবৎ বনপশু ১০
ও সহস্র২ পর্ব্বতীয় পশু সকলই আমার। আমি পর্ব্ব- ১১
তীয় পক্ষিগণকে জানি, এবং মাঠের সমস্ত প্রাণীও
আমার। আমি ক্ষুধিত হইলে তোমাকে কহিব না; ১২
কেননা পৃথিবী ও তন্মধ্যস্থ সকল বস্তু আমার। আমি ১৩
কি বলবান্ বৃষের মাংস ভোজন করিব? কিম্বা ছাগ-
লের রক্ত পান করিব? ঈশ্বরের নিকটে প্রশংসারূপ ১৪
বলিদান কর, ও সর্ব্বোপরিস্থের প্রতি আপন ব্রত
সম্পূর্ণ কর। এবং বিপদ্কালে আমার কাছে প্রার্থনা ১৫
কর; তাহাতে আমি তোমাকে উদ্ধার করিব, ও তুমি
আমার মহিমা প্রকাশ করিবা।’

পরে ঈশ্বর দুষ্ট লোককে কহিবেন, ‘আমার বিধি ১৬
প্রকাশ করিতে ও আমার নিয়মের কথা মুখে আনিতে
তোমার কি অধিকার? তুমি উপদেশে অশ্রদ্ধা করিয়া ১৭
থাক, ও আমার বাক্য পীছে ফেলিয়া থাক; এবং ১৮
চোরকে দেখিলে তাহার সহিত সম্মত হইয়া থাক,
ও পারদারিকের সমানাংশী হইয়া থাক; এবং মুখে ১৯
কুকথা কহিয়া থাক, ও জিহ্বাতে প্রবঞ্চনা করিয়া
থাক; এবং বসিয়া২ আপনার ভ্রাতার অপবাদ ২০

করিয়া থাক, ও নিজ সহোদরকে নিন্দা করিয়া থাক।
২১ তুমি এই প্রকার করিলে আমি নীরব হইয়া রহিলাম,
তাহাতে আমিও তোমার মত, তোমার এমত বোধ
হইল; কিন্তু আমি তোমাকে ভর্ৎসনা করিব ও তো-
২২ মার সাক্ষাতে সকলি উপস্থিত করিব। হে ঈশ্বরবিস্মৃত
লোকেরা, এক্ষণে ইহা বিবেচনা কর, নতুবা তোমা-
দিগকে বিদীর্ণ করিব, কেহ রক্ষা করিতে পারিবে না।
২৩ যে জন ধন্যবাদরূপ বলিদান করে, সে আমাকে গৌ-
রবান্বিত করে; এবং যে জন সৎপথে গমন করে,
তাহাকে আমি ঈশ্বরকৃত পরিত্রাণ দর্শন করাইব।'

## ৫১ গীত।

স্বপাপের নিমিত্তে দায়ূদের খেদ ও বিলাপ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

বৎশেবাতে উপগত হইলে তাহার নিকটে নাথন্ ভবি-
ষ্যদ্বক্তা গেলে পর এই গীত প্রস্তুত হইল।

১ হে ঈশ্বর, আপন দয়ানুসারে আমার প্রতি করুণা
কর, ও আপন প্রচুর কৃপানুসারে আমার তাবৎ অপ-
২ রাধ মার্জ্জনা কর। এবং আমার অধর্ম্ম নিঃশেষে প্রক্ষা-
লন কর, ও আমার পাপহইতে আমাকে পরিষ্কার
৩ কর। আমি নিজ অপরাধ স্বীকার করিতেছি, আমার
৪ পাপ সর্ব্বদাই আমার সাক্ষাতে আছে। আমি তোমার
বিরুদ্ধে, কেবল তোমার বিরুদ্ধে পাপ করিয়াছি,
ও তোমার দৃষ্টিতে কুৎসিত কর্ম্ম করিয়াছি; অতএব
তুমি আপনার কথাতে নির্দ্দোষ ও বিচারে জয়ী
৫ হইবা। দেখ, অপরাধে আমার জন্ম হইয়াছে, ও
পাপেতে আমার মাতা আমাকে গর্ব্ভে ধারণ করি-
৬ য়াছে। দেখ, তুমি আন্তরিক সত্যতা প্রয়াস করিয়া

থাক; অতএব গোপনে আমাকে জ্ঞানের কথা জ্ঞাত
কর। এসোবদ্বারা আমাকে শুচি কর, তাহাতে আমি ৭
পবিত্র হইব; এবং আমাকে প্রক্ষালন কর, তাহাতে
হিম অপেক্ষা শুক্লবর্ণ হইব। আহ্লাদ ও আনন্দজনক ৮
বাক্য আমাকে শ্রবণ করাও; তোমাদ্বারা ভগ্ন আমার
অস্থি সকলকে প্রফুল্ল হইতে দেও। আমার তাবৎ ৯
পাপের প্রতি তোমার মুখ আচ্ছাদন কর, ও আমার
তাবৎ অপরাধ মার্জ্জনা কর। হে ঈশ্বর, আমার মধ্যে ১০
পবিত্র মন সৃষ্টি কর, ও আমার অন্তরে সুস্থির আত্মাকে
নূতন করিয়া দেও। তোমার সম্মুখহইতে আমাকে দূর ১১
করিও না, ও তোমার পবিত্র আত্মাকে আমাহইতে
অপহরণ করিও না। তোমার কৃত পরিত্রাণের আনন্দ ১২
আমাকে পুনর্ব্বার দেও, ও তোমার উদার আত্মাদ্বারা
আমাকে ধারণ কর। তাহাতে আমি দুষ্টদিগকে তো- ১৩
মার পথের বিষয়ে শিক্ষা দিব, ও পাপিরা তোমার
প্রতি মন ফিরাইবে। হে ঈশ্বর, তুমিই আমার ত্রাণ- ১৪
কর্ত্তা ঈশ্বর, আমাকে রক্তপাতরূপ দোষহইতে উদ্ধার
কর, তাহাতে আমার জিহ্বা তোমার ধর্ম্মেতে জয়ধ্বনি
করিবে। হে প্রভো, আমার ওষ্ঠাধরকে মুক্ত কর, তা- ১৫
হাতে আমার মুখ তোমার প্রশংসা প্রকাশ করিবে। তুমি ১৬
বলিদানের প্রয়াস কর না, নতুবা তাহা দিতাম; এবং
হোমেতেও তোমার সন্তোষ নাই। ঈশ্বরের গ্রাহ্য যাগ ১৭
ভগ্ন আত্মা; হে ঈশ্বর, তুমি ভগ্ন ও চূর্ণ অন্তঃকরণকে তুচ্ছ
করিবা না। তোমার অনুগ্রহদ্বারা সিয়োনের মঙ্গল কর, ১৮
ও যিরূশালমের প্রাচীর নির্ম্মাণ কর। তখন তুমি ধর্ম্ম- ১৯
যজ্ঞ ও হোম ও পূর্ণ আহুতিতে সন্তুষ্ট হইবা; এবং
লোকেরা তোমার বেদির উপরে বৃষগণকে উৎসর্গ
করিবে

## ৫২ গীত।

দোয়েগের দোষ ও বিনাশের কথা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের উপদেশগীত।

যে সময়ে ইদোমীয় দোয়েগ্ উপস্থিত হইয়া 'দায়ূদ অহীমেলকের গৃহে প্রবেশ করিয়াছিল,' এই সমাচার শৌলকে দিল, তৎকালের গীত।

১ হে বলবান্ মনুষ্য, তুমি কুক্রিয়াতে কেন আত্মশ্লাঘা
২ করিতেছ? ঈশ্বরের অনুগ্রহ নিত্যস্থায়ী। তোমার জিহ্বা
তীক্ষ্ণ ক্ষুরের ন্যায় খলতা করিয়া ক্ষতি করিতেছে।
৩ তুমি সৎক্রিয়া অপেক্ষা কুক্রিয়াকে, এবং সত্য কথা
৪ অপেক্ষা মিথ্যাকথাকে ভাল বাস। সেলা। হে প্রব-
৫ ঞ্চক জিহ্বে, তুমি সর্ব্বনাশক বাক্যই ভাল বাস। এই
জন্যে ঈশ্বর তোমাকে সর্ব্বতোভাবে বিনষ্ট করিবেন
ও তোমাকে উচ্ছিন্ন করিবেন, এবং আলয়হইতে দূর
করিবেন, ও জীবৎ লোকদের দেশহইতে উৎপাটন
৬ করিবেন। সেলা। তাহা দেখিয়া ধার্ম্মিকেরা ভীত হইবে,
৭ এবং তোমার প্রতি উপহাস করিয়া কহিবে, 'ঐ দেখ,
ঐ ব্যক্তি ঈশ্বরকে আপনার আশ্রয়স্বরূপ না করিয়া
আপন প্রচুর ধনে প্রত্যাশা করিয়া দুষ্টতাতে সাহস
৮ বাঁধিত।' কিন্তু আমি ঈশ্বরের মন্দিরে স্থিত সতেজ জিত-
বৃক্ষস্বরূপ; আমি সদা সর্ব্বক্ষণে ঈশ্বরের অনুগ্রহে প্র-
৯ ত্যাশা করিব। তুমি কর্ত্তব্য সাধন করিয়াছ, অতএব
আমি সর্ব্বদা তোমার প্রশংসা করিব; ও তোমার নামে
প্রত্যাশা রাখিব, কেননা তোমার পুণ্যবানদের দৃষ্টিতে
তাহাই উত্তম।

## ৫৩ গীত।

পাপি লোকদের দুষ্টতা ও ভাবি দুঃখ।

প্রধান বাদ্যকরকে দাতব্য মহলৎ নামক স্বরযুক্ত দায়ূদের উপদেশগীত।

'ঈশ্বর নাই,' অজ্ঞান লোক মনে ২ এমত কহে; তাহারা ১
দুস্ট ও ঘৃণ্য কর্ম্মকারী, সৎকর্ম্ম কেহই করে না। জ্ঞানী ২
ও ঈশ্বরের তত্ত্ব চেষ্টাকারী কেহ আছে কি না, ইহা
জানিবার জন্যে ঈশ্বর স্বর্গহইতে মনুষ্যসন্তানদের প্রতি
নিরীক্ষণ করিয়া থাকেন। সকলে নিতান্ত বিপথগামী ৩
ও দুষ্কর্ম্মকারী; সৎকর্ম্ম কেহই করে না, এক জনও
না। এই কুকর্ম্মকারিদের কি কিছুই জ্ঞান নাই? তা- ৪
হারা অন্নের ন্যায় আমার লোককে গ্রাস করে, ও
ঈশ্বরের কাছে প্রার্থনা করে না। ঐ নির্ভয় স্থানে তা- ৫
হারা বড় ভয় পাইবে; কেননা ঈশ্বর তোমার সহিত
যুদ্ধকারি লোকদের অস্থি চারি দিগে নিক্ষেপ করিবেন,
এবং ঈশ্বর তাহাদিগকে নিগ্রহ করাতে তুমি তাহাদি-
গকে লজ্জা দিবা। আহা, সিয়োন্‌হইতে ইস্রায়েলের ৬
পরিত্রাণ হউক; তাহাতে ঈশ্বর আপন লোকদিগকে
দাসত্বহইতে মুক্ত করিলে যাকূব্ বংশ উল্লাসিত ও
ইস্রায়েল বংশ হৃষ্টচিত্ত হইবে।

## ৫৪ গীত।

সীফীয় লোকহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য দায়ূদের উপদেশগাত।

যে সময়ে সীফীয় লোকেরা উপস্থিত হইয়া শৌলের নিকটে বলিল, 'দায়ূদ কি আমাদের মধ্যে আপনাকে গুপ্ত করে নাই?' তৎকালের এই গীত।

হে ঈশ্বর, আপন নামের গুণে আমাকে পরিত্রাণ কর, ১

২ ও আপন পরাক্রমেতে আমার বিচার কর। হে ঈশ্বর,
আমার প্রার্থনা শুন, আমার মুখের বাক্য শ্রবণ কর।
৩ অপরিচিত লোকেরা আমার বিরুদ্ধে উঠে, ও উপদ্রবিরা
আমার প্রাণনাশার্থে চেষ্টা করে; তাহারা আপনা-
৪ দের গোচরে ঈশ্বরকে রাখে না। সেলা। দেখ, ঈশ্বর
আমার উপকারী; প্রভু আমার প্রাণের উপকারক-
৫ দের সহিত আছেন। তিনি আমার শত্রদের দুষ্টতার
প্রতিফল দিবেন, ও আপন যথার্থতাতে তাহাদিগকে
৬ সংহার করিবেন। হে পরমেশ্বর, আমি তোমার
উদ্দেশে স্বেচ্ছাদত্ত বলি দান করিব, ও তোমার নামের
৭ প্রশংসা করিব, কেননা সে উত্তম। সেই নাম আমাকে
তাবৎ বিপদহইতে রক্ষা করে, এবং আমার চক্ষু
শত্রুগণের বিনাশ দর্শন করে।

## ৫৫ গীত।

বিপদসময়ে দুষ্ট লোকদের বিরুদ্ধে দায়ূদের প্রার্থনা।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য দায়ূদের উপদেশগীত।

১ হে ঈশ্বর, আমার প্রার্থনা শ্রবণ কর, আমার বিলাপ-
২ কালে লুক্কায়িত হইও না। আমার প্রতি মনোযোগ
করিয়া উত্তর দেও; আমি শত্রুদের দুর্ব্বাক্য ও পাপি-
দের উপদ্রব প্রযুক্ত ভাবনাতে ব্যাকুল ও উন্মনা হই-
৩ তেছি; কেননা তাহারা আমাতে দোষারোপ করে,
৪ ও ক্রোধেতে আমার বিপক্ষতা করে। আমার অন্তরে
মন বড় ব্যথিত হইতেছে; আমি মৃত্যুযাতনাগ্রস্ত
৫ হইতেছি। ভয় ও কম্প আমাকে ধরিতেছে, এবং
৬ আমি মহাত্রাসে আচ্ছন্ন হইতেছি। ও কহিতেছি,
আঃ, যদি কপোতের ন্যায় আমার পক্ষ হয়! তবে আমি

উড্ডীয়মান হইয়া বিশ্রাম পাইব; এবং ভ্রমণ করিয়া ৭
দূরে যাইব, ও প্রান্তরমধ্যে বসতি করিব। সেলা। এবং ৮
প্রবল বায়ু ও ঝড়হইতে ত্বরায় পলায়ন করিব। হে ৯
প্রভো, তুমি তাহাদিগকে গ্রাস কর, ও তাহাদের জি-
হ্বার অনৈক্য জন্মাও; আমি নগরের মধ্যে দৌরাত্ম্য
ও কলহ দেখিতেছি। তাহা দিবারাত্রি প্রাচীরের উপরে ১০
নগরের চতুর্দ্দিগে থাকে, এবং অন্যায় ও ক্লেশ তাহার
মধ্যে থাকে। তাহার মধ্যে দুষ্টতা আছে, চাতুরী ১১
ও প্রবঞ্চনা চককে ত্যাগ করে না। কোন শত্রু আ- ১২
মার নিন্দা করে তাহা নয়, করিলে আমি সহ্য করি-
তাম; এবং কোন ঘৃণাকারী আমার প্রতি দর্প করে
তাহাও নয়, করিলে তাহাহইতে লুক্কায়িত থাকিতাম।
কিন্তু আমার সমান ও মিত্র ও পরিচিত যে তুমি, তুমিই ১৩
তাহা করিতেছ। আমরা একত্র হইয়া মধুর পরামর্শ ১৪
করিতাম, ও জনতার সহিত ঈশ্বরের মন্দিরে গমন করি-
তাম। তাহারা মৃত্যুগ্রস্ত হউক, ও অকস্মাৎ পরলোকে ১৫
গমন করুক, যেহেতুক তাহাদের আলয়ে ও হৃদয়ে
দুষ্টতা থাকে। আমি ঈশ্বরের নিকটে প্রার্থনা করিব, ১৬
তাহাতে পরমেশ্বর আমাকে পরিত্রাণ করিবেন। আমি ১৭
সায়ংকালে ও প্রাতঃকালে ও মধ্যাহ্নকালে তাঁহার
ধ্যান করিয়া উচ্চৈঃস্বরে বিলাপ করিব, তাহাতে তিনি
আমার নিবেদন শুনিবেন। অনেকে আমার বিরোধী ১৮
হয়, কিন্তু তিনি যুদ্ধহইতে আমার প্রাণকে কুশলে মুক্ত
করিবেন। চিরকালাবধি সিংহাসনোপবিষ্ট যে ঈশ্বর, ১৯
তিনি শুনিয়া শত্রুদিগকে দুঃখ দিবেন। সেলা। তাহা-
দের স্বভাবান্তর কখন হয় না, ও তাহারা ঈশ্বরকে ভয়
করে না। তাহারা বন্ধুর বিরুদ্ধে হস্ত তুলিয়াছে, ও ২০
আপনাদের নিয়ম লঙ্ঘন করিয়াছে। তাহাদের বদন ২১

নবনীতহইতে কোমল বটে, কিন্তু তাহাদের মনের মধ্যে
সংগ্রাম থাকে; এবং তাহাদের বাক্য তৈলাপেক্ষা
স্নিগ্ধ বটে, তথাপি তাহা নিষ্কোষ খড়্গের তুল্য।
২২ পরমেশ্বরের প্রতি আপনার ভার সমর্পণ কর, তিনি
তোমাকে প্রতিপালন করিবেন; ধার্ম্মিক লোককে
২৩ কখন বিচলিত হইতে দিবেন না। হে ঈশ্বর, তুমি ঐ
লোকদিগকে অগাধ গর্ত্তে নামাইবা; রক্তপাতকারী
ও প্রবঞ্চক লোকেরা অর্দ্ধ পরমায়ুও পাইবে না, কিন্তু
আমি তোমার উপরে নির্ভর করিব।

## ৫৬ গীত।

পিলেষ্টীয় লোকহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য যোনৎ-এলম্-রিহোকীম্ নামক স্বরযুক্ত দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

যে সময়ে পিলেষ্টীয়েরা গাৎ নগরে তাহাকে ধরিল, তৎকালের গীত।

১ হে ঈশ্বর, আমার প্রতি দয়া কর; মনুষ্য আমাকে
গ্রাস করিতে উদ্যত হয়, এবং আমার প্রতি উপদ্রব
২ করিতে সমস্ত দিন যুদ্ধ করে। আমার শত্রুগণ সমস্ত
দিন আমাকে গ্রাস করিতে উদ্যত হয়; অনেকে উচ্চ-
৩ মস্তক হইয়া আমার প্রতিকূলে যুদ্ধ করে। কিন্তু আমার
ভয় উপস্থিত হওন সময়ে আমি তোমাতে নির্ভর করি।
৪ আমি ঈশ্বরের দ্বারা তাঁহার বাক্যের শ্লাঘা করিব, ও
ঈশ্বরের প্রতি নির্ভর রাখিব, ভয় করিব না, মাংসপিণ্ড
৫ আমার কি করিতে পারে? তাহারা সমস্ত দিন আমার
কথার বিপরীত অর্থ করে, আমার বিষয়ে তাহাদের
৬ তাবৎ চিন্তা কুচিন্তামাত্র। তাহারা একত্র হইয়া গোপনে

থাকে, এবং আমার পদচিহ্ন দৃষ্টি করিতে২ আমার
প্রাণনাশের অপেক্ষাতে থাকে। এমত অধর্ম্মেতে তাহারা ৭
কি বাঁচিবে? হে ঈশ্বর, ক্রোধে লোকদিগকে অধঃপতন
কর। তুমি আমার ভ্রমণ গণনা করিতেছ, ও আমার ৮
নেত্রজল আপনার পাত্রে রাখিতেছ; তাহা কি তোমার
পুস্তকে লিখিত নাই? আমার প্রার্থনা করণ সময়ে ৯
শত্রুগণ পরাঙ্মুখ হইবে; ঈশ্বর আমার সহায় আছেন,
ইহা আমি জানি। আমি ঈশ্বরের দ্বারা তাঁহার বাক্যের ১০
শ্লাঘা করিব, এবং পরমেশ্বরের দ্বারা তাঁহার বাক্যের
শ্লাঘা করিব। এবং ঈশ্বরেতে নির্ভর রাখিব, ভয় করিব ১১
না, মনুষ্য আমার কি করিতে পারে? হে ঈশ্বর, তো- ১২
মার মানত আমার মস্তকে আছে, আমি তোমার
প্রশংসা করিব। তুমি মৃত্যুহইতে আমার প্রাণকে ১৩
উদ্ধার করিয়াছ, তবে কি স্খলনহইতে আমার চরণকে
রক্ষা করিয়া জীবৎ লোকের দীপ্তিতে তোমার সাক্ষাতে
আমাকে গমনাগমন করিতে দিবা না?

## ৫৭ গীত।

১ শৌলের হস্তহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা, ৭ ও ঈশ্বরের ধন্যবাদ করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অল্‌তস্‌হেৎ নামক স্বরযুক্ত দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

যে সময়ে শৌলের সম্মুখহইতে দায়ূদ্ গহ্বরে পলায়ন করিল, তৎকালের এই গীত।

হে ঈশ্বর, আমাকে দয়া কর, দয়া কর; আমার প্রাণ ১
তোমার শরণাগত; আমি এই বিপদহইতে উত্তীর্ণ
হওন পর্য্যন্ত তোমার পক্ষচ্ছায়াতে আশ্রয় লই। আমি ২
সর্ব্বোপরিস্থ ঈশ্বরের ও আমার সর্ব্বসাধক ঈশ্বরের

৩ নিকটে প্রার্থনা করিব। তিনি স্বর্গহইতে প্রেরণ করিয়া
আমার গ্রাসকারির নিন্দাহইতে আমাকে উদ্ধার করি-
বেন। সেলা। ঈশ্বর আপন দয়া ও সত্যতা প্রেরণ
৪ করিবেন। সিংহগণের মধ্যে আমার প্রাণ আছে, ও
অগ্নিশিখাস্বরূপ মনুষ্যসন্তানদের মধ্যে আমি বাস করি-
তেছি; তাহাদের দন্ত বড়শা ও তীরের তুল্য, এবং তা-
৫ হাদের জিহ্বা তীক্ষ্ণ খড়্গস্বরূপ। হে ঈশ্বর, স্বর্গে তো-
মার উন্নতি, ও তাবৎ ভূমণ্ডলে তোমার মহিমা প্রকা-
৬ শিত হউক। তাহারা আমার চরণ বদ্ধ করিতে জাল
পাতিয়াছিল, তাহাতে আমার প্রাণ সঙ্কুচিত ছিল;
কিন্তু আমার সম্মুখে যে খাত খনন করিয়াছিল, তা-
হার মধ্যে আপনারাই পতিত হইল। সেলা।
৭ হে ঈশ্বর, আমার মন সুস্থির আছে, আমার মন
৮ সুস্থির আছে, আমি গান ও প্রশংসা করিব। হে আ-
মার মন, জাগ্রৎ হও; হে নেবল্ যন্ত্র ও বীণে, জাগ্রৎ
৯ হও; আমি অরুণের পূর্ব্বে জাগ্রৎ হইব। হে প্রভো,
আমি লোকদের মধ্যে তোমার প্রশংসা করিব, ও দেশী-
১০ য়দের মধ্যে তোমার নাম গান করিব। কেননা তো-
মার দয়া আকাশ পর্য্যন্ত উচ্চ, ও তোমার সত্যতা মেঘ
১১ পর্য্যন্ত ব্যাপ্ত আছে। হে ঈশ্বর, স্বর্গে তোমার উন্নতি,
ও তাবৎ ভূমণ্ডলে তোমার মহিমা প্রকাশিত হউক।

## ৫৮ গীত।

১ অন্যায় বিচারকর্ত্তাদের দোষ, ৬ ও বিনাশ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অল্তস্হেৎ নামক স্বরযুক্ত
দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

১ হে সভাসদ্গণ, তোমরা কি যথার্থ কথা কহিতে নীরব
থাক? হে মনুষ্যসন্তানবর্গ, তোমরা কি প্রকৃত বিচার

করিতেছ? বরঞ্চ মনের মধ্যে অন্যায় রাখিতেছ, ও ২
দেশে হস্তদ্বারা উপদ্রব তৌল করিতেছ। পাপিগণ ৩
জন্মাবধি বিপথগামী হয়, এবং ভূমিষ্ঠ হওনাবধি মিথ্যা
কহিয়া ভ্রমণ করে। সর্পবিষের ন্যায় তাহাদের বিষ, ৪
এবং বধির কালসর্প যেমন কর্ণ রোধ করিয়া তীক্ষ্ণ ৫
মন্ত্রবাদি সর্পবৈদ্যেরও রব শুনে না, তাহারাও তদ্রূপ।
হে ঈশ্বর, তাহাদের মুখের দন্ত ভগ্ন কর; হে পর- ৬
মেশ্বর, যুবসিংহের কষের দন্ত উৎপাটন কর। তাহারা ৭
স্রোতোজলের ন্যায় বহিয়া যাইবে, এবং তাহাদের
আকৃষ্ট বাণ ভগ্ন বাণের ন্যায় ব্যর্থ হইবে। এবং ৮
তাহারা দ্রবীভূত শম্বুকের ন্যায় গলিত হইবে, এবং
গর্ব্ভস্রাবের ন্যায় সূর্য্য দেখিতে পাইবে না। তাহাদের ৯
মনোরূপ স্থালী কণ্টকের জ্বাল না পাইতে তিনি পক্ক ও
অপক্ক সর্ব্বশুদ্ধ ঝড়ে উড়াইয়া লইবেন। ধার্ম্মিক লোক ১০
তাহাদের এমত প্রতিফল দেখিয়া আনন্দিত হইবে, ও
পাপির রক্তে আপন২ পাদ প্রক্ষালন করিবে। তাহাতে ১১
মনুষ্যগণ এমত কহিবে, 'অবশ্য ধার্ম্মিক লোকের ফল
আছে, অবশ্য পৃথিবীর বিচারকর্ত্তা এক ঈশ্বর আছেন।'

## ৫৯ গীত।

প্রাণরক্ষা হইলে পর পরমেশ্বরের প্রশংসা করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অল্‌তস্‌হেৎ নামক স্বরযুক্ত দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

শৌলের প্রেরিত লোক যখন দায়ূদ্‌কে বধ করিতে গৃহের নিকটে ঘাঁটি বসাইল, তৎকালের এই গীত।

হে আমার ঈশ্বর, শত্রুগণহইতে আমাকে নিস্তার কর, ১
ও আমার বিপক্ষগণহইতে আমাকে রক্ষা কর।

২ দুষ্কর্ম্মিদের হইতে আমাকে নিস্তার কর, ও রক্তপাতি
৩ মনুষ্যদের হইতে আমাকে ত্রাণ কর। দেখ, তাহারা
আমার প্রাণ নাশার্থে লুক্কায়িত আছে; হে পর-
মেশ্বর, বলবান লোকেরা আমার বিরুদ্ধে একত্র হয়,
কিন্তু আমার কোন অপরাধ বা পাপ প্রযুক্ত নয়।
৪ তাহারা আমার কোন দোষ না পাইয়াও দৌড়িয়া
আসিয়া প্রস্তুত হয়। অতএব তুমি আমার উপকারের
৫ জন্যে জাগ্রৎ হইয়া অবলোকন কর। হে সৈন্যাধ্যক্ষ
প্রভো পরমেশ্বর, হে ইস্রায়েলের ঈশ্বর, তুমি ভিন্নজাতীয়
সকলকে প্রতিফল দিতে জাগ্রৎ হও, দুষ্ট বঞ্চকদিগকে
৬ কদাচ দয়া করিও না। সেলা। তাহারা সন্ধ্যাকালে
ফিরিয়া আসিয়া কুক্কুরদের ন্যায় কঠোর শব্দ করিয়া
৭ নগরের চতুর্দ্দিগে ভ্রমণ করে। দেখ, তাহারা মুখহইতে
মন্দ কথা উদ্গীরণ করে; তাহাদের জিহ্বা খড়্গস্বরূপ,
৮ ও তাহারা বলে, কে শুনিতে পাইবে? কিন্তু হে পর-
মেশ্বর, তুমি তাহাদিগকে পরিহাস করিবা, ও ভিন্ন-
৯ জাতীয় সকলকে উপহাস করিবা। আমি তাহাদের
বলপ্রযুক্ত তোমার অপেক্ষা করিতেছি; ঈশ্বর আমার
১০ উচ্চদুর্গস্বরূপ। আমার অনুগ্রাহক ঈশ্বর আমার অগ্র-
বর্ত্তী হইবেন, ও ঈশ্বর আমার শত্রুগণের বিপদ আ-
১১ মাকে দেখাইবেন। আমার প্রাজারা যেন তোমার
কর্ম্ম বিস্মৃত না হয়, এই নিমিত্তে শত্রুদিগকে বধ করিও
না; কিন্তু হে আমাদের ঢালস্বরূপ প্রভো, তুমি নিজ
শক্তিতে তাহাদিগকে ভ্রমণ করাইয়া নিপাত কর।
১২ তাহারা নিজ মুখের পাপ ও ওষ্ঠাধরের বাক্য ও
অভিশাপ ও মিথ্যা কথা প্রযুক্ত আপনাদের অহঙ্কারে
১৩ ধরা পড়ুক। তুমি ক্রোধে তাহাদিগকে সংহার কর;
এমত সংহার কর যে তাহাদের এক জনও অবশিষ্ট

না থাকে; তাহাতে যাকূব্ বংশের মধ্যে ঈশ্বর কর্তৃত্ব
করেন, ইহা পৃথিবীর সীমা পর্য্যন্ত জানা যাইবে। সেলা।
তাহারা সন্ধ্যাকালে ফিরিয়া আসিয়া কুক্কুরদের ন্যায় ১৪
কঠোর শব্দ করিয়া নগরের চতুর্দ্দিগে ভ্রমণ করিবে;
এবং আহারের নিমিত্তে পর্য্যটন করিয়া তৃপ্ত না হইয়া ১৫
রাত্রি যাপন করিবে। কিন্তু বিপদকালে তুমি আমার ১৬
উচ্চদুর্গ ও আশ্রয় হইলা, এই জন্যে আমি তোমার
পরাক্রমের বিষয়ে গান করিব, ও প্রত্যূষে তোমার
দয়ার বিষয়ে উচ্চৈঃস্বরে গান করিব। হে আমার বল- ১৭
স্বরূপ, আমি তোমার উদ্দেশে গান করিব, কেননা
ঈশ্বর আমার উচ্চদুর্গস্বরূপ, তিনি আমার অনুগ্রা-
হক ঈশ্বর।

## ৬০ গীত।

১ যুদ্ধসময়ে দায়ূদের প্রত্যাশা, ৯ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য শোশন এদূৎ নামক স্বরযুক্ত দায়ূদের গুপ্তধনস্বরূপ শিক্ষার্থক গীত।

যখন সে অরাম্-নহরয়িম ও অরাম-সোবার সহিত যুদ্ধ করিল ও যোয়াব্ যাইয়া লবণ নিম্ন ভূমিতে ইদোমের দ্বাদশ সহস্র লোককে বিনাশ করিল, তৎকালের এই গীত।

হে ঈশ্বর, তুমি আমাদিগকে ত্যাগ করিয়াছ, ও আমা- ১
দিগকে ছিন্নভিন্ন করিয়াছ, এবং আমাদের প্রতি ক্রোধ
করিয়াছ, এখন আমাদের প্রতি ফির। তুমি দেশকে ২
কম্পান্বিত ও ভগ্ন করিয়াছ, এখন তাহার ভগ্ন স্থান পূর্ণ
কর, কেননা সে অস্থির হইতেছে। তুমি আপন প্রজা- ৩
দিগকে সঙ্কট দেখাইয়াছ, এবং আমাদিগকে মত্ততা-
জনক মদ পান করাইয়াছ। তুমি আপনার ভয়কা- ৪

রিদিগকে এক পতাকা দিয়া সত্য ধর্ম্মের নিমিত্তে
৫ তাহা উঠাইতে দিয়াছ। সেলা। অতএব তোমার
প্রিয় লোকেরা যেন উদ্ধার পায়, এই জন্যে নিজ দক্ষিণ
৬ হস্তদ্বারা আমাদিগকে ত্রাণ করিয়া উত্তর দেও। ঈশ্বর
আপন পবিত্রতাতে কথা কহিলেন, অতএব আমি
আনন্দ করিব; আমি শিখিম্ দেশ বিভাগ করিব,
৭ ও সুক্কোতের নিম্নভূমি মাপ করিব। গিলিয়দ্ দেশ
আমার, ও মিনশি আমার, এবং ইফ্রয়িম্ আমার
৮ মস্তকের বলস্বরূপ; যিহূদা আমার ব্যবস্থাপক, ও মো-
য়াব্ আমার প্রক্ষালনপাত্রস্বরূপ; আমি ইদোমের
উপরে পাদুকা নিক্ষেপ করি; এবং হে পিলেষ্টিয়া,
তুমি আমার জয়ধ্বনি করিবা।
৯ দুর্গম নগরে আমাকে কে লইয়া যাইবে? এবং
১০ ইদোমে বা আমাকে কে প্রবেশ করাইবে? হে ঈশ্বর,
আমাদিগকে ত্যাগ করিয়াছ যে তুমি, তুমি কি তাহা
করিবা না? তুমি কি আমাদের সৈন্যমধ্যে গমন করিবা
১১ না? ক্লেশে আমাদের উপকার কর; মনুষ্যহইতে যে
১২ উপকার, সে নিষ্ফল। ঈশ্বরের দ্বারা আমরা বীরের
কর্ম্ম করিতে পারিব; তিনি আমাদের শত্রুদিগকে
পদতলস্থ করিবেন।

## ৬১ গীত।

পরমেশ্বরেতে দায়ূদের আশ্রয় করণ।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য দায়ূদের গীত।

১ হে ঈশ্বর, আমার কাকুতি শ্রবণ কর, আমার প্রার্থ-
২ নাতে মনোযোগ কর। আমি পৃথিবীর সীমাতে থাকিয়া
অবসন্ন মনে তোমাকে আহ্বান করি; আমার দুর্গম্য
৩ কোন উচ্চ পর্ব্বতে আমাকে লইয়া যাও। কেননা

তুমিই আমার আশ্রয় ও শত্রুনিবারক দৃঢ় দুর্গস্বরূপ।
আমি সর্ব্বদা তোমার তাম্বুতে বাস করিব, ও তোমার ৪
পক্ষের ছায়াতে আশ্রয় লইব। সেলা। কেননা হে ৫
ঈশ্বর, তুমি আমার মানত শুনিয়াছ, এবং তোমার
নামে ভয়কারি লোকদের সহিত আমাকে অধিকার
দিয়াছ। তুমি রাজার আয়ুর, ও অনেক পুরুষ পর্য্যন্ত ৬
তাহার বৎসরের বৃদ্ধি করিবা। সে সর্ব্বদা ঈশ্বরের ৭
সাক্ষাতে বসতি করিবে, দয়া ও সত্যতাদ্বারা তাহাকে
রক্ষা করিতে আজ্ঞা হউক। তাহাতে আমি নিরন্তর ৮
তোমার নামে গান করিব, ও দিনে২ আপন মানত
পরিপূর্ণ করিব।

## ৬২ গীত।

ঈশ্বরের সারতা ও মনুষ্যের অসারতা।

যিদূথূনের দলমধ্যে প্রধান বাদ্যকরকে দাতব্য
দায়ূদের ধর্ম্মগীত।

আমার মন নিতান্ত ঈশ্বরের অপেক্ষা করে, তাঁহা- ১
হইতে আমার পরিত্রাণ হয়। কেবল তিনি আমার ২
পর্ব্বত ও পরিত্রাণস্বরূপ; তিনি আমার উচ্চদুর্গ; আমি
অত্যন্ত বিচলিত হইব না। তোমরা আর কত কাল এক ৩
মনুষ্যকে আক্রমণ করিবা? ও সকলে পতনোন্মুখ ভিত্তি
ও ভগ্ন বেড়ার ন্যায় তাহাকে আঘাত করিবা?
তাহারা তাহাকে উচ্চপদহইতে অধঃপতন করাইতে ৪
পরামর্শ করে ও মিথ্যাকথাতে সন্তুষ্ট হয়; এবং মুখে
আশীর্ব্বাদ করে বটে, কিন্তু অন্তরে শাপ দেয়। সেলা।
হে আমার মন, কেবল ঈশ্বরের অপেক্ষা কর, কেননা ৫
তিনি আমার প্রত্যাশার স্থান। কেবল তিনি আমার ৬
পর্ব্বত ও পরিত্রাণস্বরূপ; তিনি আমার উচ্চদুর্গ, আমি

৭ বিচলিত হইব না। ঈশ্বরহইতে আমার পরিত্রাণ ও
গৌরব, ও ঈশ্বর আমার বলবান্ পর্ব্বত ও আশ্রয়-
৮ স্থান। হে লোক সকল, সর্ব্বকাল তাঁহাতে নির্ভর কর,
ও তাঁহার সম্মুখে মনের তাবৎ কথা ভাঙ্গিয়া কহ;
৯ কেননা ঈশ্বর আমাদের আশ্রয়স্থান। সেলা। সামান্য
লোকেরা অসার, এবং মান্য লোকেরাও মিথ্যা;
তাহাদিগকে তৌল করিলে তাহারা ঊর্দ্ধে উঠে; তা-
১০ হারা অসারহইতে লঘু। তোমরা উপদ্রব করিতে সা-
হস করিও না, ও অপহরণেতে শ্লাঘা করিও না, এবং
১১ ধনের বাহুল্য হইলে তাহাতে মন দিও না। ঈশ্বর এক
বাক্য কহিয়াছেন, বরং আমি দুই বার তাহা শুনি-
১২ য়াছি; ঈশ্বরের পরাক্রম আছে। আর, হে প্রভো,
তোমার দয়াও আছে; কারণ তুমিই প্রত্যেক মনুষ্যকে
স্ব২ কর্ম্মানুসারে প্রতিফল দিয়া থাক।

## ৬৩ গীত।

ঈশ্বরের অনুগ্রহের আকাঙ্ক্ষা ও শত্রুজয়ের অপেক্ষা।

যিহূদার প্রান্তরে থাকিবার সময়ে দায়ূদের কৃত ধর্ম্মগীত।

১ হে ঈশ্বর, তুমি আমার ঈশ্বর; আমি তোমার অন্বেষণ
করি; জলের অভাবে শুষ্ক ও মৃগতৃষ্ণাযুক্ত ভূমিতে
তোমার নিমিত্তে আমার মন আকাঙ্ক্ষী ও আমার
২ শরীর তৃষ্ণার্ত্ত আছে। ধর্ম্মধামে তোমার যেরূপ দর্শন
পাইয়াছি, তদ্রূপে তোমার বল ও মহিমা দর্শন
৩ করিতে (ইচ্ছা করি)। তোমার অনুগ্রহ জীবনহইতেও
উত্তম, এই নিমিত্তে আমার ওষ্ঠাধর তোমার প্রশংসা
৪ করে। আমি যাবজ্জীবন সেই রূপে তোমার ধন্যবাদ
৫ করিব, এবং তোমার নামে কৃতাঞ্জলি হইব। তাহাতে

যেমন মজ্জা ও তৈলাক্ত মাংসেতে, তদ্রূপ আমার প্রাণ
তৃপ্ত হইবে, ও আমার মুখ জয়ধ্বনিকারি ওষ্ঠাধরে
তোমার প্রশংসা করিবে। আমি শয্যার উপরে যখন ৬
তোমাকে স্মরণ করি, তখন রাত্রির প্রহরে২ তোমার
বিষয়ে ধ্যান করি; কেননা তুমি আমার উপকারী, ৭
এবং তোমার পক্ষের ছায়াতে আমি উল্লাসিত হই।
আমার মন তোমাতে আসক্ত, তোমার দক্ষিণ হস্ত ৮
আমাকে ধারণ করে। কিন্তু উহারা নিজ বিনাশার্থে ৯
আমার প্রাণ নষ্ট করিতে চেষ্টা করে; পৃথিবীর নীচে
তাহাদের অধোগতি হইবে। তাহারা খড়্গধারে পতিত ১০
হইয়া শৃগালের খাদ্য হইবে। কিন্তু রাজা ঈশ্বরেতে ১১
আনন্দ করিবে; যে কেহ তাঁহার নামে শপথ
করিবে, সে শ্লাঘা করিবে; কিন্তু মিথ্যাবাদিদের মুখ
রুদ্ধ হইবে।

## ৬৪ গীত।

শত্রুদের দোষ ও বিনাশ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

হে ঈশ্বর, আমার আন্তরিক চিন্তার কথা শ্রবণ কর, ও ১
শত্রুর ভয়হইতে আমার প্রাণ রক্ষা কর। এবং দুষ্ট- ২
দের কুমন্ত্রণা ও দুষ্কর্ম্মকারিদের কলহহইতে আমাকে
সংগোপন কর। কেননা তাহাদের জিহ্বা শাণিত খড়্- ৩
গের ন্যায়, তাহারা গুপ্তরূপে সাধুর প্রতি ত্যাগ করিতে
কটুবাক্যরূপ বাণ যোজনা করে; এবং হঠাৎ তীর ৪
পরিত্যাগ করে; কিছুমাত্র ভয় করে না। তাহারা ৫
কুপরামর্শে আপনাদিগকে সবল করে, এবং গোপনে
ফাঁদ পাতিবার কথা স্থির করে, ও বলে, কে আমাদি-
গকে দেখিবে? তাহারা অন্যায়ের উপায় অনুসন্ধান ৬

করিয়া বলে, ‘আমরা প্রস্তুত আছি, আমাদের কল্পনা
পক্ক হইল;’ তাহাদের প্রত্যেকেরই মন ও হৃদয় অতি
৭ গভীর। কিন্তু ঈশ্বর তাহাদিগকে বাণাঘাত করিবেন;
৮ তাহারা হঠাৎ বিদ্ধ হইবে। তখন তাহারা পতিত
হইলে তাহাদের জিহ্বার বাক্য তাহাদেরই প্রতি
ফলিবে, ও তাহাদিগকে দেখিলে তাবৎ লোক পলা-
৯ য়ন করিবে। এবং সকল মনুষ্য ভীত হইয়া ঈশ্বরের
কর্ম্ম প্রকাশ করিবে, এবং তাঁহার কার্য্য বিবেচনা
১০ করিবে। কিন্তু ধার্ম্মিক লোক পরমেশ্বরেতে আনন্দ
করিয়া তাঁহার শরণাগত থাকিবে, ও সরলান্তঃকরণ
লোকেরা ধন্যবাদ করিবে।

## ৬৫ গীত।

ঈশ্বরের অনুগ্রহ ও আশীর্ব্বাদ বর্ণনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের কৃত গানার্থক ধর্ম্মগীত।

১ হে ঈশ্বর, সিয়োনেতে প্রশংসা তোমার অপেক্ষা করে,
২ ও মানত তোমার উদ্দেশে পূর্ণ করা যায়। হে প্রার্থ-
নাশ্রবণকারি, তোমার কাছে তাবৎ লোক আসিবে।
৩ আমার তাবৎ অপরাধ আমাহইতে প্রবল, কিন্তু তুমি
৪ আমাদের দুষ্ক্রিয়া সকল ক্ষমা করিবা। তুমি যাহাকে
মনোনীত করিয়া আপনার নিকটে রাখিয়া আপন
প্রাঙ্গণে বসতি করিতে দেও, সে ধন্য; আমরা তোমার
গৃহের অর্থাৎ পবিত্র মন্দিরের উত্তম দ্রব্যেতেই তৃপ্ত
৫ হইব। হে আমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বর, তুমি ভয়ানক
ন্যায্য ক্রিয়াদ্বারা আমাদিগকে উত্তর দিবা; তুমি পৃথি-
বীর আদ্যোপান্তস্থিত ও দূরবর্ত্তি সমুদ্রতীরস্থ সকলের
৬ আশ্রয়স্থান। তুমি পরাক্রমেতে বেষ্টিত হইয়া আপন

শক্তির দ্বারা পর্ব্বতগণকে দৃঢ় করিয়া থাক; এবং সমু- ৭
দ্রের গর্জ্জন ও তরঙ্গের শব্দ ও লোকারণ্যের কোলাহল
নিবারণ করিয়া থাক। তাহাতে পৃথিবীর প্রান্তবাসি ৮
তাবৎ লোক তোমার আশ্চর্য্য চিহ্ন দেখিয়া ভয় পায়,
এবং সূর্য্যের উদয় ও অস্তগমনের স্থান তোমাদ্বারা
উল্লাসিত হয়। তুমি পৃথিবীকে তত্ত্বাবধারণ করিয়া ৯
জলেতে সেচিয়া ধনাঢ্য করিয়া থাক; কেননা ঈশ্বরীয়
নদী জলে পরিপূর্ণ আছে। এই রূপ প্রস্তুত করিয়া
মনুষ্যদিগকে শস্য যোগাইয়া থাক; এবং হালখাতে ১০
জল সেচিয়া সীমন্ত সকল বসাইয়া থাক, ও বৃষ্টিদ্বারা
ভূমি গলিত করিয়া তাহার অঙ্কুরকে আশীর্ব্বাদ করিয়া
থাক; এবং বৎসরকে মঙ্গলরূপ মুকুট দিয়া থাক, ১১
এবং তোমার পদচিহ্নহইতে স্নিগ্ধতা নিঃসৃত হয়।
তাহা প্রান্তরস্থ পশু চারণস্থানে পড়িলে পর্ব্বতগণ ১২
হর্ষে প্রফুল্ল হয়; এবং ক্ষেত্র সকল মেষেতে ব্যাপ্ত ও ১৩
নিম্নভূমি শস্যে আচ্ছন্ন হয়; তাহাতে সকলে জয়ধ্বনি
করিয়া গান করে।

## ৬৬ গীত।

১ অনুগ্রহ প্রাপ্তির নিমিত্তে ঈশ্বরের প্রতি প্রশংসা, ১৩ ও মানত করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য গানার্থক ধর্ম্মগীত।

হে পৃথিবীস্থ সকল, তোমরা ঈশ্বরের উদ্দেশে জয়ধ্বনি ১
কর। এবং তাঁহার নামের মহিমা গান কর, ও তাঁ- ২
হার প্রশংসার মহিমা প্রকাশ কর। এবং ঈশ্বরকে ৩
বল, তুমি আপন কর্ম্মেতে কেমন ভয়ার্হ! তোমার
পরাক্রমের প্রভাবে শত্রুগণ তোমার স্তব করিবে।
পৃথিবীস্থ সকলে তোমার ভজনা করিয়া তোমার গুণ ৪

৫ গাইবে, ও তোমার নামে গান করিবে। সেলা। আ-
ইস, আমরা ঈশ্বরের অদ্ভুত ক্রিয়া দেখি; মনুষ্যসন্তা-
৬ নদের প্রতি তিনি আপন কর্ম্মেতে ভয়ানক হন। তিনি
সমুদ্রকে শুষ্ক ভূমি করিলেন; লোকেরা পদব্রজে নদী
পার হইয়া গেল; আমরা সেই স্থানে তাঁহাতে আ-
৭ নন্দ করিলাম। তিনি নিজ পরাক্রমে সর্ব্বদা কর্ত্তৃত্ব
করেন; তাঁহার চক্ষু ভিন্নজাতীয়দের প্রতি নিরীক্ষণ
৮ করে; অত্যাচারিগণ দর্প না করুক। সেলা। হে লো-
কেরা, আইস, আমরা আপন ঈশ্বরের ধন্যবাদ করি,
৯ ও তাঁহার প্রশংসাধ্বনি শ্রবণ করাই। তিনি জীব-
দশাতে আমাদের প্রাণকে রক্ষা করেন, ও আমাদের
১০ চরণকে বিচলিত হইতে দেন না। হে ঈশ্বর, তুমি
আমাদের পরীক্ষা করিয়াছ, ও রৌপ্য পরিষ্কার কর-
১১ ণের ন্যায় আমাদিগকে পরিষ্কার করিয়াছ; এবং
আমাদিগকে জালে প্রবেশ করাইয়া আমাদের
১২ কটিদেশে বেদনা জন্মাইয়াছ; এবং আমাদের
মস্তকের উপর দিয়া অশ্বারূঢ় মনুষ্যগণকে গমন
করাইয়াছ; আমরা অগ্নি ও জল দিয়া গমন
করিয়াছি, কিন্তু তুমি আমাদিগকে উর্ব্বরা স্থানে
আনিয়াছ।

১৩ আমি হোমীয় বলি লইয়া তোমার মন্দিরে গমন
১৪ করিব, এবং দুঃখের সময়ে আমার ওষ্ঠাধর যাহা
উচ্চারণ করিল, ও আমার মুখ যাহা কহিল, সেই
১৫ মানত তোমার উদ্দেশে পূর্ণ করিব। আমি তোমার
উদ্দেশে পুষ্ট পশুগণের মেদ ও হোমীয় গন্ধযুক্ত মেষ-
গণকে উৎসর্গ করিব, এবং বৃষ ও ছাগ বলিদান
১৬ করিব। সেলা। হে ঈশ্বরের ভয়কারি সকল, তোমরা
আসিয়া শ্রবণ কর, ঈশ্বর আমার আত্মার নিমিত্তে

যাহা করিয়াছেন, তাহার বর্ণনা আমি করিব। আমি ১৭
তাঁহার কাছে মুখে আহ্বান করিলাম, ও জিহ্বাদ্বারা
তাঁহার প্রশংসা করিলাম। যদি মনের মধ্যে দুষ্টতা ১৮
মান্য করিতাম, তবে প্রভু কখন শুনিতেন না। কিন্তু ঈশ্বর ১৯
শ্রবণ করিলেন, তিনি আমার প্রার্থনার কথায় মনো-
যোগ করিলেন। ধন্য ঈশ্বর, কেননা তিনি আমার ২০
প্রার্থনা ও আমার প্রতি আপনার অনুগ্রহ অস্বীকার
করেন নাই।

## ৬৭ গীত।

সকলের হিতার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য গানার্থক ধর্ম্মগীত।

ঈশ্বর দয়া করিয়া আমাদিগকে আশীর্ব্বাদ করুন, ও ১
আমাদের প্রতি প্রসন্নবদন হউন। সেলা। তাহাতে ২
পৃথিবীতে তোমার পথ ও সর্ব্বজাতীয়দের মধ্যে
তোমার কৃত পরিত্রাণ জ্ঞাত হইবে। হে ঈশ্বর, ৩
লোকেরা তোমার প্রশংসা করিবে, ও তাবৎ
লোকেই তোমার প্রশংসা করিবে। এবং সর্ব্বদে- ৪
শীয়েরা আনন্দিত হইয়া জয়ধ্বনি করিবে; যেহে-
তুক তুমি লোকদের ন্যায়বিচার করিবা, ও পৃথি-
বীতে সর্ব্বদেশীয়দের পথদর্শক হইবা। সেলা।
হে ঈশ্বর, লোকেরা তোমার প্রশংসা করিবে, ৫
ও তাবৎ লোকেই তোমার প্রশংসা করিবে।
পৃথিবী আপনার ফল ফলিবে; ঈশ্বর, আ- ৬
মাদের ঈশ্বর, আমাদিগকে আশীর্ব্বাদ করি-
বেন। ঈশ্বরই আমাদিগকে আশীর্ব্বাদ করিবেন; ৭
এবং পৃথিবীর প্রান্তস্থিত সকলে তাঁহাকে ভয়
করিবে।

## ৬৮ গীত।

১ দায়ূদের প্রার্থনা, ৪ ও অনুগ্রহের, ১৫ ও মণ্ডলী রক্ষার, ১৯ ও আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা, ২৮ ও দায়দের বিনয়।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের কৃত গানা-
র্থক গীত।

১ ঈশ্বর উঠিলে তাঁহার শত্রুগণ ছিন্নভিন্ন হইবে, ও
ঘৃণাকারিবর্গ তাঁহার সম্মুখহইতে পলায়ন করিবে।
২ যেমন ধূম চালিত হয়, তদ্রূপ তুমি তাহাদিগকে চালিত
করিবা; এবং যেমন মোম অগ্নির সম্মুখে দ্রবীভূত
হয়, তদ্রূপ পাপিগণ ঈশ্বরের সম্মুখে বিনষ্ট হইবে।
৩ কিন্তু ধার্ম্মিক লোকেরা আনন্দ করিয়া ঈশ্বরের সা-
ক্ষাতে আহ্লাদিত ও আনন্দেতে হৃষ্টচিত্ত হইবে।
৪ তোমরা ঈশ্বরের স্তব ও তাঁহার নামের গুণ গান
কর; এবং যিনি অরণ্য দিয়া বাহনে আসিতেছেন,
তাঁহার জন্যে পথ প্রস্তুত কর; ও তাঁহার যিহোবাঃ
৫ নাম লইয়া তাঁহার সাক্ষাতে উল্লাস কর। কেননা
ঈশ্বর পিতৃহীনদের পিতা ও বিধবাদের বিচারকর্ত্তা
৬ হইয়া আপন পবিত্র বাসস্থানে থাকেন। ঈশ্বর পরি-
বারশূন্য লোককে পরিবার দেন, ও বন্দিগণকে মুক্ত
করিয়া কুশলে রাখেন; কিন্তু অবাধ্য লোকেরা শুষ্ক
৭ ভূমিতে বাস করে। হে ঈশ্বর, তুমি নিজ প্রজাদিগের
অগ্রে২ গমন করিয়া প্রান্তরমধ্যে যাত্রা করিয়াছিলা।
৮ সেলা। তখন ঈশ্বরের সাক্ষাতে পৃথিবী কম্পবান ও
আকাশ জলবিন্দুময় হইল, এবং ঈশ্বরের অর্থাৎ
ইস্রায়েলের ঈশ্বরের সাক্ষাতে সীনয় পর্ব্বত কাঁপিল।
৯ হে ঈশ্বর, তুমি বরধারা বর্ষণ করিলা, তোমার অধি-

কারস্বরূপ লোকেরা ক্লান্ত হইলে তুমি তাহাদিগকে
সুস্থির করিলা। তোমার মণ্ডলী নিবাসস্থান প্রাপ্ত ১০
হইল; হে ঈশ্বর, তুমি নিজ দাতৃত্ব গুণে দুঃখিদের
নিমিত্তে সুখ প্রস্তুত করিলা। প্রভু মঙ্গলবার্ত্তা দিলে ১১
মহাজনতা তাহা প্রচার করিল। সৈন্যাধ্যক্ষ ভূপতিগণ ১২
বেগে পলায়ন করিল, এবং গৃহিণী সকল লুটদ্রব্য
বিভাগ করিয়া লইল। তোমরা যখন মেষবাথানের ১৩
মধ্যে শয়ন কর, তখন রৌপ্যমণ্ডিত পক্ষ ও সুবর্ণমণ্ডিত
পালকবিশিষ্ট কপোতের ন্যায় শোভা পাও। সর্ব্বশ- ১৪
ক্তিমান রাজাদিগকে দেশে ছিন্নভিন্ন করিলে কৃষ্ণবর্ণ
পর্ব্বতও হিমের ন্যায় শুক্লবর্ণ হয়।

বাশন্ পর্ব্বত ঈশ্বরের যোগ্য পর্ব্বত, ও বাশন ১৫
পর্ব্বত বহুশৃঙ্গ পর্ব্বত। হে বহুশৃঙ্গ পর্ব্বতগণ, ঈশ্বর ১৬
আপন বসতির নিমিত্তে যে পর্ব্বতকে মনোনীত করি-
য়াছেন, তাহার প্রতি তোমরা কেন কুটিল দৃষ্টি করি-
তেছ? পরমেশ্বর অবশ্য সর্ব্বদা তথায় বাস করিবেন।
ঈশ্বরের রথ সহস্র২ ও লক্ষ২, এবং প্রভু তাহাদের ১৭
মধ্যে থাকেন; তাঁহার ধর্ম্মধাম সীনয়ের তুল্য। তুমি ১৮
ঊর্দ্ধে আরোহণ করিলা, ও জয়িগণকে বন্দি করিলা,
এবং মনুষ্যদের মধ্যে, বিশেষতঃ অবাধ্যগণের মধ্যেও
দান গ্রহণ করিলা; তাহাতে, হে প্রভো পরমেশ্বর, তুমি
(তাহাদের মধ্যে) বাস করিতেছ।

প্রভুর ধন্যবাদ হউক; তিনি দিনে২ আমাদের ১৯
মঙ্গলবর্দ্ধক; ও তিনি আমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বর।
সেলা। তিনিই আমাদের পরিত্রাণসাধক ঈশ্বর; ২০
মৃত্যুও সেই প্রভু পরমেশ্বরের অধীন আছে। ঈশ্বর ২১
আপন শত্রুগণের মস্তক ও কুপথগামিদের সকেশ
কপাল চূর্ণ করিবেন। প্রভু কহেন, আমি বাশন্ পর্ব্ব- ২২

তদিগহইতে পুনর্ব্বার আনয়ন করিব, ও সমুদ্রের গভীর
২৩ জলহইতে পুনর্ব্বার আনয়ন করিব। তাহাতে তোমার
চরণ রক্তে ধৌত হইবে, ও তোমার কুক্কুরের জিহ্বা
২৪ শত্রুগণের রক্ত চাটিবে। হে ঈশ্বর, লোকেরা তোমার
গমন, অর্থাৎ ধর্ম্মধামে আমার ঈশ্বরের ও আমার
২৫ রাজার গমন দেখে। অগ্রে গায়কগণ, ও পশ্চাতে
বাদ্যকরগণ, ও মধ্যস্থলে ঢক্কাবাদিনী কুমারীরা গমন
২৬ করে। তোমরা সভাতে ঈশ্বরের, ও ইস্রায়েল্ বংশ-
২৭ জাত লোকদের মধ্যে প্রভুর ধন্যবাদ কর। সে স্থানে
শত্রুদমনকারী কনিষ্ঠ বিন্যামীন্ ও প্রস্তরক্ষেপক যিহূ-
দার অধ্যক্ষগণ ও সিবূলূনের অধ্যক্ষবর্গ এবং নপ্তা-
লির অধ্যক্ষগণ সভাস্থ হয়।

২৮ তোমার ঈশ্বর তোমার বলের আজ্ঞা দিয়াছেন;
হে ঈশ্বর, তুমি আমাদের নিমিত্তে যাহা করিয়াছ,
২৯ তাহা প্রবল কর। যিরূশালমস্থ তোমার মন্দিরের
নিমিত্তে রাজগণ তোমার উদ্দেশে নৈবেদ্য আনয়ন
৩০ করিবে। নলবনের জন্তু ও বৃষসমূহ ও গোবৎসস্বরূপ
লোকদিগকে এমত অনুযোগ কর, যে তাহারা রূপা
লইয়া পদতলস্থ হয়; এবং যে লোকেরা যুদ্ধেতে
৩১ সন্তুষ্ট, তাহাদিগকে ছিন্নভিন্ন কর। মিসর দেশহইতে
প্রধান লোক আসিবে, ও কূশ্দেশস্থ লোকেরা শীঘ্র
৩২ ঈশ্বরের প্রতি কৃতাঞ্জলি হইবে। হে পৃথিবীস্থ প্রজা
সকল, তোমরা ঈশ্বরের উদ্দেশে গীত গাও, ও প্রভুর
৩৩ উদ্দেশে গান কর। সেলা। এবং যিনি প্রথমাবধি
উচ্চতর স্বর্গে বাহনে গমন করেন, তাঁহার উদ্দেশে
(গান কর;) দেখ, তিনি আপন রবে অর্থাৎ ঘো-
৩৪ রতর রবে গর্জ্জন করেন। ঈশ্বরের পরাক্রমের গুণা-
নুবাদ কর; ইস্রায়েল্ বংশের মধ্যে তাঁহার মহিমা,

ও আকাশের মধ্যে তাঁহার বল প্রকাশিত হয়। হে ৩৫
ঈশ্বর, তুমি আপন ধর্ম্মধামে ভয়ঙ্কর ; ইস্রায়েলের ঈশ্বর
যিনি, তিনি আপন লোকদিগকে বল ও পরাক্রম
দেন ; ঈশ্বর ধন্য হউন।

## ৬৯ গীত।

১ বিপদসময়ে প্রার্থনা, ২৯ ও তাহার ফল।

প্রধান বাদ্যকরকে দাতব্য শোশন্নীম্ নামক স্বরযুক্ত দায়ূদের গীত।

হে ঈশ্বর, আমাকে ত্রাণ কর, আমার প্রাণ পর্য্যন্ত ১
জল আসিতেছে। আমি গভীর পঙ্কে মগ্ন হইতেছি, ২
আমার দাঁড়াইবার স্থল নাই ; গভীর জলে পতিত
হওয়াতে আমার উপর দিয়া ঢেউ যাইতেছে। আমি ৩
আহ্বান করিতে২ শ্রান্ত হইয়াছি, ও আমার গলা শুষ্ক
হইয়াছে ; আমার ঈশ্বরের অপেক্ষা করিতে২ আ-
মার নয়ন নিস্তেজ হইতেছে। যাহারা অকারণে ৪
আমাকে ঘৃণা করে, তাহারা আমার মস্তকের কেশ
অপেক্ষাও অনেক ; আমার প্রাণহিংসক মিথ্যাবাদি
শত্রুগণ প্রবল হয় ; আমি যাহা অপহরণ করি নাই,
তাহাও আমাকে ফিরিয়া দিতে হয়। হে ঈশ্বর, তুমি ৫
আমার মূঢ়তা জ্ঞাত আছ, এবং আমার দোষ
সকল তোমার অগোচর নহে। হে সৈন্যাধ্যক্ষ প্রভো ৬
পরমেশ্বর, তোমার অপেক্ষাকারিগণ আমাদ্বারা
লজ্জিত না হউক ; হে ইস্রায়েলের ঈশ্বর, তোমার
অন্বেষণকারিরা আমার দ্বারা অপ্রতিভ না হউক।
তোমারই নিমিত্তে আমি নিন্দা সহ্য করি, ও আমার ৭
মুখ লজ্জাতে আচ্ছন্ন হয়। এবং আমি ভ্রাতৃগণের ৮
নিকটে বিদেশিতুল্য, ও সহোদরগণের কাছে অপরি-

৯ চিতের ন্যায় হই। তোমার মন্দির নিমিত্তক উদ্যোগ
আমাকে গ্রাস করে, এবং তোমার নিন্দকগণের
১০ নিন্দাতে আমি নিন্দাগ্রস্ত হই। আমি উপবাসদ্বারা
আপন প্রাণকে ক্লেশ দিয়া ক্রন্দন করি; কিন্তু তাহাও
১১ আমার নিন্দাস্পদ হয়। এবং চট পরিধান করি, তাহা-
১২ তেও তাহাদের এক কুদৃষ্টান্ত হই। যাহারা সমাজে
বৈসে, তাহারাও আমার বিরুদ্ধে পরামর্শ করে; আমি
১৩ সুরাপায়িদের গীতস্বরূপ হই। হে পরমেশ্বর, তো-
মার প্রতি আমি প্রার্থনা করিতেছি; হে ঈশ্বর,
তোমার প্রচুর অনুগ্রহদ্বারা প্রসন্নতার সময় হউক;
তুমি আপনার পরিত্রাণজনক সত্যতাদ্বারা আমাকে
১৪ উত্তর দেও। পঙ্কহইতে আমাকে উদ্ধার কর, মগ্ন
হইতে দিও না; ঘৃণাকারিগণহইতে ও গভীর জল-
১৫ হইতে আমাকে উদ্ধার কর। আমার উপর দিয়া
তরঙ্গকে যাইতে দিও না, ও অগাধ জলকে আমাকে
গ্রাস করিতে দিও না, এবং গর্ত্তকে নিজ মুখদ্বারা
১৬ আমাকে রুদ্ধ করিতে দিও না। হে পরমেশ্বর, আ-
মাকে উত্তর দেও, কেননা তোমার অনুগ্রহ উত্তম;
তোমার প্রচুর কৃপাতে আমার প্রতি দৃষ্টিপাত কর।
১৭ নিজ দাসের প্রতি মুখ আচ্ছাদিত করিও না, এই দুঃখের
১৮ সময়ে ত্বরায় আমাকে উত্তর দেও। নিকটে আসিয়া
আমার প্রাণকে মুক্ত কর, ও শত্রুগণহইতে আমাকে
১৯ উদ্ধার কর। আমার যে প্রকার নিন্দা ও লজ্জা ও
অপযশ হইতেছে, তাহা তুমি জ্ঞাত আছ; আমার
২০ তাবৎ বৈরী তোমার সম্মুখে আছে। নিন্দাদ্বারা আমার
মনোভঙ্গ হয়, আমি উদ্বিগ্ন হইয়া প্রবোধকর্ত্তার
অপেক্ষা করি, কিন্তু কেহই নাই; এবং সান্ত্বনাক-
২১ র্ত্তাদের অপেক্ষা করি, কিন্তু প্রাপ্ত হই না। তাহারা

ভোজনার্থে আমাকে পিত্ত দেয়, ও পিপাসার সময়ে
অম্লরস পান করায়। অতএব তাহাদের ভোজনাসন ২২
তাহাদের সম্মুখে ফাঁদস্বরূপ হউক, ও নির্ভয় কালে
তাহাদের বাঁশকলস্বরূপ হউক। তাহারা যেন ২৩
দেখিতে না পায়, তন্নিমিত্তে তাহাদের চক্ষু অন্ধ
হউক; ও নিত্য তাহাদের কটিদেশের কম্প হউক।
তাহাদের উপরে তোমার ক্রোধ বর্ষণ কর, এবং ২৪
তোমার কোপাগ্নি তাহাদিগকে গ্রাস করুক। তাহা- ২৫
দের বাটী শূন্য হউক, ও তাহাদের তাম্বুতে বা-
সকারী কেহ না থাকুক। কেননা তাহারা তোমার ২৬
প্রহারিত ব্যক্তিকে তাড়না করে, ও কথোপকথনদ্বারা
তোমার ক্ষতযুক্ত ব্যক্তির ব্যথা বৃদ্ধি করে। তুমি তাহা- ২৭
দের পাপের উপরে পাপ সঞ্চয় কর, তাহারা তোমার
দত্ত পুণ্য প্রাপ্ত না হউক। ও জীবৎ লোকের পুস্তক- ২৮
হইতে তাহাদের নাম লুপ্ত হউক, এবং ধার্ম্মিকদের
মধ্যে তাহাদের অঙ্কপাত না হউক।

যদ্যপি আমি দুঃখী ও ব্যথিত হই, তথাপি হে ২৯
ঈশ্বর, তোমার কৃত পরিত্রাণদ্বারা আমার উন্নতি হইবে।
আমি গানদ্বারা ঈশ্বরের নামের প্রশংসা করিব, ও ৩০
ধন্যবাদদ্বারা তাঁহার গৌরব করিব। শৃঙ্গ ও খুরবি- ৩১
শিষ্ট বৃষ ও গো অপেক্ষা তাহাই পরমেশ্বরের দৃষ্টিতে
অধিক তুষ্টিকর হইবে। এবং নম্র লোকেরা তাহা ৩২
দেখিয়া আনন্দ করিবে; হে ঈশ্বরের অন্বেষণকারিগণ,
তোমাদের অন্তঃকরণ প্রফুল্ল হইবে। কেননা পরমে- ৩৩
শ্বর দরিদ্রদের প্রতি মনোযোগ করেন, এবং আপনার
বন্দিগণকেও তুচ্ছ করেন না। স্বর্গ ও মর্ত্ত্য ও সমুদ্র ৩৪
ও তন্মধ্যস্থ তাবৎ জঙ্গম তাঁহার ধন্যবাদ করিবে।
কেননা ঈশ্বর সিয়োন্‌কে পরিত্রাণ করিবেন, ও যিহূ- ৩৫

দার সমস্ত নগর পুনর্নির্ম্মাণ করিবেন; তাহাতে লো-
৩৬ কেরা সেখানে বাস করিয়া অধিকার পাইবে; এবং
তাঁহার সেবকদের বংশ তাহাতে অধিকার পাইবে;
এবং যাহারা তাঁহার নামে প্রেম করে, তাহারা
তাহাতে বসতি করিবে।

## ৭০ গীত।

পাপি শত্রুদের বিরুদ্ধে ও ধার্ম্মিকদের জন্যে প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়দের স্মরণার্থক গীত।

১ হে ঈশ্বর, আমাকে উদ্ধার কর; হে পরমেশ্বর, ত্বরায়
২ আমার উপকার কর। যাহারা আমার প্রাণ নষ্ট
করিতে চেষ্টা করে, তাহারা লজ্জিত ও অপ্রতিভ হউক,
এবং যাহারা আমার বিপদে আনন্দ করে, তাহারা
৩ পরাঙ্মুখ ও বিষণ্ণ হউক। এবং যাহারা হা২ বলিয়া
আমাকে বিদ্রূপ করে, তাহারা পরাস্ত হইয়া আপনা-
৪ দের লজ্জারূপ ফল প্রাপ্ত হউক। কিন্তু তোমার অন্বে-
ষণকারি সকলে তোমাতে আনন্দিত ও উল্লাসিত হউক,
এবং যাহারা তোমার কৃত পরিত্রাণে প্রেম করে, তা-
হারা সর্ব্বদা এ কথা কহুক, ‘পরমেশ্বর মহামহিমা-
৫ ন্বিত হউন।’ আমি দুঃখী ও দরিদ্র; হে ঈশ্বর, তুমি আ-
মার নিকটে শীঘ্র আইস, তুমি আমার উপকারী ও
রক্ষাকর্ত্তা; হে পরমেশ্বর, বিলম্ব করিও না।

## ৭১ গীত।

পরমেশ্বরেতে আশ্রয় লওন।

১ হে পরমেশ্বর, আমি তোমার শরণাগত, কখনো আ-
২ মাকে লজ্জিত হইতে দিও না। আপনার ধর্ম্মে আমা-
কে উদ্ধার করিয়া রক্ষা কর, ও আমার প্রতি কর্ণ পা-

তিয়া আমাকে ত্রাণ কর। যাহাতে আমি নিত্য গমনা- ৩
গমন করিতে পারি, আমার এমত আশ্রয় পর্ব্বত
হও; তুমি আমার পরিত্রাণ করিতে আজ্ঞা করিয়াছ;
কেননা তুমি আমার গিরি ও দুর্গস্বরূপ। হে আমার ৪
ঈশ্বর, দুর্জনের হস্ত এবং দুর্ব্বৃত্ত ও উপদ্রবি লোকের
হস্তহইতে আমাকে উদ্ধার কর। হে প্রভো পরমেশ্বর, ৫
তুমি আমার অপেক্ষাস্থান ও বাল্যকালাবধি আমার
বিশ্বাস ভূমি। গর্ভহইতে ভূমিষ্ঠ হওনাবধি তোমার ৬
উপরে আমার ভার আছে, ও মাতৃগর্ভস্থ হওনাবধি
তুমি আমাকে প্রতিপালন করিতেছ; আমি সর্ব্বদা তো-
মারই প্রশংসা করি। অনেকে আমাকে অদ্ভুতের ন্যায় ৭
জ্ঞান করে, কিন্তু তুমি আমার দৃঢ় আশ্রয়। তোমার ৮
প্রশংসাতে ও সৌন্দর্য্যবর্ণনাতে আমার মুখ সমস্ত দিন
পরিপূর্ণ হয়। বৃদ্ধাবস্থাতে আমাকে ছাড়িও না, ৯
বলক্ষীণ সময়ে আমাকে পরিত্যাগ করিও না। কেননা ১০
আমার শত্রুগণ আমার বিরুদ্ধে কথা কহে, ও আমার
প্রাণচেষ্টাকারিরা একত্র পরামর্শ করিয়া বলে, ‘ঈশ্বর ১১
তাহাকে ত্যাগ করিলেন, তোমরা তাহাকে তাড়িয়া
ধর; তাহার রক্ষাকর্ত্তা কেহই নাই।’ হে ঈশ্বর, ১২
আমাহইতে দূরবর্ত্তী হইও না, হে আমার ঈশ্বর,
ত্বরায় আমার উপকার কর। আমার প্রাণের ১৩
বৈরিগণ লজ্জিত ও উচ্ছিন্ন হউক, এবং আমার
অনিষ্টচেষ্টাকারিরা নিন্দাতে ও অপযশেতে আচ্ছন্ন
হউক। আমি চিরকাল তোমার অপেক্ষা করিব, ও ১৪
উত্তরোত্তর তোমার প্রশংসা করিব। আমার মুখ ১৫
তোমার ধর্ম্মের ও তোমার কৃত পরিত্রাণের বর্ণনা
সমস্ত দিন করিবে, কেননা তাহার সংখ্যা আমি জানি
না। আমি প্রভু পরমেশ্বরের শক্তিতে গমন করিব, ১৬

এবং তোমার ধর্ম্মের, কেবল তোমার ধর্ম্মের ব্যাখ্যা
১৭ করিব। হে ঈশ্বর, তুমি বাল্যকালাবধি আমাকে শিক্ষা
দিয়াছ; আমি অদ্য পর্য্যন্ত তোমার আশ্চর্য্য কর্ম্ম
১৮ সকল প্রকাশ করিতেছি। হে ঈশ্বর, বৃদ্ধাবস্থাতেও
পক্বকেশযুক্ত আমাকে পরিত্যাগ করিও না; এই
বর্ত্তমান লোকের নিকটে তোমার শক্তি, ও ভাবি
লোকদের নিকটে তোমার পরাক্রম আমাকে প্রকাশ
১৯ করিতে দেও। হে ঈশ্বর, তোমার ধর্ম্ম অতি উচ্চ, তুমি
মহৎ কর্ম্মকারী; হে ঈশ্বর, তোমার তুল্য কে আছে?
২০ আমাকে অনেক ক্লেশ ও বিপদ দেখাইয়াছ যে তুমি,
তুমি আমাকে পুনর্ব্বার সজীব করিবা, ও পৃথিবীর
২১ গভীর স্থানহইতে আমাকে উঠাইবা। তুমি আমার
মহিমা বৃদ্ধি করিয়া চতুর্দ্দিগে আমাকে সান্ত্বনা দিবা।
২২ হে আমার ঈশ্বর, আমি নেবল যন্ত্রে তোমার ও
তোমার সত্যতার প্রশংসা করিব; হে ইস্রায়েলের
ধর্ম্মস্বরূপ, আমি বীণাযন্ত্রে তোমার গুণ গান করিব।
২৩ এবং গান করণের সময়ে আমার ওষ্ঠাধর ও তোমা-
কর্ত্তৃক মুক্ত আমার আত্মা উচ্চৈঃস্বরে জয়ধ্বনি করিবে।
২৪ এবং আমার জিহ্বা সমস্ত দিন তোমার ধর্ম্ম প্রকাশ
করিবে, যেহেতুক আমার অনিষ্টচেষ্টাকারিরা লজ্জিত
ও অপ্রতিভ হয়।

## ৭২ গীত।

খ্রীষ্টের রাজ্যের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

সুলেমানের গীত।

১ হে ঈশ্বর, তুমি রাজাকে আপন বিচারাজ্ঞা ও রাজ-
২ পুত্রকে আপন ন্যায়স্বভাব প্রদান কর। তাহাতে তিনি
ন্যায়েতে তোমার প্রজাগণের ও সুবিচারেতে তোমার

দুঃখি লোকদের বিচার করিবেন। এবং পর্ব্বতগণ ও ৩
উপপর্ব্বতগণ ধর্ম্মদ্বারা লোকদের মঙ্গল জন্মাইবে।
তিনি দুঃখি প্রজাগণের সুবিচার করিবেন, ও দরিদ্রের ৪
সন্তানদিগকে ত্রাণ করিবেন; কিন্তু উপদ্রবিকে চূর্ণ করি-
বেন। যাবৎ চন্দ্র সূর্য্য থাকিবে, তাবৎ পুরুষানুক্রমে ৫
লোকেরা তোমাকে ভয় করিবে। এবং ছিন্নতৃণ ক্ষেত্রে ৬
বৃষ্টির ন্যায় এবং ভূমি সিঞ্চনকারি জলসম্পাতের ন্যায়
তিনি আগমন করিবেন। তাঁহার সময়ে ধার্ম্মিক লোক ৭
প্রফুল্ল হইবে, এবং চন্দ্রের স্থিতিকাল পর্য্যন্ত বহুতর
মঙ্গল হইবে। এক সমুদ্র অবধি অপর সমুদ্র পর্য্যন্ত, ৮
এবং মহানদী অবধি পৃথিবীর শেষসীমা পর্য্যন্ত তিনি
রাজ্য করিবেন। মরুভূমিনিবাসিরা তাঁহার সম্মুখে হাঁটু ৯
পাতিবে, ও তাঁহার শত্রুগণ ধূলা চাটিবে। তর্শীশের ও ১০
দ্বীপগণের রাজগণ নৈবেদ্য আনিবে, এবং শিবার ও
সিবার রাজগণ উপঢৌকন প্রদান করিবে; এবং তাবৎ ১১
রাজা তাঁহাকে প্রণাম করিবে, ও তাবৎ জাতীয়েরা
তাঁহাকে সেবা করিবে। কেননা তিনি আর্ত্তনাদকারি ১২
দরিদ্রকে ও দুঃখিকে ও অনাথ লোককে উদ্ধার করি-
বেন; এবং দীনহীন ও দরিদ্রদিগকে দয়া করিবেন, ও ১৩
দরিদ্রগণের প্রাণ রক্ষা করিবেন। এবং উপদ্রব ও ১৪
দৌরাত্ম্যহইতে তাহাদের আত্মাকে মুক্ত করিবেন;
ও তাঁহার দৃষ্টিতে তাহাদের রক্ত মূল্যবান হইবে।
তাহারা সজীব থাকিয়া শিবার সুবর্ণ তাঁহাকে দান ১৫
করিবে, এবং তাঁহার নিমিত্তে নিত্য ২ প্রার্থনা করিবে,
ও সমস্ত দিন তাঁহার ধন্যবাদ করিবে। দেশের মধ্যে ১৬
পর্ব্বতগণের শিখরে প্রচুর শস্য হইবে, তাহার শিষ
লিবানোনের ন্যায় দোলায়মান হইবে; এবং নগরনি-
বাসিরা পৃথিবীস্থ তৃণের ন্যায় প্রফুল্ল হইবে। চিরকাল ১৭

তাঁহার নাম থাকিবে, সূর্য্যের স্থিতিকাল পর্য্যন্ত তাঁ-
হার অক্ষয় নাম থাকিবে; মনুষ্যেরা তাঁহাদ্বারা
আশীর্ব্বাদ প্রাপ্ত হইবে, ও তাবৎ জাতীয়েরা তাঁহাকে
ধন্য ২ কহিবে।
১৮ ইস্রায়েলের ঈশ্বর প্রভু পরমেশ্বর ধন্য, কেবল তিনি
১৯ আশ্চর্য্য কর্ম্ম করেন। ও তাঁহার মহিমাযুক্ত নাম
সর্ব্বদা ধন্য হউক, এবং তাঁহার মহিমাতে সমস্ত পৃথিবী
২০ পরিপূর্ণ হউক। আমেন, আমেন। যিশয়ের পুত্র দায়ূ-
দের নিবেদন সম্পূর্ণ।

## ৭৩ গীত।

১ পাপি লোকদের সুখের প্রতি আসফের ঈর্ষ্যা, ১৭ ও সেই ঈর্ষ্যার প্রতিকার।

আসফের ধর্ম্মগীত।

১ ঈশ্বর ইস্রায়েলের ও শুদ্ধমনা লোকদের নিতান্ত মঙ্গল-
২ দায়ক। কিন্তু আমার চরণ প্রায় টলিল, ও আমার পা-
৩ দবিক্ষেপ প্রায় স্খলিত হইল। যেহেতুক দুষ্টদের মঙ্গল
দেখিলে আমি সেই অহঙ্কারিদের প্রতি ঈর্ষ্যা করি-
৪ লাম। তাহারা মৃত্যুর জন্যে বদ্ধ হয় না, কিন্তু তাহা-
৫ দের শরীর হৃষ্টপুষ্ট আছে। এবং অন্য মর্ত্ত্যের ন্যায়
তাহাদের ক্লেশ হয় না, ও অন্য মানুষের মত তাহাদের
৬ বিপদ ঘটে না; এই নিমিত্তে অহঙ্কার তাহাদের হার-
স্বরূপ, ও দৌরাত্ম্য তাহাদের আবরক বস্ত্রস্বরূপ হয়।
৭ এবং মেদেতে তাহাদের চক্ষু ঠেলিয়া উঠে, ও তাহাদের
৮ মনের সঙ্কল্প অপরিমিত হয়। তাহারা বিদ্রূপ করে, ও
৯ উপদ্রবের দুর্বাক্য কহে, ও দর্প কথা কহে। তাহাদের
মুখ স্বর্গারোহণ করে, এবং তাহাদের জিহ্বা পৃথিবী
১০ ভ্রমণ করে। এই কারণ তাঁহার লোকেরা কুপথে

ফিরে, ও প্রচুর জল তাহাদের দ্বারা নিষ্পীড়িত হয়।
এবং তাহারা বলে, 'ঈশ্বর কি রূপে জানিবেন? ও ১১
সর্ব্বোপরিস্থের কি বোধ আছে?' দেখ, এই সকলে ১২
পাপী; ইহারা সর্ব্বদা মঙ্গলপ্রাপ্ত হইয়া ধন বৃদ্ধি
করে। তবে আমি মন পরিষ্কার ও পবিত্রতাতে হস্ত ১৩
প্রক্ষালন নিরর্থক করিলাম। কেননা আমি সমস্ত দিন ১৪
তাড়িত ও প্রতিপ্রভাতে শাস্তিপ্রাপ্ত হইতেছি। 'এমন ১৫
কথা প্রচার করিব,' ইহা যদি বলি, তবে তোমার
লোকদের বংশের প্রতি বিশ্বাসঘাতক হই। ইহা ১৬
বুঝিবার জন্যে আমি চিন্তা করিলাম, কিন্তু তাহা আ-
মার গোচরে ক্লেশদায়ক হইল।

পরে আমি ঈশ্বরের ধর্ম্মধামে প্রবেশ করিয়া তাহা- ১৭
দের শেষগতি বিবেচনা করিলাম। তুমি তাহাদিগকে ১৮
নিতান্ত পিচ্ছিল স্থানে রাখিতেছ, ও তাহাদিগকে
বিনাশে নিক্ষেপ করিতেছ। তাহারা এক নিমিষের ১৯
মধ্যে কেমন উচ্ছিন্ন হয়, ও উদ্বিগ্নতাতে পূর্ণ হইয়া
বিনাশ পায়! হে প্রভো, জাগরিত মনুষ্যের স্বপ্নের ২০
ন্যায় তুমি জাগরণকালে তাহাদের প্রতিমাকে তুচ্ছ
করিবা। এই রূপে আমার মন দুঃখিত ও হৃদয় বিদ্ধ ২১
হইল। আমি মূর্খ ও অজ্ঞান ও তোমার সাক্ষাতে ২২
পশুবৎ হইলাম। তথাপি আমি সর্ব্বদা তোমার সহিত ২৩
আছি; তুমি আমার দক্ষিণ হস্ত ধরিয়া আমাকে
রাখিতেছ। তুমি আপন মন্ত্রণানুসারে আমাকে গমন ২৪
করাইবা, ও শেষে বৈভবে গ্রহণ করিবা। স্বর্গে তোমা ২৫
ব্যতিরেকে আমার কে আছে? ভূমণ্ডলেও তোমা
ভিন্ন আর কিছুতেই আমার সন্তোষ নাই। যদ্যপি ২৬
আমার শরীর ও মন ক্ষীণ হয়, তথাপি ঈশ্বর আমার
মনের পরাক্রম ও নিত্যস্থায়ি অংশস্বরূপ। দেখ, যা- ২৭

হারা তোমাহইতে দূরে থাকে, তাহারা বিনষ্ট হইবে;
এবং যত লোক তোমাকে ত্যাগ করিয়া ব্যভিচার
২৮ করে, সেই সকলকে তুমি উচ্ছিন্ন করিবা। কিন্তু ঈশ্ব-
রের নিকটবর্ত্তী হওয়া আমার মঙ্গল; তাঁহার তাবৎ
কর্ম্ম প্রচার করণার্থে আমি প্রভু পরমেশ্বরের আশ্রয়
লইলাম।

## ৭৪ গীত।

১ মন্দিরের বিষয়ে বিলাপ, ১০ ও ঈশ্বরের প্রতি প্রার্থনা।

আসফের উপদেশগীত।

১ হে ঈশ্বর, তুমি চিরকালের জন্যে আমাদিগকে কেন
ত্যাগ করিতেছ? আপন মাঠের মেষের বিরুদ্ধে কেন
২ তোমার ক্রোধানল ধূমাইতেছে? পূর্ব্বকালে তোমার
ক্রীত যে মণ্ডলী, এবং তোমাকর্ত্তৃক মুক্ত যে মনোনীত
অধিকার, ও তোমার বাসস্থান যে সিয়োন্ পর্ব্বত,
৩ এ সকলকে স্মরণ কর। বহুকাল উচ্ছিন্ন স্থানের নিকটে
পদার্পণ কর; শত্রুগণ তোমার ধর্ম্মধামে সকলই নষ্ট
৪ করিয়াছে; এবং বৈরিগণ তোমার মণ্ডলীগণের মধ্যে
গর্জ্জন করে, ও চিহ্নের নিমিত্তে আপনাদের চিহ্ন স্থাপন
৫ করে। যে লোক কুঠার উঠাইয়া নিবিড় বনে কাষ্ঠ
৬ ছেদন করে, তাহার ন্যায় তাহারা দেখায়। তাহারা
এক্ষণে কুঠার ও হাতুড়িদ্বারা মন্দিরের শিল্পকর্ম্ম একে-
৭ বারে ভগ্ন করে। এবং তোমার ধর্ম্মধামে অগ্নি নিক্ষেপ
করে; তোমার নামের বাসগৃহ ভূমিসাৎ করিয়া অশুচি
৮ করে। 'আমরা তাহাদিগকে একেবারে সংহার করিব,'
ইহা তাহারা মনে২ কহে, এবং দেশের মধ্যে ঈশ্ব-
৯ রের তাবৎ ভজনালয় দগ্ধ করে। আমরা আপনাদের
চিহ্ন আর দেখি না, এবং কোন ভবিষ্যদ্বক্তা আর

নাই; এবং এই রূপ কত দিন থাকিবে, তাহাও
আমাদের মধ্যে কেহ জানে না।
হে ঈশ্বর, বৈরী আর কত কাল নিন্দা করিবে? শত্রু ১০
কি চিরকাল তোমার নামকে তুচ্ছ করিবে? তুমি আ- ১১
পন হস্তকে, অর্থাৎ দক্ষিণ হস্তকে কেন সঙ্কুচিত করি-
তেছ? বক্ষঃস্থলহইতে তাহা বাহির কর। হে ঈশ্বর, ১২
তুমি পূর্ব্বাবধি আমার রাজা, তুমি পৃথিবীর মধ্যে
ত্রাণকর্ত্তা। তুমি আপন পরাক্রমেতে সমুদ্রকে দ্বিধা ১৩
করিয়াছিলা, ও জলস্থ নাগের মস্তক ভগ্ন করিয়াছিলা,
ও মহাকুম্ভীরের মস্তক চূর্ণ করিয়াছিলা, ও মরুভূমিস্থিত ১৪
সকলকে তাহা ভোজন করিতে দিয়াছিলা। এবং তুমি ১৫
উনুই ও বন্যা বহাইয়াছিলা, ও বৃহৎ নদী শুষ্ক করিয়া-
ছিলা। দিবস তোমার এবং রাত্রিও তোমার, তুমিই ১৬
দীপ্তিকে ও সূর্য্যকে প্রস্তুত করিয়াছ। তুমিই পৃথিবীর ১৭
তাবৎ সীমা স্থাপন করিয়াছ, এবং গ্রীষ্ম ও শীতকাল
সৃষ্টি করিয়াছ। হে পরমেশ্বর, শত্রু তোমার নিন্দা ১৮
করে, ও অজ্ঞান লোক তোমার নামকে তুচ্ছ করে,
তাহা স্মরণ কর। তোমার ঘুঘুকে হিংসুক প্রাণির হস্তে ১৯
সমর্পণ করিও না, তোমার দরিদ্রগণের প্রাণকে চির-
কাল বিস্মৃত হইও না। তোমার নিয়মের প্রতি দৃষ্টি ২০
রাখ; কেননা পৃথিবীর অন্ধকারময় স্থান ক্রূরতার
বসতিতে পরিপূর্ণ আছে। ক্লিষ্ট লোককে লজ্জিত ২১
হইয়া ফিরিয়া যাইতে দিও না, বরং দুঃখি ও
দরিদ্র লোক তোমার নামের ধন্যবাদ করুক। হে ২২
ঈশ্বর, উঠিয়া আপন বিবাদ নিষ্পত্তি কর; অজ্ঞা-
নেরা সমস্ত দিন তোমার যে অপমান করে, তাহা
স্মরণ কর। বৈরিগণের রব ও বিপক্ষগণের কলহের ২৩
নিত্য বৃদ্ধি বিস্মৃত হইও না।

## ৭৫ গীত।

ঈশ্বরের ধন্যবাদ ও উপদেশকথা।

প্রধান বাদ্যকরকে দাতব্য অল্‌তস্‌হেৎ নামক স্বরযুক্ত আস-
ফের কৃত গানার্থক ধর্ম্মগীত।

১ হে ঈশ্বর, আমরা তোমার ধন্যবাদ করিতেছি, তো-
মার ধন্যবাদ করিতেছি; কেননা তোমার নাম যে
নিকটবর্ত্তী, ইহা তোমার আশ্চর্য্য কর্ম্ম বর্ণনা করে।
২ আমি উপযুক্ত সময় উপস্থিত করিয়া যথার্থ বিচার
৩ করিব। পৃথিবী ও তন্নিবাসিগণ ক্ষয় হইতেছে, কিন্তু
৪ আমি তাহার স্তম্ভ স্থাপন করিব। সেলা। আমি
গর্ব্বিত লোকদিগকে কহি, তোমরা গর্ব্ব করিও না; ও
৫ দুর্ব্বৃত্তদিগকে কহি, তোমরা শৃঙ্গ তুলিও না। অত্যুচ্চে
তোমাদের শৃঙ্গ তুলিও না, এবং গ্রীবা দৃঢ় করিয়া
৬ দর্প কথা কহিও না। কেননা পূর্ব্বদিক্ কি পশ্চিমদিক্
কি দক্ষিণদিক্‌হইতে উচ্চপদ প্রাপ্তি হয় এমত নয়;
৭ কিন্তু ঈশ্বর বিচারকর্ত্তা হইয়া কাহাকে নীচপদ ও
৮ কাহাকে উচ্চপদ দেন। কেননা পরমেশ্বরের হস্তে এক
পানপাত্র আছে, তাহা রক্তবর্ণ দ্রাক্ষারসে ও
মিশ্রিত দ্রব্যে পরিপূর্ণ; আর তিনি তাহাহইতে
ঢালেন, তাহাতে পৃথিবীস্থ দুষ্টেরা সকলে তাহার
৯ তলানিও চাটিয়া পান করে। কিন্তু আমি যাকূবের
ঈশ্বরের উদ্দেশে গান করিয়া সর্ব্বদা তাঁহার গুণ
১০ প্রকাশ করিব। এবং দুর্ব্বৃত্তগণের শৃঙ্গ সকল আমার
দ্বারা ছিন্ন হইবে, কিন্তু ধার্ম্মিকগণের শৃঙ্গ উচ্চীকৃত
হইবে।

## ৭৬ গীত।

জয়ের নিমিত্তে ঈশ্বরের গুণানুবাদ করণ।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য আসফের কৃত গানা-
র্থক ধর্ম্মগীত।

ঈশ্বর যিহূদা দেশে বিখ্যাত আছেন, ইস্রায়েল্ দেশে ১
তাঁহার নাম বড়। যিরূশালমে তাঁহার তাম্বু আছে, ২
এবং সিয়োনে তাঁহার বাসস্থান। সেখানে তিনি ধনু- ৩
র্ব্বাণ ও ঢাল ও খড়্গ ও সংগ্রামের অস্ত্র ভঙ্গ করিয়া-
ছেন। সেলা। মৃগয়ার পর্ব্বতহইতে তুমি তেজোময় ও ৪
মহামহিমান্বিত আছ। সাহসিকান্তঃকরণ লোকেরা ৫
সংহার হইয়া মহানিদ্রাতে নিদ্রিত হইয়াছে, ও তাবৎ
বীরের হস্ত অবশ হইয়াছে। হে যাকূবের ঈশ্বর, ৬
তোমার গর্জ্জনে তাবৎ রথী ও অশ্ব মহানিদ্রিত হই-
য়াছে। তুমিই ভয়ার্হ, তুমি ক্রুদ্ধ হইলে তোমার ৭
সাক্ষাতে কে দাঁড়াইতে পারে? তুমি স্বর্গহইতে আপন ৮
বিচারাজ্ঞা শ্রবণ করাইয়াছ, তাহাতে পৃথিবী ভীত
হইয়া নীরব হইল; কেননা ঈশ্বর বিচার করিতে ও ৯
পৃথিবীস্থ নম্র সকলকে পরিত্রাণ করিতে গাত্রোত্থান
করিলেন। সেলা। মনুষ্যের ক্রোধ তোমার প্রশংসা- ১০
জনক হইবে, ও তদতিরিক্ত ক্রোধ তুমি নিবারণ
করিবা। তোমরা আপন প্রভু পরমেশ্বরের কাছে ১১
মানত করিয়া তাহা সম্পূর্ণ কর; যিনি ভয়ার্হ,
তাঁহার নিকটে চতুর্দ্দিক্স্থিত লোকেরা উপঢৌকন
আনয়ন করুক। তিনি প্রধান লোকদের মনকে ১২
দমন করেন, এবং পৃথিবীস্থ রাজগণকে ভয়
দেখান।

## ৭৭ গীত।

১ বিপদ সময়ে বিলাপ, ১০ ও পরমেশ্বরেতে আশ্রয় লওন।

যিদূথূনের দলমধ্যে প্রধান বাদ্যকরকে দাতব্য আসফের ধর্ম্মগীত।

১ আমি আপন রবে ঈশ্বরকে আহ্বান করি, ও আপন
রবে ঈশ্বরকে আহ্বান করিলে তিনি তাহা শ্রবণ করুন।
২ আমি বিপদকালে প্রভুর অন্বেষণ করি, রাত্রিকালেও
আমার হস্ত বিস্তারিত হইয়া ক্ষান্ত হয় না, ও
৩ আমার মন প্রবোধ মানে না। আমি ঈশ্বরকে স্মরণ
করিয়া বিলাপ করি, ও চিন্তা করিলে আমার আত্মা
৪ মূর্চ্ছিত হয়। সেলা। তুমি রাত্রিতে আমার চক্ষুকে
নিদ্রা দেও না, আমি উদ্বেগ প্রযুক্ত কথা কহিতে পারি
৫ না। পূর্ব্বকালের দিন ও বহুকালগত বৎসর স্মরণ
৬ করি, ও আমার রাত্রিকালীয় গীত স্মরণ করি, এবং
মনের মধ্যে চিন্তা করি, ও আমার আত্মা ইহা
৭ আলোচনা করে। প্রভু কি চিরকালের নিমিত্তে ত্যাগ
৮ করিবেন? তিনি কি আর অনুকূল হইবেন না? চির-
কাল কি তাঁহার অনুগ্রহ লুপ্ত থাকিবে? ও তাঁহার
৯ প্রতিজ্ঞা কি পুরুষানুক্রমে বিফল হইবে? ঈশ্বর কি
কৃপা করিতে বিস্মৃত হইয়াছেন? ও ক্রোধ করিয়া
কি আপনার বাৎসল্য রুদ্ধ করিয়াছেন? সেলা।
১০ পরে আমি কহিলাম, আমার এই যে দুঃখের সময়,
১১ ইহাও সর্ব্বোপরিস্থের দক্ষিণ হস্তের বৎসর। আমি
পরমেশ্বরের কর্ম্ম স্মরণ করিব, ও পূর্ব্বকালে তোমার
১২ কৃত আশ্চর্য্য ক্রিয়া স্মরণ করিব, ও তোমার তাবৎ
কর্ম্ম চিন্তা করিব, ও তোমার ক্রিয়া সকল ধ্যান
১৩ করিব। হে ঈশ্বর, ধর্ম্মই তোমার পথস্বরূপ, তোমার

তুল্য মহান্ ঈশ্বর কে? তুমি আশ্চর্য্য কর্ম্মকারি ঈশ্বর, ১৪
তুমি লোকদের মধ্যে আপন পরাক্রমের পরিচয়
দিয়াছ। তুমি নিজ বাহুবলদ্বারা আপন প্রজাদিগকে ১৫
অর্থাৎ যাকূবের ও যূষফের সন্তানদিগকে মুক্ত করি-
য়াছ। সেলা। হে ঈশ্বর, জলসমূহ তোমার দর্শন ১৬
পাইল, তোমার দর্শন পাইবামাত্র জলসমূহ কম্পিত
হইল, ও গভীর স্থান উদ্বিগ্ন হইল; এবং নিবিড় ১৭
পয়োধর জল বর্ষণ করিল, ও মেঘ গর্জ্জন করিল, ও
চতুর্দ্দিগে তোমার বাণ নিক্ষিপ্ত হইল। এবং আকা- ১৮
শের মধ্যে তোমার গর্জ্জনধ্বনি হইল, ও বিদ্যুৎ জগৎকে
দীপ্তিমান করিল, ও পৃথিবী কম্পিত ও টলটলায়মান
হইল। সমুদ্রের মধ্যে তোমার পথ, ও জলরাশির ১৯
মধ্যে তোমার মার্গ আছে; কিন্তু তোমার পদচিহ্ন
জানা যায় না। তুমি আপন প্রজাদিগকে মেষপা- ২০
লের ন্যায় মূসার ও হারোণের হস্তদ্বারা গমন
করাইলা।

## ৭৮ গীত।

ইস্রায়েল্ লোকদের প্রতি ঈশ্বরের শাসন ও আশ্চর্য্য ক্রিয়া।

আসফের উপদেশগীত।

হে আমার স্বজাতীয় সকল, তোমরা আমার উপদেশ ১
শ্রবণ কর, ও আমার মুখের কথাতে কর্ণপাত কর।
আমি দৃষ্টান্তকথা কহিতে মুখ ব্যাদান করিব, ও পূর্ব্ব- ২
কালের মর্ম্মকথা প্রকাশ করিব। আমরা যাহা২ শ্রবণ ৩
করিয়া জ্ঞাত হইয়াছি, ও আমাদের পিতৃলোক
আমাদের কাছে যাহা২ বর্ণনা করিয়াছে, তাহা ৪
আমরা তাহাদের সন্তানদের নিকটে গোপন করিব
না; বরং শেষপুরুষ পর্য্যন্ত পরমেশ্বরের প্রশংসা

ও পরাক্রম ও তাঁহার কৃত আশ্চর্য্য ক্রিয়ার বর্ণনা
করিব।
৫ তিনি যাকূব্ বংশের মধ্যে যে বিধি ও ইস্রায়েল্
৬ বংশের মধ্যে যে ব্যবস্থা স্থাপন করিয়াছেন, শেষ-
পুরুষ পর্য্যন্ত ভাবি বংশেরা যেন তাহা জ্ঞাত হয়,
ও উঠিয়া আপন২ সন্তানদিগের কাছে তাহার বর্ণনা
৭ করে, এবং তাহারা যেন ঈশ্বরেতে প্রত্যাশা রাখে,
ও ঈশ্বরের কর্ম্ম বিস্মৃত না হয়, কিন্তু তাঁহার আজ্ঞা
৮ পালন করে, এবং আপনাদের পূর্ব্বপুরুষের ন্যায়
বিপথগামি ও বিরোধি ও চঞ্চলমনা ও আত্মাতে
ঈশ্বরের প্রতি অবিশ্বস্ত এক বংশ যেন না হয়;
এই নিমিত্তে তিনি আপন২ সন্তানদিগকে সেই
কথা জানাইতে আমাদের পূর্ব্বপুরুষগণকে আজ্ঞা
দিয়াছেন।
৯ ইফ্রয়িমের সন্তানেরা অস্ত্রধারী ও ধনুর্দ্ধারী হইয়াও
১০ সংগ্রামসময়ে পরাঙ্মুখ হইয়াছে। তাহারা ঈশ্বরের
নিয়ম পালন করে নাই, ও তাঁহার ব্যবস্থানুসারে
১১ আচরণ করিতে অসম্মত হইয়াছে। তিনি আপনার
যে কর্ম্ম ও আশ্চর্য্য ক্রিয়া তাহাদিগকে দেখাইয়া-
ছিলেন, তাহা তাহারা বিস্মৃত হইয়াছে।
১২ তিনি মিসর্দেশে ও সোয়ন্ প্রান্তরে তাহাদের
পূর্ব্বপুরুষদের সাক্ষাতে আশ্চর্য্য কর্ম্ম করিয়াছিলেন।
১৩ তিনি সমুদ্রকে দ্বিধা করিয়া তন্মধ্যদিয়া তাহাদিগকে
গমন করাইয়াছিলেন, এবং জলকে ভিত্তির ন্যায়
১৪ দাঁড় করাইয়াছিলেন; এবং দিবসে মেঘদ্বারা ও
সমস্ত রাত্রি অগ্নিতেজদ্বারা তাহাদিগকে পথ দেখা-
১৫ ইতেন; এবং প্রান্তরমধ্যে পর্ব্বতকে বিদীর্ণ করিয়া
১৬ গভীর জলাশয়ের সদৃশ জল পান করাইলেন; তিনি

শৈলহইতে স্রোত বাহির করিয়া নদীর ন্যায় জল নামা-
ইলেন। তথনও তাহারা সর্ব্বোপরিস্থকে বিরক্ত করিতে ১৭
মরুভূমিতে তাঁহার বিরুদ্ধে আরও অনেক পাপ করিল।
এবং আপনং মনের বাঞ্ছিত ভক্ষ্যের প্রার্থনাতে ১৮
ঈশ্বরের পরীক্ষা করিল। এবং ঈশ্বরের বিরুদ্ধে কথা ১৯
কহিয়া ইহা বলিল, ঈশ্বর কি প্রান্তরের মধ্যে আমা-
দের খাদ্য প্রস্তুত করিতে পারেন? দেখ, তিনি পর্ব্বতকে ২০
আঘাত করিলে তাহাহইতে যেমন স্রোতোবাহি জল
নির্গত হইল, তদ্রূপ কি খাদ্যও দিতে পারেন? ও আ-
পন প্রজাদের নিমিত্তে কি মাংস যোগাইতে পারেন?
তখন পরমেশ্বর এমত শুনিয়া ক্রোধান্বিত হইলে যাকূব্ ২১
বংশের বিরুদ্ধে অগ্নি প্রজ্বলিত হইল, ও ইস্রায়েল
বংশের বিরুদ্ধে ক্রোধ উঠিল। কেননা তাহারা ঈশ্ব- ২২
রেতে বিশ্বাস করিল না, ও তাঁহার স্বীকৃত পরিত্রাণে
নির্ভর করিল না। তথাপি তিনি উপরিস্থ মেঘের প্রতি ২৩
আজ্ঞা দিলেন, ও আকাশের দ্বার খুলিলেন; এবং ২৪
ভক্ষ্যের নিমিত্তে তাহাদের উপরে মান্না বর্ষাইয়া
স্বর্গের শস্য দিলেন। তাহাতে মনুষ্য পরাক্রমিদের ২৫
খাদ্য ভোজন করিল; তিনি তাহাদের তৃপ্তি পর্য্যন্ত
ভক্ষ্য প্রেরণ করিলেন। এবং আকাশের মধ্যে পূর্ব্বীয় ২৬
বায়ু বহাইলেন, ও নিজ পরাক্রমে দক্ষিণ বায়ু আন-
য়ন করিলেন; এবং মাংসকে ধূলির ন্যায় ও পক্ষি- ২৭
গণকে সমুদ্রের বালির ন্যায় তাহাদের উপরে বর্ষাই-
লেন; এবং তাহাদের শিবিরের মধ্যে ও বাসস্থানের ২৮
চতুষ্পার্শ্বে তাহা অধঃপতিত করিলেন। এই রূপে তিনি ২৯
তাহাদের বাঞ্ছিত সামগ্রী আনয়ন করিলে তাহারা
ভোজন করিয়া অতি তৃপ্ত হইল। কিন্তু মুখে খাদ্য ৩০
থাকিলেও তাহারা লোভহইতে নিবৃত্ত হইল না।

৩১ তাহাতে ঈশ্বরের ক্রোধ তাহাদের মধ্যে উপস্থিত
হইয়া তাহাদের হৃষ্টপুষ্ট লোকদিগকে সংহার করিল,
এবং ইস্রায়েল্ বংশের শ্রেষ্ঠ লোকদিগকে ভূমিপাত
৩২ করিল। এমত হইলেও তাহারা পুনর্ব্বার পাপ করিল
৩৩ ও তাঁহার আশ্চর্য্য ক্রিয়াতে বিশ্বাস করিল না। অতএব
তিনি অনর্থকরূপে তাহাদের দিবস ও ত্রসিতরূপে তাহা-
৩৪ দের বৎসর যাপন করাইলেন। এই রূপে তিনি তাহা-
দের কতককে বধ করিলে পর তাহারা তাঁহার চেষ্টা
৩৫ করিল, ও ফিরিয়া শীঘ্র ঈশ্বরের অন্বেষণ করিল; এবং
ঈশ্বর আমাদের পর্ব্বতস্বরূপ, ও সর্ব্বোপরিস্থ ঈশ্বর
৩৬ আমাদের মুক্তিদাতা, ইহা মনে করিল। তাহারা
তাঁহাকে মৌখিক স্তব করিল ও জিহ্বাতে তাঁহার
৩৭ নিকটে মিথ্যা কহিল; কিন্তু তাঁহার প্রতি তাহাদের
মন স্থির হইল না, এবং তাহারা তাঁহার নিয়মও
৩৮ বিশ্বস্তরূপে মানিল না। তথাপি তিনি দয়ালু প্রযুক্ত
তাহাদিগকে নষ্ট না করিয়া তাহাদের পাপ ক্ষমা করি-
তেন, এবং তাহাদের প্রতি আপন ক্রোধ প্রজ্বলিত
না করিয়া বরং অনেক বার ক্রোধ সম্বরণ করি-
৩৯ তেন। কেননা তাহারা কেবল মাংসপিণ্ড ও শীঘ্র-
গামি পুনরনাগত বায়ুর ন্যায়, ইহা তিনি মনে
করিতেন।

৪০ তাহারা প্রান্তরমধ্যে কত বার তাঁহাকে বিরক্ত
৪১ করিল, ও নির্জ্জল স্থানে তাঁহাকে অসন্তুষ্ট করিল। এবং
পুনঃ পুনঃ ঈশ্বরের পরীক্ষা করিল, ও ইস্রায়েলের
৪২ ধর্ম্মস্বরূপকে ক্রুদ্ধ করিল। এবং তাঁহার হস্তকে ও
আপনাদের শত্রুহইতে মুক্তির দিনকে মনে করিল না।
৪৩ কিন্তু তিনি মিসর্দেশে আপন চিহ্ন, ও সোয়ন্
প্রান্তরে আপন আশ্চর্য্য ক্রিয়া প্রকাশ করিয়াছিলেন।

তিনি মিস্রীয়দের নদীকে রক্ত করিয়াছিলেন, তাহাতে ৪৪
তাহাদের স্রোতের জল কেহ পান করিতে পারিল না।
তাহাদের মধ্যে ঝাঁক২ দংশনকারি মশককে ও বিনা- ৪৫
শকারি ভেককে প্রেরণ করিয়াছিলেন। এবং তাহা- ৪৬
দের ক্ষেত্রের শস্য ফড়িঙ্গকে, ও তাহাদের পরিশ্রমের ফল
পঙ্গপালকে দিয়াছিলেন। তিনি শিলাদ্বারা তাহাদের ৪৭
দ্রাক্ষালতা ও হিমদ্বারা ডুম্বুরবৃক্ষ নষ্ট করিয়াছিলেন।
এবং তাহাদের পশুগণকে শিলাতে ও পালকে বজ্রা- ৪৮
ঘাতে বিনাশে সমর্পণ করিয়াছিলেন। এবং তাহা- ৪৯
দের প্রতি প্রচণ্ড রাগ ও ক্রোধ ও ঘোর কোপ ও
দুঃখ ও অমঙ্গলদায়ক দূতগণের এক জনতাকে প্রেরণ
করিয়াছিলেন; এবং ক্রোধ প্রকাশ করিয়া মৃত্যুহইতে ৫০
তাহাদের প্রাণকে রক্ষা না করিয়া মহামারীতে সমর্পণ
করিয়াছিলেন। এবং মিসরদেশীয় তাবৎ প্রথমজাত ৫১
সন্তানকে ও হামের তাম্বুতে তাহাদের প্রধান বলরূপ
সন্তানকে বিনষ্ট করিয়াছিলেন। এবং আপন প্রজা- ৫২
দিগকে মেষের ন্যায় গমন করাইয়া পালের মত
প্রান্তরের মধ্যদিয়া লইয়া গিয়াছিলেন। তিনি তাহা- ৫৩
দিগকে নির্ব্বিঘ্নে লইয়া যাওয়াতে তাহারা উদ্বিগ্ন হইল
না; কিন্তু তাহাদের শত্রুগণ সমুদ্রে মগ্ন হইল।

পরে তিনি আপন পবিত্র দেশের সীমাতে ও আপ- ৫৪
নার দক্ষিণ হস্তদ্বারা লব্ধ এই পর্ব্বতে তাহাদিগকে
আনিলেন। এবং তাহাদের সম্মুখহইতে অন্যজাতীয় ৫৫
লোককে দূর করিয়া রজ্জুদ্বারা তাহাদের অধিকার
বিভাগ করিয়া দিলেন, ও ইস্রায়েল্ বংশকে তাহাদের
বাসস্থানের মধ্যে বসতি করাইলেন। তথাপি তাহারা ৫৬
সর্ব্বোপরিস্থ ঈশ্বরের পরীক্ষা করিয়া তাঁহাকে বিরক্ত
করিল, এবং তাঁহার সপ্রমাণ বিধি মানিল না; বরং ৫৭

পরাঙ্মুখ হইয়া তাহাদের পূর্ব্বপুরুষের ন্যায় প্রবঞ্চনা
করিল; তাহারা শিথিল ধনুকের ন্যায় লক্ষ্য লঙ্ঘন
৫৮ করিল; এবং টিকরস্থানদ্বারা তাঁহাকে ক্রুদ্ধ করিল, ও
আপনাদের প্রতিমাদ্বারা তাঁহার কোপ জন্মাইল।
৫৯ তাহাতে ঈশ্বর তাহা শুনিয়া ক্রোধান্বিত হইয়া ইস্রা-
৬০ য়েল্ বংশকে অতি নিগ্রহ করিলেন; এবং শীলোস্থিত
আপন আবাস, অর্থাৎ মনুষ্যের মধ্যে আপনার
৬১ স্থাপিত তাম্বু ত্যাগ করিলেন; এবং আপন বল পর-
হস্তে ও আপনার শোভাকে শত্রুহস্তে সমর্পণ করি-
৬২ লেন; এবং আপন প্রজাদিগকে খড়্গে সমর্পণ করি-
লেন, ও আপন অধিকারের প্রতি ক্রোধ করিলেন।
৬৩ তাহাতে অগ্নি তাহাদের যুবদিগকে ভক্ষণ করিল, ও
৬৪ তাহাদের কন্যাগণের বিবাহ হইল না। এবং তাহা-
দের যাজকগণ খড়্গে পতিত হইল, ও তাহাদের বিধ-
৬৫ বাগণ বিলাপ করিল না। তখন প্রভু নিদ্রাভঙ্গ ব্যক্তির
ন্যায় ও দ্রাক্ষারসদ্বারা হুঙ্কারকারি বীরের ন্যায় জাগ্রৎ
৬৬ হইলেন। এবং শত্রুবর্গের পৃষ্ঠে প্রহার করিলেন, ও
তাহাদিগকে নিত্য নিন্দাস্পদ করিলেন।

৬৭ পরে তিনি যূষফের তাম্বু অগ্রাহ্য করিলেন, ও
৬৮ ইফ্রয়িমের বংশকে মনোনীত না করিয়া যিহূদার
বংশকে ও আপনার প্রিয় এই সিয়োন্ পর্ব্বতকে
৬৯ মনোনীত করিলেন। তিনি উচ্চগিরির ন্যায় ও চির-
স্থায়ি ভিত্তিবিশিষ্ট পৃথিবীর ন্যায় আপন ধর্ম্মধাম
৭০ নির্ম্মাণ করিলেন; এবং আপন দাস দায়ূদ্কে মনো-
৭১ নীত করিয়া মেষের খোঁয়াড়হইতে আনিলেন। তিনি
আপন প্রজা যাকব্ বংশকে ও আপন অধিকার
ইস্রায়েল্ বংশকে প্রতিপালন করাইতে স্তনদাত্রী
মেষীর পশ্চাৎহইতে তাহাকে আনয়ন করিলেন।

তাহাতে সে আপন মনের সরলতানুসারে তাহা- ৭২
দিগকে চরাইল, ও হস্তের নৈপুণ্যানুসারে তাহাদিগকে
লইয়া গেল।

## ৭৯ গীত।

১ যিরূশালমের বিষয়ে বিলাপ, ৯ ও পরমেশ্বরের প্রতি প্রার্থনা।

আসফের ধর্ম্মগীত।

হে ঈশ্বর, অন্যজাতীয়েরা তোমার অধিকারে প্র- ১
বেশ করিয়া তোমার ধর্ম্মমন্দির অপবিত্র করিল,
এবং যিরূশালমকে কাঁথড়ার ঢিবী করিল। এবং ২
তোমার দাসদের শব আকাশীয় পক্ষিগণকে, ও
তোমার পবিত্র লোকদের মাংস বনপশুদিগকে ভক্ষ-
ণার্থে দিল; এবং যিরূশালমের চতুর্দ্দিগে জলের ন্যায় ৩
তাহাদের রক্ত ঢালিল; তাহাদের কবর দিতে কেহ
থাকিল না। আমরা প্রতিবাসিগণের নিকটে নিন্দাস্পদ ৪
ও চতুর্দ্দিক্‌স্থ লোকদের কাছে হাস্যাস্পদ ও বিদ্রূপের
পাত্র হইলাম। হে পরমেশ্বর, আর কত কাল এমত ৫
হইবে? তুমি কি নিরন্তর ক্রুদ্ধ থাকিবা? ও তোমার
কোপ কি অগ্নির ন্যায় প্রজ্বলিত থাকিবে? যে ভিন্ন- ৬
জাতীয় লোকেরা তোমাকে জানে না, ও যে২ রা-
জ্যের লোকেরা তোমার নামে প্রার্থনা করে না, তাহা-
দের প্রতি আপন কোপ প্রজ্বলিত কর। কেননা ৭
তাহারা যাকূব্‌ বংশকে গ্রাস করিয়া তাহার বাসস্থান
শূন্য করিল। আমাদের পূর্ব্ব অপরাধ সকল আর ৮
মনে করিও না, তোমার করুণা শীঘ্র আমাদের অগ্র-
বর্ত্তী হউক, কেননা আমরা অতি ক্ষীণ হইলাম।
হে আমাদের পরিত্রাণকর্ত্তা ঈশ্বর, নিজ নামের গৌ- ৯
রবার্থে আমাদের উপকার কর, ও আপন নামের গুণে

আমাদিগকে উদ্ধার কর, ও আমাদের পাপ মার্জ্জনা
১০ কর। ‘উহাদের ঈশ্বর কোথায়?’ অন্যজাতীয়েরা এমত
কথা কেন বলিবে? তোমার দাসগণের পাতিত রক্তের
প্রতিফল আমাদের দৃষ্টিগোচরে অন্যজাতীয়দের মধ্যে
১১ প্রকাশিত হউক। তোমার সাক্ষাতে বন্দিগণের হাহা-
কার উপস্থিত হউক, ও আপন মহাবাহুদ্বারা মৃত-
১২ কল্পদিগকে রক্ষা কর। হে প্রভো, আমাদের প্রতিবা-
সিগণ তোমার যে অপমান করিয়াছে, তাহার সাত
১৩ গুণ অপমান তাহাদের ক্রোড়ে দেও। তাহাতে তো-
মার প্রজা ও তোমার পালিত মেষস্বরূপ যে আমরা,
আমরা সর্ব্বদা তোমার গুণানুবাদ করিব, ও পুরুষানু-
ক্রমে তোমার প্রশংসা করিব।

## ৮০ গীত।

১ ছিন্ন দ্রাক্ষালতাস্বরূপ ইস্রায়েল বংশের বিষয়ে বিলাপ, ১৪ ও ঈশ্বরের প্রতি প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য শোশন্-এদূৎ নামক স্বরযুক্ত আসফের ধর্ম্মগীত।

১ হে ইস্রায়েল্ বংশের পালক, হে মেষতুল্য যূষফ্ বং-
শের অগ্রগামিন্, অবধান কর; হে কিরূবদের মধ্যনি-
২ বাসিন্, দীপ্তি প্রকাশ কর। এবং ইফ্রয়িম্ ও বিন্যা-
মীন্ ও মিনশি বংশের সাক্ষাতে আপনার পরাক্রম
প্রকাশ কর, এবং আসিয়া আমাদের পরিত্রাণ কর।
৩ হে ঈশ্বর, আমাদিগকে ফিরাও, এবং আপন মুখের
দীপ্তি প্রকাশ কর, তাহাতে আমরা পরিত্রাণ
পাইব।
৪ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, নিজ লোকের প্রা-
৫ র্থনাতে আর কত কাল ক্রুদ্ধ থাকিবা? তুমি আহা-

রার্থে তাহাদিগকে অশ্রু দিতেছ, ও বাহুল্য নেত্রজল
পান করাইতেছ। ও প্রতিবাসিদের মধ্যে আমাদিগকে ৬
বিবাদাস্পদ করিতেছ, তাহাতে আমাদের শত্রুগণ পর-
স্পর পরিহাস করে। হে সৈন্যাধ্যক্ষ ঈশ্বর, আমাদি- ৭
গকে ফিরাও, এবং আপন মুখের দীপ্তি প্রকাশ কর,
তাহাতে আমরা পরিত্রাণ পাইব।

তুমি মিসর্দেশহইতে এক দ্রাক্ষালতা লইয়া অন্য- ৮
জাতীয়দিগকে দূর করিয়া তাহা রোপণ করিয়াছিলা;
এবং ভূমি সমান করিয়া তাহার মূল বৃদ্ধি করিয়া- ৯
ছিলা, তাহাতে সে তাবৎ দেশ ব্যাপিল। তাহার ১০
ছায়াতে পর্ব্বত ও তাহার শাখাতে বৃহৎ এরস্ বৃক্ষ
আচ্ছাদিত ছিল। এবং সমুদ্র পর্য্যন্ত তাহার শাখা, ১১
ও নদী পর্য্যন্ত তাহার ডাল বিস্তারিত ছিল। তুমি ১২
কেন তাহার বেড়া এমত ভগ্ন করিলা, যে পথিকেরা
তাহার পত্র ছিঁড়ে, এবং বন্য শূকর তাহাকে নষ্ট ১৩
করে, ও বন পশু তাহা মুড়াইয়া খাইয়া ফেলে?

হে সৈন্যাধ্যক্ষ ঈশ্বর, এখন ফির, ও স্বর্গহইতে ১৪
দৃষ্টি করিয়া মনোযোগী হও, এবং এই দ্রাক্ষালতার,
ও তোমার দক্ষিণ হস্তদ্বারা রোপিত চারার, ও ১৫
তোমার নিমিত্তে সবলীকৃত তোমার পুত্রের তত্ত্বানু-
সন্ধান কর। এবং যাহারা তাহা ছিন্ন করিয়া অগ্নিতে ১৬
দগ্ধ করে, তাহারা তোমার মুখের গর্জ্জনে বিনষ্ট
হউক। তোমার দক্ষিণ হস্তে উপবিষ্ট মনুষ্যের, অর্থাৎ ১৭
তুমি আপনার নিমিত্তে যে মনুষ্যপুত্রকে বলবান্ করি-
য়াছ, তাঁহার উপরে হস্তার্পণ কর। তাহাতে আমরা ১৮
তোমাহইতে পরাঙ্মুখ হইব না; এবং আমাদিগকে
সজীব কর, তাহাতে আমরা তোমার নামে প্রার্থনা
করিব। হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, আমাদি- ১৯

গকে ফিরাও, এবং আপন মুখের দীপ্তি প্রকাশ কর, তাহাতে আমরা পরিত্রাণ পাইব।

## ৮১ গীত।

১ অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের ধন্যবাদ করিতে আসফের বিনতি, ৮ ও আজ্ঞাবহনের ফল।

প্রধান বাদ্যকরকে দাতব্য গিত্তীৎ নামক স্বরযুক্ত আসফের গীত।

১ আমাদের বলদাতা ঈশ্বরের উদ্দেশে উচ্চৈঃস্বরে গান
কর, ও যাকূবের ঈশ্বরের উদ্দেশে জয়ধ্বনি কর।
২ এবং ডম্ফ ও মনোহর বীণা ও নেবল্ যন্ত্রের সহিত
৩ গান করিতে প্রবৃত্ত হও। এবং এই মাসের পূর্ণিমাতে
৪ অর্থাৎ আমাদের উৎসবদিনে তূরী বাজাও। কেননা
তাহা ইস্রায়েলের বিধি ও যাকূবের ঈশ্বরের ব্যবস্থা।
৫ মিসরদেশের বিরুদ্ধে গমন সময়ে তিনি যূষফ বংশের
মধ্যে এই নীতি স্থাপন করিলেন; আমি বোধের অ-
৬ গম্য কথা শুনিলাম। 'আমি তোমার স্কন্ধহইতে ভার দূর
করিলাম, ও ঝুড়ি বহনহইতে তোমার হস্ত মুক্ত হইল;
৭ এবং বিপদ কালে প্রার্থনা করিলে তোমাকে রক্ষা
করিলাম, ও গর্জ্জনকারি মেঘরূপ গুপ্তস্থানে থাকিয়া
তোমাকে উত্তর দিলাম, ও মিরীবার জলেতে তোমাকে
পরীক্ষা করিলাম। সেলা।'

৮ 'হে আমার প্রজাগণ, শ্রবণ কর, আমি তোমার বি-
ষয়ে সাক্ষ্য দিব; হে ইস্রায়েল্ বংশ, তুমি যদি আমার
৯ কথা শুনিতে সম্মত হও, তবে (ভাল হয়।) তোমার
মধ্যে পরদেশীয় কোন দেবতা স্থাপিত না হউক, ও
১০ তুমি কোন ইতর দেবতার পূজা করিও না। আমি
তোমার প্রভু পরমেশ্বর, আমি তোমাকে মিসরদেশ-

হইতে আনিয়াছি; তোমার মুখ ব্যাদান কর, আমি
তাহা পরিপূর্ণ করিব। কিন্তু আমার প্রজা আমার রব ১১
শুনিল না, ও ইস্রায়েল্ বংশ আমাকে চাহিল না।
অতএব আমি তাহাদিগকে আপন২ মনের কুঅভি- ১২
লাষ পূর্ণ করিতে দিলাম, তাহাতে তাহারা আপন২
পরামর্শানুসারে গমন করিতেছে। যদি আমার প্রজারা ১৩
আমার কথা শুনিত, ও ইস্রায়েল্ বংশ আমার পথে
চলিত; তবে আমি তাহাদের শত্রুগণকে ত্বরায় দমন ১৪
করিতাম, ও তাহাদের বৈরিগণের প্রতিকূলে হস্ত ফিরা-
ইতাম। এবং পরমেশ্বরের ঘৃণাকারিগণ তাহাদের স্তব ১৫
স্তুতি করিত, ও তাহাদের সুসময় নিত্যস্থায়ী হইত।
এবং আমি তাহাদিগকে উত্তম গোধূম ভোজন ১৬
করাইতাম, ও পর্ব্বতীয় মধুদ্বারা তাহাদিগকে তৃপ্ত
করিতাম।'

## ৮২ গীত।

বিচারকর্ত্তাদের প্রতি অনুযোগ।

আসফের ধর্ম্মগীত।

ঈশ্বর ঈশ্বরীয় সভাতে দণ্ডায়মান হইয়া ঈশ্বরগণের ১
বিচার করেন। 'তোমরা কত কাল অন্যায়বিচার ক- ২
রিবা? ও কত কাল দুষ্টগণের মুখাপেক্ষা করিবা?
সেলা। দীনহীন ও পিতৃহীন লোকের বিচার কর; যা- ৩
হারা দুঃখী ও অকিঞ্চন, তাহাদের যথার্থ বিচার কর।
এবং দীনহীন ও দরিদ্রদিগকে নিস্তার কর, ও দুষ্টদের ৪
হস্তহইতে তাহাদিগকে উদ্ধার কর।' উহারা অজ্ঞান ও ৫
নির্ব্বোধ, এবং অন্ধকারে ভ্রমণ করে, ও দেশের মূল-
বস্তু টলটলায়মান হয়। আমি কহিলাম, তোমরা ৬
ঈশ্বরগণ ও সকলে সর্ব্বোপরিস্থের সন্তান বট; কিন্তু ৭

নিতান্ত মনুষ্যের ন্যায় মরিবা, ও কোন অধ্যক্ষের ন্যায়
৮ তোমাদের পতন হইবে। হে ঈশ্বর, তুমি উঠিয়া
জগতের বিচার কর, যেহেতুক তুমি তাবজ্জাতীয়দের
অধিকারী।

## ৮৩ গীত।

দুষ্ট শত্রুদের বিরুদ্ধে আসফের প্রার্থনা।

আসফের কৃত গানার্থক ধর্ম্মগীত।

১ হে ঈশ্বর, তুমি নীরব হইও না; হে ঈশ্বর, মৌনী ও
২ অযত্ন হইও না। দেখ, তোমার শত্রুগণ কলহ করে,
৩ ও তোমার ঘৃণাকারিবর্গ মস্তক তুলে। তাহারা তো-
মার লোকদের বিরুদ্ধে ধূর্ত্ততার পরামর্শ করে, ও
তোমার গুপ্ত লোকদের প্রতিকূলে কুমন্ত্রণা করে।
৪ তাহারা বলে, আইস, আমরা তাহাদিগকে সবংশে
বিনাশ করি, ইস্রায়েল্ বংশের নাম আর স্মরণে
৫ থাকিতে দিব না। এতদ্বিষয়ে তাহারা একপরামর্শ
৬ হইয়াছে; ইদোম্ ও ইস্মায়েল্ ও মোয়াব্ ও হাজি-
৭ রার তাম্বুস্থ লোকেরা, এবং গিবাল্ ও অম্মোন্ ও
অমালেক ও পিলেষ্টিয়া ও সোর্ নিবাসিরা সকলে
পরস্পর তোমার বিরুদ্ধে নিয়ম স্থাপন করিয়াছে।
৮ এবং অশূরীয় লোকেরা তাহাদের সহায় হয়; তা-
হারা লোটের সন্তানদের উপকার করে। সেলা।
৯ তুমি মিদিয়নীয়দের প্রতি ও কীশোন্ নদীতে সীষি-
রার ও যাবীনের প্রতি যেরূপ করিয়াছিলা, ইহাদের
১০ প্রতিও তদ্রূপ কর। তাহারা ঐন্দোরের নিকটে নষ্ট
১১ হইয়া ভূমির উপরে সারস্বরূপ হইয়াছিল। এবং
ইহাদের অধ্যক্ষগণকে ওরেব্ ও সেবের ন্যায় কর,
এবং ইহাদের অভিষিক্তগণকে সেবহ্ ও সল্মুন্নের

ন্যায় কর। কেননা ইহারা বলে, আইস, আমরা ১২
ঈশ্বরের বাসস্থান আপনাদের অধিকার করিয়া লই।
অতএব, হে আমার ঈশ্বর, তুমি তাহাদিগকে বায়ু- ১৩
দ্বারা ঘূর্ণিত ভূষি ও নাড়ার ন্যায় কর। এবং দাবানল ১৪
যেমন বন দগ্ধ করে, ও অগ্নির শিখা যেমন পর্ব্বতকে
প্রজ্বলিত করে, তদ্রূপ তুমিও তাহাদিগকে ঝড়ে তাড়না ১৫
কর, ও প্রচণ্ড বায়ুতে ভয়গ্রস্ত কর। হে পরমেশ্বর, ১৬
তুমি তাহাদিগের মুখ এমত লজ্জাতে পরিপূর্ণ কর, যে
তাহারা তোমার নামের অনুসন্ধান করে, কিম্বা সর্ব্বদা ১৭
লজ্জিত ও উদ্বিগ্ন ও অপ্রতিভ হইয়া বিনষ্ট হয়। তা- ১৮
হাতে অদ্বিতীয় পরমেশ্বর নামে বিখ্যাত যে তুমি, তুমি
তাবৎ ভূমণ্ডলের সর্ব্বোপরিস্থ, ইহা সকলে জ্ঞাত
হইবে।

## ৮৪ গীত।

১ মন্দিরে ঈশ্বরের ভজনা করিতে ইচ্ছা, ৪ ও ভজনাকারির সুখের বর্ণনা, ৮ ও সেই সুখ ভোগ করিতে প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য গিত্তীৎ নামক স্বরযুক্ত কোর-হীয় বংশের এক গীত।

হে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, তোমার বাসস্থান কেমন ১
প্রিয়! আমার মন পরমেশ্বরের (মন্দিরের) প্রাঙ্গণে ২
লালসা করিতে২ মূর্চ্ছিত হয়, এবং আমার মন ও
শরীর অমর ঈশ্বরের নিমিত্তে উচ্চ ধ্বনি করে। এই ৩
চটকপক্ষী এক আশ্রয়স্থান, এবং এই খঞ্জনপক্ষী নিজ
ছা রাখিবার এক বাসা পাইল; হে সৈন্যাধ্যক্ষ
পরমেশ্বর, হে আমার রাজন্ ও আমার ঈশ্বর, তো-
মার বেদিই সেই স্থান।
যাহারা তোমার মন্দিরে বাস করে তাহারা ধন্য, ৪

৫ তাহারা নিত্য২ তোমার ধন্যবাদ করে। সেলা। আর
যাহাদের বল তুমি, ও যাহাদের মন সরল পথস্বরূপ,
৬ তাহারা ধন্য; ক্রন্দনের উপত্যকা দিয়া তাহাদের
গমন সময়ে তাহা উনুই হইয়া উঠে, ও বৃষ্টিদ্বারা
৭ জলাশয়েতে ভূষিত হয়। তাহারা উত্তর২ বলবান
হইয়া অগ্রসর হয়, ও প্রত্যেকে সিয়োনেতে ঈশ্বরের
সাক্ষাৎ পায়।

৮ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, আমার নিবেদন
৯ শুন; হে যাকূবের ঈশ্বর, অবধান কর। সেলা। হে
আমাদের ঢালস্বরূপ ঈশ্বর, দৃষ্টি কর; আপন অভি-
১০ ষিক্তের মুখ অবলোকন কর। অন্য সহস্র দিন অপেক্ষা
তোমার (মন্দিরের) প্রাঙ্গণে এক দিনও উত্তম, এবং
দুষ্টগণের তাম্বুতে বাস করা অপেক্ষা বরং ঈশ্বরের
গৃহের বহির্দ্বারে বসিয়া থাকা আমার ভাল বোধ
১১ হয়। কারণ প্রভু পরমেশ্বর সূর্য্য ও ঢালস্বরূপ, পর-
মেশ্বর অনুগ্রহ ও বৈভব প্রদান করেন; তিনি সরলা-
১২ চারিদের কোন মঙ্গল অস্বীকার করিবেন না। হে
সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর, যে জন তোমাতে নির্ভর করে
সেই ধন্য।

## ৮৫ গীত।

১ পারমার্থিক সম্পদের নিমিত্তে ঈশ্বরের কাছে প্রার্থনা, ৮ ও তন্নি-
মিত্তে ঈশ্বরেতে প্রত্যাশা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, তুমি নিজ দেশের প্রতি কৃপা করিয়া
২ যাকূব্ বংশকে দাসত্বহইতে মুক্ত করিয়াছিলা। ও
আপন লোকদের তাবৎ অপরাধ ক্ষমা করিয়া তাহা-
দের পাপ সকল আচ্ছাদন করিয়াছিলা। সেলা।

এবং সমস্ত ক্রোধ সম্বরণ করিয়া প্রজ্বলিত কোপহইতে ৩
নিবৃত্ত হইয়াছিলা।

হে আমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বর, এখন আমাদের ৪
প্রতি ফির, এবং আমাদের প্রতি তোমার ক্রোধ
নিবৃত্ত কর। আমাদের প্রতি কি সর্ব্বদা ক্রোধান্বিত ৫
থাকিবা? ও পুরুষানুক্রমেই কি তোমার কোপ নিবৃত্ত
হইবে না? তুমি কি ফিরিয়া আমাদিগকে সজীব করিবা
না? তোমাতে আনন্দ করিতে আপন প্রজাদিগকে ৬
কি দিবা না? হে পরমেশ্বর, আমাদের প্রতি আপন ৭
অনুগ্রহ প্রকাশ কর, ও তোমাহইতে আমাদের পরি-
ত্রাণ হউক।

প্রভু পরমেশ্বর যাহা কহিবেন, আমি তাহাই শুনিব, ৮
কেননা তিনি আপন প্রজাদিগকে ও আপন পুণ্যবান-
দিগকে মঙ্গলের কথা কহিবেন, কিন্তু তাহারা পুনর্ব্বার
অজ্ঞানতার প্রতি না ফিরুক।

পরিত্রাণ তাঁহার ভয়কারি লোকদের নিকটবর্ত্তী, ইহা- ৯
তে আমাদের দেশ প্রতাপের বাসস্থান হয়। অনুগ্রহ ১০
ও সত্যতা পরস্পর সাক্ষাৎ করে, এবং ধর্ম্ম ও শান্তি
পরস্পর চুম্বন করে। পৃথিবীহইতে সত্যতার অঙ্কুর উঠে, ১১
ও স্বর্গহইতে ধর্ম্ম দৃষ্টিপাত করে। পরমেশ্বর মঙ্গল ১২
করিবেন, এবং আমাদের দেশ আপন ফল ফলিবে।
এবং ধর্ম্ম তাঁহার অগ্রগামী হইবে, ও নিজ পদচিহ্ন- ১৩
দ্বারা রাজপথ প্রস্তুত করিবে।

## ৮৬ গীত।

### দায়ূদের প্রার্থনা।

হে পরমেশ্বর, কর্ণ পাতিয়া আমার নিবেদন শুন, যে- ১
হেতুক আমি দুঃখী ও দরিদ্র। আমার প্রাণ রক্ষা কর, ২

কেননা আমি পুণ্যবান্; হে আমার ঈশ্বর, তোমার
৩ প্রত্যাশাকারি দাসকে পরিত্রাণ কর। হে প্রভো, আমি
সমস্ত দিন তোমার কাছে প্রার্থনা করি, আমাকে দয়া
৪ কর। হে প্রভো, আমি ঊর্দ্ধদিগে তোমার প্রতি মন
৫ রাখি, নিজ দাসের মন আনন্দিত কর। হে প্রভো,
তুমি মঙ্গলদাতা ও ক্ষমাবান্, এবং যত লোক তোমার
কাছে প্রার্থনা করে, সেই সকলের প্রতি তুমি অনুগ্রহের
৬ নিধিস্বরূপ। হে পরমেশ্বর, কর্ণ পাতিয়া আমার প্রার্থনা
৭ শুন, ও আমার বিনতি বাক্যে মনোযোগ কর। তুমি
আমাকে উত্তর দিবা, এই জন্যে আমি বিপদের সময়ে
৮ তোমার কাছে প্রার্থনা করিব। হে প্রভো, দেবগণের
মধ্যে তোমার তুল্য কেহই নাই, এবং তোমার কর্ম্ম তুল্য
৯ কাহারো কর্ম্ম নাই। হে প্রভো, তোমার সৃষ্ট তাবজ্জা-
তীয় লোকেরা তোমার সাক্ষাতে আসিয়া প্রণাম করিবে
১০ ও তোমার নামের গৌরব প্রকাশ করিবে। কেননা
তুমি মহান্ ও আশ্চর্য্য কর্ম্মকর্ত্তা ও অদ্বিতীয় ঈশ্বর।
১১ হে পরমেশ্বর, তোমার পথ আমাকে জ্ঞাত কর, তাহাতে
আমি তোমার সত্য পথে গমন করিব; তোমার নামে
১২ ভয় করিতে আমার মনকে একাগ্র কর। হে আমার
প্রভো ঈশ্বর, আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার প্র-
শংসা করিব, এবং সদাকাল পর্য্যন্ত তোমার নামের
১৩ গৌরব প্রকাশ করিব। কেননা আমার প্রতি তোমার
বড় অনুগ্রহ আছে, ও তুমি নীচস্থ পরলোকহইতে
১৪ আমার প্রাণ উদ্ধার করিয়াছ। হে ঈশ্বর, অহঙ্কারিগণ
আমার বিরুদ্ধে উঠিতেছে, ও উপদ্রবি লোকদের জনতা
আমার প্রাণহিংসার চেষ্টা করিতেছে, এবং আপনা-
১৫ দের গোচরে ঈশ্বরকে রাখে না। কিন্তু হে প্রভো, তুমি
কৃপাময় ও দয়ালু ঈশ্বর ও অতি সহিষ্ণু এবং অনুগ্রহে

ও সত্যতাতে মহান্। তুমি আমার প্রতি ফিরিয়া দয়া ১৬
কর, এবং নিজ দাসকে আপন পরাক্রম দেও, ও আ-
পন দাসীর পুত্রকে পরিত্রাণ কর। হে পরমেশ্বর, আ- ১৭
মাকে মঙ্গলসূচক কোন চিহ্ন দেখাও; তাহাতে তুমি
আমার উপকার ও সান্ত্বনা করিলে আমার ঘৃণাকারি-
বর্গ তাহা দেখিয়া লজ্জিত হইবে।

## ৮৭ গীত।

মণ্ডলীর প্রশংসা।

কোরহীয় বংশের কৃত গানার্থক ধর্ম্মগীত।

(ঈশ্বরের পুরীর) ভিত্তিমূল পবিত্র পর্ব্বতে আছে। ১
পরমেশ্বর যাকূবের তাবৎ বাসস্থানহইতে সিয়োনের ২
দ্বারকে অধিক প্রেম করেন। হে ঈশ্বরের নগর, তোমার ৩
বিষয়ে আশ্চর্য্য কথা উক্ত আছে। সেলা। 'যাহারা ৪
আমাকে জানে, তাহাদের মধ্যে আমি রহবীয় ও
বাবিলীয় লোককে গণনা করিব; এবং পিলেষ্টিয়া
ও সোর্ ও কূশ্ দেশীয়দিগকে দেখ, তাহারা সে স্থানে
জন্মিবে।' সিয়োনের বিষয়ে ইহা কহা যাইবে, এই ৫
ব্যক্তি আর ঐ ব্যক্তি তাহার মধ্যে জন্মিল, এবং
সর্ব্বোপরিস্থ আপনি তাহার স্থাপনকর্ত্তা। পরমেশ্বর ৬
লোকদের নাম লিখিয়া গণনা করিয়া বলিবেন, এই ২
মানুষ সে স্থানে জন্মিল। সেলা। গায়কগণ ও বাদ- ৭
কগণ কহিবে, আমাদের তাবৎ উনুই তোমার
মধ্যে আছে।

## ৮৮ গীত।

মুমূর্ষু লোকের প্রার্থনা।

কোরহীয় বংশের গানার্থক ধর্ম্মগীত।

প্রধান বাদ্যকরকে দাতব্য মহলৎ-লিয়ন্নোৎ নামক স্বরযুক্ত ইষ্রাহীয় হেমনের উপদেশগীত।

১ হে আমার ত্রাণকর্ত্তা পরমেশ্বর, আমি দিবারাত্রি তো-
২ মার কাছে বিনয় করিতেছি। আপনকার গোচরে
আমার প্রার্থনা উপস্থিত হইতে দেও; আমার কাকু-
৩ ক্তিতে কর্ণ দেও। আমার মন দুঃখেতে পরিপূর্ণ, ও
৪ আমার প্রাণ পরলোকের নিকটবর্ত্তী। আমি কবরে
নামিতে উদ্যত লোকদের মধ্যে গণিত হইতেছি, ও
৫ নিঃশক্তি মানুষের ন্যায় হইতেছি। আমি মৃত লোক-
দের মধ্যে পরিত্যক্ত, এবং তুমি নিজ হস্তদ্বারা উচ্ছিন্ন
যে লোকদিগকে আর স্মরণ করিবা না, সেই হত ও
৬ কবরস্থ লোকদের সদৃশ হইতেছি। তুমি আমাকে
অতি নীচ গর্ত্তে ও অন্ধকারে ও গভীর স্থানে রাখি-
৭ তেছ; এবং আমার উপরে তোমার ক্রোধের ভার
থাকে; তুমি আপনার সমস্ত তরঙ্গদ্বারা আমাকে দুঃখ
৮ দিতেছ। সেলা। এবং বন্ধুগণকে আমার নিকটহইতে
দূর করিয়া তাহাদের জ্ঞানে আমাকে হেয় করিতেছ;
৯ আমি রুদ্ধ আছি, নির্গত হইতে পারি না। দুঃখেতে
আমার চক্ষু নিস্তেজ হইতেছে; হে ঈশ্বর, আমি প্রতি-
দিন তোমাকে আহ্বান করিয়া তোমার উদ্দেশে হস্ত
১০ বিস্তার করিতেছি। তুমি কি মৃত লোকদের প্রতি আ-
শ্চর্য্য কর্ম্ম প্রকাশ করিবা? মৃত লোকেরা কি উঠিয়া
১১ তোমার গুণানুবাদ করিবে? সেলা। কবরের মধ্যে
তোমার অনুগ্রহ ও বিনাশস্থানে তোমার সত্যতা কি
১২ প্রকাশ পাইবে? এবং অন্ধকারে তোমার আশ্চর্য্য

কর্ম্ম ও বিস্মৃতিদেশে তোমার ধর্ম্ম কি জ্ঞাত হইবে?
হে পরমেশ্বর, আমি তোমাকে আহ্বান করি, ও প্রাতঃ- ১৩
কালে আমার প্রার্থনা তোমার অগ্রবর্ত্তী হয়। হে ১৪
পরমেশ্বর, তুমি আমার প্রাণকে কেন ত্যাগ করি-
তেছ? ও আমাহইতে আপন মুখ কেন লুক্কায়িত
করিতেছ? আমি বাল্যকালাবধি দুঃখী ও মৃতকল্প ১৫
আছি, ও তোমাদ্বারা মহাভয়গ্রস্ত হইয়া উন্মনা হই-
তেছি। তোমার কোপরূপ ঢেউ আমার উপর দিয়া ১৬
যাইতেছে, ও তোমার ভয়ানক কর্ম্ম আমাকে সংহার
করিতেছে, এবং সমস্ত দিন জলের ন্যায় আমাকে ১৭
ঘেরিতেছে, ও একত্র হইয়া আমাকে বেষ্টন করি-
তেছে। তুমি প্রিয় বন্ধুকে ও সুহৃৎকে আমাহইতে দূর ১৮
করিয়াছ; অন্ধকারই আমার আত্মীয় হইল।

## ৮৯ গীত।

১ আভাষ, ৫ ও পরমেশ্বরের গুণানুবাদ, ১৯ ও দায়ূদের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা, ৩৮ ও দুঃখের বিষয়ে বিলাপ, ৪৬ ও প্রার্থনা।

ইষ্রাহীয় এথনের উপদেশগীত।

আমি চিরকাল পরমেশ্বরের বহুবিধ অনুগ্রহ গান ১
করিব, ও পুরুষানুক্রমে নিজ মুখে তাঁহার বিশ্বস্ততা
ব্যক্ত করিব। আমি কহি, অনুগ্রহরূপ মন্দির সদাকাল ২
পর্য্যন্ত বৃদ্ধি পাইবে, এবং তুমি আপন বিশ্বস্ততাকে
আকাশে বদ্ধমূল করিবা। 'আমি আপন মনোনীত ৩
ব্যক্তির সহিত নিয়ম করিলাম, ও নিজ দাস দায়ূদের
প্রতি এই শপথ করিলাম, আমি সদাকাল পর্য্যন্ত ৪
তোমার বংশ স্থাপন করিব, ও পুরুষানুক্রমে তোমার
সিংহাসন স্থির রাখিব।' সেলা।

হে পরমেশ্বর, স্বর্গে তোমার আশ্চর্য্য কর্ম্ম ও পুণ্য- ৫

বান লোকদের মণ্ডলীর মধ্যে তোমার বিশ্বস্ততা প্রশং-
৬ সিত হয়। স্বর্গে পরমেশ্বরের সহিত কে উপমা ধরিতে
পারে? ও ঈশ্বরীয় সন্তানদের মধ্যে পরমেশ্বরের তুল্য
৭ বা কে আছে? ঈশ্বর পুণ্যবানদের সভাতে অতি ভয়ঙ্কর,
ও তাঁহার চতুর্দ্দিক্স্থিত সকল লোকের কাছে ভয়ার্হ।
৮ হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, তোমার সমান কে
আছে? হে পরমেশ্বর, তুমি বলবান্ ও তোমার বিশ্ব-
৯ স্ততা তোমার চতুর্দ্দিগে আছে। তুমি দর্পকারি সমুদ্রের
উপরে কর্ত্তৃত্ব করিতেছ, তুমি তাহার উত্থিত প্রবল
১০ তরঙ্গ শান্ত করিয়া থাক। তুমি রহব্কে হত ব্যক্তির
ন্যায় চূর্ণ করিয়াছ, এবং নিজ বলবান বাহুদ্বারা
১১ আপন শত্রুগণকে ছিন্নভিন্ন করিয়াছ। আকাশমণ্ডল
তোমার, এবং পৃথিবীও তোমার; এই জগৎ ও তন্ম-
১২ ধ্যস্থ তাবৎ বস্তু তোমার স্থাপিত। তুমি উত্তর ও দক্ষি-
ণদিগের সৃষ্টি করিয়াছ; তাবোর্ ও হর্মোণ্ তোমার
১৩ নামে উল্লাসধ্বনি করে। তোমার বাহু বলবান্ ও
তোমার হস্ত শক্তিমান্ ও তোমার দক্ষিণ হস্ত উচ্চতর।
১৪ ন্যায় ও সুবিচার তোমার সিংহাসনের ভিত্তিমূল,
১৫ অনুগ্রহ ও সত্যতা তোমার অগ্রগামী। যে লোকেরা
আনন্দধ্বনি জ্ঞাত আছে তাহারা ধন্য; কেননা হে
পরমেশ্বর, তাহারা তোমার মুখের দীপ্তিতে গমনা-
১৬ গমন করে; এবং সমস্ত দিন তোমার নামে উল্লাসিত
১৭ থাকে, এবং তোমার দত্ত পুণ্যে উন্নত হয়; যেহেতুক
তুমিই তাহাদের বলযুক্ত ভূষণস্বরূপ, ও তোমার তুষ্টি-
১৮ দ্বারা আমাদের বল বৃদ্ধি পায়। পরমেশ্বর আমা-
দের ঢালস্বরূপ ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপ ঈশ্বর আমা-
দের রাজা।
১৯ তখন তুমি নিজ পুণ্যবান ব্যক্তিকে দর্শন দিয়া এই

কথা কহিলা, ‘আমি উপকার করণের ভার এক বল-
বান পুরুষকে সমর্পণ করিলাম, ও লোকদের মধ্য-
হইতে মনোনীত এক ব্যক্তিকে উচ্চপদস্থ করিলাম;
অর্থাৎ আমার দাস দায়ূদ্‌কে পাইয়া আপন পবিত্র ২০
তৈলেতে অভিষিক্ত করিলাম; আমার হস্ত দৃঢ়রূপে ২১
তাহাকে ধরিবে, ও আমার বাহু তাহাকে বলবান্‌
করিবে। কোন শত্রু তাহার প্রতি উপদ্রব করিতে পা- ২২
রিবে না, এবং পাতকী তাহাকে ক্লেশ দিতে পারিবে
না। আমি তাহার সম্মুখে তাহার শত্রুগণকে চূর্ণ ২৩
করিব, এবং ঘৃণাকারিগণকে আঘাত করিব। কিন্তু আ- ২৪
মার বিশ্বস্ততা ও অনুগ্রহ তাহার সহিত থাকিবে, এবং
আমার নামে তাহার বল বৃদ্ধি পাইবে। অতএব আমি ২৫
তাহাকে বাম হস্তদ্বারা সমুদ্রে ও দক্ষিণ হস্তদ্বারা নদী-
গণে হস্তার্পণ করিতে দিব। সে প্রার্থনা করিয়া কহিবে, ২৬
হে পিতঃ, তুমি আমার ঈশ্বর ও আমার পরিত্রাণরূপ
পর্ব্বত। আর আমি তাহাকে জ্যেষ্ঠ করিব, ও পৃথি- ২৭
বীর রাজগণহইতেও তাহাকে উচ্চপদ দিব। তাহার ২৮
প্রতি আমার অনুগ্রহ সদাকাল পর্য্যন্ত থাকিবে, এবং
তাহার সহিত আমার নিয়ম স্থির থাকিবে। আমি ২৯
তাহার বংশকে নিত্যস্থায়ী করিব, এবং তাহার সিং-
হাসনকে আকাশমণ্ডলের ন্যায় স্থায়ী করিব। যদি তা- ৩০
হার সন্তানেরা আমার ব্যবস্থা অমান্য করে ও আমার
রাজনীত্যনুসারে না চলে, এবং আমার বিধি লঙ্ঘন ৩১
করে ও আজ্ঞা না মানে, তবে অপরাধের জন্যে তাহা- ৩২
দিগকে দণ্ডাঘাত ও পাপের জন্যে প্রহার করিব।
তথাপি তাহাহইতে আপন অনুগ্রহ দূর করিব না, ও ৩৩
আপন বিশ্বস্ততার ত্রুটি করিব না। আমার নিয়ম আমি ৩৪
লঙ্ঘন করিব না, ও ওষ্ঠাধরনিঃসৃত বাক্যের অন্যথা

৩৫ করিব না। আমি আপন পবিত্রতা লইয়া এক শপথ
করিলাম, তদ্বিষয়ে দায়ূদের নিকটে মিথ্যাবাদী হইব
৩৬ না। তাহার বংশ সদাকাল থাকিবে, ও তাহার সিং-
৩৭ হাসন আমার সাক্ষাতে সূর্য্যের ন্যায় থাকিবে; এবং
চন্দ্রের ও আকাশস্থ বিশ্বসনীয় সাক্ষির ন্যায় চিরস্থায়ী
হইবে।' সেলা।

৩৮ তুমি আপনার অভিষিক্ত ব্যক্তিকে অবজ্ঞা করিয়া দূর
৩৯ করিলা ও ক্রোধান্বিত হইলা। তুমি নিজ দাসের নিয়ম
ব্যর্থ করিয়া ভূমিপতিত তাহার মুকুট অশুচি করিলা।
৪০ এবং তাহার তাবৎ বেড়া ভগ্ন করিলা ও দুর্গ সকল
৪১ ভূমিসাৎ করিলা। পথিকগণ তাহার দ্রব্য লুট করে,
৪২ এবং সে প্রতিবাসিদের নিন্দাস্পদ হয়। তুমি তাহার
বৈরিগণের দক্ষিণ হস্ত উচ্চ করিলা, ও তাহার তাবৎ
৪৩ শত্রুকে আনন্দিত করিলা। এবং তাহার খড়্গের ধার
ভোঁতা করিয়া সংগ্রামে তাহাকে অস্থির করিলা।
৪৪ এবং তাহাকে তেজোহীন করিয়া তাহার সিংহাসন
৪৫ ভূমিতে নিক্ষেপ করিলা। এবং তাহার যৌবনাব-
স্থার অল্পতা করিলা, ও লজ্জাতে তাহাকে আচ্ছন্ন
করিলা। সেলা।

৪৬ হে পরমেশ্বর, কত কাল লুক্কায়িত থাকিবা? তো-
মার কোপাগ্নি কি চিরকাল প্রজ্বলিত থাকিবে?
৪৭ আমি কেমন ক্ষণিক, তাহা স্মরণ কর; তুমি মনুষ্য-
৪৮ সন্তান সকলকে কেন নিরর্থক সৃষ্ট করিলা? মৃত্যুগ্রস্ত
না হইয়া যে জীবৎ থাকিবে, ও পরলোকের হস্তহইতে
আপন প্রাণ মুক্ত করিতে পারিবে, এমত মনুষ্য কে?
৪৯ সেলা। হে প্রভো, তুমি যাহার বিষয়ে দায়ূদের প্রতি
নিজ বিশ্বস্ততাতে শপথ করিয়াছ, পূর্ব্ব প্রকাশিত তো-
৫০ মার সেই নানাবিধ অনুগ্রহ কোথায়? হে প্রভো,

নিজ দাসগণের নিন্দা স্মরণ কর; আমি বলবান লো-
কসমূহের কৃত যে নিন্দা নিজ বক্ষঃস্থলে বহন করি,
তাহা স্মরণ কর; কেননা, হে পরমেশ্বর, তোমার ৫১
শত্রুগণ নিন্দা করিতেছে, তোমার অভিষিক্ত ব্যক্তির
পদচিহ্নের নিন্দা করিতেছে।
পরমেশ্বর চিরকাল প্রশংসিত হউন। আমেন২। ৫২

## ৯০ গীত।

১ মনুষ্যের অসারতা, ১২ ও ঈশ্বরের কাছে মঙ্গলের নিমিত্তে প্রার্থনা।

ঈশ্বরের লোক মূসার প্রার্থনা।

হে প্রভো, তুমি পুরুষানুক্রমে আমাদের বাসস্থান। ১
পর্ব্বতগণ উৎপন্ন হওনের এবং পৃথিবী ও জগৎ সৃষ্ট ২
হওনের পূর্ব্বাবধি তুমি অনাদি অনন্ত ঈশ্বর। তুমি ৩
মর্ত্ত্যকে রূপান্তর করিয়া চূর্ণ কর, এবং কহিয়া থাক,
হে মনুষ্যসন্তানেরা, ফিরিয়া যাও। তোমার দৃষ্টিতে ৪
এক সহস্র বৎসর গত কল্যের তুল্য ও রাত্রির এক প্র-
হরের ন্যায়। তুমি তাহাদিগকে বেগে ভাসাইয়া লইয়া ৫
যাইতেছ, তাহারা স্বপ্নবৎ ও প্রাতঃকালের প্রফুল্ল
তৃণের ন্যায় হয়। প্রাতঃকালে তৃণ পুষ্পিত ও প্রফুল্ল ৬
হয় বটে, কিন্তু সায়ংকালে ছিন্ন হইয়া শুষ্ক হয়। তো- ৭
মার ক্রোধে আমরা ক্ষয় পাই, ও তোমার কোপে
উদ্বিগ্ন হই। তুমি আমাদের তাবৎ অপরাধ আপনার ৮
সাক্ষাতে, ও আমাদের গুপ্ত পাপ আপন মুখের দী-
প্তিতে রাখিতেছ। তোমার ক্রোধে আমাদের তাবৎ ৯
দিন বহিয়া যায়, ও গল্পের ন্যায় আমাদের বৎসরের
যাপন হয়। আমাদের আয়ুর পরিমাণ সত্তর বৎসর; ১০
বল প্রযুক্ত যদ্যপি আশী বৎসর হয়, তথাপি তাহার

উত্তম ভাগও ক্লেশ ও দুঃখমাত্র; কেননা আমরা বেগে
১১ চালিত হইয়া উড়িয়া যাই। তোমার ক্রোধের প্রব-
লতা কে বুঝে? তোমার ভয়ঙ্করতা যেমন, তেমন তো-
মার ক্রোধ।
১২ আমাদের দিন সকল গণনা করিতে আমাদিগকে
১৩ এমত শিক্ষা দেও, যেন আমরা জ্ঞানে মন দি। হে
পরমেশ্বর, তুমি ফির, কত বিলম্ব করিবা? নিজ দাস-
১৪ গণের প্রতি দয়া কর। ত্বরায় আমাদিগকে আপন
অনুগ্রহেতে তৃপ্ত কর, তাহাতে আমরা যাবজ্জীবন
১৫ আহ্লাদিত ও আনন্দিত হইব। যত দিন আমাদিগকে
দুঃখ দিয়াছ, ও যত বৎসর আমরা বিপদ ভোগ করি-
১৬ য়াছি, তত কাল আমাদিগকে আনন্দিত কর। তোমার
কর্ম্ম তোমার দাসগণের প্রতি, ও তোমার মহিমা তা-
১৭ হাদের সন্তানদের প্রতি প্রকাশিত হউক। হে আমা-
দের প্রভো পরমেশ্বর, আমাদের প্রতি তোমার সৌ-
ন্দর্য্য প্রকাশিত হউক; আমাদের নিমিত্তে আমাদের
হস্তকৃত কর্ম্ম সফল কর; আমাদের হস্তকৃত কর্ম্ম
সফল কর।

## ৯১ গীত।

১ পরমেশ্বরাশ্রিত লোকের নির্ব্বিঘ্নতা, ১৪ ও তাহার প্রতি ঈশ্ব-
রের অনুগ্রহ।

১ যে জন সর্ব্বোপরিস্থের গুপ্ত স্থানে থাকে, সে সর্ব্বশক্তি-
২ মানের ছায়াতে বসতি করে। ‘আমি পরমেশ্বরকে
কহি, তুমি আমার আশ্রয়স্থান ও আমার দুর্গস্বরূপ
৩ ও আমার প্রত্যাশাভূমি ঈশ্বর।’ তিনিই ব্যাধের ফাঁদ
ও সংহারক মহামারীহইতে তোমাকে রক্ষা করিবেন;
এবং আপন পালখেতে তোমাকে আবৃত করিবেন;

তাঁহার পক্ষের নীচে তুমি আশ্রয় পাইবা, ও তাঁহার ৪
সত্যতা তোমার ঢাল ও আবরণস্বরূপ হইবে। রাত্রি- ৫
কালের আপদ ও দিবসের উড্ডীয়মান শর, এবং ৬
অন্ধকারগামি মারী ও মধ্যাহ্নের সাংঘাতিক রোগ,
এই সকলহইতে তোমার ভয় থাকিবে না। তোমার ৭
পার্শ্বে সহস্র লোক ও তোমার দক্ষিণে অযুত লোক
পতিত হইবে; কিন্তু সে বিপদ তোমার নিকটে আ-
সিবে না। তুমি কেবল নিজ চক্ষুতে নিরীক্ষণ করিয়া ৮
দুষ্টগণের প্রতিফল দেখিবা। হে পরমেশ্বর, তুমি আ- ৯
মার আশ্রয়; (হে আমার মন,) তুমি সর্ব্বোপরিস্থকে
আপনার বাসস্থান করিতেছ। এই জন্যে তোমার ১০
প্রতি কোন বিপদ ঘটিবে না, ও কোন মারী তোমার
তাম্বুর নিকটে আসিবে না। তিনি তোমাকে তাবৎ ১১
পথে রক্ষা করিতে আপন দূতগণকে আজ্ঞা দিবেন।
তাহাতে তোমার চরণে যেন প্রস্তরাঘাত না লাগে, ১২
এ কারণ তাহারা তোমাকে হস্তে তুলিয়া লইবে।
তুমি সিংহ ও সর্পের উপর দিয়া গমন করিবা, এবং ১৩
যুব সিংহ ও বৃহৎ সর্পকে দলিবা।

'এই ব্যক্তি আমাতে আসক্ত আছে, এই জন্যে ১৪
আমি তাহাকে উদ্ধার করিব; এবং আমার নাম জ্ঞাত
আছে, এই জন্যে আমি তাহাকে উচ্চপদান্বিত
করিব। আমার নামে প্রার্থনা করিলে আমি তাহাকে ১৫
উত্তর দিব, এবং দুঃখের সময়ে তাহার সহায় হইয়া
তাহার নিস্তার ও গৌরব করিব। এবং দীর্ঘায়ুদ্বারা ১৬
তাহাকে তৃপ্ত করিব, ও আমার স্বীকৃত পরিত্রাণ তা-
হাকে দেখাইব।'

---

## ৯২ গীত।

১ ঈশ্বরের গুণানুবাদ, ৬ ও পাপিদের দুঃখ, ১২ ও পুণ্যবানদের সুখ।

বিশ্রামদিনের নিমিত্তে গানার্থক ধর্ম্মগীত।

১ পরমেশ্বরের প্রশংসা করা উত্তম; হে সর্ব্বোপরিস্থ,
২ তোমার নামে গান করা, এবং দশতন্ত্রীতে ও নেবল
৩ যন্ত্রে ও গম্ভীরস্বর বীণাতে প্রাতঃকালে তোমার অনুগ্রহ
ও রাত্রিকালে তোমার সত্যতা প্রকাশ করা উত্তম।
৪ হে পরমেশ্বর, তুমি আপন কর্ম্মদ্বারা আমাকে আ-
হ্লাদিত করিতেছ; তোমার হস্তকৃত কর্ম্মেতে আমি
৫ উল্লাসিত হইতেছি। হে পরমেশ্বর, তোমার কর্ম্ম কে-
মন মহৎ! তোমার কল্পনা সকল অতি গভীর।
৬ দুষ্টগণ তৃণের ন্যায় বৃদ্ধি পাইলে ও দুষ্কর্ম্মকারি
সকল প্রফুল্ল হইলে তাহাদিগকে নিত্যস্থায়ি বিনাশ
৭ পাইতে হইবে; ইহা পশুবৎ লোক বুঝে না, ও
৮ অজ্ঞান ব্যক্তি এমন বিবেচনা করে না। হে পরমেশ্বর,
৯ সদাকাল তুমি উন্নত আছ। হে পরমেশ্বর, দেখ, তো-
মার শত্রু, তোমার তাবৎ শত্রু বিনষ্ট হইবে, ও তাবৎ
১০ কুকর্ম্মকারী ছিন্নভিন্ন হইবে। কিন্তু তুমি গণ্ডারের
শৃঙ্গবৎ আমার শৃঙ্গ উচ্চ করিবা, আমি সদ্যোজাত
১১ তৈলে অভিষিক্ত হইব। এবং আমার চক্ষু শত্রুর প্র-
তিফল অবলোকন করিবে, ও আমার কর্ণ আমার
বিপক্ষ দুষ্টগণের বিনাশের কথা শ্রবণ করিবে।
১২ পুণ্যবান লোক তালবৃক্ষের ন্যায় প্রফুল্ল হইবে, ও
১৩ লিবানোনের এরস্ বৃক্ষের ন্যায় বৃদ্ধি পাইবে। তা-
হারা পরমেশ্বরের বাটীতে রোপিত হইবে, ও আমা-
১৪ দের ঈশ্বরের প্রাঙ্গণে প্রফুল্ল হইবে। এবং প্রাচীনা-
১৫ বস্থাতেও ফলবান্ ও সরস ও তেজস্বী থাকিয়া আমা-

দের পর্ব্বতস্বরূপ পরমেশ্বর যে যথার্থ, তাঁহার মধ্যে
কোন অযাথার্থ্য নাই, ইহা প্রকাশ করিবে।

## ৯৩ গীত।

ঈশ্বরীয় রাজ্যের সৌন্দর্য্য ও সুখের বর্ণনা।

পরমেশ্বর মহিমারূপ বস্ত্র পরিহিত হইয়া রাজত্ব ১
করেন, ও পরমেশ্বর পরাক্রমরূপ বস্ত্র পরিহিত ও
বদ্ধকটি হন; এ কারণ জগৎ স্থাপিত আছে, বিচলিত
হয় না। হে পরমেশ্বর, তুমি অনাদি ও তোমার সিং- ২
হাসন অতি পূর্ব্বকালাবধি স্থাপিত আছে। নদী সকল ৩
কল্লোলধ্বনি করিতেছে, নদী সকল কল্লোলধ্বনি করি-
তেছে, ও নদী প্রবল তরঙ্গ তুলিতেছে। কিন্তু জলসমূ- ৪
হের গর্জ্জন ও সমুদ্রের বলবান্ তরঙ্গ অপেক্ষাও উপ-
রিস্থ পরমেশ্বর অধিক বলবান্। তোমার সপ্রমাণ ৫
বাক্য অতি সত্য; হে পরমেশ্বর, ধর্ম্ম সর্ব্বদাই তো-
মার গৃহের শোভা হইতেছে।

## ৯৪ গীত।

১ পাপি লোকদের বিরুদ্ধে প্রার্থনা, ৮ ও তাহাদের প্রতি অনুযোগ, ১৬ ও ধার্ম্মিকদের সুখের বর্ণনা।

হে প্রতিফলদাতা প্রভো পরমেশ্বর, হে উচিত ফলদাতা ১
ঈশ্বর, দীপ্তি প্রকাশ কর। হে পৃথিবীর বিচারাধ্যক্ষ, ২
উঠিয়া অহঙ্কারিদিগকে প্রতিফল দেও। হে পরমেশ্বর, ৩
দুষ্টগণ কত কাল, দুষ্টগণ কত কাল দম্ভ করিবে? কুক- ৪
র্ম্মকারি সকল কত অহংকার বাক্য উচ্চারণ ও প্রকাশ
করিয়া আত্মশ্লাঘা করিবে? হে পরমেশ্বর, তাহারা ৫
তোমার লোকদিগকে চূর্ণ করে, ও তোমার প্রজাদিগকে
ক্লেশ দেয়; এবং বিধবাগণকে ও অতিথিদিগকে বধ ৬

৭ করে, ও পিতৃহীনদিগকে হত্যা করে। ও বলে, পরমে-
শ্বর দেখিতে পান না, এবং যাকূবের ঈশ্বর বিবেচনা
করেন না।

৮ হে লোকদের মধ্যে মূঢ়গণ, তোমরা বুদ্ধিমান্ হও;
৯ হে অজ্ঞানেরা, কখন্ জ্ঞানবান্ হইবা? যিনি কর্ণের
সৃষ্টিকর্ত্তা, তিনি কি শুনেন না? যিনি চক্ষুর নির্ম্মাণকর্ত্তা
১০ তিনি কি দেখেন না? যিনি তাবজ্জাতীয়দিগকে শাস্তি
দেন ও তাবৎ মনুষ্যকে জ্ঞান বুঝাইয়া দেন, তিনি কি
১১ শাসন করেন না? পরমেশ্বর মনুয্যের কল্পনা জ্ঞাত
১২ আছেন, কেননা তাহারা অসার। হে পরমেশ্বর, তুমি
যাহাকে শাসন কর এবং আপন শাস্ত্রহইতে শিক্ষা
১৩ দেও, সে ধন্য। কেননা দুষ্টদের নিমিত্তে যাবৎ কবর
খনিত না হইবে, তাবৎ তুমি তাহাকে বিপদসময়ে
১৪ বিশ্রাম দিবা। পরমেশ্বর আপন লোকদিগকে ছাড়িয়া
দিবেন না, ও আপন অধিকার ত্যাগ করিবেন না।
১৫ অবশ্য ধর্ম্মের পক্ষে কর্তৃত্ব ফিরিবে, ও সরলান্তঃকরণ
লোকেরা তাহার পশ্চাদ্গামী হইবে।

১৬ কে আমার পক্ষ হইয়া দুষ্টগণের প্রতিকূলে উঠিবে?
ও কে আমার পক্ষ হইয়া কুকর্ম্মকারিদের বিরুদ্ধে
১৭ দণ্ডায়মান হইবে? পরমেশ্বর যদি আমার উপকারী
না হইতেন, তবে আমার প্রাণ শীঘ্র নীরব স্থানে
১৮ বসতি করিত। হে পরমেশ্বর, আমার চরণ বিচলিত
হয়, এ কথা কহিলে তোমার অনুগ্রহ আমাকে সুস্থির
১৯ রাখে। আমার আন্তরিক ভাবনার বাহুল্যকালে তো-
মার সান্ত্বনার বাক্য সকল আমার মনকে আহ্লাদিত
২০ করে। বিধিদ্বারা উপদ্রবকে প্রচলিত করে যে দুষ্টতার
সিংহাসন, তাহার সহিত তোমার কি কোন সম্পর্ক
২১ আছে? তাহারা ধার্ম্মিকদের প্রাণ আক্রমণ করে, ও

নির্দ্দোষ ব্যক্তিকে রক্তপাতের দোষ দেয়। কিন্তু পর- ২২
মেশ্বর আমার উচ্চ দুর্গ, ও ঈশ্বর আমার আশ্রয় পর্ব্ব-
তস্বরূপ। তিনি তাহাদের অপরাধ তাহাদিগের উপরে ২৩
বর্ত্তাইবেন, ও তাহাদের দুষ্টতাতে তাহাদিগকে উচ্ছিন্ন
করিবেন; আমাদের প্রভু পরমেশ্বর তাহাদিগকে
উচ্ছিন্ন করিবেন।

## ৯৫ গীত।

১ ঈশ্বরের প্রশংসা করিতে বিনতি, ৬ ও অনাজ্ঞাবহ হওনের দণ্ড।

আইস, আমরা পরমেশ্বরের উদ্দেশে আনন্দধ্বনি করি, ১
ও আমাদের ত্রাণরূপ পর্ব্বতের উদ্দেশে আনন্দগান
করি। আমরা তাঁহার ধন্যবাদ করিতে২ তাঁহার ২
সম্মুখে গমন করি, ও তাঁহার উদ্দেশে গীতদ্বারা আন-
ন্দধ্বনি করি। কেননা পরমেশ্বর মহান্ ঈশ্বর ও ৩
তাবৎ দেবতার উপরে মহারাজ। পৃথিবীর তাবৎ ৪
নীচ স্থান তাঁহার হস্তগত, এবং পর্ব্বতের তাবৎ দৃঢ়
স্থান তাঁহার অধিকার। সমুদ্রও তাঁহার, তিনি তাহা ৫
সৃষ্টি করিয়াছেন, ও তাঁহার হস্ত শুষ্ক ভূমি নির্ম্মাণ
করিয়াছে।

আইস, আমরা আপনাদের সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরকে ৬
প্রণাম করি, ও হাঁটু পাতিয়া তাঁহার ভজনা করি।
কেননা তিনি আমাদের ঈশ্বর, ও আমরা তাঁহার পাল- ৭
স্বরূপ প্রজা ও তাঁহার হস্তগত মেষ। অদ্য তোমরা যদি
তাঁহার কথা শুনিতে ইচ্ছা কর, তবে যেমন মিরীবা ৮
(বিবাদের) স্থানে ও প্রান্তরের মধ্যে মঃসার (পরী-
ক্ষার) দিবসে, তেমনি আপন২ অন্তঃকরণ কঠিন
করিও না। কেননা তোমাদের পূর্ব্বপুরুষেরা আমার ৯
বিষয়ে বিচার করিয়া আমার কর্ম্ম দেখিলেও আমার

১০ পরীক্ষা লইল। আমি চল্লিশ বৎসর পর্য্যন্ত সেই
বংশের প্রতি বিরক্ত হইয়া কহিলাম, এই লোকেরা
অন্তঃকরণে ভ্রান্ত হইয়া আমার পথ জানে না।
১১ এই কারণ আমি ক্রোধে এই শপথ করিলাম, ইহারা
আমার বিশ্রামস্থানে প্রবেশ করিবে না।

## ৯৬ গীত।

মহিমার ও কর্তৃত্বের ও শাসনের নিমিত্তে পরমেশ্বরের ধন্যবাদ করিতে বিনতি।

১ পরমেশ্বরের উদ্দেশে নূতন গীত গান কর; হে পৃথি-
বীস্থ লোক সকল, পরমেশ্বরের উদ্দেশে গান কর।
২ পরমেশ্বরের উদ্দেশে গান কর, ও তাঁহার নামের
ধন্যবাদ কর, ও তাঁহার কৃত পরিত্রাণ দিনে২ প্রকাশ
৩ কর; এবং অন্যজাতীয়দের মধ্যে তাঁহার মহিমার
ও তাবৎ লোকের নিকটে তাঁহার আশ্চর্য্য ক্রিয়ার
৪ বর্ণনা কর। কেননা পরমেশ্বর মহান্ ও অতি প্রশং-
৫ সনীয় ও তাবৎ দেবতা অপেক্ষা ভয়ার্হ। অন্যদেশী-
য়দের দেবতা সকল অসারমাত্র, কিন্তু পরমেশ্বর
৬ আকাশের সৃষ্টিকর্ত্তা। প্রতাপ ও ঐশ্বর্য্য তাঁহার অগ্র-
৭ বর্ত্তী, ও তাঁহার ধর্ম্মধামে শক্তি ও সৌন্দর্য্য থাকে। হে
মনুষ্যসন্তানবর্গ, তোমরা পরমেশ্বরের প্রশংসা কর,
পরমেশ্বরের মহিমা ও পরাক্রমের প্রশংসা কর;
৮ এবং পরমেশ্বরের নামের মহিমার প্রশংসা কর, ও
নৈবেদ্য সঙ্গে লইয়া তাঁহার প্রাঙ্গণে উপস্থিত হও।
৯ এবং পবিত্র শোভাতে পরমেশ্বরকে প্রণাম কর; হে
পৃথিবীস্থ লোক সকল, তাঁহার সাক্ষাতে ভীত হও।
১০ এবং 'পরমেশ্বর রাজত্ব করেন,' এ কথা সর্ব্বজাতীয়-
দিগকে বল; তিনি এমন রূপে জগতের স্থিতি করেন,

যে সে কদাচ বিচলিত হয় না; তিনি যথার্থরূপে
লোকদের বিচার করেন। অতএব স্বর্গ আনন্দ করুক, ১১
ও পৃথিবী উল্লাসিত হউক; এবং সমুদ্র ও তন্মধ্যস্থ
সকল গর্জ্জন করুক। এবং ক্ষেত্র ও ক্ষেত্রস্থিত সকল ১২
আহ্লাদিত হউক, ও বনস্থ বৃক্ষগণ পরমেশ্বরের সা-
ক্ষাতে উচ্চধ্বনি করুক। তিনি আসিতেছেন, ও পৃথিবীর ১৩
বিচার করিতে আসিতেছেন; ও তিনি ন্যায়ে জগতের
ও সত্যতাতে লোকদের বিচার করিবেন।

## ৯৭ গীত।

ঈশ্বরের প্রশংসা ও ধার্ম্মিকদের সুখের বর্ণনা।

১ ‘পরমেশ্বর রাজত্ব করেন, অতএব পৃথিবী উল্লাসিত
২ হউক, ও দ্বীপসমূহ আনন্দিত হউক। মেঘ ও অন্ধকার
তাঁহার চতুর্দ্দিগে থাকে, ধর্ম্ম ও সুবিচারের উপরে
৩ তাঁহার সিংহাসন স্থাপিত আছে। অগ্নি তাঁহার
অগ্রগামী হইয়া চতুর্দ্দিগে তাঁহার শত্রুগণকে দগ্ধ করে।
৪ তাঁহার বিদ্যুৎ জগৎকে দীপ্তিমান্ করে, তাহা দেখিয়া
৫ পৃথিবী কম্পান্বিত হয়। পরমেশ্বরের সাক্ষাতে, অর্থাৎ
তাবৎ পৃথিবীর প্রভুর সাক্ষাতে পর্ব্বতগণ মোমের
৬ ন্যায় গলিত হয়। আকাশমণ্ডল তাঁহার ধর্ম্ম প্রকাশ
৭ করে, ও তাবৎ লোক তাঁহার মহিমা দেখে। যে সকল
লোক প্রতিমাপূজা করে ও পুত্তলিকাতে শ্লাঘা করে,
তাহারা লজ্জিত হয়। হে ঈশ্বরের দূত সকল, তোমরা
৮ তাঁহাকে প্রণাম কর।’ এই কথা শুনিয়া সিয়োন্ আন-
ন্দিত হয়; হে পরমেশ্বর, যিহূদার পুরী সকল তোমার
৯ বিচারাজ্ঞার নিমিত্তে আনন্দিত হয়। হে পরমেশ্বর.
তুমি তাবৎ পৃথিবীর উপরে উন্নত ও সকল দেবতা-
১০ হইতে অতি উচ্চপদান্বিত। হে পরমেশ্বরের প্রেমকা-

রিগণ, তোমরা দুষ্টতাকে ঘৃণা কর; তিনি আপন
পুণ্যবান্ লোকদের প্রাণ রক্ষা করেন, ও দুষ্টগণের হস্ত-
১১ হইতে তাহাদিগকে উদ্ধার করেন। ধার্ম্মিক লোকদের
নিমিত্তে দীপ্তি ও সরলান্তঃকরণ লোকদের নিমিত্তে আনন্দ
১২ সঞ্চিত আছে। হে ধার্ম্মিকগণ, পরমেশ্বরেতে আনন্দিত
হও, ও তাঁহার পবিত্রতা স্মরণ করিয়া প্রশংসা কর।

## ৯৮ গীত।

পরমেশ্বরের প্রশংসা করিতে সকলের প্রতি বিনতি।

ধর্ম্মগীত।

১ তোমরা পরমেশ্বরের উদ্দেশে নূতন গীত গান কর,
কেননা তিনি আশ্চর্য্য কর্ম্ম করিয়াছেন, এবং তাঁহার
দক্ষিণ হস্ত ও পবিত্র বাহু পরিত্রাণ সিদ্ধ করিয়াছে।
২ পরমেশ্বর আপনার কৃত পরিত্রাণ জানাইয়াছেন,
ও অন্যজাতীয়দের নিকটে আপন ধর্ম্ম প্রকাশ
৩ করিয়াছেন। এবং ইস্রায়েল্ বংশের প্রতি আপনার
যে অনুগ্রহ ও সত্যতা, তাহা স্মরণ করিয়াছেন; এবং
পৃথিবীর আদ্যোপান্তস্থিত লোকেরা আমাদের ঈশ্ব-
৪ রের কৃত পরিত্রাণ দেখিয়াছে। হে পৃথিবীস্থ সকলে,
পরমেশ্বরের উদ্দেশে জয়ধ্বনি কর ও আনন্দধ্বনি কর ও
৫ উচ্চৈঃস্বর কর ও গান কর; এবং পরমেশ্বরের উদ্দেশে
৬ বীণাতে ও বীণার সহিত স্বরেতে গান কর। এবং তুরী
ও ভেরী বাজাইয়া রাজা পরমেশ্বরের সাক্ষাতে জয়ধ্বনি
৭ কর। সমুদ্র ও তন্মধ্যস্থ সকল এবং জগৎ ও তন্নিবাসি-
৮ গণ গর্জ্জন করুক; এবং নদীগণ করতালী দিউক, ও
৯ পর্ব্বতগণ পরমেশ্বরের সাক্ষাতে উচ্চধ্বনি করুক। কেননা
তিনি পৃথিবীর বিচার করিতে আসিতেছেন; তিনি ন্যায়ে
জগতের ও যাথার্থ্যে লোকদের বিচার করিবেন।

## ৯৯ গীত।

আশ্চর্য্য কর্ম্মকারি ও প্রার্থনা শ্রবণকারি ঈশ্বরের প্রশংসা।

পরমেশ্বর রাজত্ব করেন, তাহাতে লোকেরা কম্পিত ১
হয়; এবং তিনি কিরূবগণের মধ্যে অধিষ্ঠান করেন,
তাহাতে পৃথিবী টলটলায়মান হয়। পরমেশ্বর সি- ২
য়োনে মহান্ ও তাবৎ লোকদের উপরে সমুন্নত।
তাহারা তোমার মহৎ ও ভয়ার্হ নামের প্রশংসা ৩
করিবে, কারণ তুমি পবিত্র। তাহারা সুবিচারে প্রেম- ৪
কারি রাজার পরাক্রমের প্রশংসা করিবে; তুমি সকল
ন্যায় স্থির করিয়াছ, এবং যাকূব বংশের মধ্যে সুবি-
চার ও ধর্ম্ম স্থাপন করিয়াছ। আমাদের প্রভু পরমে- ৫
শ্বরের প্রতিষ্ঠা কর, ও তাঁহার পাদপীঠে প্রণাম কর;
তিনি পবিত্র। তাঁহার যাজকদের মধ্যে যে মূসা ও ৬
হারোণ্, এবং তাঁহার নামে প্রার্থনাকারিদের মধ্যে
যে শিমূয়েল্, ইহারা পরমেশ্বরের কাছে প্রার্থনা
করিত, এবং তিনি তাহাদিগকে উত্তর দিতেন। তিনি ৭
মেঘস্তম্ভে থাকিয়া তাহাদের সহিত কথা কহিতেন;
এবং তাহারা তাঁহার দত্ত সপ্রমাণ বাক্য ও বিধি
পালন করিত। হে আমাদের প্রভো পরমেশ্বর, তুমি ৮
তাহাদিগকে উত্তর দিতা, এবং তাহাদের প্রতি ক্ষমা-
বান ঈশ্বর ছিলা; তথাপি তাহাদের অপকর্ম্মের
নিমিত্তে তাহাদিগকে শাস্তি দিতা। তোমরা আমাদের ৯
প্রভু পরমেশ্বরের প্রতিষ্ঠা কর, এবং তাঁহার পবিত্র
পর্ব্বতে প্রণাম কর, কেননা আমাদের প্রভু পর-
মেশ্বর পবিত্র।

---

## ১০০ গীত।

মহিমা ও পরাক্রম ও অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা।

প্রশংসার্থক ধর্ম্মগীত।

১ হে পৃথিবীস্থ সকলে, তোমরা পরমেশ্বরের উদ্দেশে
২ জয়ধ্বনি কর; এবং আনন্দিত হইয়া পরমেশ্বরের
সেবা কর, ও হর্ষনাদ করিতে২ তাঁহার সম্মুখে গমন
৩ কর। এবং পরমেশ্বর সত্য ঈশ্বর, ইহা জ্ঞাত হও;
আমাদের সৃষ্টি তিনি করিয়াছেন, আমরা করি নাই;
আমরা তাঁহার প্রজা ও তাঁহার ক্ষেত্রের মেষস্বরূপ।
৪ তোমরা প্রশংসাতে তাঁহার দ্বারে ও ধন্যবাদেতে
তাঁহার প্রাঙ্গণে প্রবেশ কর, ও তাঁহার প্রশংসা
৫ কর ও তাঁহার নামের গুণানুবাদ কর। কেননা পর-
মেশ্বর মঙ্গলদাতা, এবং তাঁহার অনুগ্রহ নিত্য, ও
তাঁহার সত্যতা পুরুষানুক্রমে স্থায়ী।

## ১০১ গীত।

দায়ূদের মানত ও প্রতিজ্ঞা।

দায়ূদের ধর্ম্মগীত।

১ আমি অনুগ্রহের ও দণ্ডাজ্ঞার বিষয়ে গান করিব; হে
২ পরমেশ্বর, তোমারই উদ্দেশে গান করিব। আমি
সাবধান হইয়া সরল পথে গমন করিব; তুমি আমার
নিকটে কবে আগমন করিবা? আমার গৃহমধ্যে আমি
৩ সরল ভাবে আচরণ করিব; কোন মন্দ বিষয় লক্ষ্য
করিব না, ও বিপথগমন ঘৃণা করিয়া তাহাতে লিপ্ত
৪ হইব না। কুটিলান্তঃকরণ লোক আমাহইতে দূরীকৃত
হইবে, ও আমি দুষ্ট লোকের সহিত আলাপ করিব
৫ না। যে জন গোপনে নিজ প্রতিবাসির অপবাদ করে,

তাহাকে উচ্ছিন্ন করিব; যাহার সাহঙ্কার দৃষ্টি ও
গর্ব্বিত মন, তাহার প্রতি সহিষ্ণু হইব না। দেশের ৬
বিশ্বস্ত লোক যেন আমার সহিত বাস করে, তন্নিমিত্তে
তাহার প্রতি আমার দৃষ্টি থাকিবে; যে জন সরল
পথাবলম্বী, সেই আমার সেবা করিবে। কিন্তু প্রবঞ্চ- ৭
নাকারী আমার গৃহে বাস করিতে পাইবে না, এবং
মিথ্যাবাদী আমার সাক্ষাতে থাকিতে পাইবে না।
প্রতি প্রভাতে আমি দেশের দুর্জনদিগকে উচ্ছিন্ন করিব, ৮
তাহাতে পরমেশ্বরের নগরহইতে কুকর্ম্মকারিরা ছিন্ন-
ভিন্ন হইবে।

## ১০২ গীত।

পরমেশ্বরের কাছে বিনয়কারি অবসন্ন দুঃখি
লোকের নিবেদন।

হে পরমেশ্বর, আমার প্রার্থনা শুন, ও আমার আর্ত্ত- ১
নাদ তোমার কর্ণগোচর হউক। বিপদের দিনে আমা- ২
হইতে আপন মুখ আচ্ছাদন করিও না, আমার
নিবেদনের প্রতি কর্ণপাত কর, ও আমার প্রার্থনা
করণ সময়ে ত্বরায় আমাকে উত্তর দেও। কেননা ৩
আমার দিন সকল ধূমের ন্যায় ক্ষয় পায়, ও আমার
অস্থি সকল দগ্ধ কাষ্ঠের ন্যায় উত্তপ্ত হয়। এবং আমার ৪
অন্তঃকরণ তৃণের ন্যায় দলিত ও শুষ্ক হওয়াতে আমি
আহার করিতে বিস্মৃত হই। এবং হাহাকার শব্দ ৫
করাতে আমার অস্থি চর্ম্ম বিদ্ধ করে। আমি প্রান্তরস্থ ৬
হাড়গিলার তুল্য ও উচ্ছিন্ন স্থানের পেচকের ন্যায়
হই। এবং ছাতের উপরিস্থ সঙ্গিহীন চটকের ন্যায় ৭
হইয়া জাগ্রৎ থাকি। আমার শত্রুগণ সমস্ত দিন আ- ৮
মাকে নিন্দা করে, ও আমার বিরুদ্ধে ক্রোধান্ধ লোকেরা

৯ আমার প্রতিকূলে শপথ করে। তোমার প্রচণ্ড ক্রোধ
ও কোপ প্রযুক্ত আমি অন্নের ন্যায় ভস্ম ভক্ষণ করি,
১০ এবং পানীয়ের সহিত চক্ষুর জল পান করি। তুমি
অগ্রে আমাকে উঠাইয়া পরে অধঃক্ষেপণ করিলা।
১১ অপরাহ্ণের ছায়ার ন্যায় আমার দিন যায়, আমি
তৃণের ন্যায় শুষ্ক হই।

১২ হে পরমেশ্বর, তুমি সর্ব্বদা সিংহাসনোপবিষ্ট থা-
১৩ কিবা, ও তোমার স্মরণ পুরুষানুক্রমে স্থায়ী। তুমি
উঠিয়া সিয়োনের প্রতি কৃপা করিবা; তাহার প্রতি
দয়া করণের সময় অর্থাৎ নিরূপিত সময় উপস্থিত
১৪ হইল। যেহেতুক তোমার সেবকগণ তাহার প্রস্তরেতে
১৫ তুষ্ট ও তাহার ধূলাতে দয়ার্দ্র হইতেছে। তাহাতে
অন্যজাতীয়েরা পরমেশ্বরের নামে ও পৃথিবীর তাবৎ
১৬ রাজা তাঁহার মহিমাতে ভীত হইবে। কেননা পর-
মেশ্বর সিয়োন্ গাঁথিয়া আপন মহিমাতে দর্শন দিবেন;
১৭ ও দীনহীনদিগের প্রার্থনা গ্রাহ্য করিবেন, তাহাদের
১৮ নিবেদন তুচ্ছ করিবেন না। ভাবি বংশের নিমিত্তে ইহা
লিখিত হইতেছে; যে লোকেরা সৃষ্ট হইবে, তাহারা
১৯ পরমেশ্বরের গুণানুবাদ করিবে। কেননা পরমেশ্বর
আপন উচ্চ ধর্ম্মধামহইতে দৃষ্টিপাত করিয়া স্বর্গহইতে
২০ পৃথিবীকে অবলোকন করিয়া বন্দি লোকের হাহাকার
২১ শুনিবেন, ও মৃতকল্পদিগকে মুক্ত করিবেন। তাহাতে
পরমেশ্বরের সেবা করণার্থে সর্ব্বদেশীয় ও সর্ব্বরাষ্ট্রীয়
২২ লোকেরা একত্র হইলে, সিয়োনে ঈশ্বরের নাম ও
যিরূশালমে তাঁহার প্রশংসা প্রকাশিত হইবে।

২৩ তিনি পথের মধ্যে আমার বলের হ্রাস ও দিবসের
২৪ ক্ষয় করিতেছেন। অতএব আমি কহি, হে আমার
ঈশ্বর, আয়ুর অর্দ্ধেক থাকিতে আমাকে মৃত্যুতে সমর্পণ

করিও না; তোমার বৎসর পুরুষানুক্রমে নূতন। তুমি ২৫
আদিতে পথিবীর মূল স্থাপন করিয়াছ, এবং আকা-
শমণ্ডল তোমার হস্তকৃত। উভয়ই বিনষ্ট হইবে, কিন্তু ২৬
তুমি নিত্য; সে সমস্ত বস্ত্রের ন্যায় জর্জ্জরীভূত হইবে,
এবং তুমি বস্ত্রের ন্যায় খুলিলে তাহার পরিবর্ত্তন
হইবে। কিন্তু তুমি নিত্য, তোমার বৎসরের ক্ষয় ২৭
কদাচ হইবে না। তোমার সেবকদের সন্তানগণ থা- ২৮
কিবে, এবং তাহাদের বংশ তোমার সাক্ষাতে
স্থির থাকিবে।

## ১০৩ গীত।

দয়া ও অনুগ্রহের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা করিতে বিনতি।

দায়ূদের গীত।

হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর; হে আ- ১
মার অন্তরস্থ সকল, তাঁহার পবিত্র নামের ধন্যবাদ
কর। হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর, ও ২
তাঁহার সকল হিতকর্ম্ম বিস্মৃত হইও না। তিনি তোমার ৩
তাবৎ অপরাধ মার্জ্জনা করেন, ও তোমার সকল
রোগের শান্তি করেন এবং বিনাশহইতে তোমার ৪
প্রাণকে উদ্ধার করেন, এবং অনুগ্রহ ও দয়ারূপ মুকু-
টেতে তোমাকে ভূষিত করেন; এবং উত্তম দ্রব্যে ৫
তোমার মুখকে তৃপ্ত করেন; তাহাতে উৎক্রোশ
পক্ষির ন্যায় পুনর্ব্বার তোমার নূতন যৌবন হয়।

পরমেশ্বর ন্যায় সাধন করেন, ও তাবৎ উপদ্রুত ৬
লোকের নিমিত্তে বিচার নিষ্পত্তি করেন। তিনি মূসাকে ৭
আপনার পথ ও ইস্রায়েল্ বংশকে আপনার কর্ম্ম
জানাইয়াছেন। পরমেশ্বর কৃপাময় ও দয়ালু এবং ৮
ক্রোধে ধীর ও অনুগ্রহেতে মহান্। তিনি নিরন্তর ভর্ৎ- ৯

১০ সদা করেন না, ও সর্ব্বদা অসন্তুষ্ট থাকেন না। তিনি
আমাদের পাপানুসারে আমাদের সহিত ব্যবহার
করেন না, ও আমাদের অপরাধানুসারে প্রতিফল
১১ দেন না। কিন্তু পৃথিবী অপেক্ষা যেমন আকাশমণ্ডল
উচ্চ, তদ্রূপ তাঁহার ভয়কারিদের প্রতি তাঁহার অনু-
১২ গ্রহ বড়। উদয়াচলহইতে যেমন অস্তাচল দূর, তদ্রূপ
তিনি আমাদের হইতে আমাদের পাপ সকলকে
১৩ দূর করেন। পুত্রের প্রতি যাদৃশ পিতার স্নেহ, আপন
ভয়কারিদের প্রতি পরমেশ্বরেরও তাদৃশ স্নেহ আছে।
১৪ তিনি আমাদের স্বভাব জানেন; আমরা যে ধূলীমাত্র,
১৫ ইহা তাঁহার স্মরণে থাকে। মর্ত্ত্যের দিন তৃণবৎ, সে
১৬ ক্ষেত্রপুষ্পের ন্যায় প্রফুল্ল হয়। তাহার উপরে এক
বার বায়ু বহিলে সে আর থাকে না; এবং কোথায়
১৭ ছিল, তাহার চিহ্নও দৃষ্ট হয় না। কিন্তু আপন
ভয়কারিদের প্রতি পরমেশ্বরের অনুগ্রহ আদ্যোপান্ত
১৮ আছে; এবং যাহারা তাঁহার নিয়ম মানে ও তাঁহার
আজ্ঞা মনে রাখিয়া পালন করে, তাহাদের উপরে
১৯ তাঁহার ধর্ম্ম বংশানুক্রমে বর্ত্তে। পরমেশ্বর স্বর্গের
মধ্যে আপনার সিংহাসন স্থাপন করিয়া আপন রাজ্যে
সকলের উপরে কর্ত্তৃত্ব করেন।

২০ হে পরমেশ্বরের আজ্ঞাকারি ও বাক্যের রব শ্রবণ-
কারি মহাপরাক্রমি দূতগণ, তোমরা তাঁহার ধন্যবাদ
২১ কর। হে পরমেশ্বরের সেবাকারি ও তাঁহার
অভিমত সাধনকারি সৈন্যগণ, তোমরা তাঁহার
২২ ধন্যবাদ কর। হে পরমেশ্বরের সৃষ্ট বস্তু সকল,
তোমরা তাঁহার রাজ্যের সর্ব্বত্র তাঁহার ধন্য-
বাদ কর। হে আমার মন, পরমেশ্বরের ধন্য-
বাদ কর।

## ১০৪ গীত।

ঈশ্বরের গুন ও কর্ম্মের বর্ণনা ও প্রশংসা।

হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর; আমার ১
প্রভু পরমেশ্বর অতি মহান্ এবং প্রতাপে ও ঐশ্বর্য্যে
বিভূষিত। তিনি দীপ্তিরূপ বস্ত্র পরিধান করেন, ও ২
আকাশকে চন্দ্রাতপের ন্যায় বিস্তারিত করেন। তিনি ৩
জলদ্বারা আপন উচ্চগৃহ নির্ম্মাণ করেন, ও মেঘকে
রথস্বরূপ ও বায়ুকে পক্ষস্বরূপ করিয়া গমনাগমন
করেন। তিনি আপন দূতগণকে বায়ুস্বরূপ ও আপন ৪
সেবকদিগকে অগ্নিশিখাস্বরূপ করেন। তিনি পৃথিবীর ৫
মূল এমত স্থাপন করিয়াছেন, যে সে কদাচ বিচলিত
হয় না। তিনি গম্ভীর জলরূপ বস্ত্রে পৃথিবীকে আচ্ছা- ৬
দিত করিলে জল পর্ব্বতের উপরিস্থ হইল। কিন্তু ৭
তাঁহার ভর্ৎসনাতে পলায়ন করিল, ও তাঁহার গর্জ্জন-
ধ্বনিতে বেগে গমন করিল। তাঁহার নিরূপিত স্থানে ৮
পর্ব্বত উঠিল ও উপত্যকা নামিল। তিনি তাহার ৯
এমন এক সীমা রাখিলেন, যে ঐ জল তাহা লঙ্ঘন
করিয়া পৃথিবীকে পুনর্ব্বার আচ্ছাদন করিতে পারে
না। তিনি নিম্নস্থানে উনুই বহাইলে সে পর্ব্বতগণের ১০
মধ্যে ভ্রমণ করে। ক্ষেত্রস্থ পশুগণ তাহার জল পান ১১
করে, ও বনগর্দ্দভ আপন তৃষ্ণা নিবারণ করে। এবং ১২
শূন্যের পক্ষিগণ তাহার নিকটে বাসা করে, ও ডালে
বসিয়া গান করে। তিনি আপন উচ্চগৃহহইতে পর্ব্বত- ১৩
গণকে সেচন করেন, তাহাতে তাঁহার কর্ম্মফলেতে
পৃথিবী পরিতৃপ্ত হয়। তিনি পশুগণের নিমিত্তে তৃণ ১৪
ও মনুষ্যের সেবার্থে শাক বৃদ্ধি করেন। এবং মনুষ্যের ১৫
মনের আনন্দকারি মদিরা ও তাহার মুখের প্রসন্নতা-

জনক তৈল, ও তাহার হৃদয় দৃঢ়কারি শস্য ইত্যাদি
১৬ খাদ্যদ্রব্য পৃথিবীহইতে উৎপন্ন করেন। পরমেশ্বরের
বৃক্ষ সকল, অর্থাৎ লিবানোনের এরসবৃক্ষ প্রভৃতি
যাহা২ তিনি রোপণ করিয়াছেন, সে সমস্তই রসেতে
১৭ পরিপূর্ণ। তাহার মধ্যে ক্ষুদ্র পক্ষিগণ বাসা করে, ও
১৮ দেবদারু বৃক্ষে বকের বাসা আছে। এবং উচ্চ পর্ব্বত
বনছাগের অধিকার, ও শৈল সকল শাফন্ পশুর
আশ্রয়।

১৯ তিনি কালকে বিশেষ২ করণার্থে চন্দ্রের সৃষ্টি করি-
য়াছেন, এবং সূর্য্যও আপন অস্তগমনের সময় জানে।
২০ তিনি অন্ধকারদ্বারা রাত্রি উপস্থিত করিলে বনপশু
২১ সকল বহির্গত হয়। তরুণ সিংহগণ আহারের নিমিত্তে
২২ গর্জ্জন করিয়া ঈশ্বরহইতে খাদ্য চেষ্টা করে। সূর্য্যো-
দয় হইলে তাহারা ফিরিয়া আপন২ গুহাতে শয়ন
২৩ করে। তখন মনুষ্য সায়ংকাল পর্য্যন্ত আপন২ কর্ম্মে
২৪ শ্রম করিতে বহির্গত হয়। হে পরমেশ্বর, তোমার
কর্ম্ম কেমন বহুবিধ! তুমি জ্ঞানেতে তাবৎ সৃষ্টি করি-
য়াছ; এই পৃথিবী তোমার ঐশ্বর্য্যেতে পরিপূর্ণ।
২৫ ঐ সমুদ্র দেখ, তাহা কেমন মহৎ ও বিস্তারিত, তন্মধ্যে
অসংখ্য জলচর এবং ক্ষুদ্র ও মহান্ কত জন্তু থাকে।
২৬ তাহার মধ্যদিয়া জাহাজ চলে, ও খেলা করণের
নিমিত্তে তন্মধ্যে তুমি লিবিয়াথনের সৃষ্টি করিয়াছ
২৭ তাহারা সকলে উচিত কালে তোমার দত্ত খাদ্য পাই-
২৮ বার জন্যে তোমার অপেক্ষা করে। তুমি তাহাদি-
গকে যাহা দেও তাহা তাহারা সঞ্চয় করে; তুমি
আপন হস্ত মুক্ত করিলে তাহারা মঙ্গলেতে তৃপ্ত হয়।
২৯ কিন্তু তুমি আপন মুখ আচ্ছাদন করিলে তাহারা
ব্যাকুল হয়, এবং তাহাদের প্রাণ অপহরণ করিলে

তাহারা মরিয়া পুনরায় ধূলিতে লীন হয়। তুমি আ- ৩০
পন আত্মা প্রেরণ করিলে তাহারা সৃষ্ট হয়; তুমি
ভূমির মুখকে পুনঃ২ প্রফুল্ল করিতেছ।
পরমেশ্বরের মহিমা নিত্যস্থায়ী, তিনি আপন কার্য্যে ৩১
আনন্দিত হন। তিনি পৃথিবীতে দৃষ্টি করিলে সে ৩২
কম্পান্বিত হয়, ও পর্ব্বতগণকে স্পর্শ করিলে তাহারা
ধূমময় হয়। আমি যাবজ্জীবন পরমেশ্বরের উদ্দেশে ৩৩
গান করিব, ও যাবজ্জীবন আমার ঈশ্বরের গুণানুবাদ
করিব। তাঁহার বিষয়ে আমার ধ্যান সুখদায়ক হইবে, ৩৪
ও আমি পরমেশ্বরেতে আনন্দ করিব। পাপিগণ ৩৫
পৃথিবীহইতে উচ্ছিন্ন হইবে, ও দুষ্টগণ আর থাকিবে
না। হে আমার মন, পরমেশ্বরের গুণানুবাদ কর।
তোমরা পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১০৫ গীত।

ইস্রায়েল্ লোকদের প্রতি ঈশ্বরের ব্যবহারের বর্ণনা।

পরমেশ্বরের প্রশংসা কর ও তাঁহার নামে প্রার্থনা ১
কর, ও লোকদের কাছে তাঁহার ক্রিয়া সকল প্রকাশ
কর। তাঁহার উদ্দেশে গান কর, ও তাঁহার উদ্দেশে ২
গীত গাও, ও তাঁহার আশ্চর্য্য কর্ম্ম সকল মনেতে ধ্যান
কর। তাঁহার পবিত্র নামের শ্লাঘা কর; পরমেশ্ব- ৩
রের অন্বেষণকারিদের অন্তঃকরণ আনন্দযুক্ত থাকুক।
পরমেশ্বরের ও তাঁহার শক্তির অন্বেষণ কর, ৪
ও সর্ব্বদা তাঁহার মুখের অন্বেষণ কর। হে তাঁহার ৫
সেবক ইব্রাহীমের বংশ, হে তাঁহার মনোনীত
যাকবের বংশ, তাঁহার কৃত আশ্চর্য্য কর্ম্ম সকল ৬
ও তাঁহার অদ্ভুত লক্ষণ ও তাঁহার মুখের দণ্ডাজ্ঞা
স্মরণ কর।

৭ তিনি আমাদের প্রভু পরমেশ্বর, এবং তাবৎ পৃথি-
৮ বীতে তাঁহার রাজশাসন আছে। তিনি আপন নিয়ম,
অর্থাৎ সহস্র পুরুষ পরম্পরাকে যে আজ্ঞা করিয়াছেন,
৯ ও ইব্রাহীমের সহিত যে নিয়ম করিয়াছেন, ও ইস্হা-
কের প্রতি যে শপথ করিয়াছেন, তাহা সর্ব্বদা স্মরণ
১০ করেন। তিনি যাকূবের সহিত এক ব্যবস্থা ও ইস্রায়ে-
১১ লের সহিত এক চিরস্থায়ি নিয়ম স্থির করিয়া কহিলেন,
আমি তোমাকে নির্ণীত অধিকারার্থে কিনান্ দেশ
১২ দিব। তৎকালে তাহারা সংখ্যাতে অনেক নয়, অত্যল্প
১৩ ও সেই দেশে প্রবাসী ছিল। এবং এক অঞ্চলহইতে
অন্য অঞ্চলে ও এক রাজ্যহইতে অন্য রাজ্যে ভ্রমণ
১৪ করিত। তথাপি তিনি তাহাদের উপদ্রব করিতে কাহা-
কেও দিতেন না, বরং তাহাদের নিমিত্তে রাজগণকে
১৫ ভর্ৎসনা করিয়া কহিতেন, আমার অভিষিক্তদিগকে
স্পর্শও করিও না, এবং আমার ভবিষ্যদ্বক্তৃগণের হিংসা
১৬ করিও না। পরে তিনি পৃথিবীতে দুর্ভিক্ষ আহ্বান
১৭ করিয়া ভক্ষ্যরূপ তাবৎ যষ্টি ভগ্ন করিলেন। কিন্তু
তাহাদের অগ্রে এক ব্যক্তিকে প্রেরণ করিলেন; যূষফ
১৮ দাসের ন্যায় বিক্রীত হইল। লোকেরা বেড়ীদ্বারা তা-
হার চরণকে ক্লেশ দিল, আর লৌহদ্বারা তাহার প্রাণ
১৯ বিদ্ধ হইল। কিন্তু তাহার কথা সফল হইলে, ও পরমে-
২০ শ্বরের বাক্যদ্বারা তাহার পরীক্ষা হইলে পর রাজা
লোক পাঠাইয়া তাহাকে উদ্ধার করিল, ও নরপতি
২১ তাহাকে মুক্ত করিল। এবং ইচ্ছানুসারে রাজপুত্র-
২২ দিগকে বদ্ধ করিতে ও মন্ত্রিগণকে শিক্ষা দিতে তাহাকে
আপন গৃহের কর্ত্তা ও সর্ব্বস্বের অধ্যক্ষ করিয়া
রাখিল।

২৩ পরে ইস্রায়েল্ মিসর্দেশে গেল, ও যাকূব্ হাম্

দেশে প্রবাস করিতে লাগিল। তখন ঈশ্বর আপন ২৪
লোকদের অতিশয় বংশবৃদ্ধি করিলেন, ও শত্রুগণ-
হইতে তাহাদিগকে বলবন্ত করিলেন। এবং আপন ২৫
প্রজাদিগকে ঘৃণা করিতে ও আপন ভৃত্যগণকে বঞ্চনা
করিতে শত্রুদের মনে প্রবৃত্তি দিলেন। পরে নিজ দাস ২৬
মূসাকে ও আপনার মনোনীত হারোণ্‌কে পাঠাই-
লেন। তাহারা লোকদের মধ্যে তাঁহার চিহ্ন ও হাম্‌ ২৭
দেশে আশ্চর্য্য কর্ম্ম দর্শন করাইল। তিনি অন্ধকার ২৮
প্রেরণ করিলে সকল অন্ধকারময় হইল, তাহাতে
(শত্রুগণ) তাঁহার বাক্যের বিরুদ্ধাচরণ করিতে পারিল
না। তিনি তাহাদের তাবৎ জল রক্ত করিয়া মৎস্য- ২৯
গণকে সংহার করিলেন। ও ভূমিজাত অগণ্য ভেক ৩০
তাহাদের রাজগণের অট্টালিকাতে আইল। এবং ৩১
তাঁহার আজ্ঞাতে মশকের ঝাঁক ও উকুন তাহাদের
সমস্ত প্রদেশে উপস্থিত হইল। এবং তাহাদের দেশে ৩২
বৃষ্টির পরিবর্ত্তে শিলা ও শিখাযুক্ত অগ্নি বর্ষণ করি-
লেন। এবং তাহাদের দ্রাক্ষালতা ও ডুম্বুরবৃক্ষে আঘাত ৩৩
করিয়া তাহাদের তাবৎ প্রদেশের তরু ভগ্ন করিলেন।
এবং তাঁহার আজ্ঞাতে পঙ্গপাল ও অসংখ্য কীট ৩৪
আগমন করিয়া তাহাদের দেশের সমুদায় তৃণ ও ৩৫
ভূমির তাবৎ ফল ভক্ষণ করিল। তিনি তাহাদের ৩৬
প্রধান বলকে অর্থাৎ তাহাদের দেশীয় সমুদয় প্রথম-
জাত সন্তানকে হনন করিলেন।

পরে তিনি সুবর্ণ রৌপ্যের সহিত আপন লোক- ৩৭
দিগকে বহির্গত করিলেন, তাহাদের বংশের মধ্যে এক
জনও দুর্ব্বল হইল না। তাহাদের নির্গমনেতে মিস্রীয় ৩৮
লোকেরা আনন্দিত হইল, কেননা তাহারা তাহাদের
হইতে ভয়গ্রস্ত ছিল। তিনি আচ্ছাদনের জন্যে মেঘ ৩৯

ও রাত্রিতে দীপ্তি দিবার নিমিত্তে অগ্নি বিস্তারিত করি-
৪০ লেন। তাহারা যাচ্ঞা করিলে তিনি ভাঁটুই পক্ষি-
গণকে আনাইলেন ও স্বর্গীয় ভক্ষ্যেতে তাহাদিগকে
৪১ তৃপ্ত করিলেন। তিনি পর্ব্বত খুলিলে জল বাহিরে
বহিয়া নদীর স্রোতের ন্যায় শুষ্ক প্রদেশে গমন করিল।
৪২ এই রূপে তিনি আপন পবিত্র প্রতিজ্ঞা ও আপন
৪৩ সেবক ইব্রাহীমকে মনে করিলেন। এবং উল্লাসেতে
আপন প্রজাদিগকে ও উচ্চধ্বনিতে আপন মনোনীত
৪৪ লোকদিগকে বাহির করিলেন। তাহারা যেন তাঁহার
বিধি মান্য করে ও তাঁহার ব্যবস্থা পালন করে,
৪৫ তন্নিমিত্তে তাহাদিগকে অন্যজাতীয়দের ভূমি প্রদান
করিলেন, এবং অন্য লোকদের কর্ম্মফল তাহাদিগকে
ভোগ করাইলেন। পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১০৬ গীত।

ঈশ্বরের প্রতি ইস্রায়েল্ লোকদের ব্যবহার বর্ণনা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর, ও পরমেশ্বরের প্রশংসা
কর; তিনি মঙ্গলদাতা ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।
২ পরমেশ্বরের মহৎকর্ম্ম সকল বর্ণনা করা কাহার সাধ্য?
ও তাঁহার তাবৎ প্রশংসা প্রকাশ করিতে কে পারে?
৩ যাহারা তাঁহার রাজনীতি পালন করে ও সর্ব্বদা
৪ ধর্ম্মাচরণ করে, তাহারাই ধন্য। হে পরমেশ্বর, তো-
মার প্রজাদের প্রতি তোমার যে অনুগ্রহ, তদনুসারে
আমাকে স্মরণ কর, ও আমার তত্ত্বাবধারণ করিয়া
৫ আমাকে পরিত্রাণ কর। তাহাতে আমি তোমার
মনোনীতগণের মঙ্গল দেখিতে পাইব, ও তোমার
লোকদের আনন্দে আনন্দ করিব, ও তোমার অধি-
কারের সহিত শ্লাঘা করিব।

আমাদের পূর্ব্বপুরুষেরা ও আমরা পাপ ও অপ- ৬
রাধ ও অধর্ম্ম করিয়াছি। আমাদের পূর্ব্বপুরুষেরা ৭
মিসর্দেশে তোমার আশ্চর্য্য কর্ম্ম বুঝিল না, ও তো-
মার প্রচুর অনুগ্রহ স্মরণ করিল না, বরং সাগরের
অর্থাৎ সূফ্ সাগরের নিকটে বিরুদ্ধাচরণ করিল। তথাপি ৮
তিনি আপন নামের গুণে ও আপন মহিমা প্রকাশার্থে
তাহাদিগকে পরিত্রাণ করিলেন। তিনি সূফ্ সাগরকে ৯
ধমকাইলে সে শুষ্ক হইল, তাহাতে তিনি প্রান্তরের
ন্যায় গভীর সমুদ্রের মধ্য দিয়া তাহাদিগকে গমন
করাইলেন। এই রূপে তিনি ঘৃণাকারিদের হস্তহইতে ১০
তাহাদিগকে ত্রাণ করিলেন, ও শত্রুগণের হস্তহইতে
তাহাদিগকে মুক্ত করিলেন। সমুদ্রের জল তাহাদের ১১
বৈরিগণকে আচ্ছন্ন করিল, এক জনও অবশিষ্ট রহিল
না। তখন তাহারা তাঁহার বাক্যে বিশ্বাস করিয়া ১২
তাঁহার প্রশংসার গান করিতে লাগিল।

পরে তাহারা ত্বরায় তাঁহার কর্ম্ম বিস্মৃত হইল, ও ১৩
তাঁহার উপদেশের অপেক্ষা করিল না। তাহারা ১৪
প্রান্তরের মধ্যে অত্যন্ত কুলোভ করিল, ও মরুভূমিতে
ঈশ্বরের পরীক্ষা লইল। তিনি তাহাদের প্রার্থিত ১৫
তাহাদিগকে দিলেন, কিন্তু তাহাদের মনে ক্ষীণতা
প্রেরণ করিলেন। তাহারা শিবিরের মধ্যে মূসাকে ও ১৬
পরমেশ্বরের পবিত্রীকৃত হারোণ্কে ঈর্য্যা করিতে
লাগিল। তাহাতে পৃথিবী বিদীর্ণ হইয়া দাথন্কে গ্রাস ১৭
করিল ও অবীরামের দলকে আচ্ছাদন করিল; এবং ১৮
তাহাদের দলের মধ্যে অগ্নি প্রজ্বলিত হইলে তাহার
শিখাদ্বারা দুষ্টগণ দগ্ধ হইল। তাহারা হোরেব্ পর্ব্বতে ১৯
ছাঁচে ঢালা গোবৎসাকৃতি এক প্রতিমা নির্ম্মাণ করিয়া
তাহার পূজা করিল; এবং তৃণখাদক গোবৎসের ২০

প্রতিমার মূল্যরূপে আপনাদের গৌরবকে ত্যাগ
২১ করিল; এবং মিসর্দেশে মহৎ কর্ম্মকারি ও হাম্
২২ দেশে আশ্চর্য্য কর্ম্মকারি ও সূফ্ সাগরে ভয়ানক
কর্ম্মকারি আপনাদের ত্রাণকর্ত্তা ঈশ্বরকে বিস্মৃত
২৩ হইল। তাহাতে তিনি কহিলেন, আমি উহাদিগকে
সংহার করিব; কিন্তু তাঁহার মনোনীত মূসা তাঁহার
সাক্ষাতে ভগ্ন বেড়ার দ্বারে দাঁড়াইয়া তাঁহার কোপ
সম্বরণ করাইয়া তাহাদের বিনাশ নিবারণ করিল।
২৪ পরে তাহারা রম্য দেশ তুচ্ছ করিয়া তাঁহার কথাতে
২৫ বিশ্বাস করিল না। এবং আপন ২ তাম্বুর মধ্যে বচসা
করিয়া পরমেশ্বরের বাক্যে মনোযোগ করিল না।
২৬ অতএব তিনি আপনার হস্ত তুলিয়া তাহাদের প্রতি-
কূলে এই শপথ করিলেন, আমি উহাদিগকে প্রান্তরে
২৭ নিপাত করিব, ও উহাদের সন্তানদিগকে অন্যজাতী-
য়দের মধ্যে নিপাত করিব, ও দেশবিদেশে ছিন্ন ভিন্ন
২৮ করিব। পরে তাহারা বাল্পিয়োরের মতাবলম্বী হইয়া
২৯ মৃত লোকের শ্রাদ্ধে ভোজন করিল। এই রূপ কদা-
চরণেতে তাঁহাকে বিরক্ত করিল, এই জন্যে তাহাদের
৩০ মধ্যে মহামারী উপস্থিত হইল। কিন্তু পীনিহস দণ্ডায়-
মান হইয়া উচিত বিচার করিলে সেই মহামারী নিবৃত্ত
৩১ হইল। তন্নিমিত্তে ঐ কর্ম্ম পুরুষানুক্রমে সদাকাল
৩২ পর্য্যন্ত তাহার পুণ্যরূপে গণিত হইল। তাহারা মিরী-
বার জলে তাঁহার ক্রোধ প্রজ্বলিত করিলে তাহাদের
৩৩ দ্বারা মূসার মন্দ হইল। কেননা তাহারা তাহার
আত্মাকে বিরক্ত করিলে সে আপন ওষ্ঠাধরে অনুচিত
কথা কহিল।
৩৪ যে জাতিদের বিষয়ে পরমেশ্বর তাহাদিগকে আজ্ঞা
দিয়াছিলেন, তাহাদিগকে তাহারা বিনষ্ট করিল না;

কিন্তু অন্যজাতীয়দের সহিত মিশ্রিত হইয়া তাহাদের ৩৫
কর্ম্ম শিক্ষা করিতে লাগিল; এবং তাহাদের প্রতিমা ৩৬
সেবা করিলে সেই কর্ম্ম তাহাদের ফাঁদস্বরূপ হইল।
তাহারা আপন২ পুত্র কন্যাগণকে দেবতাদের উদ্দেশে ৩৭
বলিদান করিল, এবং নির্দ্দোষদের রক্ত অর্থাৎ কিনা- ৩৮
নীয় দেবতাদের উদ্দেশে বলীকৃত আপন২ পুত্র কন্যা-
দের রক্ত পাত করিল; তাহাতে সেই রক্তদ্বারা দেশ
অপবিত্র হইল। এবং তাহারাও সেই কর্ম্মে অশুচি ৩৯
ও কদাচারে ব্যভিচারী হইল। তাহাতে আপন প্রজা- ৪০
দের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি
আপন অধিকারকে ঘৃণা করিলেন। এবং তাহাদিগকে ৪১
অন্যজাতীয়দের হস্তে সমর্পণ করিলেন, তাহাতে বৈরি-
গণ তাহাদের উপরে কর্তৃত্ব করিল। এবং শত্রুগণ ৪২
তাহাদের প্রতি উপদ্রব করিলে তাহারা তাহাদের
হস্তের বশভাপন্ন হইল। তিনি তাহাদিগকে অনেক ৪৩
বার উদ্ধার করিলেন, কিন্তু তাহারা আপন২ পরাম-
র্শদ্বারা তাঁহাকে বিরক্ত করিয়া আপনাদের দোষে
দীনহীন হইল। তথাচ তিনি তাহাদের প্রার্থনা শুনিবা- ৪৪
মাত্র তাহাদের দুঃখের প্রতি কৃপাদৃষ্টি করিলেন; এবং ৪৫
তাহাদের মঙ্গলার্থে আপনার নিয়ম স্মরণ করিলেন,
ও নিজ অনুগ্রহের বাহুল্যানুসারে তাহাদিগকে দয়া
করিলেন। এবং যাহারা তাহাদিগকে বন্দি করিয়া- ৪৬
ছিল, তাহাদের কৃপাপাত্র তাহাদিগকে করিলেন।

হে আমাদের প্রভো পরমেশ্বর, আমরা যেন তো- ৪৭
মার পবিত্র নামের ধন্যবাদ ও তোমার প্রশংসাতে
শ্লাঘা করি, তন্নিমিত্তে আমাদিগকে ত্রাণ কর ও
অন্যজাতীয়দের মধ্যহইতে সংগ্রহ কর।

ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আদ্যন্ত পর্য্যন্ত ধন্য ৪৮

হউন; 'এমনি হউক,' এ কথা সকল লোক বলুক। পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১০৭ গীত।

১ ভ্রমণকারি, ১০ ও বন্দি, ১৭ ও দুঃখগ্রস্ত, ২৩ ও জাহাজীয়, ৩৩ ও অন্যান্য লোকদের প্রতি ঈশ্বরের অনুগ্রহের বর্ণনা।

১ পরমেশ্বরের প্রশংসা কর, কেননা তিনি মঙ্গলদাতা ও
২ তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। পরমেশ্বরের মুক্ত লো-
কেরা অর্থাৎ তিনি যাহাদিগকে শত্রুদের হস্তহইতে
৩ মুক্ত করিয়া পূর্ব্ব ও পশ্চিম ও উত্তর ও দক্ষিণ এই
চারি দিকস্থ দেশদেশান্তরহইতে সংগ্রহ করিলেন, তা-
৪ হারা এই রূপ বলুক। তাহারা লোকালয় না পাইয়া
৫ প্রান্তরমধ্যে ও নির্জ্জন পথে ভ্রমণ করিত; এবং
ক্ষুধার্ত্ত ও তৃষ্ণার্ত্ত হওয়াতে তাহাদের প্রাণ মূর্চ্ছাপন্ন
৬ ছিল। এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের
প্রতি কাকুক্তি করিলে তিনি তাহাদিগকে কষ্টহইতে
৭ ত্রাণ করিলেন; এবং কোন লোকালয়ে লইয়া যাই-
বার নিমিত্তে তাহাদিগকে সরল পথে গমন করাই-
৮ লেন। অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহ ও মনুষ্য-
সন্তানদের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্ম প্রযুক্ত তাঁহার
৯ প্রশংসা করুক। তিনি ক্ষীণ ব্যক্তিকে আপ্যা-
য়িত করেন, ও ক্ষুধিত ব্যক্তিকে উত্তম দ্রব্যে তৃপ্ত
করেন।

১০ কোন লোকেরা লৌহশৃঙ্খলে ও দুঃখে বদ্ধ হইয়া
১১ অন্ধকারে ও মৃত্যুচ্ছায়াতে বসিয়া আছে। কেননা
তাহারা ঈশ্বরের বাক্যের বিরুদ্ধাচরণ করিত, ও সর্ব্বো-
১২ পরিস্থের পরামর্শ তুচ্ছ করিত। তিনি তাহাদের
মনকে ক্লেশে নত করেন, তাহাতে তাহারা পতিত

হইলে কেহ তাহাদের উপকারী হয় না। এমত বিপ- ১৩
দের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে কাকূক্তি করিলে
তিনি তাহাদিগকে কষ্টহইতে ত্রাণ করেন ; এবং তা- ১৪
হাদের বন্ধন ছেদন করিয়া তাহাদিগকে অন্ধকার ও
মৃত্যুচ্ছায়াহইতে নিস্তার করেন। অতএব তাহারা ১৫
পরমেশ্বরের অনুগ্রহ ও মনুষ্যসন্তানদের প্রতি তাঁহার
আশ্চর্য্য কর্ম্ম প্রযুক্ত তাঁহার প্রশংসা করুক। তিনি ১৬
পিত্তলের কবাট ভগ্ন করেন, ও লৌহময় হুড়কা
ছেদন করেন।

অজ্ঞান লোকেরা আপন২ পাপকর্ম্ম ও দোষের ১৭
নিমিত্তে ক্লেশ পায়। কোন খাদ্য সামগ্রীতে তাহাদের ১৮
রুচি হয় না; তাহারা মৃত্যুদ্বারের নিকটে উপস্থিত
হয়। এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে ১৯
কাকূক্তি করিলে তিনি তাহাদিকে কষ্টহইতে ত্রাণ
করেন। এবং আপনার বাক্য প্রেরণ করিয়া তাহা- ২০
দিগকে সুস্থ করিয়া বিনাশহইতে নিস্তার করেন।
অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহ ও মনুষ্যসন্তা- ২১
নদের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্ম প্রযুক্ত তাঁহার
প্রশংসা করুক; এবং প্রশংসার্থক বলি উৎসর্গ করিয়া ২২
আনন্দধ্বনিতে তাঁহার কর্ম্মের বর্ণনা করুক।

যে লোকেরা সমুদ্রের মধ্যে জাহাজে গমনাগমন ২৩
করে, ও জলসমূহের মধ্যে ব্যবসায় করে, তাহারা ২৪
গভীর জলে পরমেশ্বরের কর্ম্ম ও আশ্চর্য্য ক্রিয়া .
দেখিতে পায়। তিনি আজ্ঞা দিলে প্রচণ্ড বায়ু উপস্থিত ২৫
হইয়া তরঙ্গ উঠায়। তাহাতে তাহারা কখন আকাশে ২৬
উঠে ও কখন গভীর জলে নামে; এই বিপদে তাহা-
দের প্রাণ গলিত হয়। তাহারা মত্ত মনুষ্যের ন্যায় ২৭
হেলিয়া দুলিয়া ঢলিয়া পড়ে ও হতবুদ্ধি হয়। এমত ২৮

বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে কাকুক্তি
করিলে তিনি তাহাদিগকে কষ্টহইতে নিস্তার করেন;
২৯ এবং ঝড়কে নির্ব্বাত করিয়া তরঙ্গ শান্ত করেন।
৩০ তাহাতে তাহারা শান্তি পাইয়া পরমানন্দিত হয়;
এই রূপে তিনি তাহাদিগকে বাঞ্ছিত স্থলে লইয়া
৩১ যান। অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহ ও
মনুষ্যসন্তানদের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্ম প্রযুক্ত
৩২ তাঁহার প্রশংসা করুক; এবং লোকদের সমাজে
তাঁহার প্রতিষ্ঠা করুক, ও প্রাচীনদের সভাতে তাঁহার
ধন্যবাদ করুক।
৩৩ তিনি নদীকে প্রান্তর ও জলের উনুইকে শুষ্ক ভূমি
৩৪ করেন; এবং নিবাসিদের কদাচরণ প্রযুক্ত উর্ব্বরা ভূমিকে
৩৫ লোণা করেন; আর প্রান্তরকে জলাশয় ও মরুভূমিকে
৩৬ উনুই করেন; এবং সেখানে ক্ষুধিত লোকদিগকে
বাস করান; তাহাতে তাহারা লোকালয় প্রস্তুত
৩৭ করে, এবং ক্ষেত্রে বীজ বপন ও দ্রাক্ষালতা রোপণ
৩৮ করিয়া বহু ফল উৎপন্ন করে। তিনি তাহাদিগকে
আশীর্ব্বাদ করেন, তাহাতে তাহারা বর্দ্ধিষ্ণু হয়, ও
৩৯ তাহাদের পশুগণ অনেক হয়। পরে তাহারা উপদ্রব
ও বিপদ ও শোকদ্বারা দীনহীন ও অধঃপতিত হয়।
৪০ তিনি প্রধান লোকদিগকে অবজ্ঞাতে মগ্ন করিয়া পথ-
৪১ হীন মরু স্থানে ভ্রমণ করান। তিনি দরিদ্রদিগকে দুঃখ-
হইতে উচ্চ পদে আনেন, ও পালের ন্যায় তাহাদের
৪২ পরিজন বৃদ্ধি করেন। তাহা দেখিয়া সাধু লোকেরা
আনন্দিত হয়, ও তাবৎ দুষ্টতা আপন মুখ রোধ
৪৩ করে। যে কেহ জ্ঞানী সে এই সকল বিবেচনা করিয়া
পরমেশ্বরের অনুগ্রহ বুঝিবে।

---

## ১০৮ গীত।

পরমেশ্বরের প্রশংসা ও তাঁহার প্রত্যাশা করণ।

দায়ূদের কৃত গানার্থক ধর্ম্মগীত।

হে ঈশ্বর, আমার মন সুস্থির আছে, আমি গীত গাইব ১
ও মনের সহিত প্রশংসা করিব। হে নেবল্ যন্ত্র ও ২
বীণে, জাগ্রৎ হও, আমিও অরুণের পূর্ব্বে জাগ্রৎ
হইব। হে পরমেশ্বর, আমি লোকদের মধ্যে তোমার ৩
প্রশংসা করিব, ও দেশীয়দের মধ্যে তোমার নাম গান
করিব। কেননা তোমার দয়া আকাশ অপেক্ষা উচ্চ, ৪
ও তোমার সত্যতা মেঘ পর্য্যন্ত ব্যাপ্ত আছে। হে ৫
ঈশ্বর, স্বর্গে তোমার উন্নতি ও তাবৎ ভূমণ্ডলে তোমার
মহিমা প্রকাশিত হউক। তোমার প্রিয় লোকেরা ৬
যেন উদ্ধার পায়, এই জন্যে নিজ দক্ষিণ হস্তদ্বারা
আমাকে ত্রাণ করিয়া উত্তর দেও। ঈশ্বর আপন ৭
পবিত্রতাতে কথা কহিলেন, অতএব আমি আনন্দিত
হইব; আমি শিখিম্ দেশ বিভাগ করিব, ও সুক্কো-
তের নিম্ন ভূমি মাপ করিব। গিলিয়দ্ দেশ আমার, ও ৮
মিনশি আমার, এবং ইফ্রয়িম্ আমার মস্তকের বলস্ব-
রূপ, ও যিহূদা আমার ব্যবস্থাপক। মোয়াব্ আমার ৯
প্রক্ষালনপাত্রস্বরূপ; আমি ইদোমের উপরে পাদুকা
নিক্ষেপ করিব, এবং পিলেষ্টীয় দেশকে জয় করিব।

দুর্গম নগরে আমাকে কে লইয়া যাইবে? এবং ১০
ইদোমে বা আমাকে কে প্রবেশ করাইবে? হে ঈশ্বর, ১১
আমাদিগকে ত্যাগ করিয়াছ যে তুমি, তুমি কি তাহা
করিবা না? হে ঈশ্বর, তুমি কি আমাদের সৈন্যের সঙ্গে
গমন করিবা না? ক্লেশে আমাদের উপকার কর; ১২
মনুষ্যহইতে যে উপকার, সে নিষ্ফল। ঈশ্বরের দ্বারা ১৩

আমরা বীরের কর্ম্ম করিতে পারিব; তিনি আমাদের শত্রুদিগকে পদতলস্থ করিবেন।

## ১০৯ গীত।

১ দুষ্ট শত্রুদের বিরুদ্ধে দায়ূদের প্রার্থনা, ২১ ও পরমেশ্বরেতে আশ্রয়।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ হে আমার প্রশংসনীয় ঈশ্বর, তুমি নীরব হইয়া
২ থাকিও না। কেননা দুষ্টগণ ও প্রবঞ্চকেরা আমার
বিরুদ্ধে মুখ ব্যাদান করিয়া মিথ্যাবাদি জিহ্বাদ্বারা
৩ আমার সহিত কথা কহিতেছে; এবং ঘৃণাবাক্যেতে
আমাকে ঘেরিয়া অকারণে আমার সহিত যুদ্ধ করি-
৪ তেছে; এবং আমার প্রেমের পরিবর্ত্তে আমার প্রতি
বিপক্ষতা করিতেছে, কিন্তু আমি প্রার্থনা করিতেছি।
৫ তাহারা আমার কৃত উপকারের পরিবর্ত্তে অপকার
ও প্রেমের পরিবর্ত্তে ঘৃণা করে।
৬ তুমি সেই ব্যক্তির উপরে দুষ্ট লোককে নিযুক্ত কর,
৭ ও শয়তান তাহার দক্ষিণদিগে থাকুক। এবং বিচার-
সময়ে সে দোষীকৃত হউক, ও তাহার প্রার্থনা পাপ-
৮ রূপে গণিত হউক। এবং তাহার দিন অল্প হউক, ও
৯ অন্য ব্যক্তি তাহার অধ্যক্ষপদ প্রাপ্ত হউক। এবং
তাহার পুত্রগণ পিতৃহীন ও তাহার স্ত্রী বিধবা হউক
১০ তাহার সন্তানগণ ভ্রমণ করিয়া নিত্য২ ভিক্ষা করুক,
ও আপনাদের উচ্ছিন্ন বাসস্থানে খাদ্য অন্বেষণ
১১ করুক। মহাজন তাহার সর্ব্বস্ব গ্রহণ করুক, এবং
অপরিচিত লোকেরা তাহার পরিশ্রমের ফল অপহরণ
১২ করুক। তাহার প্রতি কেহ দয়া না করুক, ও তাহার
১৩ অনাথ সন্তানদিগের প্রতি কেহ কৃপা না করুক। এবং

তাহার অপেক্ষিত উচ্ছিন্ন হউক, ও ভাবিপুরুষের
সময়ে তাহাদের নাম লুপ্ত হউক। তাহার পিতৃলো- ১৪
কদের অপরাধ পরমেশ্বরের স্মরণে থাকুক, ও তাহার
মাতার পাপ লুপ্ত না হউক। তাহা সর্ব্বদা পরমেশ্বরের ১৫
চক্ষুর্গোচরে থাকুক, ও তাহাদের স্মরণ পৃথিবীহইতে
উৎপাটিত হউক। কেননা সে দয়া করিতে মনে করিত ১৬
না, কিন্তু দুঃখি দরিদ্রের প্রতি দৌরাত্ম্য করিত, ও ভগ্না-
ন্তঃকরণের বধে উদ্যত হইত। সে যে অভিশাপ ভাল ১৭
বাসিত, তাহা তাহার প্রতি ঘটিল, এবং যে আশী-
র্ব্বাদে অসন্তুষ্ট ছিল, তাহা তাহাহইতে দূর হইল।
সে যে অভিশাপকে বস্ত্রের ন্যায় পরিধান করিত, তাহা ১৮
তাহার অন্তরে জলের ন্যায় ও অস্থিতে তৈলের ন্যায়
প্রবিষ্ট হইল। এবং তাহার পরিধেয় বস্ত্রের ন্যায় ও ১৯
নিত্য কটিবদ্ধ পটুকার ন্যায় হইল। আমার বৈরিগণ ২০
ও আমার প্রাণহিংসা করিতে কুমন্ত্রণাকারিরা পরমে-
শ্বরহইতে ঐ ফল পায়।

হে প্রভো পরমেশ্বর, তুমি নিজ নামের গুণে আমার ২১
সহিত ব্যবহার কর; তোমার অনুগ্রহ উত্তম, আমাকে
উদ্ধার কর। আমি দুঃখী ও দরিদ্র, আমার অন্তরস্থ ২২
হৃদয় বিদ্ধ হইতেছে। আমি অপরাহ্নের ছায়ার ন্যায় ২৩
ক্ষীণ, ও পঙ্গপালের ন্যায় চালিত হইতেছি। উপবা- ২৪
সদ্বারা আমার হাঁটু দুর্ব্বল ও তৈলের অভাবে আমার
মাংস বিকৃত হইতেছে। এবং আমি লোকদের কাছে ২৫
নিন্দাস্পদ হইতেছি, তাহারা আমাকে দেখিয়া মস্তক
চালনা করে। অতএব, হে আমার প্রভো পরমেশ্বর, ২৬
আমার উপকার কর, নিজ কৃপাতে আমাকে পরিত্রাণ
কর। তাহাতে ইহা তোমার হস্তের কর্ম্ম, ও তুমি পর- ২৭
মেশ্বর এই সকল করিয়াছ, ইহা তাহারা জ্ঞাত

২৮ হইবে। তাহারা শাপ দিলে তুমি আশীর্ব্বাদ করিও;
তাহারা উঠিলে লজ্জিত হউক, কিন্তু তোমার সেবক
২৯ আনন্দিত হউক। আমার বৈরিগণ লজ্জারূপ বস্ত্রেতে
বস্ত্রান্বিত, ও উত্তরীয় বস্ত্রের ন্যায় আপনাদের
৩০ লজ্জাতে আচ্ছাদিত হউক। আমি মুখেতে পরমে-
শ্বরের অনেক প্রশংসা করিব, ও লোকারণ্যের মধ্যে
৩১ তাঁহার ধন্যবাদ করিব। কারণ তিনি দরিদ্রের দক্ষিণে
দণ্ডায়মান হইয়া প্রাণদণ্ডকারিহইতে তাহাকে উদ্ধার
করেন।

## ১১০ গীত।

খ্রীষ্টের রাজ্য ও যাজকত্ব ও জয়ের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

দায়ূদের ধর্ম্মগীত।

১ পরমেশ্বর আমার প্রভুকে কহিলেন, আমি যাবৎ
তোমার শত্রুগণকে তোমার পাদপীঠ না করি, তাবৎ
২ তুমি আমার দক্ষিণে বৈস। পরমেশ্বর সিয়োন্‌হইতে
তোমার পরাক্রমের দণ্ড প্রেরণ করিলেন, তুমি শত্রু-
৩ গণের মধ্যে রাজত্ব করিও। তোমার জয়ের দিনে
তোমার প্রজাগণ স্বেচ্ছাদত্ত উপহারস্বরূপ হইবে;
তাহারা পবিত্র শোভাযুক্ত হইয়া অরুণজাত ( শিশির
অপেক্ষা সুন্দর) হইবে; তোমার যুবসমূহ তোমার
৪ শিশিরস্বরূপ। 'তুমি মল্কীষেদকের মতানুসারে নিত্য
যাজক হইবা,' পরমেশ্বর এই শপথ করিলেন, ও
৫ তাহার অন্যথা করিবেন না। তাঁহার দক্ষিণে স্থিত
প্রভু আপন ক্রোধের দিনে রাজগণকে চূর্ণ করি-
৬ বেন। এবং ভিন্নজাতীয়দের বিচার করিয়া শবেতে
দেশ পরিপূর্ণ করিবেন, ও প্রশস্ত রণস্থলে (শত্রুদের)
৭ মস্তক চূর্ণ করিবেন। এবং পথের মধ্যে নদীর

জল পান করিবেন, এই কারণ মস্তক উত্তোলন করিবেন।

## ১১১ গীত।

ইব্রী ভাষাতে ককারাদি গীতদ্বারা ঈশ্বরের প্রশংসা।

পরমেশ্বরের ধন্যবাদ কর। আমি সল্লোকদের সভাতে ১
ও মণ্ডলীতে সর্ব্বান্তঃকরণের সহিত পরমেশ্বরের প্রশংসা
করিব। পরমেশ্বরের কর্ম্ম মহৎ, এবং যাহারা তা- ২
হাতে সন্তুষ্ট, তাহারা তাহার আলোচনা করে।
তাঁহার কর্ম্ম প্রশংসনীয় ও আদরণীয় এবং তাঁহার ৩
ধর্ম্ম নিত্যস্থায়ী। তিনি আপনার আশ্চর্য্য ক্রিয়া স্মরণ ৪
করান; পরমেশ্বর দয়ালু ও কৃপাময়। তিনি আপন ৫
ভয়কারি লোকদিগকে আহার দেন, এবং আপনার
নিয়ম সর্ব্বদা মনে রাখেন। তিনি অন্যজাতীয়দের ৬
অধিকার আপন লোকদিগকে দিতে তাহাদের প্রতি
আপনার ক্রিয়াতে বিক্রম প্রকাশ করিয়াছেন। তাঁহার ৭
হস্তের কর্ম্ম সত্য ও ন্যায্য, এবং তাঁহার সমস্ত বিধি
অটল, ও সদাকাল স্থির এবং সত্যতা ও সরলতাতে ৮
স্থাপিত। তিনি আপন লোকদের প্রতি মুক্তি প্রেরণ ৯
করিয়াছেন, ও আপনার নিয়ম সদাকালের নিমিত্তে
স্থির করিয়াছেন; তাঁহার নাম পবিত্রময় ও ভয়ার্হ।
পরমেশ্বর বিষয়ক ভয় জ্ঞানের আরম্ভ; এবং যাহারা ১০
তাঁহার আজ্ঞা পালন করে, তাহাদের উত্তম জ্ঞান হয়;
পরমেশ্বরের প্রশংসা নিত্যস্থায়ী হউক।

## ১১২ গীত।

ইব্রী ভাষাতে ককারাদি গীতদ্বারা সজ্জনের প্রশংসা।

পরমেশ্বরের ধন্যবাদ কর। যে জন পরমেশ্বরকে ভয় ১
করে ও তাঁহার আজ্ঞাতে অতি সন্তুষ্ট হয়, সেই ধন্য।

২ পৃথিবীতে তাহার বংশ মান্য হয়; সাধু লোকের সন্তা-
৩ নেরা আশীর্ব্বাদ প্রাপ্ত হয়। তাহার গৃহে ধন ও সম্পত্তি
৪ থাকে, ও তাহার ধর্ম্ম চিরস্থায়ী। সাধু লোকের জন্যে
অন্ধকারে দীপ্তির উদয় হয়; সে দয়ালু ও কৃপাময়
৫ ও ধার্ম্মিক। সাধু লোক দয়া করিয়া ঋণ দেয়, ও
৬ সুবিচারে আপন কর্ম্ম নিষ্পন্ন করে। সে কদাচ বিচলিত
৭ হয় না, ধার্ম্মিক লোক সর্ব্বদা স্মরণে থাকে। কুসংবাদ
শুনিলেও সে ভয় করে না, পরমেশ্বরে নির্ভর করাতে
৮ তাহার মন সুস্থির থাকে। সে যাবৎ শত্রুগণের বিপদ
দর্শন না করে, তাবৎ তাহার মন দৃঢ় ও নির্ভয় থাকে।
৯ সে ধন ব্যয় করে ও দরিদ্রদিগকে দান করে, ও তাহার
ধর্ম্ম নিত্যস্থায়ী; গৌরবেতে তাহার বল বৃদ্ধি হয়।
১০ দুষ্ট লোক তাহা দেখিয়া কোপান্বিত হয়, ও
দন্তঘর্ষণ করিয়া ক্ষয় পায়; দুষ্টগণের মনস্কামনা
ব্যর্থ হয়।

## ১১৩ গীত।

অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর। হে পরমেশ্বরের সেবকগণ,
তোমরা ধন্যবাদ কর, পরমেশ্বরের নামেরই ধন্যবাদ
২ কর। অদ্যাবধি সদাকাল পর্য্যন্ত পরমেশ্বরের নাম
৩ ধন্য হউক। সূর্য্যের উদয়াচল অবধি অস্তাচল পর্য্যন্ত
৪ পরমেশ্বরের নাম প্রশংসিত হউক। পরমেশ্বর তাব-
জ্জাতীয়দের উপরে উচ্চপদান্বিত, ও আকাশের
৫ উপরে তাঁহার মহিমা প্রকাশ পায়। আমাদের প্রভু
পরমেশ্বরের তুল্য কে আছে? তিনি উচ্চস্থানে বসতি
৬ করিয়া স্বর্গ ও পৃথিবীতে সকলের দর্শনার্থে আপনি
৭ নত হন। তিনি ধূলাহইতে দরিদ্র ব্যক্তিকে উন্নত করিয়া

ও সারের ঢিবীহইতে দীনহীন ব্যক্তিকে উঠাইয়া
অধ্যক্ষগণের মধ্যে, অর্থাৎ আপন লোকদের অধ্যক্ষ- ৮
গণের মধ্যে স্থান দেন। তিনি বন্ধ্যা স্ত্রীকে সন্তানদের ৯
আনন্দময়ী মাতা করিয়া গৃহের কর্ত্রী করেন। পরমে-
শ্বরের ধন্যবাদ কর।

## ১১৪ গীত।

স্থাবরাদিদ্বারা ঈশ্বরের প্রশংসা।

ইস্রায়েল্ বংশ মিসর্দেশহইতে ও যাকূব্ বংশ পর- ১
ভাষাবাদি লোকহইতে গমন করিলে যিহূদা তাঁহার ২
ধর্ম্মধাম ও ইস্রায়েল্ তাঁহার রাষ্ট্র হইল। তাহা ৩
দেখিয়া সমুদ্র পলায়ন করিল, এবং যর্দ্দন্ নদী উজানে
বহিতে লাগিল; এবং পর্ব্বতগণ মেষের ন্যায় ও উপ- ৪
পর্ব্বতগণ মেষশাবকের ন্যায় লম্ফ দিতে লাগিল।
হে সমুদ্র, তুমি কি নিমিত্তে পলাইলা? হে যর্দ্দন্, তুমি ৫
কেন উজানে বহিলা? হে পর্ব্বতগণ, তোমরা মেষের ৬
ন্যায়, হে উপপর্ব্বত সকল, তোমরা মেষশাবকের
ন্যায় কেন লম্ফ দিলা? হে পৃথিবি, তুমিও প্রভুর ৭
সাক্ষাতে অর্থাৎ যাকূবের ঈশ্বরের সাক্ষাতে কম্পিত
হও। তিনি পর্ব্বতকে জলাশয় ও অগ্নিপ্রস্তরকে জলের ৮
উনুই করিলেন।

## ১১৫ গীত।

১ প্রতিমার অসারতা, ৯ ও ঈশ্বরের সারতার বর্ণনা।

হে পরমেশ্বর, আমাদের নয়, আমাদের নয়, কিন্তু ১
তোমার নামের মহিমা হউক, কারণ অনুগ্রহ ও সত্যতা
তোমারই আছে। 'উহাদের ঈশ্বর কোথায়?' অন্য- ২
জাতীয়েরা কেন এমত কথা বলে? আমাদের ঈশ্বর ৩

৪ স্বর্গে থাকেন, তিনি যাহা ইচ্ছা তাহাই করেন। কিন্তু
তাহাদের বিগ্রহ সকল রৌপ্যময় ও সুবর্ণময় ও মানু-
৫ ষের হস্তকৃত। তাহাদের মুখ থাকিতেও তাহারা কথা
কহিতে পারে না, ও চক্ষু থাকিতেও দেখিতে পায়
৬ না; এবং কর্ণ থাকিতেও শুনিতে পায় না, ও নাসিকা
৭ থাকিতেও আঘ্রাণ পায় না; এবং হস্ত থাকিতেও
স্পর্শ করিতে পারে না, ও পদ থাকিতেও চলিতে পারে
৮ না, এবং গলাদ্বারা শব্দ করিতে পারে না। যেমন
তাহারা, তাহাদের নির্ম্মাণকারি ও তাহাদের শরণাগত
সকলেও তদ্রূপ।

৯ হে ইস্রায়েল্ বংশ, পরমেশ্বরেতে নির্ভর কর, তিনি
১০ তোমাদের উপকারক ও ঢালস্বরূপ। হে হারোণের
বংশ, পরমেশ্বরেতে নির্ভর কর, তিনি তোমাদের
১১ উপকারক ও ঢালস্বরূপ। হে পরমেশ্বরের ভয়কা-
রিগণ, পরমেশ্বরেতে নির্ভর কর, তিনি তোমাদের উপ-
১২ কারক ও ঢালস্বরূপ। পরমেশ্বর আমাদিগকে মনে
করিয়া আশীর্ব্বাদ করিবেন, তিনি ইস্রায়েলের বং-
শকে আশীর্ব্বাদ করিবেন, ও হারোণের বংশকে আ-
১৩ শীর্ব্বাদ করিবেন। এবং পরমেশ্বরের ভয়কারি ক্ষুদ্র
১৪ ও মহান্, সকলকেই আশীর্ব্বাদ করিবেন। পরমেশ্বর
তোমাদের ও তোমাদের সন্তানদের বৃদ্ধি করিবেন।
১৫ তোমরা স্বর্গমর্ত্ত্যের সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরের আশীর্ব্বাদ-
১৬ পাত্র। স্বর্গ পরমেশ্বরেরই স্বর্গ, কিন্তু পৃথিবীকে তিনি
১৭ মনুষ্যসন্তানদিগকে দিয়াছেন। মৃত লোকেরা ও নীরব
১৮ স্থানে প্রবিষ্টেরা পরমেশ্বরের ধন্যবাদ করে না। কিন্তু
আমরা অদ্যাবধি সদাকাল পর্য্যন্ত পরমেশ্বরের ধন্য-
বাদ করিব। পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১১৬ গীত।

অনুগ্রহের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা করন।

আমি পরমেশ্বরকে প্রেম করি, কারণ তিনি আমার ১
রব ও বিনতি শুনেন। এবং আমার কথায় কর্ণপাত ২
করেন, এই জন্যে আমি যাবজ্জীবন প্রার্থনা করিব।
আমি মৃত্যুরূপ রজ্জুতে ও পারত্রিক ব্যাকুলতাতে ৩
বেষ্টিত এবং দুঃখ ও শোকগ্রস্ত ছিলাম। তাহাতে ৪
আমি ঈশ্বরের নামে এই প্রার্থনা করিলাম, হে পরমে-
শ্বর, বিনতি করি, আমার প্রাণ রক্ষা কর। পরমেশ্বর ৫
দয়ালু ও ন্যায়কারী, এবং আমাদের ঈশ্বর কৃপাবান।
পরমেশ্বর অল্পবুদ্ধি লোকদের রক্ষাকর্ত্তা; আমি দীন- ৬
হীন হইলে তিনি আমার উপকার করিলেন। হে আ- ৭
মার মন, তোমার বিশ্রামস্থানে ফির, কেননা পরমেশ্বর
তোমার মঙ্গল করিলেন। তিনি মৃত্যুহইতে আমার ৮
প্রাণকে ও অশ্রুহইতে আমার চক্ষুকে ও পতনহইতে
আমার চরণকে রক্ষা করিলেন। আমি পরমেশ্বরের ৯
সাক্ষাতে জীবৎ লোকদের দেশে গমনাগমন করিব।
আমার বিশ্বাস ছিল, এই কারণ কথা কহিয়াছিলাম; ১০
আমি বড় দুঃখিত ছিলাম। এবং তাবৎ মনুষ্য মিথ্যা- ১১
বাদী, ইহা হঠাৎ কহিয়াছিলাম। আমি পরমেশ্বরের ১২
নিকটে যে সকল দান পাইয়াছি, তাহার পরিবর্ত্তে
তাঁহাকে কি ফিরিয়া দিব? পরিত্রাণের বাটি লইয়া ১৩
পরমেশ্বরের নামে প্রার্থনা করিব; এবং পরমেশ্বরের ১৪
কাছে আমার যে ২ মানত, তাহা পূর্ণ করিব; তাঁহার
সকল লোকের সাক্ষাতেই তাহা পূর্ণ করিব। পরমে- ১৫
শ্বরের সাক্ষাতে তাঁহার পুণ্যবান লোকদের মৃত্যু
বহুমূল্য। হে পরমেশ্বর, আমি তোমার দাস, তোমা- ১৬

রই দাস বটি; আমি তোমার দাসীর পুত্র; তুমি
১৭ আমার বন্ধন মুক্ত করিলা। আমি প্রশংসারূপ বলি
১৮ দান করিব ও ঈশ্বরের নামে প্রার্থনা করিব; এবং
পরমেশ্বরের কাছে আমার যে২ মানত, তাহা তাঁহার
১৯ সকল লোকের সাক্ষাতেই পরমেশ্বরের মন্দিরের
প্রাঙ্গণে যিরূশালমের মধ্যে পূর্ণ করিব। পরমেশ্বরের
ধন্যবাদ কর।

## ১১৭ গীত।

পরমেশ্বরের প্রশংসা।

১ হে ভিন্নজাতীয় সকলে, তোমরা পরমেশ্বরের ধন্যবাদ
২ কর; হে লোক সকল, তাঁহার প্রশংসা কর। আমা-
দের প্রতি তাঁহার অনুগ্রহ বড়, এবং পরমেশ্বরের
সত্যতা নিত্যস্থায়ী। পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১১৮ গীত।

১ ঈশ্বরের প্রশংসা, ৫ ও বিপদহইতে রক্ষার নিমিত্তে ঈশ্বরের গুণা-
নুবাদ, ২২ ও খ্রীষ্টের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

১ পরমেশ্বরের প্রশংসা কর, তিনি মঙ্গলদাতা ও তাঁহার
২ অনুগ্রহ নিত্যস্থায়ী। ইস্রায়েল্ বংশ এখন বলুক,
৩ তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং হারোণের বংশও
৪ এখন বলুক, তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং পর-
মেশ্বরকে ভয়কারি লোকেরাও এখন বলুক, তাঁহার
অনুগ্রহ নিত্যস্থায়ী।

৫ আমি ব্যাকুলতার সময়ে পরমেশ্বরের কাছে প্রার্থনা
করিয়াছিলাম, তাহাতে পরমেশ্বর আমাকে উত্তর দিয়া
৬ উদ্ধার করিলেন। পরমেশ্বর আমার সপক্ষ আছেন,
আমি ভয় করিব না; মনুষ্য আমার কি করিতে
৭ পারে? পরমেশ্বর আমার উপকারিদের সহিত আমার

সপক্ষ হন; অতএব যাহারা আমাকে ঘৃণা করে,
তাহাদের বিপদ আমি দেখিব। মানুষের উপরে ৮
নির্ভর করা অপেক্ষা পরমেশ্বরের শরণাগত হওয়া
উত্তম। এবং অধ্যক্ষগণের উপরে নির্ভর করা অপেক্ষা ৯
পরমেশ্বরের শরণাগত হওয়া উত্তম। ভিন্নজাতীয় ১০
লোক সকল আমাকে বেস্টন করে, তথাপি আমি পর-
মেশ্বরের নামের গুণে তাহাদিগকে উচ্ছিন্ন করিব।
তাহারা আমাকে ঘেরে ও চতুর্দ্দিগে অবরোধ করে, ১১
তথাপি আমি পরমেশ্বরের নামের গুণে তাহাদিগকে
উচ্ছিন্ন করিব। তাহারা মধুমক্ষিকার ন্যায় আমাকে ১২
ঘেরে, তথাপি কণ্টকের অগ্নির ন্যায় নির্ব্বাণ হইবে;
আমি পরমেশ্বরের নামের গুণে তাহাদিগকে উচ্ছিন্ন
করিব। (হে শত্রো,) তুমি আমাকে নিপাত করিতে ১৩
অত্যন্ত ঠেলিয়াছ, কিন্তু পরমেশ্বর আমার উপকার
করিলেন। পরমেশ্বর আমার বল ও গানস্বরূপ হইয়া ১৪
আমার পরিত্রাতা হইলেন। ধার্ম্মিকগণের তাম্বুতে ১৫
আনন্দ ও জয়ধ্বনি শুনা যায়; পরমেশ্বরের দক্ষিণ
হস্ত বীরের কর্ম্ম করে। পরমেশ্বরের দক্ষিণ হস্ত উচ্চ- ১৬
তর, ও পরমেশ্বরের দক্ষিণ হস্ত বীরের কর্ম্ম করে।
আমি মরিব না, বরং সজীব থাকিয়া পরমেশ্বরের ১৭
কর্ম্মের বর্ণনা করিব। পরমেশ্বর আমাকে অতিশয় ১৮
শাসন করিলেন, কিন্তু মৃত্যুর হস্তে সমর্পণ করেন নাই।
তোমরা আমার নিমিত্তে ধর্ম্মদ্বার মুক্ত কর, আমি ১৯
তাহা দিয়া প্রবেশ করিয়া পরমেশ্বরের প্রশংসা করিব।
এই পরমেশ্বরের দ্বার, ইহা দিয়া ধার্ম্মিকগণ প্রবেশ ২০
করে। আমি তোমার প্রশংসা করিব, কেননা তুমি ২১
আমাকে উত্তর দিয়া আমার পরিত্রাণস্বরূপ হইয়াছ।
গাঁথকেরা যে প্রস্তর অগ্রাহ্য করিয়াছে, তাহা কো- ২২

২৩ ণের প্রধান প্রস্তর হইয়া উঠিল; এই কর্ম্ম পরমে-
২৪ শ্বরের কৃত, এবং আমাদের দৃষ্টিতে অদ্ভুত। এই
পরমেশ্বরের নিরূপিত দিন; আইস, আমরা তাহাতে
২৫ উল্লাসিত হইয়া আনন্দ করি। হে পরমেশ্বর, নিবেদন
করি, এখন পরিত্রাণ কর; হে পরমেশ্বর, নিবেদন
২৬ করি, এখন মঙ্গল কর। যিনি পরমেশ্বরের নামে আসি-
তেছেন তিনি ধন্য; আমরা পরমেশ্বরের মন্দিরে
২৭ থাকিয়া তোমাদের ধন্যবাদ করি। যিহোবাঃ সত্য
ঈশ্বর; তিনি আমাদিগকে দীপ্তি দিয়াছেন; তোমরা
বেদির শৃঙ্গে রজ্জুদ্বারা উৎসবের বলিকে বন্ধন কর।
২৮ তুমি আমার ঈশ্বর, আমি তোমার প্রশংসা করিব;
তুমি আমার ঈশ্বর, আমি তোমার প্রতিষ্ঠা করিব।
২৯ তোমরা পরমেশ্বরের প্রশংসা কর; তিনি মঙ্গলদাতা
ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।

## ১১৯ গীত।

ইব্রী ভাষাতে ককারাদি গীত; তাহাতে ধর্ম্মশাস্ত্রের গুণের বর্ণনা এবং অনেক প্রার্থনা ও প্রশংসা ও উপদেশাদি।

### א আলফ।

১ যাহারা সরল আচরণ করে ও পরমেশ্বরের শাস্ত্রানু-
২ সারে চলে, তাহারা ধন্য। এবং যাহারা তাঁহার
প্রমাণবাক্য গ্রাহ্য করে ও সর্ব্বান্তঃকরণের সহিত তাঁহার
৩ অন্বেষণ করে, তাহারা ধন্য। তাহারা মন্দ কর্ম্ম না
৪ করিয়া তাঁহার পথে গমন করে। তুমি যত্নপূর্ব্বক
পালনার্থে আপনার সমস্ত আজ্ঞা আদেশ করিয়াছ।
৫ আহা, তোমার বিধিমতে আচরণ করিতে আমার
৬ পাদবিক্ষেপ স্থির হউক। তোমার আজ্ঞা সকল লক্ষ্য
৭ করিলে আমার লজ্জা হইবে না। তোমার ধর্ম্মের

রাজনীতি শিখিলে আমি সরল মনে তোমার প্রশংসা
করিব। তোমার বিধি পালন করিব; আমাকে কখ- ৮
নও পরিত্যাগ করিও না।

ב বৈৎ।

যুবমানুষ কি প্রকারে আপন পথ পরিষ্কার করিবে? ৯
তোমার বাক্যানুসারে সতর্ক হইয়া করিবে। আমি ১০
সর্ব্বান্তঃকরণের সহিত তোমার অন্বেষণ করিতেছি,
তোমার আজ্ঞা লঙ্ঘন করিতে আমাকে দিও না। আমি ১১
যেন তোমার বিরুদ্ধে পাপ না করি, এই জন্যে তো-
মার বাক্য মনের মধ্যে সঞ্চয় করি। হে পরমেশ্বর, ১২
তুমি ধন্য, আমাকে তোমার বিধি শিক্ষা দেও। আমি ১৩
আপন ওষ্ঠাধরে তোমার মুখের আজ্ঞা সকল বর্ণনা
করি। আমি সমূহ ধন অপেক্ষা তোমার প্রমাণবাক্যের ১৪
পথে হৃষ্ট হই। ও তোমার আজ্ঞা ধ্যান করিয়া ১৫
তোমার পথকে মান্য করি। এবং তোমার বিধিতে ১৬
হৃষ্টচিত্ত হইয়া তোমার কথা বিস্মৃত হই না।

ג গিমল।

তুমি নিজ দাসের মঙ্গল কর, তাহাতে আমি সজীব ১৭
হইয়া তোমার বাক্য পালন করিব। আমার চক্ষু ১৮
উন্মীলিত কর, তাহাতে আমি তোমার শাস্ত্রে আশ্চর্য্য
দর্শন পাইব। আমি পৃথিবীতে বিদেশী, আমাহইতে ১৯
তোমার আজ্ঞা লুক্কায়িত করিও না। তোমার বিচা- ২০
রাজ্ঞার প্রতি সর্ব্বদা আমার যে আকাঙ্খা তাহাতে
আমার প্রাণ ক্ষীণ হয়। যে শাপগ্রস্ত অহঙ্কারি লো- ২১
কেরা তোমার আজ্ঞা লঙ্ঘন করে, তাহাদিগকে তুমি
ভর্ৎসনা করিয়া থাক। আমাহইতে নিন্দা ও তুচ্ছতা ২২
দূর কর, কেননা আমি তোমার প্রমাণবাক্য পালন
করি। দেশাধ্যক্ষেরা বসিয়া আমার বিপক্ষে কথাবার্ত্তা ২৩

কহে, কিন্তু তোমার দাস তোমার বিধি ধ্যান করে।
২৪ তোমার প্রমাণবাক্য আমার আহ্লাদ ও মন্ত্রণা-
দায়ক হয়।

ד দালৎ।

২৫ আমার মন ধূলিতে সংলগ্ন আছে, তুমি আপন
২৬ বাক্যানুসারে আমাকে সজীব কর। আমি আপন
গতির বর্ণনা করিলে তুমি আমাকে উত্তর দিয়াছ,
২৭ এখন আপন বিধি আমাকে শিখাও। তোমার
উপদেশের পথ আমাকে জ্ঞাত কর, তাহাতে আমি
২৮ তোমার তাবৎ আশ্চর্য্য কর্ম্ম ধ্যান করিব। আমার
মন শোকেতে গলিয়া যায়, এখন আপন বাক্যানুসারে
২৯ আমাকে উঠাও। আমাহইতে মিথ্যাপথকে দূর করিয়া
৩০ তোমার শাস্ত্র আমাকে প্রদান কর। আমি সত্য পথ
মনোনীত করিয়া তোমার রাজনীতি সম্মুখে রাখি।
৩১ আমি তোমার প্রমাণবাক্য অবলম্বন করি; হে পর-
৩২ মেশ্বর, আমাকে লজ্জিত করিও না। তুমি আমার
অন্তঃকরণ বিস্তারিত করিলে আমি তোমার আজ্ঞা-
পথে ধাবমান হইব।

ה হে।

৩৩ হে পরমেশ্বর, তুমি আমাকে নিজ বিধির পথ
দেখাও, তাহাতে আমি শেষ পর্য্যন্ত তাহা পালন
৩৪ করিব। আমাকে জ্ঞান দেও, তাহাতে আমি তোমার
শাস্ত্র মানিয়া সর্ব্বান্তঃকরণের সহিত তাহা পালন
৩৫ করিব। তুমি নিজ আজ্ঞাপথে আমাকে গমন করাও,
৩৬ কারণ তাহাতেই আমার সন্তোষ। লোভের প্রতি
নয়, কিন্তু তোমার প্রমাণবাক্যের প্রতি আমার মনকে
৩৭ আকর্ষণ কর। মায়ার দর্শনহইতে আমার চক্ষুকে
ফিরাইয়া তোমার পথে আমাকে জীবন দান কর।

আপন ভয়কারি দাসের প্রতি নিজ কথা সফল কর। ৩৮
এবং আমার ভয়জনক নিন্দা দূর কর; তোমার ৩৯
তাবৎ রাজনীতি উত্তম। দেখ, আমি তোমার উপদে- ৪০
শের আকাঙ্খা করি, অতএব তোমার ধর্ম্মে আমাকে
জীবন দান কর।

৭ বৌ।

হে পরমেশ্বর, তোমার প্রচুর অনুগ্রহ অর্থাৎ তো- ৪১
মার স্বীকৃত পরিত্রাণ তোমার বাক্যানুসারে আমার
প্রতি বর্ত্তুক। তাহাতে আমি তোমার বাক্যে প্রত্যাশা ৪২
করাতে আপন নিন্দাকারিকে উত্তর দিতে পারিব।
আমার মুখহইতে কখন সত্য কথা অপহরণ ৪৩
করিও না, কেননা আমি তোমার বিচারাজ্ঞার অপেক্ষা
করিতেছি। আমি সদা সর্ব্বক্ষণ তোমার ব্যবস্থা পা- ৪৪
লন করিব। এবং তোমার উপদেশ অনুসন্ধান করাতে ৪৫
বিস্তারিত পথে গতায়াত করিব। এবং রাজগণের ৪৬
সাক্ষাতে তোমার প্রমাণবাক্য কহিব, লজ্জিত হইব
না। তোমার প্রিয় আজ্ঞাতে আমি হৃষ্টচিত্ত হই। ৪৭
এবং তোমার প্রিয় আজ্ঞার নিকটে কৃতাঞ্জলি হই, ৪৮
ও তোমার বিধি সকল ধ্যান করি।

৮ সয়িন।

তুমি যাহাদ্বারা আমাকে প্রত্যাশান্বিত করিয়াছ, ৪৯
আপনার এই দাসের পক্ষে সেই বাক্য স্মরণ কর।
তোমার বাক্যদ্বারা আমি জীবন প্রাপ্ত হইয়াছি, ৫০
ইহাই দুঃখের সময়ে আমার সান্ত্বনা। অহঙ্কারি লোক ৫১
আমাকে অতিশয় নিন্দা করিলেও আমি তোমার
ব্যবস্থাহইতে বিপথগামী হই না। হে পরমেশ্বর, ৫২
তোমার পূর্ব্বকালীয় বিচারাজ্ঞা স্মরণ করিতে২ আমি
সান্ত্বনা পাই। দুষ্টগণ তোমার শাস্ত্র ত্যাগ করে, ৫৩

৫৪ তাহাতে আমার ক্রোধ জন্মে। আমার প্রবাসগৃহে
৫৫ তোমার বিধি সকল আমার গান হয়। হে পরমেশ্বর,
আমি রাত্রিকালে তোমার নাম স্মরণ করি, ও তোমার
৫৬ ব্যবস্থা পালন করি। তোমার আজ্ঞা পালন করা
আমার ধনস্বরূপ।

ח হেৎ।

৫৭ হে পরমেশ্বর, তুমি আমার অধিকার, আমি তো-
৫৮ মার বাক্য পালন করিব, ইহা কহিলাম। আমি সর্ব্বা-
ন্তঃকরণের সহিত তোমার নিকটে বিনতি করি, তোমার
৫৯ বাক্যানুসারে আমার প্রতি অনুগ্রহ কর। আমি নিজ
পথ বিবেচনা করিয়া তোমার প্রমাণবাক্যের প্রতি আ-
৬০ পন পাদ ফিরাই। তোমার আজ্ঞা পালন করিতে
৬১ আমি সত্বর হই, বিলম্ব করি না। দুষ্টগণের দল আ-
মাকে ঘেরিলেও আমি তোমার শাস্ত্র বিস্মৃত হই
৬২ না। তোমার ধর্ম্মময় বিচারাজ্ঞার নিমিত্তে তোমার
প্রশংসা করিতে আমি অর্দ্ধরাত্রিতে গাত্রোত্থান
৬৩ করি। আমি তোমার ভয়কারিগণের ও আজ্ঞা-
৬৪ পালকদের মিত্র হই। হে পরমেশ্বর, তোমার অনুগ্র-
হেতে পৃথিবী পরিপূর্ণ আছে; আমাকে তোমার
বিধি শিক্ষা দেও।

ט টেট্।

৬৫ হে পরমেশ্বর, তুমি আপন বাক্যানুসারে নিজ
৬৬ দাসের মঙ্গল করিয়া থাক। এখন আমাকে উত্তম বুদ্ধি
ও জ্ঞানের শিক্ষা দেও, কেননা আমি তোমার আ-
৬৭ জ্ঞাতে বিশ্বাস করি। দুঃখার্ত্ত হওনের পূর্ব্বে আমি
ভ্রান্ত ছিলাম, কিন্তু এই ক্ষণে তোমার কথা পালন
৬৮ করিতেছি। তুমি সৎ ও সৎকর্ম্মকারী, আমাকে তো-
৬৯ মার বিধি শিক্ষা দেও। অহঙ্কারি লোকেরা আমার

প্রতি মিথ্যা অপবাদের কল্পনা করে, কিন্তু আমি সর্ব্বা-
ন্তঃকরণের সহিত তোমার আদেশ পালন করি।
তাহাদের অন্তঃকরণ মেদের ন্যায় স্থূল; কিন্তু তোমার ৭০
ব্যবস্থাতে আমার তুষ্টি আছে। আমি যে দুঃখার্ত্ত ৭১
হইলাম, তাহা আমার মঙ্গল; কেননা তাহাতেই
আমি তোমার বিধির শিক্ষা পাইলাম। সহস্র২ স্বর্ণ ৭২
ও রৌপ্যমুদ্রা অপেক্ষা তোমার মুখের ব্যবস্থা আমার
পক্ষে উত্তম।

১ য়ূদ্।

তোমার হস্ত আমার সৃষ্টি ও স্থিতি করিয়াছে, এখন ৭৩
যাহাতে তোমার তাবৎ আজ্ঞা শিখিতে পারি, এমত
জ্ঞান আমাকে দেও। আমি তোমার কথাতে প্রত্যাশা ৭৪
করি, এই কারণ তোমার ভয়কারিগণ আমাকে দেখিয়া
আনন্দিত হয়। হে পরমেশ্বর, আমি জানি, তোমার ৭৫
বিচারাজ্ঞা ধর্ম্মময়, ও তুমি বিশ্বস্ততাতে আমাকে ক্লেশ
দিয়াছ। এই ক্ষণে নিজ দাসের প্রতি তোমার বাক্যানু- ৭৬
সারে তোমার অনুগ্রহ আমার সান্ত্বনাদায়ক হউক।
আমার প্রতি তোমার দয়া বর্ত্তুক, তাহাতে আমি ৭৭
জীবন পাইব; কেননা তোমার শাস্ত্র আমার হর্ষজ-
নক। অহঙ্কারি লোকেরা লজ্জিত হউক, কেননা তা- ৭৮
হারা আমার প্রতি অকারণে অন্যায় করে; কিন্তু
আমি তোমার আদেশ ধ্যান করি। যাহারা তোমাকে ৭৯
ভয় করে ও তোমার প্রমাণবাক্য জানে, তাহারা পুন-
র্ব্বার আমার পক্ষ হইবে। আমি যেন লজ্জিত না হই, ৮০
এই জন্যে আমার মন তোমার বিধিতে সিদ্ধ হউক।

১১ কফ।

তোমাহইতে পরিত্রাণের অপেক্ষাতে আমার প্রাণ ৮১
অবসন্ন হয়, আমি তোমার বাক্যের অপেক্ষা করি।

৮২ তুমি কখন্ আমাকে সান্ত্বনা দিবা? ইহা কহিতে ২
তোমার বাক্যের নিমিত্তে আমার চক্ষু অবসন্ন হয়।
৮৩ আমি ধূমস্থ কুপার সদৃশ হইয়াছি; তথাপি তোমার
৮৪ বিধি বিস্মৃত হই না। তোমার দাসের কত পরমায়ু
আছে? কবে আমার তাড়নাকারিগণকে প্রতিফল
৮৫ দিবা? যে অহঙ্কারিরা তোমার ব্যবস্থানুসারে চলে
৮৬ না, তাহারা আমার নিমিত্তে গর্ত্ত খনন করে। তোমার
আজ্ঞা সকল বিশ্বসনীয়; লোকেরা অন্যায়েতে আ-
মাকে তাড়না করে; তুমি আমার উপকার কর।
৮৭ তাহারা পৃথিবীহইতে আমাকে প্রায় উচ্ছিন্ন করি-
য়াছে, তথাপি আমি তোমার আদেশ পরিত্যাগ করি
৮৮ না। তুমি নিজ অনুগ্রহানুসারে আমাকে জীবন দান
কর; তাহাতে আমি তোমার মুখের প্রমাণবাক্য
পালন করিব।

ל লামদ্।

৮৯ হে পরমেশ্বর, তোমার বাক্য সদাকাল পর্য্যন্ত
৯০ আকাশমণ্ডলে স্থাপিত আছে। তোমার বিশ্বস্ততা
পুরুষানুক্রমে স্থায়ী, তোমার স্থাপিত পৃথিবী স্থির
৯১ থাকে। তোমার বিচারাজ্ঞা সাধনার্থে সে সকল
অদ্যাপি স্থির আছে; যেহেতুক সকলই তোমার
৯২ দাস। যদি তোমার শাস্ত্র আমার হর্ষজনক না হইত,
৯৩ তবে আমি আপন দুঃখেতে নষ্ট হইতাম। আমি
তোমার আদেশ কখন বিস্মৃত হইব না, কেননা তুমি
৯৪ তাহারই দ্বারা আমাকে জীবন দান করিয়াছ। আমি
তোমারই, তুমি আমাকে পরিত্রাণ কর; আমি
৯৫ তোমার আদেশের অন্বেষণ করিতেছি। দুষ্ট লো-
কেরা আমাকে নষ্ট করিতে অপেক্ষা করিতেছে;
৯৬ আমি তোমার প্রমাণবাক্য বিবেচনা করি। আমি

তাবৎ সিদ্ধির শেষ দেখিয়াছি; তোমার আজ্ঞা অতি
বিস্তারিত।

ם মেম্।

আমি তোমার শাস্ত্র কেমন ভাল বাসি! সমস্ত দিন ৯৭
তাহা ধ্যান করি। তুমি আপন আজ্ঞাদ্বারা শত্রুগণ ৯৮
অপেক্ষাও আমাকে জ্ঞানবান্ করিতেছ; সেই আজ্ঞা
সর্ব্বদা আমার (নিকটে) থাকে। আমি তোমার ৯৯
প্রমাণবাক্য ধ্যান করি, এই কারণ আমার তাবৎ
গুরু অপেক্ষা জ্ঞানবান হই। এবং তোমার আজ্ঞা ১০০
পালন করি, এই কারণ প্রাচীন লোকহইতেও বুদ্ধি-
মান হই। আমি তোমার বাক্য পালনার্থে তাবৎ ১০১
মন্দ পথহইতে আপন চরণকে নিবৃত্ত করি। তুমি ১০২
আমাকে শিক্ষা দিয়াছ, এই কারণ আমি তোমার
রাজনীতিহইতে ফিরি না। তোমার কথা আমার ১০৩
জিহ্বাতে কেমন মিষ্ট লাগে! তাহা আমার মুখে মধু-
হইতেও সুস্বাদু। তোমার আদেশদ্বারা আমি জ্ঞান ১০৪
পাই, এই জন্যে তাবৎ মিথ্যা পথ ঘৃণা করি।

נ নূণ্।

তোমার বাক্য আমার চরণের প্রদীপ ও পথের ১০৫
আলোস্বরূপ। আমি তোমার ধর্ম্মময় রাজনীতি ১০৬
পালন করিতে শপথ করিয়াছি ও তাহা সিদ্ধ করিব।
আমি অত্যন্ত দুঃখার্ত্ত; হে পরমেশ্বর, আপন বাক্যা- ১০৭
নুসারে আমাকে জীবন দান কর। হে পরমেশ্বর, তো- ১০৮
মার নিকটে নিবেদিত আমার মুখের প্রশংসা গ্রাহ্য
করিয়া আমাকে আপনার রাজনীতি শিক্ষা দেও। আমি ১০৯
নিরন্তর প্রাণ হাতে করিয়া আছি, তথাপি তোমার
শাস্ত্র বিস্মৃত হই না। দুষ্টগণ আমার নিমিত্তে ফাঁদ ১১০
পাতিলেও আমি তোমার আজ্ঞাহইতে বিপথগামী

১১১ নহি। তোমার প্রমাণবাক্য আমার মনের আনন্দ-
জনক, এই কারণ আমি সদাকালের নিমিত্তে তাহা
১১২ নিজ অধিকারার্থে মনোনীত করিয়াছি। এবং শেষ
পর্য্যন্ত সদাকাল তোমার বিধি পালন করণার্থে
আপন মনকে প্রবৃত্তি দিয়াছি।

ס সামক্।

১১৩ আমি দ্বিমনা লোকদিগকে ঘৃণা করি, কিন্তু তো-
১১৪ মার শাস্ত্র ভাল বাসি। তুমি আমার গুপ্ত স্থান ও
ঢালস্বরূপ; আমি তোমার বাক্যেতে প্রত্যাশা করি।
১১৫ হে কুকর্ম্মকারিগণ, তোমরা আমার নিকটহইতে দূর
হও; আমি আপন ঈশ্বরের আজ্ঞা পালন করিব।
১১৬ তুমি নিজ বাক্যানুসারে আমাকে ধারণ করিয়া বাঁ-
চাও, আমার আশার বিষয়ে আমাকে লজ্জিত করিও
১১৭ না। আমাকে স্থাপন কর, তাহাতে আমি পরিত্রাণ
১১৮ পাইব ও তোমার বিধি সর্ব্বদা মান্য করিব। তুমি আ-
পন বিধিহইতে ভ্রান্ত তাবৎ লোককে নিগ্রহ করিবা;
১১৯ তাহাদের প্রবঞ্চনা ভ্রান্তিমাত্র। তুমি পৃথিবীস্থ তাবৎ
দুষ্টকে মলের ন্যায় দূর করিবা, এই জন্যে আমি
১২০ তোমার প্রমাণবাক্য ভাল বাসি। তোমাকে ভয়
করাতে আমার শরীরে রোমাঞ্চ হয়, ও তোমার
বিচারাজ্ঞাহইতে আমি ভীত হই।

ע অয়িন্।

১২১ আমি ন্যায় ও ধর্ম্মাচরণ করি, আমাকে উপদ্রবি-
১২২ দের হস্তে সমর্পণ করিও না। মঙ্গলের নিমিত্তে আপন
দাসের প্রতিভূ হও, ও অহঙ্কারিদিগকে আমার প্রতি
১২৩ উপদ্রব করিতে দিও না। তোমার স্বীকৃত পরিত্রাণের
ও ধর্ম্মকথার অপেক্ষাতে আমার চক্ষু ক্ষীণ হই-
১২৪ তেছে। আপন অনুগ্রহানুসারে নিজ দাসের সহিত

ব্যবহার কর, ও তোমার বিধি আমাকে শিখাও।
আমি তোমার দাস, আমাকে বুদ্ধি দেও, তাহাতে ১২৫
তোমার প্রমাণবাক্য বুঝিব। হে পরমেশ্বর, তোমার ১২৬
কর্ম্ম করণের সময় উপস্থিত, কেননা লোকেরা তো-
মার ব্যবস্থা লঙ্ঘন করিতেছে। কিন্তু আমি স্বর্ণ ও ১২৭
নির্ম্মল সুবর্ণ অপেক্ষাও তোমার আজ্ঞা সকল ভাল
বাসি। এবং তাবৎ বিষয়ে তোমার সকল আদেশ ১২৮
যথার্থ জ্ঞান করি, ও সকল মিথ্যাপথ ঘৃণা করি।

৯ ফে।

তোমার প্রমাণবাক্য আশ্চর্য্য, এই জন্যে আমার ১২৯
মন তাহা পালন করে। তোমার বাক্যের উদয় দীপ্তি ১৩০
প্রদান করে ও অবোধের বোধ জন্মায়। আমি তো- ১৩১
মার আজ্ঞার আকাঙ্ক্ষা করাতে মুখ ব্যাদান করিয়া
ধুঁকিতেছি। তোমার নামে প্রেমকারিগণের প্রতি ১৩২
তোমার যেমন ব্যবহার, আমার প্রতিও তদ্রূপ দৃষ্টি-
পাত করিয়া দয়া কর। তোমার বাক্যানুসারে আ- ১৩৩
মার পাদবিক্ষেপ স্থির কর, ও কোন পাপকে আ-
মার উপরে কর্তৃত্ব করিতে দিও না। মনুষ্যের ১৩৪
উপদ্রবহইতে আমাকে উদ্ধার কর, তাহাতে আমি
তোমার আদেশ পালন করিব। নিজ দাসের প্রতি ১৩৫
প্রসন্নবদন হইয়া আমাকে আপন বিধি শিক্ষা দেও।
লোকেরা তোমার ব্যবস্থা পালন করে না, এই ১৩৬
নিমিত্তে আমার চক্ষুহইতে জলস্রোত বহিতেছে।

১৮ সাদে।

হে পরমেশ্বর, তুমি যথার্থ ও তোমার বিচারাজ্ঞা ১৩৭
প্রকৃত। তুমি আপন প্রমাণবাক্যের দ্বারা যথার্থতা ১৩৮
ও অতি বিশ্বসনীয়তা স্থির করিয়াছ। আমার শত্রু- ১৩৯
গণ তোমার বাক্য বিস্মৃত হয়, এই জন্যে আমার

১৪০ উদ্যোগ আমাকে গ্রাস করিতেছে। তোমার বাক্য
অতি পরিষ্কৃত, এই জন্যে তোমার দাস তাহা ভাল
১৪১ বাসে। আমি ক্ষুদ্র ও তুচ্ছনীয় বটি, তথাপি তোমার
১৪২ আদেশ বিস্মৃত হই না। তোমার যে ধর্ম্ম সে নিত্য
১৪৩ ধর্ম্ম, ও তোমার শাস্ত্রই সত্য। আমি শোক ও দুঃখ-
গ্রস্ত হইলে তোমার আজ্ঞা আমার তুষ্টিজনক হয়।
১৪৪ তোমার প্রমাণবাক্যের ধর্ম্ম নিত্য; আমাকে জ্ঞান
দেও, তাহাতে আমি সজীব হইব।

ק কুফ্।

১৪৫ আমি সর্ব্বান্তঃকরণের সহিত আহ্বান করিতেছি;
হে পরমেশ্বর, আমাকে উত্তর দেও, তাহাতে আমি
১৪৬ তোমার বিধি পালন করিব। তোমাকে আহ্বান
করিতেছি; আমাকে পরিত্রাণ কর, তাহাতে আমি
১৪৭ তোমার প্রমাণবাক্য পালন করিব। অরুণোদয়ের
পূর্ব্বে আমি তোমাকে আহ্বান করিয়া তোমার বা-
১৪৮ ক্যেতে প্রত্যাশা রাখি; এবং তোমার বাক্য ধ্যান
করিতে রাত্রির শেষ প্রহরের পূর্ব্বে চক্ষু উন্মীলন
১৪৯ করি। তুমি নিজ অনুগ্রহানুসারে আমার রব শুন; হে
পরমেশ্বর, আপন রাজনীতি অনুসারে আমাকে জী-
১৫০ বন দান কর। কুচেষ্টাকারিরা নিকটবর্ত্তী হয় তাহারা
১৫১ তোমার শাস্ত্রহইতে দূরে আছে। হে পরমেশ্বর,
১৫২ তুমি নিকটবর্ত্তী ও তোমার আজ্ঞা সকল সত্য। তুমি
আপন প্রমাণবাক্য সদাকালের নিমিত্তে স্থাপন করি-
য়াছ, ইহা পূর্ব্বাবধি জ্ঞাত আছি।

ר রেশ্।

১৫৩ আমার দুঃখ দেখিয়া আমাকে উদ্ধার কর, আমি
১৫৪ তোমার শাস্ত্র বিস্মৃত হই না। আমার বিবাদের
নিষ্পত্তি করিয়া আমাকে মুক্ত কর, ও আপন কথা-

নুসারে আমাকে জীবন দান কর। দুষ্টগণ তোমার ১৫৫
বিধির অন্বেষণ করে না, এই কারণ পরিত্রাণ তাহা-
দের হইতে দূরে থাকে। হে পরমেশ্বর, তোমার কৃপা ১৫৬
মহৎ; আপন রাজনীতি অনুসারে আমাকে জীবন
দান কর। আমার তাড়নাকারী ও শত্রু অনেক, ১৫৭
তথাপি আমি তোমার প্রমাণবাক্যহইতে বিমুখ হই
না। প্রবঞ্চকদিগকে দেখিলে আমার ঘৃণা জন্মে, কা- ১৫৮
রণ তাহারা তোমার কথা পালন করে না। দেখ, ১৫৯
তোমার উপদেশে আমি কেমন প্রেম করি! হে পর-
মেশ্বর, আপন অনুগ্রহানুসারে আমাকে জীবন দান
কর। প্রথমাবধি তোমার কথা সত্য ও তোমার পবি- ১৬০
ত্রময় রাজনীতি সকল নিত্যস্থায়ী।

ש শিন্।

দেশাধ্যক্ষেরা অকারণে আমাকে তাড়না করে, ১৬১
কিন্তু তোমার বাক্যহইতে আমার মন ভীত হয়।
এবং প্রচুর লুটদ্রব্য প্রাপ্ত লোকের ন্যায় আমি ১৬২
তোমার কথাতে আনন্দিত হই। আমি মিথ্যাকে ১৬৩
ঘৃণার্হ ও অসহ্য জ্ঞান করিয়া তোমার শাস্ত্রে প্রেম
করি। এবং তোমার ধর্ম্মময় রাজনীতির জন্যে আমি ১৬৪
দিনের মধ্যে সাত বার তোমার ধন্যবাদ করি। যা- ১৬৫
হারা তোমার শাস্ত্রে প্রেম করে, তাহাদের পরম মঙ্গল
হয় ও কোন উছোট লাগে না। হে পরমেশ্বর, আমি ১৬৬
তোমার স্বীকৃত পরিত্রাণের অপেক্ষাতে আছি, ও তো-
মার আজ্ঞানুসারে আচরণ করি। আমার মন তোমার ১৬৭
প্রমাণবাক্য পালন করে, ও আমি তাহাতে অত্যন্ত প্রেম
করি। এবং তোমার আদেশ ও প্রমাণ বাক্য পালন ১৬৮
করি; আমার সকল পথ তোমার সাক্ষাতে আছে।

ת তৌ।

১৬৯ হে পরমেশ্বর, আমার নিবেদন তোমার নিকটে
উপস্থিত হউক, এবং তুমি আপন বাক্যানুসারে
১৭০ আমাকে জ্ঞান দেও। আমার বিনতি তোমার সম্মুখে
উপস্থিত হউক, ও আপন বাক্যানুসারে আমাকে
১৭১ নিস্তার কর। তুমি আমাকে আপন বিধি শিক্ষা দিলে
পর আমার ওষ্ঠাধরহইতে তোমার প্রশংসা নির্গত
১৭২ হইবে। আমার জিহ্বা তোমার বাক্য প্রকাশ করি-
১৭৩ বে, যেহেতুক তোমার আজ্ঞা সকল যথার্থ। আমি
তোমার আদেশ মনোনীত করি; এই জন্যে তোমার
১৭৪ হস্ত আমার উপকারী হউক। হে পরমেশ্বর, আমি
তোমার স্বীকৃত পরিত্রাণের আকাঙ্ক্ষা করি, তোমার
১৭৫ শাস্ত্রই আমার হর্ষজনক। আমার মন সজীব থাকিয়া
তোমার ধন্যবাদ করুক; তোমার রাজনীতির দ্বারা
১৭৬ আমার উপকার হউক। আমি হারাণ মেষের ন্যায়
ভ্রমণ করিলাম; নিজ দাসের অন্বেষণ কর; আমি
তোমার আজ্ঞা বিস্মৃত হই না।

## ১২০ গীত।

নিন্দিত হওনের সময়ে মনের চিন্তা।

যাত্রাকালীয় গীত।

১ আমি বিপদকালে পরমেশ্বরের কাছে প্রার্থনা করিলে
২ তিনি আমার কথা শুনিলেন। হে পরমেশ্বর, মিথ্যা-
বাদি ওষ্ঠাধর ও প্রবঞ্চক জিহ্বাহইতে আমার প্রাণ
৩ রক্ষা কর। হে প্রতারক জিহ্বে, তোমাকে কি দিতে
৪ হইবে? ও তোমার প্রতি কি করিতে হইবে? না, বী-
৫ রের তীক্ষ্ণ বাণ ও কুলকাষ্ঠের অঙ্গার। হায় ২, আমি
মেশক্ দেশে প্রবাস করি ও কেদরের তাম্বুর নিকটে

থাকি। যাহারা সন্ধি ঘৃণা করে, তাহাদের মধ্যে বাস ৬
করাতে আমার প্রাণ ক্লান্ত হইয়াছে। আমি সন্ধি চাহি, ৭
কিন্তু কথা কহিবামাত্র তাহারা যুদ্ধ করিতে উদ্যত হয়।

## ১২১ গীত।

আশ্রিত লোকদিগকে পরমেশ্বরের রক্ষা করণ।

যাত্রাকালীয় গীত।

আমি পর্ব্বতগণের দিগে ঊর্দ্ধদৃষ্টি করি; আমার উপ- ১
কার কোথাহইতে হইবে? যিনি স্বর্গ মর্ত্ত্যের সৃষ্টি- ২
কর্ত্তা, সেই পরমেশ্বরহইতে আমার উপকার হয়।
তিনি তোমার চরণকে বিচলিত হইতে দিবেন না, তো- ৩
মার রক্ষাকারী নিদ্রা যাইবেন না। দেখ, ইস্রায়েলের ৪
রক্ষাকারী কখন তন্দ্রা কি নিদ্রা যান না। পরমেশ্বর তো- ৫
মার রক্ষাকর্ত্তা, ও পরমেশ্বর তোমার দক্ষিণ দিক্স্থিত
ছায়াস্বরূপ। দিবসে সূর্য্য এবং রাত্রিতে চন্দ্র তোমাকে ৬
আঘাত করিবে না। পরমেশ্বর তোমাকে সমস্ত আপ- ৭
দহইতে রক্ষা করিবেন; তিনি তোমার প্রাণ রক্ষা করি-
বেন। পরমেশ্বর অদ্যাবধি সদাকাল পর্য্যন্ত তোমার ৮
বহির্গমন ও ভিতরে আগমন রক্ষা করিবেন।

## ১২২ গীত।

পরমেশ্বরের মন্দিরে যাওনে আহ্লাদ করণ।

দায়ূদের কৃত যাত্রাকালীয় গীত।

আইস, আমরা পরমেশ্বরের মন্দিরে যাই, লোকেরা ১
আমাকে এই কথা কহিলে আমি আনন্দিত হইলাম।
হে যিরূশালম্, তোমার দ্বারে আমরা চরণে দাঁড়াইয়া ২
থাকিব। যিরূশালম্ সুরচিত নগরবৎ নির্ম্মিত আছে। ৩
ইস্রায়েলের রীত্যনুসারে বংশ সকল, অর্থাৎ পরমে- ৪
শ্বরের বংশ সকল পরমেশ্বরের নামের প্রশংসা করিতে

৫ সেই স্থানে যাত্রা করে। কেননা সে স্থানে বিচারের
সিংহাসন অর্থাৎ দায়ূদ্ বংশের সিংহাসন স্থাপিত
৬ আছে। তোমরা যিরূশালমের মঙ্গলার্থে প্রার্থনা
কর; (হে যিরূশালম,) তোমার প্রেমকারিগণ ভাগ্যবান্
৭ হউক। তোমার প্রাচীরে মঙ্গল ও তোমার রাজপুরীতে
৮ সৌভাগ্য বাস করুক। আমার ভ্রাতাদের ও মিত্রগণের
নিমিত্তে আমি এই ক্ষণে ইহা কহিব, তোমাতে কল্যাণ
৯ বাস করুক। এবং আমাদের প্রভু পরমেশ্বরের মন্দিরের
নিমিত্তে আমি তোমার মঙ্গল চেষ্টা করিব।

## ১২৩ গীত।

পরমেশ্বরে আশ্রয় করণ।

যাত্রাকালীয় গীত।

১ হে স্বর্গনিবাসি, আমি তোমার প্রতি ঊর্দ্ধদৃষ্টি করি-
২ তেছি। দেখ, আপন২ প্রভুর হস্তের প্রতি যেমন
দাসদের চক্ষু, ও আপন কর্ত্রীর হস্তের প্রতি যেমন
দাসীর চক্ষু থাকে; তদ্রূপ আমাদের প্রভু পরমেশ্বর
যাবৎ আমাদিগকে দয়া না করেন, তাবৎ তাঁহার
৩ প্রতি আমাদের চক্ষু থাকে। হে পরমেশ্বর, আমা-
দিগকে দয়া কর, দয়া কর, কেননা আমরা অতিশয়
৪ নিন্দাতে পরিপূর্ণ হইয়াছি। আমাদের মন সুখাসক্ত
লোকদের উপহাসে ও অহঙ্কারি লোকদের নিন্দাতে
পরিপূর্ণ আছে।

## ১২৪ গীত।

রক্ষার্থে পরমেশ্বরের প্রশংসা করণ।

দায়ূদের কৃত যাত্রাকালীয় গীত।

১ ইস্রায়েল্ লোকেরা এখন এমত কহিতে পারে, যদি
২ পরমেশ্বর আমাদের পক্ষে না থাকিতেন; ফলতঃ যে

সময়ে মনুষ্যগণ আমাদের বিরুদ্ধে উঠিল, তৎকালে
যদি পরমেশ্বর আমাদের পক্ষে না থাকিতেন; তবে ৩
আমাদের প্রতি তাহাদের ক্রোধ প্রজ্বলিত হইলে
তাহারা সজীব আমাদিগকে গ্রাস করিত; এবং জল ৪
আমাদিগকে ভাসাইয়া লইয়া যাইত, ও আমাদের
প্রাণের উপর দিয়া স্রোত বহিত; এবং আমাদের ৫
প্রাণের উপর অহঙ্কাররূপ জল উঠিত। কিন্তু ধন্য ৬
পরমেশ্বর; তিনি আমাদিগকে তাহাদের দন্তের খাদ্য
করিলেন না। ব্যাধের ফাঁদহইতে নির্গত পক্ষির ন্যায় ৭
আমাদের প্রাণ রক্ষা পাইল; ফাঁদ ছিন্ন হইল, আ-
মরা রক্ষা পাইলাম। স্বর্গ মর্ত্যের সৃষ্টিকর্ত্তা যে পর- ৮
মেশ্বর, তাঁহার নামে আমাদের উপকার হয়।

## ১২৫ গীত।

পরমেশ্বরের শরণাগত লোকদের মঙ্গল।

যাত্রাকালীয় গীত।

পরমেশ্বরের শরণাপন্ন লোকেরা সিয়োন্ পর্ব্বতের ১
ন্যায় অটল ও নিত্যস্থায়ী। যিরূশালমের চতুর্দ্দিগে ২
যেমন পর্ব্বতগণ আছে, তেমনি অদ্যাবধি সদাকাল
পর্য্যন্ত পরমেশ্বর নিজ লোকদের চতুর্দ্দিগে আছেন।
ধার্ম্মিকদের অধিকারের উপরে দুষ্টতার রাজদণ্ড থা- ৩
কিবে না, কেননা অধর্ম্মে হস্তার্পণ করা ধার্ম্মিকদের
কর্ত্তব্য নয়। হে পরমেশ্বর, উত্তম ও সরলান্তঃকরণ ৪
লোকদের মঙ্গল কর। পরমেশ্বর কুকর্ম্মকারিদের সহিত ৫
বক্রপথগামিদিগকে দূর করিয়া দিবেন; কিন্তু ইস্রায়েল্
বংশের মঙ্গল হইবে।

## ১২৬ গীত।

বাবিলহইতে নিস্তারের জন্যে পরমেশ্বরের প্রশংসা।

যাত্রাকালীয় গীত।

১ পরমেশ্বর সিয়োন্‌কে দাসত্বহইতে মুক্ত করিলে পর
২ আমরা স্বপ্নদর্শিদের ন্যায় হইলাম। তাহাতে আমা-
দের মুখ হাস্যেতে ও জিহ্বা উচ্চধ্বনিতে পরিপূর্ণ
হইল; এবং অন্যজাতীয়দের মধ্যে এমত কথিত
হইল, 'পরমেশ্বর উহাদের নিমিত্তে মহৎ কর্ম্ম করি-
৩ লেন।' পরমেশ্বর আমাদের নিমিত্তে মহৎ কর্ম্ম করিয়া-
৪ ছেন বটে, তাহাতে আমরা আনন্দিত হইতেছি। হে
পরমেশ্বর, দক্ষিণ দেশস্থ স্রোতের ন্যায় আমাদের দাসত্ব
৫ ফিরাও। যাহারা চক্ষুর জলে বীজ বপন করে, তাহারা
৬ আনন্দে শস্য কাটিবে। যে জন রোদন করিতে২ বপ-
নীয় বীজ লইয়া বহির্গত হয়, সে গান করিতে২ আ-
পন আটি লইয়া ঘরে আসিবে।

## ১২৭ গীত।

ঈশ্বরের অনুগ্রহহইতে তাবৎ উন্নতি ও মঙ্গল।

সুলেমানের কৃত যাত্রাকালীয় গীত।

১ যদি পরমেশ্বর গৃহ নির্ম্মাণ না করান, তবে তাহার
নির্ম্মাণকারিরা মিথ্যা শ্রম করে; এবং পরমেশ্বর যদি
নগরের রক্ষা না করেন, তবে প্রহরির জাগরণ বৃথা
২ হয়; এবং তোমাদের প্রত্যূষে গাত্রোত্থান ও শয়ন
করিতে বিলম্ব ও চিন্তিত মনে ভোজন করা বৃথা হয়;
৩ তিনি নিতান্ত আপন প্রিয়কে বিশ্রাম দেন। দেখ, সন্তা-
নেরা পরমেশ্বরহইতে প্রাপ্য ধন, ও গর্ব্ভের ফল পারি-
৪ তোষিকস্বরূপ। এবং বীরের হস্তস্থিত বাণ যেমন,
৫ যুব মানুষের সন্তানেরাও তদ্রূপ। তাদৃশ বাণেতে

যাহার তূণ পরিপূর্ণ হয়, সেই ধন্য ; কেননা বিচার-
স্থানে শত্রুগণের সহিত বিবাদ করিলে তাহারা লজ্জিত
হইবে না।

## ১২৮ গীত।

পরমেশ্বরের আশ্রিত লোকদের সুখের বর্ণনা।

যাত্রাকালীয় গীত।

যে কেহ পরমেশ্বরকে ভয় করে ও তাঁহার পথের ১
পথিক হয়, সে ধন্য। তুমি আপন হস্তের পরিশ্রমের ২
ফল ভোগ করিবা ও ধন্য হইবা ও তোমার মঙ্গল
হইবে। তোমার স্ত্রী তোমার গৃহের পার্শ্বস্থ ফলবতী ৩
দ্রাক্ষালতার ন্যায় হইবে, ও তোমার সন্তানবর্গ তো-
মার মেজের চতুর্দ্দিগে জিতবৃক্ষের চারার ন্যায় হইবে।
দেখ, যে জন পরমেশ্বরকে ভয় করে, সে এমন আশী- ৪
র্ব্বাদ প্রাপ্ত হয়। পরমেশ্বর সিয়োনে থাকিয়া তোমাকে ৫
আশীর্ব্বাদ করিবেন, ও তুমি যাবজ্জীবন যিরূশালমের
মঙ্গল দর্শন করিবা। এবং আপন সন্তানদের বংশ ও ৬
ইস্রায়েল্ লোকদের মঙ্গল দেখিতে পাইবা।

## ১২৯ গীত।

উপদ্রবি লোকদের বিরুদ্ধে বিলাপ ও প্রার্থনা।

যাত্রাকালীয় গীত।

ইস্রায়েল্ লোক এখন এই কথা কহিতে পারে, লো- ১
কেরা আমার বাল্যকালাবধি বার ২ আমাকে তাড়না
করিয়াছে। লোকেরা আমার বাল্যকালাবধি বার ২ ২
আমাকে তাড়না করিয়াছে, কিন্তু আমাকে জয় করিতে
পারে নাই। কৃষকেরা আমার পৃষ্ঠদেশে হাল বহি- ৩
য়াছে ও দীর্ঘ সীতা কাটিয়াছে। কিন্তু পরমেশ্বর ৪
যাথার্থিক, তিনি পাপিগণের রজ্জু ছেদন করিয়াছেন।

৫ সিয়োনের ঘৃণাকারি সকল লজ্জিত ও পরাঙ্মুখ হইবে।
৬ ছাতের উপরিস্থ যে তৃণ উৎপাটিত হওনের পূর্ব্বে
৭ শুষ্ক হয়, তাহারা সেই তৃণের ন্যায় হইবে। ঘাসড়িয়া
তাহাতে আপন হস্ত ও আটিবন্ধক আপন ক্রোড়
৮ পূর্ণ করে না; এবং পথিকেরা তাহাদিগকে এই
কথা বলে না, 'তোমাদের প্রতি পরমেশ্বরের আশী-
র্ব্বাদ হউক, ও আমরা পরমেশ্বরের নামে তোমাদি-
গকে আশীর্ব্বাদ করি।'

## ১৩০ গীত।

পরমেশ্বরে প্রত্যাশা করন।

যাত্রাকালীয় গীত।

১ হে পরমেশ্বর, আমি গভীর জলে থাকিয়া তোমাকে
২ আহ্বান করিতেছি। হে প্রভো, আমার রব শুন,
৩ আমার বিনতিবাক্য তোমার কর্ণগোচর হউক। হে
প্রভো পরমেশ্বর, তুমি যদি অপরাধ ধর, তবে কে
৪ দাঁড়াইতে পারিবে? লোক যেন তোমাহইতে ভীত
৫ হয়, এই নিমিত্তে তোমার নিকটে ক্ষমা আছে। আমি
পরমেশ্বরের অপেক্ষা করি, এবং আমার মনও তাঁ-
হার অপেক্ষা করে; আমি তাঁহার কথায় প্রত্যাশা
৬ করি। প্রহরিগণ যেমন প্রত্যূষের অপেক্ষা করে, যে-
মন প্রত্যূষেরই অপেক্ষা করে, ততোধিক আমার মন
৭ প্রভুর অপেক্ষা করে। ইস্রায়েল্ বংশ পরমেশ্বরেতে
প্রত্যাশা করুক; কেননা পরমেশ্বরের নিকটে অনুগ্রহ
৮ ও প্রচুর মুক্তি আছে। তিনি ইস্রায়েল বংশকে সমস্ত
অপরাধহইতে মক্ত করিবেন।

---

## ১৩১ গীত।

নম্রতার বর্ণনা।

দায়ূদের কৃত যাত্রাকালীয় গীত।

হে পরমেশ্বর, আমার অন্তঃকরণ অহঙ্কারী নয়, ও ১
আমার দৃষ্টি উচ্চগামী নয়, এবং আমি মহৎ কর্ম্মে ও
আমার শক্তি অপেক্ষা আশ্চর্য্য কর্ম্মে ব্যস্ত নহি।
আমি নিজ মনকে মাতার নিকটবর্ত্তি স্তন্যত্যাগি শিশুর ২
ন্যায় শান্ত ও দান্ত করিলাম, আমার অন্তরস্থ মন
স্তন্যত্যাগি শিশুর তুল্য। ইস্রায়েল্ বংশ অদ্যাবধি ৩
সদাকাল পর্য্যন্ত পরমেশ্বরের প্রত্যাশা করুক।

## ১৩২ গীত।

১ পরমেশ্বরের সেবাতে দায়ূদের উদ্‌যোগ ও প্রার্থনা, ১১ ও তাহার প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা।

যাত্রাকালীয় গীত।

হে পরমেশ্বর, তুমি দায়ূদকে ও তাহার সমস্ত ক্লেশকে ১
স্মরণ কর। সে পরমেশ্বরের কাছে শপথ করিয়া যাকূ- ২
বের বলদাতা ঈশ্বরের উদ্দেশে এই মানত করিয়াছিল,
'আমি যে পর্য্যন্ত পরমেশ্বরের নিমিত্তে এক স্থানের ৩
ও যাকূবের বলদাতা ঈশ্বরের নিমিত্তে এক আবাস-
স্থানের উদ্দেশ না পাই, তাবৎ আপনার বাটীর ৪
আবাসে যাইব না, ও শয্যাতে উঠিব না, এবং আ- ৫
পন চক্ষুতে নিদ্রা ও চক্ষুপক্ষ্মেতে তন্দ্রা আসিতে দিব
না।' দেখ, আমরা ইফ্রাথাতে তাহার সমাচার শুনি- ৬
য়াছি, ও যিয়ারীমের প্রান্তরে তাহা পাইয়াছি।
আইস আমরা তাঁহার আবাসে গিয়া তাঁহার পাদ- ৭
পীঠে প্রণাম করি। হে পরমেশ্বর, তুমি উঠিয়া আপন ৮
শক্তির ধর্ম্মসিন্দুকের সহিত আপন বিশ্রামস্থানে গমন

৯ কর। তোমার যাজকগণ ধর্ম্মরূপ বস্ত্র পরিধান করুক,
ও তোমার পুণ্যবান লোকেরা আনন্দেতে উচ্চৈঃস্বর
১০ করুক। তুমি নিজ দাস দায়ূদের নিমিত্তে শুন, আপন
অভিষিক্তকে পরাঙ্মুখ করিও না।
১১ পরমেশ্বর, যাহার অন্যথা করিবেন না, দায়ূদের
কাছে এমত সত্য শপথ করিয়া কহিলেন, 'আমি
তোমার আত্মজকে তোমার সিংহাসনে বসাইব।
১২ তোমার সন্তানবর্গ যদি আমার নিয়ম ও আমার
আদিষ্ট প্রমাণবাক্য পালন করে, তবে তাহাদের সন্তা-
নবর্গও সর্ব্বদা তোমার সিংহাসনে বসতি করিবে।'
১৩ পরমেশ্বর সিয়োন্ পর্ব্বতকে মনোনীত করিয়া আপন
১৪ বসতির নিমিত্তে বাসনা করিলেন। 'এই আমার নিত্য
বিশ্রামস্থান, এই স্থানে আমি বসতি করিব; যেহেতুক
১৫ আমি তাহা বাসনা করিলাম। আমি তাহার ভক্ষ্যের
প্রতি অবশ্য আশীর্ব্বাদ করিব, ও তাহার দরিদ্রগণকে
১৬ আহারদ্বারা তৃপ্ত করিব। এবং তাহার যাজকগণকে
ত্রাণরূপ বস্ত্র পরিধান করাইব; আর তাহার পুণ্য-
১৭ বান লোকেরা আনন্দেতে উচ্চৈঃস্বর করিবে। আমি
সেখানে দায়ূদের বলের বৃদ্ধি করিব, ও আমার
১৮ অভিষিক্তের জন্যে এক প্রদীপ প্রস্তুত করিব। তাহার
শত্রুগণকে লজ্জারূপ বস্ত্র পরিধান করাইব, কিন্তু তা-
হার মস্তকে তাহার মুকুট শোভা পাইবে।'

## ১৩৩ গীত।

ঐক্যের শ্রেষ্ঠতা।

দায়ূদের কৃত যাত্রাকালীয় গীত।

১ দেখ, ভ্রাতাদের (প্রণয়ভাবে) একত্র বাস করা কেমন
২ উত্তম ও মনোহর! যে সুগন্ধি তৈল মস্তকহইতে দাড়ি,

অর্থাৎ হারোণের দাড়ি দিয়া বহিয়া বস্ত্রের অঞ্চল
পর্য্যন্ত গড়িয়া পড়িল, তাহার ন্যায়। এবং যে শিশির ৩
হর্ম্মোণ্ পর্ব্বতে ও সিয়োন্ পর্ব্বতে পতিত হয়, তাহার
ন্যায়; কেননা পরমেশ্বরের আশীর্ব্বাদ অর্থাৎ অনন্ত
জীবন সেই স্থানে পাওয়া যায়।

## ১৩৪ গীত।

পরমেশ্বরের প্রশংসা করিতে বিনতি।

যাত্রাকালীয় গীত।

হে পরমেশ্বরের দাস সকল, রাত্রিকালে পরমেশ্বরের ১
মন্দিরে দাঁড়াইয়া থাক যে তোমরা, তোমরা পরমে-
শ্বরের ধন্যবাদ কর। তোমরা পবিত্র স্থানে আপনা- ২
দের হস্ত তুলিয়া পরমেশ্বরের গুণানুবাদ কর। আকা- ৩
শের ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর সিয়োন্হইতে
তোমাকে আশীর্ব্বাদ করুন।

## ১৩৫ গীত।

ঈশ্বরের প্রশংসা ও প্রতিমার অসারতা।

পরমেশ্বরের ধন্যবাদ কর; ও পরমেশ্বরের নামের ১
ধন্যবাদ কর। হে পরমেশ্বরের দাসগণ, তোমরা ২
পরমেশ্বরের মন্দিরে ও আমাদের ঈশ্বরের গৃহের
প্রাঙ্গণে দাঁড়াইয়া তাঁহার ধন্যবাদ কর। পরমেশ্বরের ৩
ধন্যবাদ কর, যেহেতুক পরমেশ্বর মঙ্গলদাতা; এবং
তাঁহার নামের উদ্দেশে গীত গান কর, যেহেতুক তাহা
মনোহর। পরমেশ্বর আপনার নিমিত্তে যাকূব্কে ও ৪
আপন বিশেষ ধনের জন্যে ইস্রায়েল্ বংশকে মনো-
নীত করিয়াছেন। পরমেশ্বর মহান্, ও আমাদের প্রভু ৫
সকল দেবতাহইতে শ্রেষ্ঠ, তাহা আমি জানি। পরমে- ৬
শ্বর স্বর্গে ও পৃথিবীতে ও সমুদ্রে ও তাবৎ অগাধ

৭ স্থানে যাহা ইচ্ছা তাহাই করেন। তিনি পৃথিবীর
সীমাহইতে বাষ্প উঠান, ও বৃষ্টিজনক বিদ্যুৎ উৎপন্ন
করেন, ও আপন ভাণ্ডারহইতে বায়ু নির্গত করেন।
৮ তিনি মিসরদেশে প্রথমজাত মনুষ্য ও পশুগণকে আ-
৯ ঘাত করিয়াছিলেন। হে মিসরদেশ, তিনি তোমার
মধ্যে ফিরৌণ্ ও তাহার দাসগণের প্রতি চিহ্ন ও
১০ আশ্চর্য্য কর্ম্ম প্রকাশ করিয়াছিলেন। এবং বৃহৎ
জাতিকে আঘাত করিয়াছিলেন; ও বলবান্ রাজ-
১১ গণকে, অর্থাৎ সীহোন্ নামে ইমোরীয়দের রাজাকে,
এবং বাশনের ওগ্ রাজাকে, ও কিনানের সমস্ত
১২ রাজ্যকে বিনাশ করিয়াছিলেন; এবং আপন প্রজা
ইস্রায়েল্ বংশকে তাহাদের ভূমির অধিকার দিয়া-
১৩ ছেন। হে পরমেশ্বর, তোমার নাম নিত্যস্থায়ী; হে
পরমেশ্বর, তোমার স্মরণ তাবৎ পুরুষানুক্রমে থাকে।
১৪ পরমেশ্বর নিজ প্রজাদের বিচার করিবেন, ও আপন
দাসগণের প্রতি আর্দ্রচিত্ত হইবেন।
১৫ অন্যজাতীয়দের বিগ্রহ সকল রৌপ্যময় ও সুবর্ণময়
১৬ ও মানুষের হস্তকৃত। তাহাদের মুখ থাকিতেও তাহারা
কথা কহিতে পারে না, ও চক্ষু থাকিতেও দেখিতে
১৭ পায় না। এবং কর্ণ থাকিতেও শুনিতে পায় না, ও
১৮ তাহাদের মুখে শ্বাস নাই। যেমন তাহারা, তাহাদের
নির্ম্মাণকারি ও তাহাদের শরণাগত সকলেও তদ্রূপ।
১৯ হে ইস্রায়েল্ বংশ, পরমেশ্বরের ধন্যবাদ কর; হে
২০ হারোণের বংশ, পরমেশ্বরের ধন্যবাদ কর। হে
লেবির বংশ, পরমেশ্বরের ধন্যবাদ কর; হে পরমে-
২১ শ্বরের ভয়কারিগণ, পরমেশ্বরের ধন্যবাদ কর। সিয়োন-
হইতে যিরূশালম নিবাসি পরমেশ্বরের ধন্যবাদ হউক।
পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১৩৬ গীত।

পূর্ব্ব অনুগ্রহের জন্যে পরমেশ্বরের প্রশংসা।

পরমেশ্বরের প্রশংসা কর; কেননা তিনি মঙ্গলদাতা ও ১
তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং ঈশ্বরগণের ঈশ্বরের ২
প্রশংসা কর; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।
এবং প্রভুদিগের প্রভুর প্রশংসা কর; কেননা তাঁহার ৩
অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি অদ্বিতীয় মহাশ্চর্য্য- ৪
কর্ম্মকারী তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
স্থায়ী। এবং যিনি আপন জ্ঞানে আকাশের নির্ম্মাণ ৫
করিয়াছেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
স্থায়ী। এবং যিনি জলের উপরে পৃথিবী স্থাপন ৬
করিয়াছেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
স্থায়ী। এবং যিনি বৃহৎ জ্যোতির্গণ নির্ম্মাণ করিয়া- ৭
ছেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।
অর্থাৎ যিনি দিনের উপরে কর্তৃত্ব করাইবার জন্যে ৮
সূর্য্যকে নির্ম্মাণ করিয়াছেন তাঁহার; কেননা তাঁহার
অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি রাত্রির উপরে কর্তৃত্ব ৯
করাইবার জন্যে চন্দ্র ও তারাগণকে নির্ম্মাণ করিয়া-
ছেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী।
এবং যিনি মিসরদেশীয় প্রথমজাতদিগকে আঘাত ১০
করিয়াছেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
স্থায়ী। এবং যিনি তাহাদের মধ্যহইতে ইস্রায়েল্ ১১
বংশকে নিস্তার করিয়াছিলেন তাঁহার; কেননা তাঁ-
হার অনুগ্রহ নিত্যস্থায়ী। অর্থাৎ যিনি সবল হস্ত ও ১২
বিস্তারিত বাহুদ্বারা নিস্তার করিয়াছিলেন তাঁহার;
কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি সূফ ১৩
সমুদ্রকে দুই ভাগ করিয়াছিলেন তাঁহার; কেননা

১৪ তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি ইস্রায়েল
বংশকে তাহার মধ্যদিয়া গমন করাইয়াছিলেন তাঁ-
১৫ হার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং
যিনি ফিরৌণ্ ও তাহার সৈন্যগণকে সূফ্ সাগরে মগ্ন
করিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
১৬ স্থায়ী। এবং যিনি নিজ প্রজাদিগকে অরণ্যের মধ্য
দিয়া লইয়া গিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার
১৭ অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি মহারাজগণকে আ-
ঘাত করিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ
১৮ নিত্যস্থায়ী। এবং যিনি পরাক্রমি রাজগণকে বধ
করিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
১৯ স্থায়ী। অর্থাৎ যিনি ইমোরীয়দের রাজা সীহোন্‌কে
বধ করিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ
২০ নিত্যস্থায়ী। এবং যিনি বাশনের ওগ্ রাজাকে বধ
করিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
২১ স্থায়ী। এবং যিনি তাহাদের ভূমি অধিকাররূপে
দিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
২২ স্থায়ী। অর্থাৎ যিনি আপন দাস ইস্রায়েল্‌কে তাহা
অধিকাররূপে দিয়াছিলেন তাঁহার; কেননা তাঁহার
২৩ অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি আমাদের দুর্দ্দশার
সময়ে আমাদিগকে স্মরণ করিলেন তাঁহার; কেননা
২৪ তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি শত্রুগণহইতে
আমাদিগকে উদ্ধার করিলেন তাঁহার; কেননা তাঁহার
২৫ অনুগ্রহ নিত্যস্থায়ী। এবং যিনি তাবৎ প্রাণিকে
আহার দেন তাঁহার; কেননা তাঁহার অনুগ্রহ নিত্য-
২৬ স্থায়ী। স্বর্গস্থ ঈশ্বরের প্রশংসা কর; কেননা তাঁহার
অনুগ্রহ নিত্যস্থায়ী।

## ১৩৭ গীত।

১ বাবিল্ নগরে যিহূদীয়দের দুঃখ, ৭ ও ইদোমের ও বাবিলের দণ্ড বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

আমরা বাবিলের নদীতীরে বসিয়া সিয়োন্‌কে স্মরণ ১
করিয়া রোদন করিতেছিলাম; এবং তাহার মধ্যে ২
বাইশী বৃক্ষে আপনাদের বীণা টাঙ্গাইয়া রাখিয়া-
ছিলাম। তৎকালে আমাদের দাসত্বকারিগণ আমা- ৩
দের নিকটে গীতের শব্দ, ও উপদ্রবিগণ আনন্দগান
শুনিতে চাহিয়া কহিত, ‘আমাদের কাছে সিয়োনের
কোন গীত গাও।’ আমরা বিদেশে থাকিয়া কেমন ৪
করিয়া পরমেশ্বরের গীত গান করিব? হে যিরূশালম্, ৫
আমি যদি তোমাকে বিস্মৃত হই, তবে আমার দক্ষিণ
হস্ত আপন কৌশল বিস্মৃত হউক। এবং যদি তো- ৬
মাকে মনে না করি, ও আপন পরমানন্দহইতে যিরূ-
শালমকে অধিক ভাল না বাসি, তবে আমার জিহ্বা
তালুয়াতে সংলগ্ন হউক।

হে পরমেশ্বর, যিরূশালমের বিপদসময়ে ইদোম্ ৭
বংশের দোষ স্মরণ কর, কেননা তাহারা কহিয়াছিল,
‘উৎপাটন কর, তাহার মূল পর্য্যন্ত উৎপাটন কর।’
হে বিনাশ্য বাবিলের কন্যে, তুমি আমাদের প্রতি ৮
যেরূপ ব্যবহার করিয়াছ, যে জন তোমাকে তদ্রূপ
প্রতিফল দিবে, সে ধন্য। এবং যে জন তোমার শিশু- ৯
গণকে ধরিয়া শৈলের উপরে আছাড়িবে, সে ধন্য।

## ১৩৮ গীত।

অনুগ্রহ ও সত্যতার নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা।

দায়ূদের গীত।

আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার প্রশংসা করিব, ১

ও দেবতাদের সাক্ষাতে তোমার গুণ গান করিব।
২ এবং তোমার পবিত্র মন্দিরের প্রতি সম্মুখ করিয়া
তোমার ভজনা করিব, এবং তোমার অনুগ্রহ ও সত্য-
তার নিমিত্তে তোমার নামের প্রশংসা করিব; কেননা
তুমি যে বাক্য কহিয়াছ, তাহা তোমার তাবৎ নাম
৩ অপেক্ষাও মহৎ। আমার প্রার্থনা করণ দিনে তুমি
আমাকে উত্তর দিয়াছ, ও আন্তরিক শক্তি দিয়া আ-
৪ মার বল বৃদ্ধি করিয়াছ। হে পরমেশ্বর, পৃথিবীস্থ
ভূপতি সকল তোমার মুখের কথা শুনিলে তোমার
৫ প্রশংসা করিবে। তাহারা পরমেশ্বরের পথে গান
৬ করিবে, কেননা পরমেশ্বর মহামহিম। পরমেশ্বর উন্নত
হইয়াও নম্র লোকের প্রতি অবলোকন করেন, কিন্তু
৭ অহঙ্কারিকে দূরস্থ জানেন। যখন আমি বিপদের মধ্য
দিয়া গমন করিব, তখন তুমি আমাকে জীবন দান
করিবা, ও আমার শত্রুর ক্রোধ নিবারণার্থে হস্ত বি-
স্তার করিবা, ও নিজ দক্ষিণ হস্তদ্বারা আমাকে পরি-
৮ ত্রাণ করিবা। পরমেশ্বর আমার কর্ম্ম সাধন করিবেন;
হে পরমেশ্বর, তোমার অনুগ্রহ নিত্যস্থায়ী; আপনার
হস্তকৃত কর্ম্ম পরিত্যাগ করিও না।

## ১৩৯ গীত।

১ পরমেশ্বরের সর্ব্বব্যাপিত্ব, ১৩ ও সৃষ্টির আশ্চর্য্য কর্ম্মের বর্ণনা,
১৯ ও পাপিদের প্রতি ঘৃণা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, তুমি আমাকে অনুসন্ধান করিয়া জ্ঞাত
২ আছ। তুমি আমার উপবেশন ও উত্থান জানিতেছ,
৩ ও দূরে আমার মনের সঙ্কল্প বুঝিতেছ; এবং আমার
পথ ও শয়নস্থান অবগত আছ, ও আমার সকল গতি
৪ ভালরূপে জানিতেছ। হে পরমেশ্বর, তুমি যাহা সর্ব্ব-

তোভাবে জ্ঞাত নও, এমত কোন কথা আমার
জিহ্বাগ্রে আইসে না। তুমি আমার অগ্রপশ্চাৎ বেষ্টন ৫
করিয়া আমার উপরে হস্তার্পণ করিতেছ। এই প্রকার ৬
জ্ঞান আমার নিকটে আশ্চর্য্য, এবং উচ্চতা প্রযুক্ত
আমার বোধের অগম্য। আমি তোমার আত্মাহইতে ৭
কোথায় যাইব? ও তোমার সাক্ষাৎহইতে কোথায়
পলায়ন করিব? আমি যদি স্বর্গারোহণ করি, তবে ৮
সেখানেও তুমি; এবং যদি পরলোকে শয্যা পাতি,
তবে সেখানেও তুমি। যদি অরুণের পক্ষ আশ্রয় ৯
করিয়া সমুদ্রের অতি দূরস্থ পারে গিয়া বাস করি;
তবে সেখানেও তোমার হস্ত আমাকে গমন করাইবে, ১০
ও তোমার দক্ষিণ হস্ত আমাকে ধরিবে। যদি বলি, ১১
আমি অন্ধকারে লুকাইয়া থাকিব, তবে রাত্রিও আ-
মার চতুর্দ্দিগে দীপ্তিময় হইবে। অন্ধকার তোমাহইতে ১২
গুপ্ত রাখে না, বরং রাত্রি দিনের ন্যায় দীপ্তিমান হয়,
এবং অন্ধকার ও দীপ্তি দুই সমান হয়।

তুমি আমার অন্তর্যামী, তুমি মাতৃগর্ব্ভে আমাকে ১৩
ঢাকিয়াছিলা। আমি তোমার প্রশংসা করিব, আমি ১৪
ভয়ঙ্কর ও আশ্চর্য্যরূপে নির্ম্মিত আছি; তোমার কার্য্য
সকল আশ্চর্য্য, তাহা আমার মন বিলক্ষণ রূপে
জানে। যে সময়ে আমি গোপনে নির্ম্মিত ও পৃথিবীর ১৫
নিম্নভাগে গ্রথিত হইতেছিলাম, তৎকালে আমার সেই
মূর্ত্তি তোমাহইতে লুক্কায়িত ছিল না। তোমার চক্ষু ১৬
আমাকে পিণ্ডবৎ দেখিয়াছে; এবং আমার আয়ুর
যে সকল দিন নিরূপিত আছে, তাহার এক দিনও
যখন উপস্থিত ছিল না, তখন তোমার পুস্তকে সে
সমস্ত লিখিত ছিল। হে ঈশ্বর, আমার বিষয়ে তো- ১৭
মার সঙ্কল্প কেমন প্রিয়! ও তাহার সংখ্যা কেমন

১৮ অধিক! গণনা করিলে বালুকা অপেক্ষা অধিক হয়;
আমি যখন জাগ্রৎ হইব, তখনও তোমার নিকটে
থাকিব।
১৯ হে ঈশ্বর, তুমি দুষ্ট লোককে বধ করিবা; হে রক্ত-
২০ পাতকারিগণ, আমার নিকটহইতে দূর হও। তাহারা
দুষ্ট ভাবে তোমার নাম উচ্চারণ করে, ও তোমার
২১ শত্রুগণ তাহা নিরর্থক লয়। হে পরমেশ্বর, আমি
তোমার ঘৃণাকারিগণকে কি ঘৃণা করি না? ও তো-
২২ মার বিপক্ষগণের প্রতি কি বিরক্ত হই না? আমি
সর্ব্বতোভাবে ঘৃণা করিয়া তাহাদিগকে শত্রু জ্ঞান
২৩ করি। হে ঈশ্বর, আমাকে অনুসন্ধান করিয়া আ-
মার মন জ্ঞাত হও; আমাকে পরীক্ষা করিয়া
২৪ আমার সঙ্কল্প জ্ঞাত হও। এবং আমাতে অনি-
ষ্টের পথ পাওয়া যায় কি না, তাহা নিরীক্ষণ কর,
ও নিত্য ( সুখের ) পথে আমাকে গমন করাও।

## ১৪০ গীত।

শত্রুহইতে রক্ষার্থে প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, দুষ্ট মানুষহইতে আমাকে উদ্ধার কর,
২ ও হিংসুক লোকহইতে আমাকে রক্ষা কর। তাহারা
মনেতে কুকল্পনা করে, ও যুদ্ধ করণার্থে প্রতিদিন একত্র
৩ হয়। তাহারা সর্পের ন্যায় জিহ্বা তীক্ষ্ণ করে, তাহা-
দের ওষ্ঠাধরের নিম্নভাগে কালসর্পের বিষ থাকে।
৪ সেলা। হে পরমেশ্বর, দুষ্টগণের হস্তহইতে আমাকে
নিস্তার কর, ও হিংসুক লোকহইতে আমাকে রক্ষা
কর; তাহারা আমার চরণে উছোট লাগাইতে চেষ্টা
৫ পায়। অহঙ্কারি লোকেরা আমার নিমিত্তে গোপনে

রজ্জুর ফাঁদ পাতে, ও পথের পার্শ্বে জাল বিস্তার
করে, ও আমার জন্যে কল পাতে। সেলা। আমি ৬
পরমেশ্বরকে কহিলাম, তুমি আমার ঈশ্বর; হে
পরমেশ্বর, আমার বিনতির রব শুন। হে আমার ৭
পরিত্রাণের বল প্রভু পরমেশ্বর, তুমি যুদ্ধের দিনে
আমার মস্তক আচ্ছাদন করিয়া থাক। হে পরমেশ্বর, ৮
পাপি লোকদের বাঞ্ছা পূর্ণ করিও না; তাহারা যেন
দর্প না করে, এই জন্যে তাহাদের কুমন্ত্রণা সিদ্ধ করিও
না। সেলা। যাহারা আমাকে ঘেরে, তাহাদের ৯
মুখের দোষ তাহাদের মস্তক আচ্ছাদন করিবে। এবং ১০
তাহারা অঙ্গারেতে চাপা পড়িবে, ও অগ্নিতে ও
গভীর খাতে নিক্ষিপ্ত হইয়া আর উঠিতে পারিবে না।
দুর্ম্মুখ লোক পৃথিবীতে স্থির হইতে পারিবে না; ১১
বিপদ উপদ্রবি ব্যক্তিকে বধ করিতে মৃগয়া করিবে।
পরমেশ্বর দুঃখিগণের বিচার নিষ্পত্তি ও দরিদ্রবর্গের ১২
প্রতি ন্যায় করিবেন, তাহা আমি জানি। ধার্ম্মি- ১৩
কেরা অবশ্য তোমার নামের প্রশংসা করিবে, এবং
সরল লোকেরা তোমার সাক্ষাতে বসতি করিবে।

## ১৪১ গীত।

শত্রুহইতে রক্ষার্থে প্রার্থনা।

দায়ূদের ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, আমি তোমাকে আহ্বান করি; আমার ১
নিকটে শীঘ্র আইস; আমি তোমাকে আহ্বান করিলে
তুমি আমার রব শুন। আমার প্রার্থনা সুগন্ধি ধূপের ২
ন্যায় ও আমার কৃতাঞ্জলি সন্ধ্যাকালীয় নৈবেদ্যের ন্যায়
তোমার সম্মুখে গ্রাহ্য হউক। হে পরমেশ্বর, আমার ৩
মুখের উপরে এক প্রহরিকে নিযুক্ত কর, ও আমার

৪ ওষ্ঠাধরের দ্বার রক্ষা কর। এবং কুকর্ম্মিদের সহিত
কুকর্ম্ম ও কদাচার করিতে আমার মনকে প্রবৃত্ত করিও
না, এবং তাহাদের সুখাদ্য ভোজন করিতে আমাকে
৫ দিও না। ধার্ম্মিক লোক আমাকে প্রহার করুক, তাহা
অনুগ্রহের প্রমাণ; ও সে আমাকে অনুযোগ করুক,
তাহা মস্তকের তৈলস্বরূপ; আমার মস্তক তাহা অস্বী-
কার করিবে না; কিন্তু উহাদের দুষ্টাচরণের সময়ে
৬ আমি প্রার্থনা করিব। তাহাদের বিচারকর্ত্তৃগণ পর্ব্ব-
তের পার্শ্বে অধঃপতিত হইলে তাহারা আমার কথা
৭ শুনিবে, কেননা তাহা মিষ্ট। বিদীর্ণ ও ছিন্ন ভূমিতে যেমন
(বীজ), তদ্রূপ কবরের সম্মুখে আমাদের অস্থি সকল
৮ ছড়িয়া থাকে। হে আমার প্রভো পরমেশ্বর, আমার
চক্ষু তোমার প্রতি আছে, আমি তোমার শরণাগত,
৯ আমার প্রাণকে ফেলিয়া দিও না। আমার জন্যে পা-
তিত ফাঁদ ও কুকর্ম্মিদের জালহইতে আমাকে রক্ষা
১০ কর। দুষ্টগণ একেবারে আপনাদের জালে পতিত
হইবে, কিন্তু আমি নিরাপদে অগ্রসর হইয়া যাইব।

## ১৪২ গীত।

বিপদসময়ে দায়ূদের প্রার্থনা।

গুহামধ্যে প্রার্থনাকারি দায়ূদের উপদেশগীত।

১ আমি উচ্চৈঃস্বরে পরমেশ্বরের উদ্দেশে আর্ত্তনাদ করি,
২ ও উচ্চৈঃস্বরে পরমেশ্বরের প্রতি বিনতি করি; এবং
তাঁহার সাক্ষাতে আপনার ভাবনা বিস্তার করি, ও
৩ তাঁহার সাক্ষাতে আপনার দুঃখ জানাই। আমার
আত্মা ক্ষুণ্ণ হইলে তুমি আমার পথ জ্ঞাত আছ;
আমার গন্তব্য পথে লোকেরা গোপনে ফাঁদ পাতি-
৪ য়াছে। আমার দক্ষিণে নিরীক্ষণ করিয়া দেখিলে

আমার মিত্রলোক কেহই নাই; আমার আশ্রয় বিনষ্ট
হইল, আমার প্রাণের তত্ত্বাবধারণ কেহই করে না।
হে পরমেশ্বর, আমি তোমার প্রতি আর্ত্তস্বর করিয়া ৫
কহিলাম, তুমি আমার আশ্রয় ও জীবৎ লোকদের
দেশে আমার ধন। আমার বিনতি বাক্যে মনোযোগ ৬
কর, কেননা আমি অতি দীনহীন হইয়াছি; তাড়-
নাকারিগণহইতে আমাকে উদ্ধার কর, কেননা তাহারা
আমাহইতে বলবান্। আমি যেন তোমার নামের ৭
প্রশংসা করিতে পারি, এই জন্যে আমার প্রাণকে
কারাগারহইতে বাহির কর; তুমি আমার মঙ্গল
করিলে ধার্ম্মিক লোকেরা আমাকে বেষ্টন করিবে।

## ১৪৩ গীত।

রক্ষার্থে পরমেশ্বরের কাছে প্রার্থনা।

দায়ূদের ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, আমার প্রার্থনা শুন ও আমার নিবে- ১
দনে কর্ণপাত কর; তোমার বিশ্বস্ততা ও ধর্ম্মানুসারে
আমাকে উত্তর দেও। নিজ দাসকে বিচারে আনিও ২
না, কেননা তোমার সাক্ষাতে কোন প্রাণী নির্দ্দোষ
হইতে পারে না। শত্রু আমার প্রাণকে তাড়না করিয়া ৩
ভূমিতে দলিত করিল, এবং আমাকে বহুকাল মৃত
ব্যক্তির ন্যায় করিয়া অন্ধকারে বাস করাইল। আ- ৪
মার আত্মা ক্ষুণ্ণ হইতেছে, ও আমার অন্তরে মন
ব্যাকুল আছে। আমি পূর্ব্বের সময় মনে করিয়া ৫
তোমার তাবৎ কর্ম্ম চিন্তা করিতেছি, ও তোমার
হস্তের কার্য্যের বিবেচনা করিতেছি। আমি তোমার ৬
কাছে হস্ত বিস্তার করিতেছি; শুষ্ক ভূমির ন্যায় আ-
মার প্রাণ তোমার আকাঙ্ক্ষা করিতেছে। সেলা।

৭ হে পরমেশ্বর, ত্বরায় আমাকে উত্তর দেও, আমার
আত্মা নিরুপায় হইতেছে; আমাহইতে আপনার
মুখ লুক্কায়িত করিও না, পাছে আমি গর্ত্তে পতনো-
৮ ন্মুখ লোকের তুল্য হই। আমি তোমাতে নির্ভর
রাখিতেছি, প্রাতঃকালে আমাকে নিজ অনুগ্রহের
বাক্য শুনাও; ও আমার গন্তব্য পথ আমাকে জা-
৯ নাও, আমি ঊর্দ্ধদিগে তোমার প্রতি মন রাখি। হে
পরমেশ্বর, আমি তোমার আশ্রিত, শত্রুগণহইতে
১০ আমাকে নিস্তার কর। তোমার ইষ্ট কর্ম্ম করিতে
আমাকে শিক্ষা দেও, কেননা তুমিই আমার ঈশ্বর;
তোমার আত্মা উত্তম, তিনি আমাকে সরল স্থানে গমন
১১ করাউন। হে পরমেশ্বর, আপন নামের গুণে আমাকে
জীবন দান কর, ও আপন ধর্ম্মের গুণে বিপদহইতে
১২ আমার প্রাণকে উদ্ধার কর। অনুগ্রহ করিয়া আমার
শত্রুদিগকে বিনাশ কর, ও আমার প্রাণের বৈরিগণকে
সংহার কর, যেহেতুক আমি তোমার দাস।

## ১৪৪ গীত।

রক্ষা ও জয়ের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা।

দায়ূদের গীত।

১ আমার পর্ব্বতস্বরূপ পরমেশ্বর ধন্য, যেহেতুক তিনি
আমার হস্তকে যুদ্ধ করিতে ও আমার অঙ্গুলিকে সং-
২ গ্রাম করিতে শিক্ষা দেন। তিনি আমার অনুগ্রাহক
ও গড় ও উচ্চদুর্গ হইয়া আমাকে নিস্তার করেন,
এবং আমার ঢাল ও আশ্রয়স্থান হইয়া আমার
৩ প্রজাদিগকে আমার বশীভূত করেন। হে পরমেশ্বর,
মনুষ্য কে, যে তুমি তাহাকে মান্য কর? ও মর্ত্ত্যের
৪ সন্তান বা কে, যে তুমি তাহাকে গণ্য কর? মনুষ্য

বাষ্পের তুল্য, ও তাহার দিবস দ্রুতগামি ছায়ার
ন্যায়। হে পরমেশ্বর, তোমার আকাশমণ্ডলকে নত ৫
করিয়া নীচে আইস; ও পর্ব্বতগণকে স্পর্শ কর, তা-
হাতে তাহারা ধূমযুক্ত হইবে। এবং বিদ্যুৎ নির্গত ৬
করিয়া শত্রুদিগকে ছিন্নভিন্ন কর, ও আপন বাণ
নিক্ষেপ করিয়া তাহাদিগকে সংহার কর। ঊর্দ্ধহইতে ৭
তোমার হস্ত বিস্তার করিয়া অগাধ জলহইতে, অর্থাৎ ৮
যাহাদের মুখে প্রবঞ্চনার বাক্য থাকে, ও যাহাদের
মিথ্যারূপ দক্ষিণ হস্ত আছে, সেই বিদেশি বংশদের
হস্তহইতে আমাকে উদ্ধার করিয়া রক্ষা কর। হে ৯
ঈশ্বর, আমি তোমার উদ্দেশে নূতন গীত গান করিব,
এবং নেবল্ ও দশতন্ত্রীতে তোমার উদ্দেশে গান
করিব। তুমি রাজাদিগের ত্রাণকর্ত্তা, ও বিনাশক খড়্গ- ১০
হইতে আপন দাস দায়ূদের উদ্ধারকর্ত্তা। যাহাদের ১১
মুখে প্রবঞ্চনার বাক্য থাকে, ও যাহাদের মিথ্যারূপ
দক্ষিণ হস্ত আছে, সেই বিদেশি বংশদের হস্তহইতে
আমাকে উদ্ধার করিয়া রক্ষা কর। তাহাতে আমাদের ১২
পুত্রগণ যৌবনাবস্থাতে বৃক্ষের ন্যায় বর্দ্ধিষ্ণু হইবে,
ও আমাদের কন্যাগণ মন্দিরের কোণে স্থিত সুগঠিত
স্তম্ভের সদৃশ হইবে; এবং আমাদের ভাণ্ডার পরি- ১৩
পূর্ণ ও নানা প্রকার দ্রব্যযুক্ত হইবে; এবং ক্ষেত্রেতে
আমাদের মেষ সহস্র২ ও লক্ষ২ শাবক প্রসব করিবে;
এবং আমাদের বলদ সকল ভার বহিবে, এবং ক্ষতি ১৪
বা ত্রুটি বা পথে ক্রন্দন কিছুই হইবে না। যে লোক- ১৫
দের এমত গতি, তাহারা ধন্য; এবং যিহোবাঃ যে
লোকদের ঈশ্বর, তাহারা ধন্য।

## ১৪৫ গীত।

ইব্রীয় ভাষাতে ককারাদি গীত; তাহাতে শরণাগত লোকদের প্রতি ঈশ্বরের অনুগ্রহের বর্ণনা।

দায়ূদের কৃত প্রশংসা।

১ হে আমার রাজন্ ঈশ্বর, আমি তোমার প্রতিষ্ঠা
করিব, ও সদাকাল পর্য্যন্ত তোমার নামের গুণানুবাদ
২ করিব। প্রতিদিন তোমার গুণানুবাদ করিব, এবং
সদাকাল পর্য্যন্ত তোমার নামের প্রশংসা করিব।
৩ পরমেশ্বর মহান্, ও অতি প্রশংসনীয়, তাঁহার মহিমা
৪ বোধের অগম্য। লোকেরা পুরুষানুক্রমে তোমার
কর্ম্মের প্রশংসা করিবে ও তোমার পরাক্রম প্রকাশ
৫ করিবে। এবং আমি তোমার উজ্জ্বল প্রতাপের গৌরব
৬ ও আশ্চর্য্য ক্রিয়ার কথা কহিব। এবং লোকেরাও
তোমার ভয়ানক কর্ম্মের বিক্রম প্রকাশ করিবে, ও
৭ আমি তোমার মহৎ কার্য্যের বর্ণনা করিব। তাহারা
তোমার মহৎ হিতৈষিতা স্মরণ করিবে, ও উচ্চৈঃস্বরে
৮ তোমার ধর্ম্মের গান করিবে। পরমেশ্বর কৃপাবান্ ও
দয়াময় এবং ক্রোধে ধীর ও অনুগ্রহেতে মহান্।
৯ পরমেশ্বর সকলের মঙ্গলদাতা, এবং আপনার সৃষ্ট
১০ বস্তু মাত্রের প্রতি তাঁহার দয়া আছে। হে পরমেশ্বর,
তোমার সকল কর্ম্ম তোমার প্রশংসা করে, ও তোমার
১১ পুণ্যবান লোক তোমার গুণানুবাদ করে। তাহারা
তোমার পরাক্রম ও তোমার রাজ্যের উজ্জ্বল প্রতাপ
১২ মনুষ্যসন্তানদিগকে জ্ঞাত করণার্থে তোমার রাজ্যের
গৌরব প্রকাশ করিবে, ও তোমার পরাক্রমের বর্ণনা
১৩ করিবে। তোমার রাজ্য নিত্যস্থায়ী, ও তোমার কর্তৃত্ব
১৪ তাবৎ পুরুষানুক্রমে থাকে। পরমেশ্বর পতনোন্মুখ
তাবৎ লোককে ধরিয়া রাখেন, ও নত লোকদিগকে

দণ্ডায়মান করেন। তাবতের চক্ষু তোমার অপেক্ষা ১৫
করিতেছে, এবং তুমি উপযুক্ত সময়ে তাহাদিগকে
ভক্ষ্য দিতেছ। তুমি মুক্তহস্ত হইয়া বাঞ্ছিত দ্রব্যদ্বারা ১৬
তাবৎ প্রাণিকে তৃপ্ত করিতেছ। পরমেশ্বর আপন তা- ১৭
বৎ পথে যাথার্থিক ও তাবৎ কার্য্যে পবিত্র। যাহারা ১৮
পরমেশ্বরের নিকটে প্রার্থনা করে, অর্থাৎ সত্যভাবে
তাঁহার কাছে প্রার্থনা করে, তিনি সেই সকলের নিকট-
বর্ত্তী। তিনি আপন ভয়কারিদের বাঞ্ছা পূর্ণ করেন, ১৯
এবং তাহাদের আহ্বানবাক্য শুনিয়া তাহাদিগকে ত্রাণ
করেন। পরমেশ্বর আপনার প্রেমকারি সকলকে রক্ষা ২০
করেন, কিন্তু দুষ্ট সকলকে সংহার করেন। আমার ২১
মুখ পরমেশ্বরের প্রশংসা প্রকাশ করিবে, আর তাবৎ
প্রাণী সর্ব্বদা তাঁহার পবিত্র নামের গুণানুবাদ করুক।

## ১৪৬ গীত।

পরমেশ্বরের গুনের নিমিত্তে তাঁহার প্রশংসা।

পরমেশ্বরের ধন্যবাদ কর। হে আমার মন, পরমে- ১
শ্বরের ধন্যবাদ কর। আমি যাবজ্জীবন পরমেশ্বরের ২
ধন্যবাদ করিব, ও যাবৎ আমার প্রাণ থাকে তাবৎ
আমার ঈশ্বরের গুণ গান করিব। তোমরা দেশাধি- ৩
পতিগণেতে ও মনুষ্যসন্তানদিগেতে নির্ভর রাখিও না;
তাহাদের নিকটে ত্রাণ নাই। মনুষ্যের প্রাণ নির্গত ৪
হইলে সে মৃত্তিকাতে পুনরায় লীন হয়; সেই দিনে
তাহার মনের সঙ্কল্প সকল নষ্ট হয়। যাকূবের ঈশ্বর ৫
যাহার উপকারী ও তাহার প্রভু পরমেশ্বর যাহার
প্রত্যাশাভূমি, সেই ধন্য। তিনি আকাশ ও পৃথিবী ও ৬
সমুদ্র ও তন্মধ্যস্থিত সকলই সৃষ্টি করিয়াছেন, ও সর্ব্বদা
সত্যতা পালন করেন; এবং উপদ্রুত লোকদের ৭

ন্যায়বিচার করেন ও ক্ষুধিতদিগকে খাদ্য দেন; পর-
৮ মেশ্বর বন্দিদিগকে মুক্ত করেন। পরমেশ্বর অন্ধদিগকে
চক্ষু দেন; পরমেশ্বর অবনত লোকদিগকে উত্থাপন
করেন; পরমেশ্বর ধার্ম্মিকদের প্রতি প্রেম করেন।
৯ পরমেশ্বর বিদেশি লোকদের রক্ষা করেন, এবং পিতৃ-
হীনের ও বিধবার উন্নতি করেন, কিন্তু দুষ্টগণের গতি
১০ বিপরীত করেন। পরমেশ্বর নিত্যস্থায়ি রাজা; হে
সিয়োন্, তোমার ঈশ্বর পুরুষানুক্রমে রাজত্ব করি-
বেন। পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১৪৭ গীত।

পরমেশ্বরের কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রশংসা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর, কেননা আমাদের ঈশ্বরের
উদ্দেশে গান করা উত্তম, এবং তাঁহার প্রশংসা করা
২ মনোহর ও উপযুক্ত। পরমেশ্বর যিরূশালমকে নির্ম্মাণ
করেন, ও ছিন্নভিন্ন ইস্রায়েল্ লোকদিগকে সংগ্রহ
৩ করেন। তিনি ভগ্নান্তঃকরণদিগকে সুস্থ করেন, ও তাহা-
৪ দের ক্ষত বন্ধন করেন। তিনি তারাগণের সংখ্যা
জানেন, ও সকলের নাম ধরিয়া তাহাদিগকে ডাকেন।
৫ আমাদের প্রভু মহান্ ও অতি বলবান্ ও তাঁহার
৬ বুদ্ধি অপরিমিত। পরমেশ্বর দুঃখিগণের উন্নতি করেন,
কিন্তু দুষ্টদিগকে ভূমিতে নিপাত করেন।
৭ তোমরা প্রশংসা পূর্ব্বক পরমেশ্বরের সহিত আ-
লাপ কর, ও বীণাযন্ত্রে আমাদের ঈশ্বরের উদ্দেশে
৮ গান কর। তিনি মেঘদ্বারা আকাশ আচ্ছন্ন করেন,
ও পৃথিবীর জন্যে জল সঞ্চয় করেন, ও পর্ব্বতগণকে
৯ তৃণেতে ভূষিত করেন। তিনি পশুগণকে ও চীৎকার-
১০ কারি দাঁড়কাকের শাবকদিগকে আহার দেন। অশ্বের

বলেতে তাঁহার সন্তোষ নাই, ও মানুষের চরণে তাঁহার
আমোদ নাই; কিন্তু যাহারা তাঁহাকে ভয় করে ১১
ও তাঁহার অনুগ্রহের অপেক্ষাতে থাকে, তাহাদিগেতে
পরমেশ্বর আমোদ করেন।

হে যিরূশালম, পরমেশ্বরের প্রশংসা কর; হে ১২
সিয়োন্, তোমার ঈশ্বরের ধন্যবাদ কর। তিনি তো- ১৩
মার দ্বারের হুড়কা দৃঢ় করিয়া দেন, এবং তোমার
মধ্যস্থিত সন্তানগণকে আশীর্ব্বাদ করেন। তিনি তোমার ১৪
তাবৎ সীমাতে মঙ্গল করেন, ও উত্তম গোমেতে তোমা-
কে তৃপ্ত করেন। তিনি পৃথিবীতে আপন আজ্ঞা পাঠান, ১৫
তাহাতে তাঁহার বাক্য বেগেতে দৌড়ে। তিনি মেষ- ১৬
লোমের সদৃশ তুষার বর্ষণ করেন, ও ভস্মের ন্যায় নীহার
বিকীর্ণ করেন। তিনি খণ্ড২ হিম প্রেরণ করেন; তাঁহার ১৭
শীতের সম্মুখে কে দাঁড়াইতে পারে? তিনি আজ্ঞা পা- ১৮
ঠাইয়া সে সমস্তকে পুনর্ব্বার দ্রব করেন, এবং বায়ু
বহাইলে সে সমস্ত তরল জল হয়। তিনি যাকূবের কাছে ১৯
আপন বাক্য ও ইস্রায়েলের নিকটে আপন বিধি ও
রাজনীতি প্রকাশ করিয়াছেন। অন্য কোন জাতির সহিত ২০
এই মত ব্যবহার করেন নাই, তাহারা তাঁহার রাজ-
নীতি জানে না। পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১৪৮ গীত।

পরমেশ্বরের স্তুতি করিতে স্থাবর জঙ্গমাদিকে বিনতি।

পরমেশ্বরের ধন্যবাদ কর; স্বর্গেতে পরমেশ্বরের ধন্য- ১
বাদ কর, ও উচ্চস্থানে তাঁহার ধন্যবাদ কর। হে ২
তাঁহার দূত সকল, তাঁহার ধন্যবাদ কর; হে তাঁহার
সৈন্য সকল, তাঁহার ধন্যবাদ কর। হে সূর্য্য ও চন্দ্র, ৩
তাঁহার ধন্যবাদ কর; হে তেজস্বি তারা সকল, তাঁ-

৪ হার ধন্যবাদ কর। হে উচ্চতম স্বর্গ ও হে আকাশো-
৫ পরিস্থ জল, তাঁহার ধন্যবাদ কর। সকলেই পরমে-
শ্বরের নামে ধন্যবাদ করুক; কেননা তাঁহার আজ্ঞা-
৬ মাত্রেতে তাহারা সৃষ্ট হইল। তিনি চিরকালের নিমিত্তে
তাহাদিগকে স্থাপন করিয়াছেন, ও এক অলঙ্ঘনীয় বিধি
তাহাদিগকে দিয়াছেন।
৭ পৃথিবীতে পরমেশ্বরের ধন্যবাদ কর; বৃহৎ মৎস্য
৮ ও গভীর জল সকল; এবং অগ্নি ও শিলা ও হিম ও
৯ বাষ্প ও তাঁহার আজ্ঞাকারি প্রচণ্ড বায়ু; এবং পর্ব্বত
ও উপপর্ব্বত ও ফলবান্ বৃক্ষ ও সকল এরস্‌বৃক্ষ;
১০ এবং বন্য পশু ও গ্রাম্য পশু সকল ও কীট ও
১১ উড্ডীয়মান পক্ষী; এবং পৃথিবীর রাজগণ ও তাবৎ
প্রজা ও দেশাধ্যক্ষগণ ও পৃথিবীর তাবৎ বিচার-
১২ কর্ত্তা; এবং যুবক ও যুবতীগণ, এবং আবাল বৃদ্ধ,
১৩ সকলে পরমেশ্বরের নামের ধন্যবাদ করুক, কেননা
কেবল তাঁহার নাম উন্নত, এবং পৃথিবীতে ও স্বর্গে
১৪ তাঁহার মহিমা প্রকাশ পায়। আপন প্রজাদের জন্যে
তিনি আপন তাবৎ পুণ্যবান লোকের ও আপন
নিকটবর্ত্তি ইস্রায়েল বংশের প্রশংসনীয় এক পাত্র
উত্থাপন করেন; পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১৪৯ গীত।

জয়ের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর; পরমেশ্বরের উদ্দেশে নূতন
গীত গান কর; পুণ্যবান লোকদের সভাতে তাঁহার
২ প্রশংসা হউক। ইস্রায়েল্ বংশ আপন সৃষ্টিকর্ত্তাতে
আনন্দ করুক, ও সিয়োনের বংশ আপন রাজাতে
৩ আহ্লাদিত হউক। তাহারা নৃত্য করিতে২ তাঁহার

নামের ধন্যবাদ করুক; এবং তবল ও বীণাযন্ত্রে তাঁ-
হার উদ্দেশে গান করুক। পরমেশ্বর আপন প্রজাদি- ৪
গেতে আমোদ করেন, এবং দুঃখিগণকে পরিত্রাণরূপ
ভূষণ দেন। তাঁহার পুণ্যবান লোকেরা গৌরবেতে ৫
উল্লাসিত হউক ও আপন২ শয্যাতে উচ্চধ্বনি করুক।
অন্যজাতীয়দিগকে প্রতিফল ও লোকদিগকে শাস্তি ৬
প্রদানের জন্যে, এবং রাজগণকে শৃঙ্খলে ও অধ্যক্ষ- ৭
দিগকে লৌহবেড়িদ্বারা বদ্ধ করণার্থে ও তাহাদের ৮
মধ্যে নিরূপিত বিচার নিষ্পন্ন করণার্থে তাহাদের কণ্ঠে
ঈশ্বরের উচ্চ প্রশংসা, ও তাহাদের হস্তে দ্বিধার খড়্গ
থাকে; এমন সম্ভ্রমে তাঁহার তাবৎ পুণ্যবান লোকের ৯
অধিকার। পরমেশ্বরের ধন্যবাদ কর।

## ১৫০ গীত।

নানা যন্ত্রদ্বারা ঈশ্বরের প্রশংসা করিতে বিনয়।

পরমেশ্বরের ধন্যবাদ কর; তাঁহার ধর্ম্মধামে ঈশ্বরের ১
ধন্যবাদ কর; তাঁহার বলপ্রকাশক আকাশমণ্ডলে
তাঁহার ধন্যবাদ কর। তাঁহার মহৎ কার্য্যের নিমিত্তে ২
তাঁহার ধন্যবাদ কর, ও তাঁহার মহামহিমার নিমিত্তে
তাঁহার ধন্যবাদ কর। তূরীধ্বনির সহিত তাঁহার ধন্য- ৩
বাদ কর, এবং নেবল্ ও বীণাযন্ত্রে তাঁহার ধন্যবাদ
কর। এবং তবল ও নৃত্যদ্বারা তাঁহার ধন্যবাদ কর; ৪
এবং তারযুক্ত যন্ত্র ও বংশীরবের সহিত তাঁহার ধন্য-
বাদ কর। এবং সুশ্রাব্য করতালিদ্বারা তাঁহার ধন্যবাদ ৫
কর, এবং উচ্চধ্বনি করতালিদ্বারা তাঁহার ধন্যবাদ
কর। তাবৎ প্রাণী পরমেশ্বরের ধন্যবাদ করুক। পর- ৬
মেশ্বরের ধন্যবাদ কর।

সুলেমানের

# হিতোপদেশ।

১ অধ্যায়।

১ আভাষ, ৭ ও প্রজ্ঞার বা তত্ত্বজ্ঞানের কথা, ১০ ও পাপিলোকহইতে স্বতন্ত্র হওনের আবশ্যকতা, ২০ ও প্রজ্ঞার কথা, ২৪ ও প্রজ্ঞার অনুযোগকথা।

১ ইস্রায়েল্ বংশীয় দায়ূদ্ রাজার পুত্র সুলেমানের এই
২ হিতোপদেশ প্রজ্ঞা ও উপদেশ দিতে, ও সুবিবেচনার
৩ বাক্য জানাইতে এবং বুদ্ধির উপদেশ ও ধর্ম্ম ও সুবি-
৪ চার ও যথার্থতা গ্রাহ্য করাইতে, এবং অবিজ্ঞ লোককে
সতর্কতা ও যুব লোককে জ্ঞান ও পরিণামদর্শিতা দিতে
৫ যোগ্য। ইহাতে মনোযোগ করিলে বিদ্বান লোকের পা-
ণ্ডিত্য বৃদ্ধি পাইবে, ও সুবোধ লোক প্রবাণতা লাভ
৬ করিবে। এবং হিতোপদেশ ও তাহার অর্থ ও পণ্ডিত-
গণের বাক্য ও তাহাদের গূঢ় কথা বুঝিতে পারিবে।
৭ পরমেশ্বর বিষয়ক যে ভয়, সেই জ্ঞানের আরম্ভ;
৮ কিন্তু অজ্ঞানেরা প্রজ্ঞা ও উপদেশ তুচ্ছবোধ করে। হে
আমার পুত্র, তুমি নিজ পিতার উপদেশ শ্রবণ কর, ও
৯ নিজ মাতার আজ্ঞা অগ্রাহ্য করিও না। কারণ সে বাক্য
তোমার মনোহর শিরোভূষণ ও গলদেশের হারস্বরূপ।
১০ হে আমার পুত্র, পাপিগণ তোমাকে কুপথে লও-
১১ য়াইলে তুমি সম্মত হইও না। এবং তাহারা যদি
কহে, আমাদের সহিত আইস, আমরা রক্তপাত কর-

ণার্থে লুকাইয়া থাকি, ও নির্দ্দোষদিগকে অকারণে
ধরিতে গুপ্ত থাকি; এবং পরলোকের ন্যায় তাহা- ১২
দিগকে জীবন্ত গ্রাস করি, ও খাতে পতিত লোকের
ন্যায় বলবানদিগকে গ্রাস করি; তাহাতে সর্ব্বপ্রকার ১৩
বহুমূল্য দ্রব্য পাইব, ও লুটিত দ্রব্যেতে আপন২ গৃহ
পরিপূর্ণ করিব; আইস, তুমি আমাদের মধ্যে এক ১৪
জন অংশী হও; আমাদের সকলের এক তোড়া হউক;
হে আমার পুত্র, তাহাদের সহিত সেই পথে যাইও ১৫
না, তাহাদের মার্গহইতে তোমার চরণ ফিরাও;
কেননা তাহাদের চরণ কুক্রিয়া করিতে দৌড়ে, ও রক্ত- ১৬
পাত করিতে বেগে ধাবমান হয়। পক্ষির দৃষ্টিগোচরে ১৭
জাল পাতা নিতান্ত বৃথা হয়। তাহারা আপনাদেরই ১৮
রক্তপাত করিতে লুকাইয়া থাকে ও আপনাদেরই প্রাণ
ধরিতে গুপ্ত থাকে। পরধনগ্রাহি সকলের এই গতি, ১৯
সেই ধন গ্রাহকেরই প্রাণ নষ্ট করে।

প্রজ্ঞা রাজপথে থাকিয়া ডাকে, ও চকে দাঁড়াইয়া ২০
উচ্চৈঃস্বর করে। সে লোকদের প্রধান সমাগমস্থানে ২১
আহ্বান করে, এবং নগরের মুক্ত দ্বারে এই২ কথা
বলে, হে অজ্ঞানেরা, তোমরা কত দিন অজ্ঞানতা ২২
ভাল বাসিবা? হে নিন্দকেরা, তোমরা কত দিন নি-
ন্দাতে সন্তুষ্ট হইবা? হে নির্ব্বোধ সকল, তোমরা
আর কত কাল জ্ঞানকে অবজ্ঞা করিবা? আমার অনু- ২৩
যোগেতে মন ফিরাও; তাহাতে আমি নিজ আত্মাদ্বারা
তোমাদিগকে আপ্যায়িত করিব, ও আপন কথা তো-
মাদিগকে জ্ঞাত করিব।

আমি ডাকিলে তোমরা আসিতে সম্মত হইলা না, ২৪
ও হস্ত বিস্তার করিলে তোমরা কেহ মানিলা না; কিন্তু ২৫
আমার তাবৎ পরামর্শ তুচ্ছ করিলা, ও আমার অনু-

২৬ যোগ শুনিতে ইচ্ছা করিলা না; এই নিমিত্তে তোমাদের
বিপদকালে আমিও হাসিব, ও তোমাদের ভয় উপস্থিত
২৭ হইলে পরিহাস করিব। যখন ঝঞ্ঝার ন্যায় তো-
মাদের আশঙ্কা উপস্থিত হইবে, ও ঘূর্ণবায়ুর ন্যায় তো-
মাদের বিপদ আসিবে, ও যখন দুঃখ ও ক্লেশ তোমা-
২৮ দের প্রতি ঘটিবে; তৎকালে সকলে আমাকে আহ্বান
করিবে, কিন্তু আমি উত্তর দিব না; তাহারা আমার
অন্বেষণ করিবে, কিন্তু আমার উদ্দেশ পাইবে না।
২৯ কারণ তাহারা জ্ঞানকে হেয়জ্ঞান করিত, ও পরমেশ্বর
৩০ বিষয়ক ভয়কে মনোনীত করিত না; এবং আমার
পরামর্শ গ্রহণ করিত না, ও আমার অনুযোগবাক্য
৩১ সকল তুচ্ছ করিত। অতএব তাহারা আপন২ কর্ম্মের
প্রতিফল ভোগ করিবে, ও আপন২ কুপরামর্শের
৩২ সম্পূর্ণ ফল পাইবে। অজ্ঞান লোকদের বিপথগমন
তাহাদিগকে বিনষ্ট করিবে, ও মূর্খদিগের নিশ্চিন্ততা
৩৩ তাহাদিগকে বিনাশ করিবে; কিন্তু যে জন আমার
কথা শুনে, সে নিরাপদে বাস করিবে, ও অমঙ্গলের
ভয়হইতে বিশ্রাম পাইবে।

## ২ অধ্যায়।

১ জ্ঞানের দ্বারা রক্ষা পাওন, ১০ ও পাপিহইতে নিস্তার, ২০ ও সৎপথে গমন।

১ হে আমার পুত্র, তুমি যদি আমার কথা গ্রহণ কর
২ ও আমার আজ্ঞা মনে রাখ; এবং যদি প্রজ্ঞাতে
৩ মনোযোগ কর ও বুদ্ধিতে নিবিষ্টমনা হও; এবং যদি
সুবিবেচনাকে আহ্বান কর ও বুদ্ধির জন্যে উচ্চৈঃস্বর
৪ কর; এবং যদি রূপার ন্যায় তাহার অন্বেষণ কর ও
৫ গুপ্ত ধনের ন্যায় তাহার অনুসন্ধান কর; তবে পর-

মেশ্বর বিষয়ক ভয় বুঝিতে পাইবা ও ঈশ্বর বিষয়ক
জ্ঞান প্রাপ্ত হইবা। কেননা পরমেশ্বরই প্রজ্ঞা দেন, ৬
তাঁহারই মুখহইতে জ্ঞান ও বুদ্ধি নির্গত হয়। তিনি ৭
যাথার্থিকদের নিমিত্তে কুশল রাখেন, তিনিই সরলা-
চারিদের ঢালস্বরূপ। তিনি সুবিচারের পথ রক্ষা করেন, ৮
ও আপন পবিত্র লোকদের পথ পালন করেন। অত- ৯
এব তুমি ধর্ম্ম ও সুবিচার ও যথার্থতা ও সমস্ত মঙ্গ-
লের পথ জানিতে পাইবা।

যদি প্রজ্ঞা তোমার হৃদয়ে প্রবেশ করে, ও জ্ঞান ১০
তোমার প্রাণের তুষ্টি জন্মায়, তবে পরিণামদর্শিতা ১১
তোমাকে পালন করিবে ও বুদ্ধি তোমাকে রক্ষা
করিবে। সে তোমাকে কুপথহইতে, অর্থাৎ যে লো- ১২
কেরা বিপরীত কথা কহে ও প্রকৃত পথ ত্যাগ করে ১৩
ও ঘোর অন্ধকারে গমন করে, ও কুক্রিয়াতে সন্তুষ্ট ১৪
ও অযথার্থ ক্রিয়াতে হৃষ্ট হয়, ও কুটিলাচরণ করে ও ১৫
বক্রপথগামী হয়, তাহাদের হইতে উদ্ধার করিবে।
এবং পরদারহইতে অর্থাৎ যে বারাঙ্গনা মনোহর ১৬
কথা বলে; ও যৌবনকালের মিত্রকে ত্যাগ করিয়া ১৭
আপন ঈশ্বরের নিয়ম বিস্মৃতা হয়, তাহাহইতে তো-
মাকে উদ্ধার করিবে। কেননা তাহার বাটী মৃত্যুতে ১৮
গমন করায়, ও তাহার পথ পরলোকে লইয়া যায়; ১৯
ও তাহার কাছে গমন করিলে কেহ ফিরে না ও জীব-
নের পথ আর পায় না।

এই নিমিত্তে তুমি সল্লোকের মার্গে গমন কর ও ২০
ধার্ম্মিক লোকদের পথাবলম্বন কর। কেননা সরল ২১
লোকেরা দেশে বাস করিবে, ও সাধু লোকেরাই তা-
হাতে স্থির থাকিবে। কিন্তু দুর্জনেরা দেশহইতে উচ্ছিন্ন ২২
হইবে, ও খলেরা তাহাহইতে উৎপাটিত হইবে।

## ৩ অধ্যায়।

১ আজ্ঞা পালন করিতে বিনয়, ৫ ও পরমেশ্বরে বিশ্বাস করিতে বিনয়, ৭ ও ঈশ্বরের সেবা করিতে বিনয়, ১১ ও ঈশ্বরের শাস্তি স্বীকার করিতে বিনয়, ১৩ ও জ্ঞানদ্বারা লাভ, ২১ ও জ্ঞানের ফল, ২৭ ও নানা উপদেশ।

১ হে আমার পুত্র, তুমি আমার ব্যবস্থা বিস্মৃত হইও
না; তোমার অন্তঃকরণ আমার আজ্ঞা পালন করুক।
২ কেননা তাহাদ্বারা তোমার চিরজীবিত্ব ও দীর্ঘায়ু ও
৩ শান্তির বৃদ্ধি হইবে। এবং দয়া ও সত্যতা তোমাকে
ত্যাগ না করুক; তুমি উভয়কে কণ্ঠে বন্ধন কর ও আ-
৪ পন চিত্তপত্রে লিখিয়া রাখ। তাহা করিলে ঈশ্বরের
ও মনুষ্যের নিকটে তুমি অনুগ্রহ ও কুশল পাইবা।
৫ তুমি সমস্ত অন্তঃকরণের সহিত পরমেশ্বরেতে বিশ্বাস
৬ কর; তোমার নিজ বুদ্ধিতে নির্ভর দিও না। তোমার
তাবৎ গতিতে তাঁহাকে মনে কর; তাহাতে তিনি তো-
মার পথ সরল করিবেন।
৭ আপনি আপনাকে জ্ঞানবান জ্ঞান করিও না;
পরমেশ্বরহইতে ভীত হও, ও পাপহইতে পরাঙ্মুখ
৮ হও। কেননা তাহা তোমার মাংসের স্বাস্থ্য ও অস্থির
৯ মজ্জাস্বরূপ হইবে। তুমি আপনার ধনেতে ও আয়ের
১০ প্রথমজাত ফলেতে ঈশ্বরের মর্য্যাদা কর। তাহাতে
তোমার ভাণ্ডার বহুধনেতে পরিপূর্ণ হইবে, ও তো-
মার কুণ্ডে নূতন দ্রাক্ষারস উথলিয়া পড়িবে।
১১ হে আমার পুত্র, পরমেশ্বরের কৃত শাস্তি তুচ্ছ
করিও না, ও তাঁহার ভর্ৎসনাতে ক্লান্ত হইও না।
১২ কেননা পিতা আপন প্রিয় পুত্রকে যে রূপ করে,
তদ্রূপ পরমেশ্বর যাহাকে প্রেম করেন, তাহাকেই
শাস্তি প্রদান করেন।

যে জন প্রজ্ঞা পায় ও বুদ্ধি লাভ করে, সেই ধন্য। ১৩
কেননা রূপার বাণিজ্য অপেক্ষাও তাহার বাণিজ্য ১৪
উত্তম, এবং সুবর্ণ অপেক্ষাও তাহার লাভ শ্রেষ্ঠ।
তাহা মুক্তাহইতেও বহুমূল্য; কোন ইষ্ট বস্তু তাহার ১৫
তুল্য নয়। তাহার দক্ষিণ হস্তে দীর্ঘায়ু, ও বাম হস্তে ১৬
ধন ও সম্ভ্রম থাকে। তাহার পথ মনোরম ও তাহার ১৭
সকল মার্গ শান্তিকর। যাহারা তাহার আশ্রয় লয়, ১৮
তাহাদের কাছে তাহা জীবনদায়ক বৃক্ষস্বরূপ হয়; ও
যে জন তাহাকে অবলম্বন করে, সে ধন্য হয়; পরমে- ১৯
শ্বর প্রজ্ঞাদ্বারা পৃথিবীর মূল স্থাপন করিলেন ও বুদ্ধি-
দ্বারা আকাশমণ্ডল প্রস্তুত করিলেন। তাঁহার জ্ঞান- ২০
দ্বারা গভীর স্থান প্রস্তুত হইল, ও আকাশহইতে
শিশির নিঃসৃত হয়।

হে আমার বৎস, এই সকল তোমার চক্ষুর অগো- ২১
চর না হউক; কুশল ও পরিণামদর্শিতা রক্ষা কর।
তাহা তোমার মনের জীবন ও কণ্ঠের ভূষণস্বরূপ ২২
হইবে। তাহা পাইলে তুমি আপন পথে নির্ভয়ে গমন ২৩
করিবা, এবং তোমার চরণে উছোট লাগিবে না; ও ২৪
শয়নকালে ভয় থাকিবে না, ও শয়ন করিলে সুখে নিদ্রা
হইবে; এবং হঠাৎ আপদ উপস্থিত হইলে ও দুষ্ট- ২৫
দের বিনাশ ঘটিলে তুমি শঙ্কা করিবা না। কেননা ২৬
পরমেশ্বর তোমার বিশ্বাসভূমি হইবেন ও ফাঁদহইতে
তোমার চরণকে রক্ষা করিবেন।

হিত করণের উপায় হস্তে থাকিলে হিতের পাত্রকে ২৭
বিমুখ করিও না। হস্তে দ্রব্য থাকিলে, ‘তুমি যাইয়া ২৮
পুনর্ব্বার আইস, আমি কল্য দিব,’ এমত কথা প্রতিবা-
সিকে কহিও না। যে প্রতিবাসি লোক তোমার নিকটে ২৯
নির্ভয়ে বাস করে, তাহার বিরুদ্ধে মন্দ ভাবিও না।

৩০ কেহ তোমার মন্দ না করিলে তাহার সহিত অকারণে
৩১ বিরোধ করিও না। ও উপদ্রবির প্রতি ঈর্ষ্যা করিও
না, এবং তাহার কোন পথ মনোনীত করিও না।
৩২ কেননা খল পরমেশ্বরের ঘৃণার পাত্র; কিন্তু সরলা-
৩৩ ত্মাদের সহিত তাঁহার মিত্রতালাপ হয়। দুষ্ট লোক-
দের গৃহে ঈশ্বরের অভিশাপ থাকে, কিন্তু ধার্ম্মিকদের
৩৪ নিবাসে আশীর্ব্বাদ থাকে। তুচ্ছকারিদিগকে তিনি তুচ্ছ
৩৫ করেন, কিন্তু নম্র লোকদিগকে অনুগ্রহ করেন। জ্ঞানবা-
নেরা সম্মানের অধিকারী হয়, কিন্তু অজ্ঞানেরা লজ্জা-
স্বরূপে বিখ্যাত হয়।

## ৪ অধ্যায়।

১ সুলেমানের বিনয় কথা, ১০ ও সেই কথার ফল, ১৪ ও পাপিহইতে স্বতন্ত্র হইতে বিনয়, ২০ ও সাবধান হইতে বিনয়।

১ হে বালকগণ, পিতার উপদেশ শুন, ও সুবিবেচনা
২ অভ্যাস করিতে মনোযোগ কর। আমি তোমাদিগকে
উত্তম শিক্ষা দিব; আমার ব্যবস্থা ত্যাগ করিও না।
৩ কেননা আমিও আপন পিতার পুত্র, এবং মাতার
৪ দৃষ্টিতে প্রিয় ও একমাত্র ছিলাম। তিনি এই কথা
বলিয়া আমাকে শিক্ষা দিতেন, তুমি মন দিয়া আমার
কথা রক্ষা কর, ও আমার আজ্ঞা সকল পালন কর,
৫ তাহাতে জীবন পাইবা। প্রজ্ঞা উপার্জ্জন কর, ও সুবি-
বেচনা লাভ কর, তাহা বিস্মৃত হইও না; আমার
৬ মুখের কথাহইতে পরাঙ্মুখ হইও না। প্রজ্ঞাকে ত্যাগ
করিও না, তাহাদ্বারা রক্ষা পাইবা; তাহাকে প্রেম
৭ কর, তাহাদ্বারা নিষ্কণ্টক হইবা। প্রজ্ঞা সর্ব্বশ্রেষ্ঠ, অত-
এব প্রজ্ঞা উপার্জ্জন কর; ও তাবৎ লাভহইতে সুবি-
৮ বেচনা লাভ কর। তাহার প্রশংসা কর, তবে তাহা-
হইতে উচ্চপদ পাইবা; ও তাহাকে আলিঙ্গন কর,

তবে মর্য্যাদা পাইবা। সে তোমার মস্তকে উত্তম ভূষণ ৯
দিবে ও শোভার মুকুট প্রদান করিবে।
হে আমার পুত্র, শুন, আমার কথা গ্রহণ কর, ১০
তাহাতে তোমার আয়ু বহুবৎসর পরিমিত হইবে।
আমি তোমাকে প্রজ্ঞার পথ দেখাই, ও যথার্থ মার্গে ১১
গমন করাই। তোমার গমনে পাদ সঙ্কুচিত হইবে ১২
না, ও বেগে গমনকালে বিঘ্ন পাইবা না। হিতোপদেশ ১৩
দৃঢ়রূপে গ্রহণ কর, ছাড়িয়া দিও না; তাহা রক্ষা কর,
কেননা তাহা তোমার জীবন হয়।
পাপিদের মার্গে প্রবেশ করিও না, ও দুষ্ট লোকদের ১৪
পথে গমন করিও না। তাহা ত্যাগ কর, তাহার নিটক ১৫
দিয়া যাইও না; তাহাহইতে বিমুখ হইয়া চলিয়া যাও।
কেননা দুষ্কর্ম্ম না করিলে তাহাদের নিদ্রা হয় না, ও ১৬
কাহাকে ভ্রষ্ট না করিলে তাহাদের নিদ্রা ভঙ্গ হয়।
তাহারা দুষ্টতারূপ অন্ন ভক্ষণ করে ও দৌরাত্ম্যরূপ ১৭
দ্রাক্ষারস পান করে। কিন্তু যে উজ্জ্বল জ্যোতি মধ্যাহ্ন ১৮
পর্য্যন্ত উত্তর২ দেদীপ্যমান হয়, ধার্ম্মিকদের পথ
তাহার ন্যায়। দুষ্টদের পথ অন্ধকারের ন্যায়; তাহারা ১৯
কিসে বাধা পাইবে, তাহা জানে না।
হে আমার পুত্র, আমার বাক্যে মনোযোগ কর, ২০
ও আমার কথাতে কর্ণপাত কর। তাহা তোমার চক্ষু- ২১
গোচরহইতে না যাউক, মনের মধ্যে তাহা যত্ন করিয়া
রাখ। কেননা যাহারা তাহা পায়, তাহাদের জীবন ২২
ও সর্ব্বাঙ্গের স্বাস্থ্য হয়। রক্ষণীয় তাবৎ বস্তু অপেক্ষা ২৩
তোমার অন্তঃকরণ অধিক যত্নেতে রক্ষা কর, কেননা
তাহাহইতে জীবনের প্রবাহ জন্মে। মুখের কুটিলতা- ২৪
হইতে পরাঙ্মুখ হও, ও ওষ্ঠাধরের বক্রতা আপনা-
হইতে দূর কর। তোমার চক্ষু অগ্রে দৃষ্টি করুক, ও ২৫

২৬ তোমার চক্ষুর পাতা সম্মুখে অবলোকন করুক। তুমি
আপনার পাদবিক্ষেপ বিবেচনা কর, ও তোমার সকল
২৭ মার্গ সরল হউক। দক্ষিণে কি বামে বিপথগামী হইও
না, মন্দহইতে চরণ নিবৃত্ত কর।

## ৫ অধ্যায়।

১ সুলেমানের বিনয় কথা, ৩ ও বেশ্যার বিরুদ্ধে কথা, ১৫ ও বিবাহের প্রশংসা।

১ হে আমার পুত্র, আমার প্রজ্ঞার প্রতি মনোযোগ
২ কর ও আমার বুদ্ধির প্রতি কর্ণপাত কর। তাহাতে
তুমি পরিণামদর্শিতা রক্ষা করিবা ও আপন ওষ্ঠাধরে
জ্ঞানের কথা পালন করিবা।
৩ বারাঙ্গনার ওষ্ঠহইতে মৌচাকের ন্যায় ফোঁটা২
মধু ক্ষরে, ও তাহার তালুকা তৈল অপেক্ষাও চিক্কণ
৪ বটে। কিন্তু তাহার শেষগতি নাগদানার ন্যায় তিক্ত ও
৫ দ্বিধার খড়্গের ন্যায় তীক্ষ্ণ হয়। তাহার চরণ মৃত্যুতে
৬ নামে, ও তাহার পাদবিক্ষেপ কবরে পড়ে। সে জীব-
নের পথ বিবেচনা করে না, এবং তাহার পাদবিক্ষেপ
৭ চঞ্চল; সে তাহাতে মনোযোগ করে না। অতএব হে
বালকগণ, আমার কথা শুন, আমার মুখের কথাহইতে
৮ পরাঙ্মুখ হইও না। তুমি তাহাহইতে আপন পথ দূরে
৯ রাখ, তাহার বাটীর দ্বারের নিকটেও যাইও না; গেলে
তোমার সম্ভ্রম অন্যকে, ও তোমার পরমায়ু নির্দ্দয়
১০ রিপুকে দত্ত হইবে; ও বিদেশিরা তোমার ধনেতে
আপ্যায়িত হইবে, ও তোমার পরিশ্রমের ফলেতে
১১ বেশ্যার গৃহ পরিপূর্ণ হইবে; এবং তোমার মাংস ও
শরীর ক্ষয় পাইলে শেষে তুমি আর্ত্তনাদ করিয়া
১২ কহিবা; হায় ২, আমি কেন হিতোপদেশ ঘৃণা করি-

লাম? ও আমার মন কেন অনুযোগ তুচ্ছ করিল?
আমি কেন গুরুলোকের কথা শুনিলাম না? ও শি- ১৩
ক্ষকদের কথাতে কেন মনোযোগ করিলাম না? আমি
সভাতে ও মণ্ডলীর মধ্যে হঠাৎ সর্ব্ব প্রকার বিপদে ১৪
পড়িলাম।

তুমি নিজ জলাশয়ের জল ও নিজ কূপের স্রোতোজল ১৫
পান কর। তোমার উনুই কেন বাহিরে বিস্তারিত ১৬
হইবে? ও তোমার জলের স্রোত কেন চকে যাইবে?
তাহা কেবল তোমারই হউক, তোমার ও অন্যের না ১৭
হউক। তোমার উনুই ধন্য হউক, ও তুমি আপন ১৮
যৌবনকালের ভার্য্যাতে সন্তুষ্ট হও। সে হরিণীর ন্যায় ১৯
প্রেমিকা ও বাতপ্রমীর ন্যায় মনোহারিণী হউক; তাহার
স্তনের দ্বারা তুমি সর্ব্বদা আপ্যায়িত হও, ও তাহার
প্রেমেতে নিত্য রত থাক। হে আমার পুত্র, বারাঙ্গনা ২০
কেন তোমার মন হরণ করে? ও তুমি বেশ্যার বক্ষে
কেন আলিঙ্গন কর? মনুষ্যের তাবৎ পথ পরমেশ্বরের ২১
দৃষ্টিগোচর আছে; তিনি তাহার সকল গতি বিচার
করেন। দুষ্ট লোক আপন অপরাধদ্বারা ধরা পড়ে ও ২২
নিজপাপরূপ রজ্জুদ্বারা বদ্ধ হয়। সে বাহুল্য ভ্রমে ২৩
ভ্রান্ত হইয়া অনুপদেশে প্রাণ ত্যাগ করে।

## ৬ অধ্যায়।

১ প্রতিভূ হওনে নিষেধ, ৬ ও আলস্যের বিরুদ্ধে কথা, ১২ ও দুষ্ট লোকের বিরুদ্ধে কথা, ১৬ ও সাত ঘৃণাস্পদ, ২০ ও আজ্ঞা পালনের ফল, ২৫ ও পরদার করণে ক্ষতি।

হে আমার পুত্র, তুমি যদি আপন বন্ধুর প্রতিভূ ১
হইয়া থাক, ও পরের বিষয়ে হস্তার্পণ করিয়া থাক,
তবে আপন বাক্যরূপ ফাঁদে পতিত ও আপন মুখের ২
কথাতে ধৃত হইলা। অতএব হে আমার পুত্র, তুমি ৩

এখন এই কর্ম্ম কর ; তুমি আপন বন্ধুর হস্তগত হইলা,
অতএব আপন প্রাণকে উদ্ধার কর ; তুমি যাইয়া প্রণি-
৪ পাত পূর্ব্বক আপন বন্ধুকে সাধ্যসাধনা কর। তোমার
চক্ষুকে নিদ্রা যাইতে দিও না, ও চক্ষুর পাতাকে মুদ্রিত
৫ হইতে দিও না। যেমন হরিণ (ব্যাধের) করহইতে
ও পক্ষী জালিকের হস্তহইতে পলায়ন করে, তদ্রূপ
তুমি আপনাকে মুক্ত কর।

৬ হে অলস, তুমি পিপীলিকার কাছে গিয়া তাহার
৭ ক্রিয়া দেখিয়া জ্ঞান শিক্ষা কর। তাহার শাসনকর্ত্তা
৮ কি অধ্যক্ষ কি প্রভু কেহ নাই, তথাপি সে গ্রীষ্মকালে
আপন খাদ্য সংগ্রহ করে, ও শস্য কাটনের সময়ে
৯ ভক্ষ্য সঞ্চয় করে। হে অলস, তুমি কত কাল শয়নে
১০ থাকিবা? ও কখন্ নিদ্রাহইতে উঠিবা? আর অল্প
কাল নিদ্রা ও অল্প কাল তন্দ্রা ও অল্প কাল শয়নে হস্ত
১১ জড়সড় করিলে, তোমার দৈন্য দস্যুর ন্যায় ও তো-
মার দীনতা সুসজ্জ সেনার ন্যায় উপস্থিত হইবে।

১২ যে ব্যক্তি দুর্জন, সে ধূর্ত্ত, কটুবাক্য কহিতে২
১৩ বেড়ায়; ও চক্ষুদ্বারা ইঙ্গিত করে, ও পদের ভঙ্গিদ্বারা
১৪ বুঝায়, ও অঙ্গুলি দিয়া শিক্ষা দেয়। সে আপন কুটিল
অন্তঃকরণে মন্দ চিন্তা করে, ও সর্ব্বদা বিবাদের আ-
১৫ রোপ করে। অতএব অকস্মাৎ তাহার বিপদ উপ-
স্থিত হইবে, ও প্রতিকার বিনা সে হঠাৎ বিনষ্ট হইবে।

১৬ অহঙ্কারদৃষ্টি ও মিথ্যাবাদি জিহ্বা ও নির্দ্দোষ রক্তপা-
১৭ তকারি হস্ত ও কুসঙ্কল্পকারি মন ও কুকর্ম্ম করিতে
১৮ দ্রুতগামি চরণ, এবং মিথ্যাবাদি মিথ্যাসাক্ষী ও ভ্রাতৃ-
১৯ মধ্যে বিবাদজনক, এই সপ্ত বিশেষতঃ ছয় পরমেশ্ব-
রের ঘৃণিত; তিনি মনের মধ্যে এই সকলকে বড় ঘৃণা
করেন।

হে আমার পুত্র, তুমি আপন পিতার আজ্ঞা পা- ২০
লন কর, ও আপন মাতার ব্যবস্থা ত্যাগ করিও
না। তাহা সর্ব্বদা হৃদয়ে গাঁথিয়া রাখ ও গলদেশে ২১
বন্ধন কর। তাহাতে গমনকালে সে তোমাকে পথ ২২
দেখাইবে, ও শয়নকালে তোমাকে রক্ষা করিবে, ও
জাগরণ সময়ে তোমার সহিত আলাপ করিবে। কেননা ২৩
আজ্ঞা প্রদীপস্বরূপ ও ব্যবস্থা আলোকস্বরূপ ও হিতো-
পদেশের অনুযোগ জীবনের পথস্বরূপ হইয়া দুষ্টা ২৪
স্ত্রীহইতে ও প্রিয়বাদিনী বেশ্যাহইতে তোমাকে রক্ষা
করিবে।

তুমি অন্তঃকরণে ঐ স্ত্রীর সৌন্দর্য্য বাঞ্ছা করিও না, ২৫
ও তাহার কটাক্ষেতে ধৃত হইও না। কেননা বেশ্যা- ২৬
দ্বারা অন্নাভাবও ঘটে, এবং পরস্ত্রীদ্বারা মনুষ্যের
মহামূল্য প্রাণ ধরা পড়ে। বক্ষঃস্থলে অগ্নি রাখিলে ২৭
কাহার বস্ত্র দগ্ধ না হয়? এবং প্রজ্বলিত অঙ্গারের ২৮
উপরে গমন করিলে কাহার পদতল দগ্ধ না হয়?
যে জন প্রতিবাসির স্ত্রীতে গমন করে, সে তদ্রূপ হয়; ২৯
যে কেহ তাহাকে স্পর্শ করে, সে নির্দ্দোষ হইবে না।
যে চোর ক্ষুধিত হইয়া প্রাণ রক্ষার্থে চুরি করে, লো- ৩০
কেরা তাহাকেও উপেক্ষা করে না। ধৃত হইলে চৌ- ৩১
র্য্যের সপ্ত গুণ তাহাকে দিতে হয়, ও আপন গৃহের
সর্ব্বস্ব হইলেও তাহা দিতে হয়। কিন্তু পরদারগামি ৩২
পুরুষ নিতান্ত নির্ব্বোধ, কেননা সে আপনার প্রাণ আ-
পনি নষ্ট করে, এবং দণ্ড ও লজ্জা পায়, তাহার ৩৩
অপমান কখনো ঘুচে না। যেহেতুক স্ত্রী বিষয়ক অন্ত- ৩৪
র্জ্বালাতে স্বামির ক্রোধ জন্মে, দণ্ডের দিনে সে ক্ষমা করিবে
না; ও কোন প্রকার পারিতোষিক মানিবে না, এবং ৩৫
অনেক উৎকোচেও সন্তুষ্ট হইবে না।

## ৭ অধ্যায়।

১ সুলেমানের বিনয় কথা, ৬ ও বেশ্যার ব্যবহারের বর্ণনা, ২৪ ও তাহাহইতে স্বতন্ত্র হওনের আবশ্যকতা।

১ হে আমার পুত্র, আমার কথা পালন কর, ও আমার
২ আজ্ঞা মনে সঙ্গোপন কর; ও আমার আজ্ঞা পালন
করিয়া জীবন ধারণ কর, ও আমার ব্যবস্থাকে আ-
৩ পনার নয়নের তারাস্বরূপ রক্ষা কর; এবং তোমার
অঙ্গুলিতে তাহা বন্ধন কর, ও হৃৎপত্রে লিখিয়া রাখ।
৪ প্রজ্ঞাকে বল, তুমিই আমার ভগিনী, ও সুবিবেচনাকে
৫ বল, তুমিই আমার জ্ঞাতি; তাহাতে সে বারাঙ্গনা ও
প্রিয়বাদিনী বেশ্যাহইতে তোমাকে রক্ষা করিবে।
৬ আমি আপন গৃহের বাতায়নের খড়খড়ি দিয়া নি-
৭ রীক্ষণ করিতেছিলাম। তাহাতে অজ্ঞান লোকদের
মধ্যে আমার দৃষ্টি পড়িলে আমি যুবগণের মধ্যে এক
৮ নির্ব্বোধ যুবকে দেখিলাম। সে ঐ ব্যভিচারিণীর বা-
টীর কোণের নিকটস্থ পথে যাইয়া তাহার বাটীর
৯ পথে চলিতেছিল। তখন সন্ধ্যাকাল, দিনাবসানে রা-
১০ ত্রির ও অন্ধকারের আরম্ভকাল ছিল। পরে বেশ্যাবে-
১১ শধারিণী এক চতুরা স্ত্রী তাহার সহিত মিলিল। সে
কলহকারিণী ও অবাধ্যা, তাহার চরণ গৃহে থাকে না;
১২ কখনো পথে ও কখনো চকে ও কখনো (ব্যাধের ন্যায়)
১৩ কোণে২ অপেক্ষাতে থাকে। ঐ স্ত্রী তাহাকে ধরিয়া
চুম্বন করিল, এবং নির্লজ্জ মুখে তাহাকে কহিল,
১৪ 'আমাকে মঙ্গলার্থক বলিদান করিতে হইবে, অদ্য
১৫ আমি আপন মানত পূর্ণ করিলাম। এই জন্যে তো-
মার সহিত সাক্ষাৎ করিতে ও তোমার দেখা পাইতে
১৬ বাহিরে আইলাম, এক্ষণে তোমাকে পাইলাম। আমি

চিত্রবিচিত্র বস্ত্রে ও মিস্রীয় নানাবর্ণ সূক্ষ্ম বস্ত্রে আপন
খাট সাজাইলাম; এবং গন্ধরস ও অগুরু ও দারুচিনি ১৭
দিয়া আপন শয্যা আমোদিত করিলাম। আইস, আ- ১৮
মরা প্রভাত পর্য্যন্ত কামরসে মত্ত ও প্রেমেতে সুখী হই।
কেননা আমার স্বামী ঘরে নাই, দূরপথে গমন করি- ১৯
য়াছে। টাকার তোড়া সঙ্গে লইয়া গিয়াছে, শুক্লপক্ষে ২০
গৃহে আসিবে।' এই রূপ অনেক মধুর বাক্যেতে সে ২১
তাহার মন হরণ করিল, ও ওষ্ঠাধরের কোমলতাতে
তাহাকে আকর্ষণ করিল। তাহাতে সে হঠাৎ তাহার ২২
পশ্চাৎ গেল; যেমন গোরু হত হইতে যায়, তদ্রূপ
সে রুণু২ শব্দ পূর্ব্বক নির্ব্বোধের দণ্ড পাইতে, কিম্বা ২৩
বাণদ্বারা বিদ্ধযকৃৎ হইতে গেল। যে পক্ষী ফাঁদকে
প্রাণনাশক না জানিয়া ফাঁদে পড়িতে শীঘ্র উড়ে, সে
তাহার তুল্য।

অতএব হে বালকেরা, আমার বাক্য শুন, ও আ- ২৪
মার মুখের কথা মান্য কর। তোমার চিত্ত তাহার ২৫
পথে না যাউক, এবং তুমি তাহার মার্গে ভ্রমণ করিও
না। কেননা সে অনেককে হত করিয়া নিপাত করি- ২৬
য়াছে, ও অনেক বলবানকে বধ করিয়াছে। তাহার ২৭
গৃহ পরলোকের পথ ও মৃত্যুর আলয়ে প্রবেশকারক।

## ৮ অধ্যায়।

১ প্রজ্ঞার সুখ্যাতি ও শ্রেষ্ঠতা, ১২ ও প্রজ্ঞাদ্বারা পরাক্রম ও ধন, ২২ ও প্রজ্ঞার অনাদিত্ব, ৩২ ও প্রজ্ঞার দ্বারা সুখের বর্ণনা।

প্রজ্ঞা কি ডাকে না? ও বুদ্ধি কি উচ্চৈঃশব্দ করে না? ১
সে পথের পার্শ্বে উচ্চস্থানে এবং চতুর্মস্তক পথে দাঁ- ২
ড়ায়; ও দ্বারে অর্থাৎ নগরের অগ্রভাগে ও দ্বারের ৩
প্রবেশস্থানে থাকিয়া উচ্চৈঃস্বরে কহে, হে মনুষ্যগণ, ৪

আমি তোমাদিগকে আহ্বান করি; মনুষ্যসন্তানদের
৫ কাছে আমার এই নিবেদন। হে অজ্ঞানেরা, সতর্কতার
কথা বুঝ; হে নির্ব্বোধ সকল, তোমরা বুদ্ধির কথা
৬ বুঝ। শুন, আমি সৎকথা কহি, ও ওষ্ঠাধরে যথার্থ কথা
৭ বলি। আমার মুখ সত্য কথা কহে, দুষ্টতা আমার
৮ ওষ্ঠের ঘৃণাস্পদ। আমার মুখের তাবৎ কথাই ধর্ম্ম;
৯ তাহার মধ্যে বক্র কি বিপরীত বাক্য নাই। বুদ্ধিমানের
স্থানে সে সকল সুগম, এবং জ্ঞানিদের কাছে যথার্থ।
১০ রূপা অপেক্ষা আমার উপদেশ, এবং সুবর্ণ অপেক্ষা
১১ জ্ঞানকে গ্রহণ কর। কেননা প্রজ্ঞা মুক্তাহইতেও উত্তম,
ও কোন ইষ্ট বস্তু তাহার সমান নয়।
১২ আমি প্রজ্ঞা সতর্কতার সহিত বাস করি, ও পরি-
১৩ ণামদর্শিতার তত্ত্ব জানি। দুষ্টতাকে ঘৃণা করা পরমে-
শ্বরের সেবার সার; আমি অহঙ্কার ও দাম্ভিকতা ও
১৪ কুপথ ও দুর্ম্মুখতা ঘৃণা করি। পরামর্শ ও কুশল আ-
১৫ মার, আমিই সুবিবেচনা, ও পরাক্রম আমার। আমা-
দ্বারা রাজগণ রাজত্ব করে ও মন্ত্রিগণ যথার্থ ব্যবস্থা
১৬ স্থাপন করে। এবং আমাদ্বারা প্রধানেরা প্রাধান্য
১৭ পায় ও পৃথিবীর বিচারকর্ত্তৃগণ উন্নত হয়। যাহারা
আমাকে প্রেম করে, আমিও তাহাদিগকে প্রেম করি;
ও যাহারা আমার অন্বেষণ করে, তাহারা আমাকে
১৮ পায়। ঐশ্বর্য্য ও সম্ভ্রম এবং অক্ষয় বিভব ও ধর্ম্ম, এ
১৯ সকলি আমার। সুবর্ণ ও নির্ম্মল সুবর্ণ অপেক্ষাও আ-
মার ফল উত্তম, এবং মনোনীত রূপাহইতেও আমার
২০ উপস্বত্ব ভাল। আমিই ধর্ম্মপথে ও বিচারের পথের
২১ মধ্যে গতি করাই। যাহারা আমাকে প্রেম করে, তা-
হাদিগকে ঐশ্বর্য্যবান করি, ও তাহাদের ভাণ্ডার ধনেতে
পরিপূর্ণ করি।

পরমেশ্বরের কর্ম্মের আরম্ভে, বরং তাঁহার আদিকৃত ২২
কর্ম্মের পূর্ব্বে আমি তাঁহার প্রাপ্ত ছিলাম। অনাদি ২৩
কালাবধি, পৃথিবীর মূল স্থাপনের পূর্ব্বাবধি আমি
অভিষিক্তা আছি। সমুদ্রের ও জলপূর্ণ উনুইর সৃষ্টি ২৪
হওনের পূর্ব্বে, এবং পর্ব্বতের স্থাপন ও উপপর্ব্বতের ২৫
জন্মের পূর্ব্বে, যে সময়ে পৃথিবী ও ক্ষেত্র ও জগৎস্থ ২৬
মৃত্তিকার এক রেণুও জন্মে নাই, তৎকালে আমি
জন্মিয়াছিলাম। এবং তাঁহার আকাশমণ্ডল স্থাপন ২৭
কালেও আমি সেখানে ছিলাম; এবং যে সময়ে তিনি
সমুদ্রের উপরিস্থ চক্রাকার পরিমাণ করিলেন, এবং ২৮
ঊর্দ্ধস্থিত মেঘ স্থাপন করিলেন, ও গভীর স্থানের উনুই
সকল পূর্ণ করিলেন, এবং সমুদ্রের জল যে সীমা উল্লঙ্ঘন ২৯
করিতে পারে না, সেই সীমা নিরূপণ করিলেন, ও
পৃথিবীর মূল স্থাপন করিলেন; তৎকালে আমি তাঁ- ৩০
হার নিকটে কর্ম্মকারিণী ছিলাম, এবং প্রতিদিন আন-
ন্দদায়িনী হইয়া তাঁহার সম্মুখে নিত্য আহ্লাদ করি-
তাম; এবং ভূমণ্ডলে আমোদ ও মনুষ্যসন্তানদের ৩১
সহিত আনন্দ করিতাম।

হে বালকগণ, তোমরা এখন আমার কথা শুন; যে ৩২
জন আমার পথ অবলম্বন করে, সেই ধন্য। তোমরা ৩৩
হিতোপদেশ শুনিয়া জ্ঞানবান্ হও; তাহাতে অশ্রদ্ধা
করিও না। যে জন আমার কথা শুনিয়া দিন ২ আমার ৩৪
দ্বারে জাগ্রৎ থাকে, অর্থাৎ আমার দ্বারের চৌকাঠে
থাকিয়া অপেক্ষা করে, সেই ধন্য। কেননা আমাকে পা- ৩৫
ইলেই মানুষ জীবন প্রাপ্ত হয়, এবং পরমেশ্বরের অনুগ্রহ
ভোগ করে। কিন্তু যে জন আমার বিরুদ্ধে পাপ করে, ৩৬
সে আপন প্রাণহিংসা করে; এবং যে সকল লোক
আমাকে ঘৃণা করে, তাহারাই মৃত্যুকে প্রেম করে।

## ৯ অধ্যায়।

১ তত্ত্বজ্ঞানের আহ্বান, ৭ ও উপদেশ কথা, ১৩ ও অজ্ঞানতার কথা ও ফল।

১ প্রজ্ঞা আপন গৃহ নির্ম্মাণ করিল ও তাহার সপ্ত স্তম্ভ
২ খুদিল; এবং পশু মারিয়া ও দ্রাক্ষারস মিশ্রিত করিয়া
৩ আপন ভোজ প্রস্তুত করিল; এবং আপন দাসীদিগকে
পাঠাইয়া নগরের উচ্চ স্থানহইতে নিমন্ত্রণ করিয়া কহিল,
৪ হে অজ্ঞান, এই স্থানে আইস; এবং নির্ব্বোধকে
৫ কহিল, আইস, আমার ভোজ্য ভোজন কর, ও আমার
৬ প্রস্তুত দ্রাক্ষারস পান কর; অজ্ঞানদের সঙ্গ ছাড়িয়া
জীবন রক্ষা কর, ও সুবিবেচনার পথে গমন কর।

৭ যে জন নিন্দককে শিক্ষা দেয় সেই লজ্জা পায়,
এবং যে জন দুষ্টকে অনুযোগ করে সে কলঙ্ক পায়।
৮ তুমি নিন্দককে অনুযোগ করিও না, করিলে সে তো-
মাকে ঘৃণা করিবে; বরং জ্ঞানবানকে অনুযোগ কর,
৯ তাহাতে সে তোমাকে প্রেম করিবে। জ্ঞানবানকে
উপদেশ দিলে সে আরও জ্ঞানবান হইবে, এবং
সাধুকে শিক্ষা দিলে তাহার পাণ্ডিত্য বৃদ্ধি পাইবে।
১০ পরমেশ্বর বিষয়ক ভয়ই প্রজ্ঞার আরম্ভ, এবং ধর্ম্ম-
১১ জ্ঞানই সুবিবেচনা। কেননা আমাদ্বারা তোমার পর-
মায়ু বৃদ্ধি পাইবে, ও তোমার আয়ুর বৎসর বাড়িবে।
১২ তুমি জ্ঞান পাইলে আপনি তাহার ফল ভোগ করিবা,
আর নিন্দক হইলে আপনি দণ্ড পাইবা।

১৩ অজ্ঞানা স্ত্রী কলহকারিণী ও অবিবেচিকা ও নির্বুদ্ধি।
১৪ সে আপন গৃহের দ্বারে কিম্বা নগরের উচ্চস্থানে আসন
১৫ পাতিয়া বসে; এবং সরল পথের পথিকদিগকে ডা-
১৬ কিয়া বলে, হে অজ্ঞান, এই স্থানে আইস; এবং

নির্ব্বোধকে এই কথা কহে, চৌর্য্য জল বড় মিষ্ট, ও ১৭
গুপ্ত অন্ন বড় সুস্বাদু। কিন্তু প্রেত যে তাহার গৃহে ১৮
থাকে, ও তাহার নিমন্ত্রিত লোকেরা যে পাতালের
গভীর স্থানে যায়, ইহা সে লোক বিবেচনা করে না।

## ১০ অধ্যায়।

সলেমানের নানা প্রকার হিতোপদেশ।

### সুলেমানের হিতোপদেশ।

জ্ঞানবান পুত্র পিতার আনন্দকর হয়, কিন্তু মূর্খ পুত্র ১
মাতার ক্লেশদায়ক। দুষ্টতাদ্বারা প্রাপ্ত ধনে কিছু ফল ২
নাই, কিন্তু ধর্ম্মদ্বারা মৃত্যুহইতে ত্রাণ পাওয়া যায়।
পরমেশ্বর ধার্ম্মিকের প্রাণকে ক্ষুধায় ব্যাকুল হইতে ৩
দেন না, কিন্তু দুষ্টদের লোভ বিফল করেন। যে জন ৪
শিথিল হস্তে কর্ম্ম করে, সে দরিদ্রতা পায়; কিন্তু সত্বর
কর্ম্মকারির হস্ত তাহাকে ধনবান করে। যে গ্রীষ্মকালে ৫
সঞ্চয় করে, সেই বুদ্ধিমান পুত্র; কিন্তু যে শস্য কাট-
নের সময়ে নিদ্রিত থাকে, সে লজ্জাজনক পুত্র। ধার্ম্মি- ৬
কের মস্তকে আশীর্ব্বাদ বর্ত্তে, কিন্তু দুষ্টগণের মুখ দৌ-
রাত্ম্যে আচ্ছন্ন থাকে। ধার্ম্মিক লোকদের স্মরণীয় নাম ৭
ধন্য, কিন্তু দুষ্টদের নাম জীর্ণ হয়। জ্ঞানবান লোক ৮
আজ্ঞা গ্রহণ করে, কিন্তু অজ্ঞান বাচাল লোক পতিত
হয়। সরলগামি লোক নির্ভয়ে গমন করে, কিন্তু বক্র- ৯
গামী শাস্তি পায়। যে জন চক্ষুদ্বারা ইঙ্গিত করে, সে ১০
দুঃখ দেয়; কিন্তু অজ্ঞান বাচাল লোক পতিত হয়।
ধার্ম্মিকদের মুখ জীবনের উনুইস্বরূপ; কিন্তু দুষ্টগণের ১১
মুখ দৌরাত্ম্যে আচ্ছন্ন থাকে। দ্বেষ বিবাদের উৎপা- ১২
দক, কিন্তু প্রেম সমূহদোষ আচ্ছাদন করে। জ্ঞানবানের ১৩
ওষ্ঠাধর প্রজ্ঞার আশ্রয়, কিন্তু অজ্ঞানের পৃষ্ঠ দণ্ডের

১৪ আশ্রয়। জ্ঞানবান জ্ঞান সঞ্চয় করে, কিন্তু অজ্ঞানের
১৫ মুখ বিনাশ উপস্থিত করে। ধনই ধনবানের দৃঢ় নগর,
১৬ এবং দরিদ্রতাই দরিদ্রের বিনাশস্বরূপ। ধার্ম্মিকের শ্রম
১৭ জীবনজনক, কিন্তু দুষ্টদের উপস্বত্ব পাপজনক। যে জন
হিতোপদেশ মানে, সে জীবনের পথে চলে; কিন্তু যে
১৮ জন অনুযোগ মানে না, সে ভ্রান্ত হয়। যে জন দ্বেষ
আচ্ছাদন করে, সে মিথ্যাবাদী; এবং যে কেহ পরের
১৯ অপবাদ করে, সে অজ্ঞান। বহুবাক্যে দোষের অভাব
নাই; অতএব যে জন আপন ওষ্ঠকে দমন করে,
২০ সেই বুদ্ধিমান। ধার্ম্মিকের জিহ্বা নির্ম্মল রূপাস্বরূপ,
২১ কিন্তু দুষ্টদের অন্তঃকরণ অল্পমূল্য। ধার্ম্মিকের ওষ্ঠাধর
অনেককে প্রতিপালন করে, কিন্তু অজ্ঞানেরা জ্ঞানের
২২ অভাবে প্রাণ ত্যাগ করে। পরমেশ্বরের আশীর্ব্বাদ
ধনবান করে, এবং তিনি তাহার সহিত মনোদুঃখ দেন
২৩ না। কুক্রিয়াতে অজ্ঞানের এবং প্রজ্ঞাতে বুদ্ধিমানের
২৪ আনন্দ হয়। দুষ্ট যাহাতে ভয় করে, তাহার প্রতি
তাহাই ঘটে; কিন্তু ধার্ম্মিকদের বাঞ্ছা সফল হয়।
২৫ যেমন ঘূর্ণবায়ু বহিয়া যায়, তদ্রূপ দুষ্ট লোকও যায়;
২৬ কিন্তু ধার্ম্মিক চিরস্থায়ি ভিত্তিস্বরূপ। দন্তে যেমন অম্ল-
রস ও চক্ষুতে যেমন ধূম, তদ্রূপ অলস আপন প্রের-
২৭ কের প্রতি হয়। পরমেশ্বর বিষয়ক ভয় আয়ুর বৃদ্ধি
করে; কিন্তু দুষ্টদের বৎসরের ন্যূনতা করা যায়।
২৮ ধার্ম্মিকদের প্রতীক্ষা আনন্দজনক; কিন্তু দুষ্টদের প্র-
২৯ ত্যাশা ক্ষয় পায়। পরমেশ্বরের পথ সাধুদের দুর্গস্ব-
৩০ রূপ; কিন্তু দুষ্কর্ম্মিদের বিনাশস্বরূপ। ধার্ম্মিক লোক
কখনো বিচলিত হইবে না; কিন্তু দুষ্টগণ দেশবাসী
৩১ হইবে না। ধার্ম্মিকের মুখহইতে প্রজ্ঞা নিসৃত হয়;
৩২ কিন্তু বক্রবাদি জিহ্বাকে ছেদন করা যায়। ধার্ম্মিকের

ওষ্ঠাধর প্রীতিভাবের সংসর্গী, কিন্তু দুষ্টদের মুখ বক্র-
ভাবের মিত্র।

## ১১ অধ্যায়।

অযথার্থ নিক্তি পরমেশ্বরের ঘৃণিত; কিন্তু যথার্থ ঢকেতে ১
তাঁহার সন্তোষ আছে। অহঙ্কার আইলে অবজ্ঞাও ২
আইসে; কিন্তু নম্রশীল লোকদের সহিত প্রজ্ঞা আইসে।
সরল লোকদের সাধুতা তাহাদিগকে সুপথে লইয়া ৩
যায়, কিন্তু ধূর্ত্তদের খলতা তাহাদিগকে নষ্ট করে।
ক্রোধের দিনে ধন নিষ্ফল হয়; কিন্তু ধর্ম্ম মৃত্যুহইতে ৪
রক্ষা করে। সাধু লোকের ধর্ম্ম তাহার পথ সমান ৫
করে; কিন্তু দুষ্টতা দুষ্টকে নিপাত করে। সরল লোক- ৬
দের ধর্ম্ম তাহাদিগকে উদ্ধার করে; কিন্তু কুটিল লোক
আপনাদের লোভে ধরা পড়ে। দুষ্ট লোক মরিলে ৭
তাহার আশা নষ্ট হয়; এবং বলবানদের প্রত্যাশা
বিনাশ পায়। ধার্ম্মিক দুঃখহইতে উদ্ধার পায়; পরে ৮
দুষ্ট তাহার স্থানে উপস্থিত হয়। কপটি লোক মুখের ৯
দোষে আপন বন্ধুকে নষ্ট করে, কিন্তু ধার্ম্মিকগণ জ্ঞান-
দ্বারা উদ্ধার পায়। ধার্ম্মিকদের মঙ্গল হইলে নগরে ১০
আনন্দ হয়; কিন্তু দুষ্টদের বিনাশ হইলে জয়ধ্বনি হয়।
সরলদিগের আশীর্ব্বাদে নগরের উন্নতি হয়; কিন্তু ১১
দুষ্টদের বাক্যেতে তাহার উৎপাটন হয়। নির্ব্বোধ ১২
আপন বন্ধুকেও তুচ্ছ করে, কিন্তু বুদ্ধিমান নীরব হইয়া
থাকে। কর্ণেজপ ভ্রমণ করিয়া গুপ্ত কথা ব্যক্ত করে; ১৩
কিন্তু বিশ্বস্ত লোক কথা গোপন করে। মন্ত্রণার ১৪
অভাবে লোক পতিত হয়; কিন্তু মন্ত্রিবাহুল্যেতে
রক্ষা পায়। যে জন অজ্ঞাত লোকের প্রতিভূ হয়, সে ১৫
ক্লেশ পায়; কিন্তু যে জন প্রতিভূর কর্ম্মে ঘৃণা করে,

১৬ সে নিরাপদে থাকে। মনোহরা স্ত্রী সম্ভ্রম লাভ করে,
১৭ আর বিক্রমি লোক ধন লাভ করে। দয়ালু লোক
আপন প্রাণের মঙ্গল করে; কিন্তু নির্দ্দয় আপন শরী-
১৮ রকে ক্লেশ দেয়। অধর্ম্মি লোক মিথ্যা শ্রম করে; কিন্তু
১৯ ধর্ম্মবীজবাপকের সত্য ফল হয়। ধর্ম্মদ্বারা যেমন জীব-
নলাভ, তদ্রূপ দুষ্টতার উদ্যোগদ্বারা মৃত্যুলাভ হয়।
২০ কুটিলমনা পরমেশ্বরের ঘৃণার পাত্র; কিন্তু সরল পথ-
২১ গামিরা তাঁহার সন্তোষজনক। পাপি লোক পুরুষানু-
ক্রমে দণ্ড এড়াইবে না; কিন্তু ধার্ম্মিকদের বংশ রক্ষা
২২ পাইবে। যেমন শূকরের নাসিকাতে সুবর্ণের নথ, তদ্রূপ
২৩ সুবিচারহীন সুন্দরী স্ত্রী। ধার্ম্মিকেরা কেবল উত্তমের
আকাঙ্ক্ষা করে, কিন্তু দুষ্টেরা ক্রোধের অপেক্ষা করে।
২৪ কেহ ২ বিতরণ করিয়াও বৃদ্ধি পায়; আর কেহ ২
উচিত ব্যয় অস্বীকার করিয়াও কেবল দরিদ্রতা পায়।
২৫ দানশীল প্রাণী পরিতৃপ্ত হয়, এবং জলসেচনকারী
২৬ আপনি জলেতে সিক্ত হয়। যে জন শস্য আটক
করিয়া রাখে, লোকেরা তাহাকে শাপ দেয়; কিন্তু
যে জন শস্য বিক্রয় করে, তাহার মস্তকে আশীর্ব্বাদ
২৭ বর্ত্তে। যে জন হিত কর্ম্মের চেষ্টা করে, সে অনুগ্রহ
পায়; কিন্তু যে জন অনিষ্ট চেষ্টা করে, তাহার প্রতি
২৮ অনিষ্ট ঘটিবে। যে জন আপন ধনে নির্ভর করে, সে
পতিত হয়; কিন্তু ধার্ম্মিক জন পল্লবের ন্যায় প্রফুল্ল হয়।
২৯ যে জন পরিজনকে কষ্ট দেয়, সে বায়ুরূপ অধিকার
৩০ পায়; এবং অজ্ঞান বুদ্ধিমানের দাস্য করে। অমৃত
বৃক্ষের ফলই ধার্ম্মিকের ফল; এবং যে জন পরের
৩১ আত্মাকে সৎপথে লওয়ায়, সেই জ্ঞানবান। দেখ,
পৃথিবীতে ধার্ম্মিকগণও প্রতিফল পায়, তবে দুষ্ট ও
পাপিগণ কি পাইবে না?

## ১২ অধ্যায়।

যে জন উপদেশ ভাল বাসে, সে জ্ঞানও ভাল বাসে; ১
কিন্তু যে জন অনুযোগ ঘৃণা করে, সে পশুবৎ। সুশীল ২
লোক পরমেশ্বরের সন্তোষ পাত্র হয়; কিন্তু তিনি কুমন্-
ত্রানিকে দোষী করেন। দুষ্টতাদ্বারা কোন লোক সুস্থির ৩
হয় না, কিন্তু ধার্ম্মিকের মূল অটল থাকে। গুণবতী ৪
স্ত্রী স্বামির মুকুটস্বরূপ; কিন্তু লজ্জাদাত্রী স্ত্রী তাহার
অস্থির ক্লেদস্বরূপ। ধার্ম্মিকদের সঙ্কল্প যথার্থ; কিন্তু ৫
দুষ্টদের পরামর্শ প্রবঞ্চনাযুক্ত। দুষ্টগণ বধ করিবার ৬
জন্যে লুক্কায়িত থাকনের কথা বলে; কিন্তু সরলাচারি-
দের জিহ্বা তাহাদিগকে রক্ষা করে। দুষ্টগণ উচ্ছিন্ন ৭
হইয়া লুপ্ত হয়; কিন্তু ধার্ম্মিকদের বাটী অটল থাকে।
মনুষ্য আপন কুশলদ্বারাতেই প্রশংসা পায়; কিন্তু ৮
কুটিলান্তঃকরণেরা তুচ্ছীকৃত হয়। যে সামান্য লোক ৯
আপনার দাস আপনি হয়, সে খাদ্যহীন শ্লাঘাকা-
রিহইতে শ্রেষ্ঠ। ধার্ম্মিক আপন পশুর প্রাণের প্রতিও ১০
চিন্তা করে; কিন্তু দুষ্টদের যে দয়া সে নির্দ্দয়তা। যে ১১
জন আপন ভূমির চাস করে, সে যথেষ্ট আহার পায়;
কিন্তু যে জন নিষ্ফল কর্ম্মেতে ব্যস্ত হয়, সে নির্ব্বোধ।
পাপী দুর্জ্জনদের লাভেতে লোভ করে; কিন্তু ধার্ম্মি- ১২
কের মূল ফল উৎপন্ন করে। দুর্জ্জন আপন ওষ্ঠের ১৩
দোষে ধরা পড়ে, কিন্তু ধার্ম্মিক দুঃখহইতে উদ্ধার পায়।
মনুষ্য আপন মুখের গুণে মঙ্গলে তৃপ্ত হয়, এবং তা- ১৪
হার হস্তকৃত দানের ফল তাহার প্রতি বর্ত্তে। অজ্ঞা- ১৫
নের পথ তাহার দৃষ্টিতে ভাল; কিন্তু যে জন পরামর্শ
শুনে, সেই জ্ঞানবান। অজ্ঞানের ক্রোধ শীঘ্র ব্যক্ত ১৬
হয়, কিন্তু বিজ্ঞ লোক অপমান আচ্ছাদন করে।

১৭ সত্যবাদী ধর্ম্ম প্রকাশ করে; কিন্তু মিথ্যাসাক্ষী প্রবঞ্চনা
১৮ প্রকাশ করে। বাচালের বাক্য অস্ত্রাঘাতস্বরূপ, কিন্তু
১৯ জ্ঞানবানের জিহ্বা আরোগ্যস্বরূপ। সত্যবাদির ওষ্ঠ চি-
২০ রস্থায়ী; কিন্তু মিথ্যাবাদী জিহ্বা ক্ষণকালস্থায়ী। কুচিন্তা-
কারিদের মনে প্রতারণা থাকে, কিন্তু যাহারা শান্তির
২১ পরামর্শ দেয় তাহাদের আনন্দ হয়। ধার্ম্মিকের কোন
২২ বিপদ ঘটে না; কিন্তু দুষ্ট লোক দুর্গতিগ্রস্ত হয়। মি-
থ্যাবাদি ওষ্ঠ পরমেশ্বরের ঘৃণিত, কিন্তু সত্যাচারিগণ
২৩ তাঁহার সন্তোষজনক। সর্কত্ত লোক জ্ঞানের সম্বরণ
করে; কিন্তু অজ্ঞানদের মন অজ্ঞানতা প্রকাশ করে।
২৪ কর্ম্মশীলের হস্ত কর্তৃত্ব করে; কিন্তু অলস লোক কর
২৫ দেয়। আন্তরিক দুঃখে লোকের মন নত হয়; কিন্তু
২৬ শান্তিদায়ক বাক্য তাহাকে হর্ষ দান করে। ধার্ম্মিক
লোক নিজ প্রতিবাসির পথদর্শক; কিন্তু দুষ্টদের পথ
২৭ ভ্রান্তিকর। অলস মৃগয়াতে ধৃত পশু পাক করে না;
২৮ কিন্তু কর্ম্মশীল বহুমূল্য নররত্ন। ধর্ম্মের পথে জীবন
থাকে; তাহার সরল মার্গে মৃত্যু নাই।

## ১৩ অধ্যায়।

১ জ্ঞানবান পুত্র পিতার উপদেশ শুনে; কিন্তু নিন্দক
২ পুত্র ভর্ৎসনা শুনে না। মনুষ্য আপন মুখের গুণে
মঙ্গলে তৃপ্ত হয়; কিন্তু প্রবঞ্চকদের লোভ দৌরাত্ম্য
৩ ভোগ করায়। যে জন আপন মুখ রক্ষা করে, সে আ-
পন প্রাণও রক্ষা করে; কিন্তু যে কেহ ওষ্ঠাধর ব্যা-
৪ দান করে, সে বিনাশ পায়। অলস লোক বাঞ্ছা করি-
৫ য়াও কিছু পায় না, কিন্তু কর্ম্মশীল হৃষ্টপুষ্ট হয়। ধা-
র্ম্মিক মিথ্যাকথা ঘৃণা করে; কিন্তু দুষ্ট লোক লজ্জা ও
৬ অপমান জন্মায়। ধর্ম্ম সৎপথগামিকে রক্ষা করে;

কিন্তু দুষ্টতা পাপিকে নষ্ট করে। কেহ ২ অকিঞ্চন হই- ৭
য়াও আপনাকে ধনির ন্যায় দেখায়; আর কেহ বা
ধনী হইয়াও আপনাকে দরিদ্রের ন্যায় দেখায়। মান্য ৮
লোকের ধনদ্বারা প্রাণ রক্ষা হয়; কিন্তু দরিদ্র তর্জ্জন
শুনিতে পায় না। ধার্ম্মিকের দীপ্তি উজ্জ্বল হয়; কিন্তু ৯
দুষ্টদের প্রদীপ নির্ব্বাণ হয়। কেবল অহঙ্কারহইতে ১০
বিবাদ জন্মে, কিন্তু পরামর্শগ্রহণকারিদের প্রজ্ঞা আছে।
আশুলব্ধ ধন ক্ষয় পায়; কিন্তু যে জন ক্রমশঃ সঞ্চয় ১১
করে, তাহার ধন বৃদ্ধি পায়। আশাসিদ্ধির বিলম্ব ১২
মনের পীড়াস্বরূপ; কিন্তু বাঞ্ছাসিদ্ধি অমৃত বৃক্ষস্বরূপ।
যে জন ( ঈশ্বরের ) বাক্য তুচ্ছ করে, সে দণ্ড পায়; ১৩
কিন্তু যে জন আজ্ঞা মান্য করে, সে মঙ্গল পায়। মৃত্যু- ১৪
রূপ ফাঁদহইতে রক্ষা করিতে জ্ঞানবানের ব্যবস্থা অমৃ-
তের উনুইস্বরূপ হয়। সুবুদ্ধির ফল অনুগ্রহ, কিন্তু ১৫
প্রবঞ্চকদের পথ অতি কঠিন। সতর্ক লোক সকল জ্ঞান ১৬
পূর্ব্বক কর্ম্ম করে, কিন্তু মূর্খ আপন মূর্খতা প্রকাশ করে।
দুষ্ট দূত বিপদে পড়ে; কিন্তু বিশ্বসনীয় দূত আরোগ্য- ১৭
স্বরূপ। যে জন উপদেশ তুচ্ছ করে, সে দরিদ্রতা ও ১৮
লজ্জা পায়; কিন্তু যে কেহ অনুযোগকে মান্য করে,
সে আদর পায়। আশার সিদ্ধি মনেতে মিষ্ট বোধ ১৯
হয়; কিন্তু দোষ ত্যাগ করা অজ্ঞানের ঘৃণিত কর্ম্ম।
জ্ঞানিদের সঙ্গী হইলে জ্ঞানী হয়; কিন্তু অজ্ঞানের বন্ধু ২০
হইলে বিনষ্ট হয়। আপদ পাপিদের পশ্চাৎ ২ ধাব- ২১
মান হয়; কিন্তু ধার্ম্মিকদিগকে মঙ্গল দত্ত হয়। সাধু ২২
লোক পুত্র পৌত্রদিগকে আপন অধিকার দিয়া যায়;
কিন্তু পাপির ধন ধার্ম্মিকের নিমিত্তে সঞ্চিত হয়।
দরিদ্রের চাসেতে অনেক শস্য জন্মে; কিন্তু বিচারের ২৩
অভাবে কাহারো সর্ব্বনাশ হয়। যে জন দণ্ড দিতে ২৪

অনিচ্ছুক হয়, সে পুত্রকে ঘৃণা করে; কিন্তু যে জন
তাহাকে প্রেম করে, সে অবিলম্বে তাহাকে শাস্তি
২৫ দেয়। ধার্ম্মিক তৃপ্তি পর্য্যন্ত ভোজন করে; কিন্তু দুষ্ট-
দের উদর শূন্য থাকে।

## ১৪ অধ্যায়।

১ জ্ঞানবতী স্ত্রী আপন গৃহ দৃঢ় করে; কিন্তু অজ্ঞানা নিজ
২ হস্ত দিয়া তাহা ভাঙ্গে। যে আপন সারল্যে চলে, সেই
পরমেশ্বরকে ভয় করে; কিন্তু বক্রপথগামী তাঁহাকে
৩ তুচ্ছ করে। অজ্ঞানের মুখে অহঙ্কারের দণ্ড থাকে;
৪ কিন্তু জ্ঞানবানদের ওষ্ঠ তাহাদিগকে রক্ষা করে। গোরু
না থাকিলে খাদ্যপাত্র পরিষ্কার থাকে; কিন্তু গোরুর
৫ বলেতে ধনের বাহুল্য জন্মে। বিশ্বসনীয় সাক্ষী মিথ্যা
কহে না; কিন্তু প্রবঞ্চক সাক্ষী মিথ্যা কথাই কহে।
৬ নিন্দক চেষ্টা করিলেও প্রজ্ঞা পায় না; কিন্তু বুদ্ধিমান
৭ সহজে জ্ঞান পায়। অজ্ঞানের সম্মুখহইতে প্রস্থান কর,
এবং যাহার জ্ঞানবিশিষ্ট ওষ্ঠাধর দেখিতে পাও না,
৮ (তাহাকে ছাড়িয়া যাও।) নিজ পথের বিবেচনা
করা সতর্কের প্রজ্ঞা, কিন্তু প্রবঞ্চনা করা মূর্খদের অজ্ঞা-
৯ নতা। অজ্ঞান লোকেরা পাপকে খেলার বিষয় জ্ঞান
১০ করে; কিন্তু ধার্ম্মিকদের মধ্যে অনুগ্রহ আছে। অন্তঃ-
করণ আপনার তিক্ততা বুঝে, এবং অপর লোক
১১ তাহার সুখের ভাগী হয় না। দুষ্টদের বাটী বিনষ্ট
১২ হয়; কিন্তু সরল লোকদের তাম্বু শোভা পায়। কোন
পথ মানুষের দৃষ্টিতে ভাল বোধ হয়; কিন্তু তাহার
১৩ শেষে মৃত্যু পথ থাকে। কখন হাস্যকালেও মনোদুঃখ
১৪ এবং আনন্দের শেষে বিষণ্ণতা হয়। যে জন অন্তঃ-
করণে বিপথগামী, সে আপন আচরণের ফলেতে পূর্ণ

হয়; কিন্তু সাধু লোক আপনাহইতে তৃপ্ত হয়। জড়- ১৫
বুদ্ধি লোক সর্ব্বপ্রকার কথায় প্রত্যয় করে, কিন্তু সতর্ক
লোক নিজ পাদবিক্ষেপের বিবেচনা করে। জ্ঞানি লোক ১৬
ভয় করিয়া মন্দহইতে বিমুখ হয়; কিন্তু অজ্ঞান ক্রোধী
ও দুঃসাহসী হয়। হঠাৎ ক্রোধি লোক অজ্ঞানের কর্ম্ম ১৭
করে, ও কুপরামর্শী ঘৃণার পাত্র হয়। জড়বুদ্ধি লোক ১৮
অজ্ঞানতারূপ অধিকার পায়; কিন্তু বিজ্ঞ লোক জ্ঞান-
রূপ মুকুটে বিভূষিত হয়। দুষ্টলোক সুজনদের কাছে, ১৯
ও পাপী ধার্ম্মিকদের দ্বারে নত হয়। দরিদ্র লোক আ- ২০
পন বন্ধুরও অপ্রিয় হয়, কিন্তু ধনবানের অনেক বন্ধু
আছে। যে জন মিত্রকে তুচ্ছ বোধ করে, সে পাপ ২১
করে; কিন্তু যে জন দরিদ্রগণকে দয়া করে, তাহার মঙ্গল
হয়। যাহারা কুসঙ্কল্প করে, তাহারা কি ভ্রান্ত নয়? ২২
কিন্তু যাহারা সুসঙ্কল্প করে, তাহাদের দয়া ও সত্যতা
ঘটে। তাবৎ প্রকার পরিশ্রমেতে সংস্থান হয়, কিন্তু ২৩
বাচালতাতে অকুলানমাত্র হয়। জ্ঞানিদের মুকুট ধন; ২৪
কিন্তু অজ্ঞানদের অধিকার অজ্ঞানতা। সত্যবাদী সাক্ষী ২৫
প্রাণ রক্ষা করে; কিন্তু মিথ্যাবাদি সাক্ষী প্রতারণা করে।
পরমেশ্বর বিষয়ক ভয় দৃঢ় বিশ্বাসভূমি; আর তাঁহার ২৬
সন্তানগণের আশ্রয় আছে। মৃত্যুরূপ ফাঁদহইতে রক্ষা ২৭
করিতে পরমেশ্বর বিষয়ক ভয় জীবনের উনুইস্বরূপ।
প্রজার বাহুল্যে রাজার সম্ভ্রম হয়; কিন্তু প্রজার অভাবে ২৮
রাজার ক্ষতি হয়। যে জন ক্রোধেতে ধীর, সে বড় ২৯
জ্ঞানবান; কিন্তু যে জন আশুক্রোধী, সে অজ্ঞানতা
প্রকাশ করে। সুস্থ মন শরীরের জীবনস্বরূপ; কিন্তু ৩০
অন্তর্জ্বালা অস্থিমধ্যস্থ ক্লেদস্বরূপ। যে জন দরিদ্রের প্রতি ৩১
উপদ্রব করে, সে তাহার সৃষ্টিকর্ত্তার অপমান করে;
কিন্তু যে কেহ দীনহীনকে দয়া করে, সে তাঁহাকে

৩২ সম্ভ্রম করে। দুষ্ট লোক আপন দৌর্জন্যেতে তাড়িত
হইয়া ( লোকান্তরে ) যায়; কিন্তু মরণকালে ধার্ম্মি-
৩৩ কের প্রত্যাশা থাকে। প্রজ্ঞা জ্ঞানবানদের হৃদয়ে
গুপ্তা থাকে, কিন্তু অজ্ঞানদের অন্তরে ভাসিয়া উঠে।
৩৪ ধর্ম্মদ্বারা রাজ্যের উন্নতি হয়; কিন্তু পাপ দেশের
৩৫ কলঙ্ক। বুদ্ধিমান দাস রাজার অনুগ্রহ পায়; কিন্তু
লজ্জাদায়ী তাঁহার ক্রোধের পাত্র হয়।

## ১৫ অধ্যায়।

১ কোমল উত্তর ক্রোধ নিবারণ করে, কিন্তু কঠিন বাক্য
২ ক্রোধ জন্মায়। জ্ঞানবানের জিহ্বা উত্তম জ্ঞান প্রকাশ
করে; কিন্তু অজ্ঞানের মুখ অজ্ঞানতা উদ্গার করে।
৩ পরমেশ্বরের চক্ষু সর্ব্বত্র থাকিয়া অধম ও উত্তমদিগকে
৪ দেখে। মিলনকারি জিহ্বা অমৃত বৃক্ষস্বরূপ; কিন্তু বি-
৫ চ্ছেদকারি জিহ্বা বিনাশক ঝড়ের ন্যায়। অজ্ঞান আ-
পন পিতার উপদেশ তুচ্ছ করে; কিন্তু যে জন ভর্ৎসনা
৬ মানে, সেই সতর্ক। ধার্ম্মিকের গৃহে বহু ধন থাকে;
৭ কিন্তু দুষ্টের সম্পত্তি ব্যাকুলতাযুক্ত। জ্ঞানবানের ওষ্ঠ
জ্ঞান প্রকাশ করে; কিন্তু অজ্ঞানের অন্তঃকরণ চঞ্চল।
৮ দুষ্টদের বলিদান পরমেশ্বরের ঘৃণিত; কিন্তু সরলদের
৯ প্রার্থনা তাঁহার সন্তোষজনক। পরমেশ্বর দুষ্টের পথ
ঘৃণা করেন; কিন্তু ধর্ম্মের অনুগামিকে প্রেম করেন।
১০ সৎপথত্যাগির প্রতি দুঃখদায়ক শাস্তি ঘটিবে, এবং যে
১১ জন ভর্ৎসনা ঘৃণা করে, সে মরিবে। পরলোক ও নরক
যে পরমেশ্বরের গোচর হয়, মনুষ্যসন্তানদের অন্তঃকরণ
১২ কি তাঁহার গোচর হইবে না? নিন্দক ভর্ৎসনাকারিকে
প্রেম করে না, জ্ঞানিদের সহিত গতায়াতও করে না।
১৩ আনন্দিত মন মুখকে প্রফুল্ল করে, কিন্তু মনের দুঃখেতে

আত্মা বিষণ্ণ হয়। বুদ্ধিমানের মন জ্ঞান অন্বেষণ ১৪
করে; কিন্তু অজ্ঞানদের মুখ অজ্ঞানতাক্ষেত্রে চরে।
দুঃখি লোকের সকল দিনই দুঃখদায়ক; কিন্তু হৃষ্ট ১৫
মনই নিত্য ভোজস্বরূপ। চিন্তার সহিত প্রচুর ধন ১৬
অপেক্ষা বরং ঈশ্বরভক্তির সহিত অল্পও ভাল। দ্বেষ- ১৭
ভাবে মনুষ্যদের পুষ্ট গোরু ভোজন অপেক্ষা বরং
প্রণয়ভাবে শাকমাত্র ভোজন করা ভাল। ক্রোধি লোক ১৮
বিবাদ জন্মায়। কিন্তু ক্রোধে ধীর লোক বিরোধ শান্তি
করে। অলসের পথ কণ্টকের বেড়াস্বরূপ; কিন্তু ধার্ম্মি- ১৯
কের পথ রাজপথস্বরূপ। জ্ঞানি পুত্র পিতার আনন্দ ২০
জন্মায়; কিন্তু অজ্ঞান পুত্র আপন মাতাকে তুচ্ছ
করায়। নির্ব্বোধ অজ্ঞানতাতে আনন্দ করে, কিন্তু ২১
বুদ্ধিমান সরল পথে চলে। মন্ত্রণার অভাবে কল্পনা ২২
বিফল হয়; কিন্তু অনেক মন্ত্রিদ্বারা সম্পন্ন হয়। মানুষ ২৩
আপন মুখের উত্তরেতে আনন্দ পায়, উচিত কালে
উপযুক্ত বাক্য কেমন উত্তম! অধঃস্থিত পরলোকহইতে ২৪
রক্ষা করিতে জীবনের পথ বুদ্ধিমানকে ঊর্দ্ধে লইয়া
যায়। পরমেশ্বর অহঙ্কারিদের গৃহ বিনাশ করেন; ২৫
কিন্তু বিধবার সীমা স্থির রাখেন। দুষ্টের কল্পনা পরমে- ২৬
শ্বরের ঘৃণাস্পদ, কিন্তু মনোহর কথা শুচি হয়। লোভী ২৭
আপন পরিজনকে ক্লেশ দেয়; কিন্তু যে জন উৎকোচ
ঘৃণা করে, সে জীবিত থাকে। ধার্ম্মিকের মন উত্তর ২৮
করিতে চিন্তা করে; কিন্তু দুষ্টদের মুখ দুষ্ট কথা নির্গত
করে। পরমেশ্বর দুষ্টদের হইতে দূরে থাকেন, কিন্তু ২৯
ধার্ম্মিকদের প্রার্থনা শুনেন। চক্ষুর দীপ্তি মনকে আন- ৩০
ন্দিত করে, ও সুসমাচার অস্থিকে পুষ্ট করে। যাহার ৩১
কর্ণ জীবনদায়ি ভর্ৎসনা শুনে, সে জ্ঞানিদের মধ্যে
থাকে। যে জন শাস্তিতে অসম্মত হয়, সে আপনার ৩২

প্রাণকে তুচ্ছ করে; কিন্তু যে কেহ ভর্ৎসনা শুনে, সেই
৩৩ জ্ঞান পায়। পরমেশ্বর বিষয়ক যে ভয় সে জ্ঞানের
উপদেশক, ও নম্রতা উন্নতির অগ্রগামিনী।

## ১৬ অধ্যায়।

১ মনুষ্য মনেতে সঙ্কল্প করে, কিন্তু জিহ্বার উত্তর পরমেশ্ব-
২ রহইতে হয়। মানুষের তাবৎ পথ আপনার দৃষ্টিতে
পরিষ্কৃত; কিন্তু পরমেশ্বর আত্মার পরীক্ষা করেন।
৩ তুমি আপনার কার্য্য পরমেশ্বরেতে সমর্পণ কর, তা-
৪ হাতে তোমার সঙ্কল্প সিদ্ধ হইবে। পরমেশ্বর আপন
অভিপ্রায় সাধনের নিমিত্তে সকলই সৃষ্টি করিয়াছেন;
৫ বিশেষতঃ দুষ্টকে দুর্দ্দশাদিনের নিমিত্তে। মনে অহঙ্কারি
লোক সকল পরমেশ্বরের ঘৃণিত, তাহারা কোন ক্রমে
৬ দণ্ড এড়াইবে না। দয়া ও সত্যতাহইতে পাপমোচন
হয়, এবং পরমেশ্বর বিষয়ক ভয়দ্বারা লোকেরা কুক্রিয়া
৭ ত্যাগ করে। কোন মানুষের গতি পরমেশ্বরের তুষ্টিকর
হইলে তিনি তাহার শত্রুদিগকেও তাহার সহিত মিলন
৮ করান। অন্যায়বিশিষ্ট প্রচুর ধন অপেক্ষা ধর্ম্মযুক্ত
৯ অল্প ধনও ভাল। মনুষ্যের মন আপন পথবিষয়ে
চিন্তা করে; কিন্তু পরমেশ্বর তাহার গতি নিরূপণ করেন।
১০ রাজার ওষ্ঠে মন্ত্র থাকে, অতএব বিচারে তাহার মুখেতে
১১ ভ্রান্তি না হউক। যে চক ও নিক্তি প্রকৃত, সে পরমে-
শ্বরের; এবং থলিয়াতে যত পরিমাণপ্রস্তর থাকে,
১২ সকলি তাঁহার নিরূপিত। দুষ্কর্ম্ম রাজাদের ঘৃণার্হ;
১৩ যেহেতুক ধর্ম্মকর্ম্মেতে সিংহাসন স্থির থাকে। ধর্ম্মযুক্ত
ওষ্ঠদ্বারা রাজগণ সন্তুষ্ট হয়, ও তাহারা ন্যায়বাদিকে
১৪ প্রেম করে। রাজার ক্রোধ মৃত্যুর দূতস্বরূপ; কিন্তু জ্ঞান-
১৫ বান তাহা শান্ত করে। রাজার মুখের প্রসন্নতাতে জীবন

হয়, তাহার অনুগ্রহ দ্বিতীয় বর্ষার মেঘস্বরূপ। সুবর্ণ- ১৬
লাভ অপেক্ষা জ্ঞানলাভ কেমন উত্তম ! এবং রূপালাভ
অপেক্ষা বুদ্ধিলাভ কেমন শ্রেষ্ঠ ! কুক্রিয়া ত্যাগ করাই ১৭
সরল লোকদের রাজপথ ; যে জন আপন মার্গের প্রতি
মনোযোগ করে, সে নিজ প্রাণ রক্ষা করে। বিনাশের ১৮
পূর্ব্বে অহঙ্কার, ও পতনের পূর্ব্বে মনের গর্ব্ব হয়।
অহঙ্কারিদের সহিত লুটিত দ্রব্য অংশ করা অপেক্ষা ১৯
নত লোকদের সহিত নম্র হওয়া ভাল। কর্ম্মপটু লোক ২০
মঙ্গল পায় ; ও যে জন পরমেশ্বরেতে নির্ভর করে, সে
ধন্য। জ্ঞানি লোক বুদ্ধিমান বিখ্যাত হয় ; এবং মধুর ২১
ওষ্ঠ পাণ্ডিত্যের বৃদ্ধি করে। জ্ঞানির কাছে জ্ঞান জীব- ২২
নের উনুইস্বরূপ ; কিন্তু অজ্ঞানদের উপদেশ অজ্ঞান-
তামাত্র। জ্ঞানবানের হৃদয় তাহার মুখকে শিক্ষা ২৩
করায়, ও তাহার ওষ্ঠের পাণ্ডিত্যের উত্তরোত্তর বৃদ্ধি
করে। মনোহর কথা মনেতে মৌচাকের ন্যায় মিষ্ট ও ২৪
অস্থির মজ্জাস্বরূপ হয়। কোন২ পথ মানুষের দৃষ্টিতে ২৫
ভাল বোধ হয় ; কিন্তু তাহার শেষে মৃত্যুপথ থাকে।
ক্ষুধাই পরিশ্রমি লোককে কর্ম্ম করায় ; কারণ তাহার মুখ ২৬
তাহারউপরে ভার রাখে। অকর্ম্মণ্য লোক খনন করিয়া ২৭
কুক্রিয়া তোলে, ও তাহার ওষ্ঠে জ্বলন্ত অঙ্গার থাকে।
খল বিবাদ জন্মায়, এবং পরীবাদক মিত্রভেদ করে। ২৮
দুর্বৃত্ত লোক আপন মিত্রের ভ্রান্তি জন্মায় ও তাহাকে ২৯
কুপথে লইয়া যায়। সে কুচিন্তা করিতে চক্ষু মুদ্রিত ৩০
করে, ও ওষ্ঠ লাড়িয়া কুকর্ম্ম সম্পন্ন করে। ধর্ম্মপথে ৩১
যাহার যে কেশ পক্ক হয়, সে তাহার শোভার
মুকুটস্বরূপ। ক্রোধে ধীর লোক বীরহইতেও ৩২
উত্তম, এবং যে জন আপন মনকে জয় করে, সে
নগরজয়কারিহইতেও শ্রেষ্ঠ। গুলিবাঁট বস্ত্রে ফেলা ৩৩

যায়, কিন্তু তাহার নিরূপণ করা কেবল পরমেশ্বরের কর্ম্ম।

## ১৭ অধ্যায়।

১ বিরোধযুক্ত ভোজেতে পরিপূর্ণ গৃহ অপেক্ষা শান্তি-
২ যুক্ত এক শুষ্ক গ্রাসও ভাল। বুদ্ধিমান দাস লজ্জাদায়ি
পুত্রের উপরে কর্তৃত্ব করে, এবং ভ্রাতাদের সহিত অধি-
৩ কারের অংশ পায়। মুষীতে রূপার ও হাফরেতে সুব-
র্ণের পরীক্ষা হয়; কিন্তু পরমেশ্বর মনের পরীক্ষা
৪ করেন। দুষ্ট লোক কদালাপকারি ওষ্ঠের কথা শুনে,
এবং মিথ্যাবাদী বিনাশক জিহ্বার কথাতে মনোযোগ
৫ করে। যে জন দীনহীনকে পরিহাস করে, সে তাহার
সৃষ্টিকর্ত্তাকে নিন্দা করে; এবং যে কেহ পরের বিপদে
৬ আনন্দ করে সে দণ্ড এড়াইবে না। বৃদ্ধ লোকের পৌ-
ত্রাদিগণ মুকুটস্বরূপ, এবং পিতৃগণ বালকদের শো-
৭ ভাস্বরূপ। যেমন মূর্খের বাক্‌পটু ওষ্ঠ, তদ্রূপ রাজার
৮ মিথ্যাবাদি ওষ্ঠ শোভা পায় না। গ্রাহকের দৃষ্টিতে দান
মণির ন্যায়। যে স্থানে যায় সেই স্থানে কৃতকার্য্য
৯ হয়। যে জন দোষ আচ্ছাদন করে, সে প্রেমের চেষ্টা
করে; কিন্তু যে কেহ পুনঃ পুনঃ তাহার কথা কহে,
১০ সে মিত্রভেদ জন্মায়। জ্ঞানবানে এক অনুযোগের কথা
যেমন লাগে, অজ্ঞানে এক শত প্রহারও তদ্রূপ লাগে
১১ না। দুর্জন কেবল বিরোধ চেষ্টা করে, ও তাহার বি-
১২ পরীতে কঠিন দূত প্রেরিত হয়। অজ্ঞানতাতে মগ্ন
অজ্ঞানের সহিত সাক্ষাৎ করণ অপেক্ষা হৃতবৎসা ভল্লু-
১৩ কীর সহিত সাক্ষাৎ করা বরং ভাল। যে জন উপকার
পাইয়া অপকার করে, অপকার তাহার বাটী ত্যাগ
১৪ করে না। বিবাদের আরম্ভ সেতুভঙ্গ জলের ন্যায়;

অতএব ক্রোধ জন্মাওনের পূর্ব্বে বিবাদ ত্যাগ কর।
যে জন দুষ্টকে নির্দ্দোষ করে, ও যে জন ধার্ম্মিককে ১৫
দোষী করে, এই উভয় লোক পরমেশ্বরের ঘৃণিত। যা- ১৬
হার বুদ্ধি নাই, এমত অজ্ঞানের হস্তে প্রজ্ঞা ক্রয় করি-
বার উপায় কেন থাকে? বন্ধু সকল সময়ে প্রেম করে, ১৭
এবং ভ্রাতা বিপদ দূর করণার্থে জন্মে। নির্ব্বুদ্ধি ১৮
লোক হস্তে তালী দিয়া পরের সম্মুখে প্রতিভূ হয়।
যে জন বিরোধ ভাল বাসে, সে অপরাধও ভাল ১৯
বাসে; এবং যে কেহ আপন দ্বার উচ্চ করে, সে
বিনাশ চেষ্টা করে। যাহার মন কুটিল, সে সৌভাগ্য ২০
পায় না; এবং যাহার জিহ্বা বক্রবাদী, সে আপদে
পতিত হয়। মূর্খ পুত্রের জন্মদাতা আপনার দুঃখ ২১
জন্মায়; ও অজ্ঞানের পিতা আনন্দ পায় না। আন- ২২
ন্দিত মন ঔষধের ন্যায় সুস্থ করে; কিন্তু ভগ্ন মন অস্থি
পর্য্যন্ত শুষ্ক করে। দুষ্ট লোক বিচারের পথ বক্র করিতে ২৩
কটিদেশহইতে উৎকোচ লয়। প্রজ্ঞা বুদ্ধিমানের সম্মু- ২৪
খেই থাকে; কিন্তু মূর্খের দৃষ্টি পৃথিবীর অন্তে যায়।
মূর্খ পুত্র আপন পিতার মনস্তাপ ও মাতার শোক- ২৫
জনক হয়। ধার্ম্মিক লোককে শাস্তি দেওয়া অনুচিত, ২৬
এবং মহাত্মা লোকদিগকে প্রহার করা অন্যায়। যে ২৭
জন অধিক কথা না কহে, সে জ্ঞানবান; এবং স্থির
আত্মা বুদ্ধিমান হয়। মূর্খ লোক যাবৎ নীরব থাকে, ২৮
তাবৎ জ্ঞানবান গণিত হয়; এবং যে জন ওষ্ঠাধর
মুদ্রিত করে, সে বুদ্ধিমান গণিত হয়।

## ১৮ অধ্যায়।

যে জন পৃথক্ হয়, সে আপন ইষ্ট চেষ্টা করে ও তাবৎ ১
কুশলে হস্তার্পণ করে। অজ্ঞান বুদ্ধিতে সন্তুষ্ট না হইয়া ২

৩ নিজ মনের কথা প্রকাশ করিতে সন্তুষ্ট হয়। দুষ্ট আ-
ইলে অবজ্ঞা আইসে, ও অপমানের সহিত নিন্দা হয়।
৪ মানুষের মুখের কথা গভীর জলের ন্যায়, ও প্রজ্ঞার
৫ প্রবাহ পূর্ণ জলস্রোতের ন্যায়। বিচারে ধার্ম্মিকের
প্রতি অন্যায় করিবার জন্যে দুষ্টের মুখাপেক্ষা কর্ত্তব্য
৬ নয়। অজ্ঞানের ওষ্ঠ তাহাকে বিরোধে প্রবৃত্ত করে, ও
৭ তাহার মুখ প্রহার করিতে আজ্ঞা দেয়। অজ্ঞানের
মুখ তাহার বিনাশজনক, ও তাহার ওষ্ঠ তাহার প্রা-
৮ ণের ফাঁদস্বরূপ। কর্ণেজপের কথা মিষ্টান্নস্বরূপ, তাহা
৯ মর্ম্মের অভ্যন্তরে প্রবিষ্ট হয়। যে জন আপন কার্য্যে
১০ আলস্য করে, সে অপব্যয়কারির সহোদর। পরমে-
শ্বরের নাম দৃঢ় দুর্গস্বরূপ; ধার্ম্মিকগণ তাহাতে পলায়ন
১১ করিয়া রক্ষা পায়। ধনবানের ধনই দৃঢ় নগর ও তা-
১২ হার বোধে উচ্চ প্রাচীরস্বরূপ। বিনাশ ঘটনের পূর্ব্বে
মনুষ্যের মন গর্ব্বিত হয়, এবং সম্মান ঘটনের পূর্ব্বে
১৩ নম্রতা হয়। অগ্রে বাক্য না শুনিয়া উত্তর করা বড় অজ্ঞা-
১৪ নতা ও লজ্জার বিষয়। পুরুষের মন তাহার ব্যথা সহিতে
১৫ পারে, কিন্তু মনের ভগ্নতা কে সহিতে পারে? বুদ্ধিমা-
নের মন জ্ঞান উপার্জ্জন করে, এবং জ্ঞানবানের কর্ণ
১৬ জ্ঞানের কথা শুনে। উপঢৌকন মানুষের রাজপথ
হইয়া মহল্লোকের সাক্ষাতে তাহাকে আনয়ন করে।
১৭ বিচারে প্রথম ব্যক্তিকে ধার্ম্মিক বোধ হয়; কিন্তু তা-
হার প্রতিবাদী পশ্চাৎ আসিয়া তাহাকে পরীক্ষা করে।
১৮ গুলিবাঁটদ্বারা বিরোধ নিষ্পত্তি হয় ও বলবানদের মধ্যে
১৯ বিবাদ ভঞ্জন হয়। বিরক্ত ভ্রাতা দৃঢ় নগর অপেক্ষা
২০ দুর্জ্জেয়, ও তাহাদের বিরোধ দুর্গের হুড়কাস্বরূপ। মা-
নুষের উদর মুখের ফলেতে তৃপ্ত হয়, ও আপন ওষ্ঠের
২১ ফলেতে পূর্ণ হয়। মরণ ও জীবন জিহ্বার অধীন; যা-

হারা তাহা ভাল বাসে, তাহারা তাহার ফল ভোগ
করে। যে জন ভার্য্যা পায়, সে পরম বস্তু পায়, এবং ২২
পরমেশ্বরের অনুগ্রহও প্রাপ্ত হয়। দরিদ্র লোক বিনয় ২৩
করে; কিন্তু ধনবান কঠিন উত্তর দেয়। যাহার অনেক ২৪
বন্ধু আছে, তাহার ক্ষতি হয়; তথাপি ভ্রাতা অপেক্ষা
প্রেমাসক্ত এক বন্ধু আছে।

## ১৯ অধ্যায়।

দুর্ম্মুখ মূর্খ লোক অপেক্ষা সরলাচারি দরিদ্র লোক ১
ভাল। জ্ঞানহীন ব্যগ্রতা ভাল নয়, এবং যে হঠাৎ ২
পাদবিক্ষেপ করে সে পাপ করে। অজ্ঞানতা মানুষকে ৩
বিপথগামী করে, ও তাহার মন পরমেশ্বরের বিরুদ্ধে
ক্রুদ্ধ হয়। ধনদ্বারা অনেক বন্ধুলাভ হয়; কিন্তু দরিদ্র ৪
আপন বন্ধুহইতে দূরীকৃত হয়। মিথ্যাসাক্ষী দণ্ড এড়ায় ৫
না, ও মিথ্যাবাদী বাঁচিতে পারে না। অনেক লোক ৬
রাজার স্তুতিবাদ করে, এবং সকলে দাতার বন্ধু হয়।
সহোদরগণও দরিদ্রকে ঘৃণা করে, এবং বন্ধুগণ তাহা- ৭
হইতে দূরস্থ হয়; সে তাহাদের বাক্যের ফল অন্বেষণ
করিলে কিছুই পায় না। যে জন জ্ঞান পায়, সে আপন ৮
প্রাণেতে প্রেম করে; ও যে কেহ বুদ্ধি রক্ষা করে, সে
সৌভাগ্য পায়। মিথ্যাসাক্ষী দণ্ড এড়ায় না, এবং ৯
মিথ্যাবাদী বিনাশ পায়। যেমন অজ্ঞানের সুখভোগ ১০
শোভা পায় না, তদ্রূপ রাজগণের উপরে দাসের কর্তৃত্ব
শোভা পায় না। মানুষ বিবেচনাদ্বারা আপন ক্রোধ ১১
সম্বরণ করে, এবং দোষ ক্ষমা করা তাহার শোভা-
স্বরূপ। রাজার ক্রোধ সিংহগর্জ্জনের তুল্য; কিন্তু তা- ১২
হার অনুগ্রহ তৃণের উপরিস্থ শিশিরের ন্যায়। মূর্খ পুত্র ১৩
পিতার দুঃখদায়ক, এবং স্ত্রীর কলহ নিত্য ফোঁটা২

১৪ জলপতনের সদৃশ। পিতাহইতে বাটী ও ধন প্রাপ্ত
হয়; কিন্তু জ্ঞানবতী স্ত্রী পরমেশ্বরহইতে প্রাপ্ত হয়।
১৫ আলস্য ঘোর নিদ্রাজনক, এবং অলস লোক ক্ষুধা
১৬ ভোগ করে। যে জন আজ্ঞা পালন করে, সে আপন
প্রাণ রক্ষা করে; এবং যে কেহ আপন পথের উপেক্ষা
১৭ করে, সেই মরে। যে জন দরিদ্রদিগকে দয়া করে, সে
পরমেশ্বরকে ঋণ দেয়; তিনি অবশ্য সেই দানের পরি-
১৮ শোধ করিবেন। আশা থাকিলে পুত্রের প্রতি শাসন
করে; তোমার মন তাহার মরণের ইচ্ছা না করুক।
১৯ অতি রাগি লোক শাস্তি পায়, কারণ তাহাকে মুক্ত
২০ করিলেও সে পুনর্ব্বার দোষ করে। তুমি শেষাবস্থায়
যেন জ্ঞানবান হও, তন্নিমিত্তে পরামর্শ শুন ও উপদেশ
২১ গ্রহণ কর। মানুষের মনে২ অনেক কল্পনা হয়, কিন্তু
২২ পরমেশ্বরেরই মন্ত্রণা স্থির থাকে। সৌজন্য মনুষ্যের
ভূষণ, এবং মিথ্যাবাদি অপেক্ষা দরিদ্র লোক ভাল।
২৩ পরমেশ্বর বিষয়ক ভয় জীবনদায়ক, তদধিকারী তৃপ্ত
২৪ হয়; আপদ তাহার নিকটেও যায় না। অলস থালে
হস্ত রাখিলে পুনর্ব্বার মুখে দিতে উদ্যোগ করে না;
২৫ নিন্দককে প্রহার করিলে জড়মতি লোক সতর্ক হয়।
এবং বুদ্ধিমানকে অনুযোগ করিলে সে উত্তর২ জ্ঞান-
২৬ বান হয়। যে পুত্র আপন পিতার অপচয় করে ও
মাতাকে দূর করে, সে লজ্জাকর ও অপমানজনক।
২৭ হে আমার পুত্র, যে উপদেশ জ্ঞানের কথাহইতে
তোমাকে ভ্রমণ করায়, তাহার শ্রবণহইতে নিবৃত্ত
২৮ হও। নারকি সাক্ষী বিচারকে পরিহাস করে, ও
২৯ দুষ্টগণের মুখ অধর্ম্ম গ্রাস করে। নিন্দকদের নি-
মিত্তে দণ্ড প্রস্তুত আছে, এবং মূর্খদের পৃষ্ঠের নিমিত্তে
প্রহার আছে।

## ২০ অধ্যায়।

মদ নিন্দকস্বরূপ ও সুরা কলহকারিণীস্বরূপ; যে কেহ ১
তাহাতে ভ্রান্ত হয়, সে জ্ঞানবান নয়। রাজার ভয়ান- ২
কত্ব সিংহগর্জ্জনের ন্যায়; যে জন তাহার ক্রোধ
জন্মায়, সে আপন প্রাণের বিরুদ্ধে পাপ করে। বিবা- ৩
দহইতে নিবৃত্ত হইলে মনুষ্যের গৌরব হয়; কিন্তু প্র-
ত্যেক মূর্খ লোক ক্রোধী হয়। অলস লোক শীতের ভয়ে ৪
হাল বহিতে চায় না; এই জন্যে শস্যের সময়ে ভিক্ষা
করিলেও কিছু পায় না। মনুষ্যের মনের পরামর্শ ৫
গভীর জলের ন্যায়; কিন্তু বুদ্ধিমান তাহা উত্তোলন
করে। অনেক লোক আপন২ সৌজন্যের প্রশংসা ৬
করে; কিন্তু বিশ্বস্ত মনুষ্য কোথা পাওয়া যায়? ধা- ৭
র্ম্মিক আপন সরলতাতে চলে; তাহার পরে তাহার
সন্তানগণ ধন্য হয়। বিচারাসনে উপবিষ্ট রাজা আ- ৮
পন দৃষ্টিদ্বারা তাবৎ অন্যায় চালন করে। আমি ৯
আপন মন পরিষ্কার করিলাম, ও নিজ পাপহইতে
পরিষ্কৃত হইলাম, এমত কথা কে বলিতে পারে? নানা ১০
প্রকার ঢক ও নানাবিধ তৌল উভয়ই পরমেশ্বরের
ঘৃণিত। বালককেও তাহার কার্য্যদ্বারা জানা যায়; ১১
অর্থাৎ তাহার কর্ম্ম পবিত্র ও সরল কি না, ইহা বুঝা
যায়। শ্রবণকারি কর্ণ ও দর্শনকারি চক্ষু এই উভয়ই ১২
পরমেশ্বরের সৃষ্ট। নিদ্রাকে ভাল বাসিও না, তাহা ১৩
করিলে দরিদ্রতা ঘটিবে; চক্ষু মেল, তাহাতে খাদ্যেতে
তৃপ্ত হইবা। ভাল নয়, ভাল নয়, এই কথা ক্রয়কারী ১৪
বলে, পরে স্থানান্তরে যাইয়া শ্লাঘা করে। সুবর্ণ ও ১৫
মুক্তাসমূহের কাছে জ্ঞানবিশিষ্ট ওষ্ঠ অমূল্য ভূষণ-
স্বরূপ। যে জন পরের প্রতিভূ হয়, তাহার বস্ত্র লও; ১৬

এবং যে কেহ বিদেশির নিমিত্তে হয়, তাহার বন্ধক
১৭ লও। প্রতারণার ফল মানুষের মিষ্ট বোধ হয়, কিন্তু
১৮ শেষে তাহার মুখ কাঁকরেতে পরিপূর্ণ হয়। বিবেচনা
করিলে পরামর্শ স্থির হয়; অতএব উত্তম পরামর্শ করিয়া
১৯ যুদ্ধ কর। পরাধিকারচর্চ্চি লোক ভ্রমণ করিতে২ গো-
পনীয় কথা প্রকাশ করে; অতএব যাহার মুখ আল্‌গা,
২০ তাহার সহিত ব্যবহার করিও না। যে জন আপন পিতা
কিম্বা মাতাকে শাপ দেয়, ঘোর অন্ধকারে তাহার
২১ প্রদীপ নির্ব্বাণ হয়। যে অধিকার প্রথমে শীঘ্র পাওয়া
২২ যায়, তাহার শেষে মঙ্গল নাই। দুষ্টের প্রতিফল দিব,
এ কথা কহিও না; পরমেশ্বরের অপেক্ষা কর; তিনি
২৩ তোমাকে রক্ষা করিবেন। নানা প্রকার ঢক পরমে-
২৪ শ্বরের ঘৃণিত, ও কাটা নিক্তি ভাল নয়। পরমেশ্বর-
দ্বারা মানুষের পাদবিক্ষেপ নিশ্চিত হয়; মানুষ কি
২৫ রূপে আপন পথ বুঝিতে পারে? হঠাৎ মানত করা,
২৬ পরে মানতের বিচার করা, ইহা ফাঁদস্বরূপ। জ্ঞানি
রাজা পাপিগণকে ছিন্ন ভিন্ন করে, ও তাহাদের উপরে
২৭ চক্র গমন করায়। মনুষ্যের আত্মা পরমেশ্বরীয় প্রদীপ-
২৮ স্বরূপ, তাহা মর্ম্মের অন্তঃস্থান অনুসন্ধান করে। দয়া
ও সত্যতাতে রাজার রক্ষা হয়; এবং দয়াদ্বারা তা-
২৯ হার সিংহাসন স্থির হয়। যুবলোকের বলই শোভা-
৩০ স্বরূপ, ও পক্ক কেশ বৃদ্ধের ভূষণস্বরূপ। প্রহারের
কালশিরা দুষ্টতার কলঙ্ক দূর করে, এবং দণ্ডাঘাত-
দ্বারা অন্তঃকরণ শুদ্ধ হয়।

## ২১ অধ্যায়।

১ পরমেশ্বরের হস্তে রাজার অন্তঃকরণ জলপ্রণালীর
২ ন্যায়, তিনি আপন ইচ্ছানুসারে তাহা ফিরান। আ-

পন ২ দৃষ্টিতে মানুষের তাবৎ পথ সরল বোধ হয়,
কিন্তু পরমেশ্বর সকলের অন্তঃকরণ পরীক্ষা করেন।
বলিদান অপেক্ষা ধর্ম্ম ও ন্যায়কর্ম্ম পরমেশ্বরের গ্রাহ্য ৩
হয়। অহঙ্কারদৃষ্টি ও গর্ব্বিত মন ও দুষ্ট লোকদের ৪
শোভা পাপজনক হয়। কর্ম্মপারকের চিন্তাহইতে ৫
কেবল ধনলাভ হয়, কিন্তু হঠাৎকারির চিন্তাহইতে দরি-
দ্রতা লাভ হয়। মিথ্যাবাদি জিহ্বাদ্বারা ধনের যে সঞ্চয়, ৬
সে মরণোদ্যত লোকদের চঞ্চল শ্বাসের ন্যায়। দুষ্টগ- ৭
ণের উপদ্রব তাহাদিগকে সংহার করে, কেননা তাহারা
ন্যায় করিতে স্বীকার করে না। বক্রপথগামি লোক ৮
বিপথগামী হয়; কিন্তু পবিত্র লোক আপন কর্ম্মে
সরল। কলহকারিণীর সহিত প্রশস্ত বাটীতে বাস করা ৯
অপেক্ষা ছাতের এক কোণে বাস করা ভাল। দুষ্টের ১০
মন অনিষ্ট চাহে, তাহার দৃষ্টিতে বন্ধু লোক অনুগৃহীত
হয় না। নিন্দককে দণ্ড দিলে মন্দবুদ্ধি লোক জ্ঞান ১১
পায়, এবং জ্ঞানী উপদেশ পাইলে আরো জ্ঞানবান
হয়। ধার্ম্মিক লোক দুষ্টদের বংশের বিষয়ে বিবেচনা ১২
করে, কেননা দুষ্টগণ আপদে নিপাতিত হয়। যে জন ১৩
দরিদ্রের আর্ত্তস্বরে কর্ণ রোধ করে, সে আপনি আর্ত্ত-
স্বর করিবে, কিন্তু কেহ শুনিবে না। গুপ্ত দান ক্রোধ ১৪
শান্ত করে, এবং বক্ষঃস্থলে দত্ত উপঢৌকন প্রচণ্ড ক্রোধ
শান্ত করে। ন্যায়কর্ম্মে ধার্ম্মিকের আনন্দ আছে; কিন্তু ১৫
তাহাতে অধর্ম্মকারিদের ভয় জন্মে। যে কেহ জ্ঞানের ১৬
পথ ছাড়িয়া ভ্রমণ করে, সে প্রেতগণের সভাতে থা-
কিবে। যে জন সুখাসক্ত হয়, সে দরিদ্র হইবে; এবং ১৭
যে কেহ দ্রাক্ষারস ও তৈলেতে আসক্ত হয়, সে ধনবান
হইবে না। দুষ্ট লোক ধার্ম্মিকদের এবং প্রতারক ১৮
সরলদের মুক্তির মূল্যস্বরূপ। কলহকারিণী ও ক্লেশদা- ১৯

রিকা স্ত্রীর সঙ্গ অপেক্ষা মরুভূমিতে বাস করা ভাল।
২০ জ্ঞানবান লোকদের গৃহে উত্তম২ ধন ও তৈল সঞ্চিত
২১ থাকে; কিন্তু মূর্খ লোক তাহা অপচয় করে। যে কেহ
ধর্ম্মের ও অনুগ্রহের পশ্চাদ্বর্ত্তী হয়, সে জীবন ও ধর্ম্ম
২২ ও সম্মান পায়। জ্ঞানী বলবানদের নগরে প্রবেশ করে,
২৩ এবং তাহার শক্ত গড় নিপাত করে। যে কেহ আপ-
নার মুখ ও জিহ্বা রক্ষা করে, সে কষ্টহইতে আপন
২৪ প্রাণকে রক্ষা করে। অভিমানি স্ফীত লোক নিন্দক
নামে বিখ্যাত হয়; সে অত্যাচার পূর্ব্বক দর্প করে।
২৫ অলস আপন ইচ্ছাদ্বারা বিনষ্ট হয়, কেননা তাহার
২৬ হস্ত শ্রম করিতে অসম্মত; সে সমস্ত দিন নানা লোভ
করে; কিন্তু ধার্ম্মিক দান করে, তাহাতে কাতর হয়
২৭ না। দুষ্টদের বলিদান ঘৃণাস্পদ, বিশেষতঃ তাহা কুঅ-
২৮ ভিপ্রায়ে আনিলে কি ততোধিক হয় না? মিথ্যাসাক্ষী
২৯ বিনষ্ট হয়; কিন্তু যে কেহ শুনে, সে সর্ব্বদা কহে। দুষ্ট
লোক আপন মুখ দৃঢ় করে; কিন্তু যে লোক সরল
৩০ সেই আপন পথ দৃঢ় করে। পরমেশ্বরের বিরুদ্ধে যে
সার্থক হয়, এমত জ্ঞান বা বুদ্ধি বা মন্ত্রণা কুত্রাপি
৩১ নাই। যুদ্ধের দিনের জন্যে অশ্বসজ্জা হয়; কিন্তু জয়
পরমেশ্বরহইতে হয়।

## ২২ অধ্যায়।

১ প্রচুর ধন অপেক্ষা সুখ্যাতি ভাল; এবং রূপা ও
২ সুবর্ণ অপেক্ষা অনুগ্রহ ভাল। ধনবান ও দরিদ্র উভয়ে
৩ মিলে, কিন্তু পরমেশ্বর উভয়ের সৃষ্টিকর্ত্তা। সতর্ক লোক
বিপদ দেখিয়া আপনাকে লুক্কায়িত করে; কিন্তু মন্দ-
৪ বুদ্ধিরা অগ্রে যাইয়া শাস্তি পায়। ধন ও সম্মান ও
৫ জীবন নম্রতার ও পরমেশ্বর বিষয়ক ভয়ের ফল। বক্র-

পথগামিদের পথে কণ্টক ও ফাঁদ থাকে; যে কেহ
আপন প্রাণ রক্ষা করিতে চাহে, সে তাহাদের হইতে
দূরে থাকুক। বালককে তাহার গন্তব্য পথ শিক্ষা দেও; ৬
তাহাতে সে যখন প্রাচীন হইবে, তখনও তাহা ছাড়িবে
না। ধনবান দরিদ্রগণের উপরে কর্তৃত্ব করে, এবং ৭
ঋণী মহাজনের দাস হয়। যে জন অধর্ম্মবীজ বপন ৮
করে, সে দুর্গতিরূপ শস্য কাটে, ও তাহার কোপযুক্ত
দণ্ড প্রস্তুত আছে। সুদৃষ্টি লোক আশীর্ব্বাদ পায়; ৯
কারণ সে দরিদ্রকে আপন খাদ্যের অংশ দেয়। নিন্দ- ১০
ককে তাড়াইয়া দিলে বিবাদ বাহিরে যায়; এবং
বিরোধ ও অপমান নিবৃত্তি হয়। যে জন মনের নির্ম্মলতা ১১
ভাল বাসে, তাহার ওষ্ঠের মিষ্টতা প্রযুক্ত রাজাও তা-
হার বন্ধু হয়। পরমেশ্বরের চক্ষু জ্ঞান রক্ষা করে; ১২
তিনি প্রবঞ্চক লোকের কথা অন্যথা করেন। অলস ১৩
বলে, বাহিরে সিংহ আছে, আমি রাজপথে হত
হইব। বারাঙ্গনার মুখ গভীর খাতস্বরূপ; পরমে- ১৪
শ্বরের ক্রোধপাত্র তন্মধ্যে পড়ে। বালকের মনে অজ্ঞা- ১৫
নতা বদ্ধ থাকে, কিন্তু শাসনদণ্ডদ্বারা তাহা তাহাহইতে
দূরে যায়। যে জন আপন ধন বৃদ্ধি করিতে দরিদ্রের ১৬
প্রতি উপদ্রব করে, ও যে জন ধনবানকে দান করে,
তাহাদের দরিদ্রতা অবশ্য হইবে।

কর্ণ পাতিয়া জ্ঞানবানদের কথা শুন ও আমার উপ- ১৭
দেশে মনোযোগ কর। কেননা তাহা তোমার অন্তরে ১৮
থাকিলে সুখদায়ক হইবে, ও তোমার ওষ্ঠকে শোভিত
করিবে। পরমেশ্বরে তোমার বিশ্বাস যেন স্থির হয়, ১৯
এই জন্যে আমি তোমাকে অদ্য এই সকল কথা জা-
নাইতেছি। আমি যেন তোমাকে সত্য বাক্যের সত্যতা ২০
জানাই, এবং কেহ তোমাকে ডাকিয়া পাঠাইলে

২১ তুমি যেন তাহাকে সত্য উত্তর দিতে পার, এই জন্যে
তোমার প্রতি যুক্তিতে ও জ্ঞানেতে কি উত্তম কথা লিখি
২২ নাই? দরিদ্র বলিয়া দরিদ্রের দ্রব্য অপহরণ করিও না,
ও বিচারস্থানে উপদ্রুত লোকের প্রতি উপদ্রব করিও না।
২৩ কেননা পরমেশ্বর তাহাদের বিবাদ নিষ্পত্তি করিবেন,
এবং যাহারা তাহাদের দ্রব্য অপহরণ করে, তাহাদের
২৪ প্রাণ অপহরণ করিবেন। রাগি লোকের সহিত বন্ধুতা
করিও না, এবং ক্রোধি লোকের সঙ্গে গমন করিও
২৫ না; করিলে তাহার মত শিখিয়া আপন প্রাণকে ফাঁদে
২৬ ফেলিবা। যাহারা হস্তে হস্ত দেয় ও ঋণির প্রতিভূ
২৭ হয়, তাহাদের মধ্যে তুমি এক জন হইও না। যদি
তোমার পরিশোধ করণের সঙ্গতি না থাকে, তবে তো-
২৮ মার পাতিত শয্যা কেন আটক হইবে? ভূমির যে পু-
রাতন পরিমাণচিহ্ন তোমার পূর্ব্বপুরুষদ্বারা স্থাপিত
২৯ হইয়াছে, তাহা দূর করিও না। তুমি কি কোন লোককে
নিজ কর্ম্মে অবিলম্বী দেখিতেছ? সে নীচ লোকদের সা-
ক্ষাতে না দাঁড়াইয়া রাজগণের সাক্ষাতে দাঁড়াইবে।

## ২৩ অধ্যায়।

১ তুমি দেশাধ্যক্ষের সহিত ভোজনে বসিলে তোমার
২ সাক্ষাতে কি আছে, তাহা বিবেচনা কর। উদরম্ভরি
হইলে আপনার গলায় আপনি ছুরি দেওয়া হয়।
৩ তাহার উত্তম খাদ্যে লোভ করিও না, কারণ সে ভ্রান্তি-
৪ জনক আহার। ধন সঞ্চয় করিতে অত্যন্ত যত্ন করিও
৫ না, এবং আপন বুদ্ধিতে নির্ভর দিও না। তুমি ধনের
প্রতি কেন লোভদৃষ্টি করিতেছ? সে থাকে না; যেমন
উৎক্রোশ পক্ষী আকাশে উড়ে, তদ্রূপ সে পাখাবি-
শিষ্ট হইয়া উড়িয়া যায়।

কুদৃষ্টি লোকের খাদ্য ভোজন করিও না, ও তাহার ৬
উত্তম ভক্ষ্যে লালসা করিও না। কেননা সে যেমন ৭
মনে২ ভাবে তদ্রূপ আছে; তুমি ভোজন পান কর,
এ কথা সে তোমাকে বলে বটে, কিন্তু তোমাতে তাহার
মন নাই। তুমি যে গ্রাস ভোজন করিয়াছ, তাহা বমন ৮
করিবা, এবং আপন মিষ্ট কথার অপচয় করিবা।
অজ্ঞানের কর্ণে কথা কহিও না, কেননা সে তোমার ৯
কুশলের বাক্য তুচ্ছ করিবে। ভূমির পুরাতন পরিমা- ১০
ণচিহ্ন দূর করিও না, এবং পিতৃহীনের ক্ষেত্রের সীমা
লঙ্ঘন করিও না। কেননা তাহাদের মুক্তিদাতা বলবান; ১১
তিনি তোমার সহিত তাহাদের বিবাদ নিষ্পত্তি করিবেন।
তুমি উপদেশে মনকে ও জ্ঞানের কথাতে কর্ণকে যোগ ১২
কর। বালককে শাসন করিতে ত্রুটি করিও না; দণ্ডদ্বারা ১৩
তাহাকে প্রহার করিলেও সে মরিবে না। তুমি দণ্ডদ্বারা ১৪
তাহাকে প্রহার কর, তাহাতে পরলোকহইতে তাহার
প্রাণ রক্ষা করিবা।

হে আমার পুত্র, তোমার মন জ্ঞানী হইলে আমারও ১৫
মন আনন্দিত হইবে। তোমার ওষ্ঠ যথার্থবাদী হইলে ১৬
আমার অন্তঃকরণ আহ্লাদিত হইবে। তোমার মন ১৭
পাপিদের প্রতি মাৎসর্য্য না করুক, কিন্তু তুমি সমস্ত
দিন পরমেশ্বরের ভয়েতে থাক। কেননা অবশ্য পরকাল ১৮
আছে, তোমার আশা ব্যর্থ হইবে না। হে আমার ১৯
পুত্র, শুন, জ্ঞানী হও, তোমার মনকে সৎপথে
লইয়া যাও। দ্রাক্ষারসে মত্ত ও মাংসাশি লোকদের ২০
সঙ্গ করিও না। কেননা মত্ত ও পেটুক দরিদ্রতা পায়, ২১
এবং নিদ্রালুতা মনুষ্যকে জীর্ণ বস্ত্র পরিধান করায়।
তোমার জন্মদাতা পিতার কথা শুন, এবং তোমার ২২
বৃদ্ধা মাতাকে তুচ্ছজ্ঞান করিও না। সত্যতা ক্রয় কর, ২৩

বিক্রয় করিও না; এবং প্রজ্ঞা ও উপদেশ ও সুবিবে-
২৪ চনা ক্রয় কর। ধার্ম্মিকের পিতা হৃষ্ট হয়, ও বিদ্বানের
২৫ জন্মদাতা আনন্দ পায়। তোমার পিতা মাতা আহ্লা-
২৬ দিত হউক, ও তোমার গর্ভ্ভধারিণী আনন্দ করুক। হে
আমার পুত্র, তোমার মন আমাকে দেও, ও তোমার
২৭ চক্ষু আমার পথ প্রিয় জ্ঞান করুক। বেশ্যা গভীর
২৮ খাতস্বরূপ ও বারাঙ্গনা অপ্রশস্ত কূপস্বরূপ। সে দস্যুর
ন্যায় লুক্কায়িত থাকে, ও মনুষ্যদের মধ্যে প্রবঞ্চক
২৯ লোকদের দলের বৃদ্ধি করে। কাহার আর্ত্তনাদ? ও
কাহার হাহাকার? ও কাহার বিবাদ? ও কাহার
ভাবনা? ও কাহার অকারণ আঘাত? ও কাহার
৩০ রক্তবর্ণ চক্ষু হয়? যাহারা দ্রাক্ষারসের নিকটে বহুকাল
থাকে, ও যাহারা সুরা অন্বেষণ করিতে যায়, তাহা-
৩১ দের। যখন দ্রাক্ষারস রক্তবর্ণ ও পাত্রেতে তেজস্কর
হয় ও সহজে গলাধঃকরণ হয়, তখন তাহার প্রতি
৩২ দৃষ্টি করিও না। কেননা শেষে তাহা সর্পের ন্যায় কাম-
৩৩ ড়াইবে ও বিষধরের ন্যায় দংশন করিবে। তোমার
চক্ষু বারাঙ্গনাকে দেখিবে, ও তোমার মন অসঙ্গত কথা
৩৪ কহিবে; এবং তুমি সমুদ্রের মধ্যে শয়নকারির ন্যায়,
কিম্বা জাহাজের মাস্তুলের উপরে শয়নকারির ন্যায়
৩৫ হইবা। (এবং কহিবা,) তাহারা আমাকে মারিয়াছে,
কিন্তু আমি পীড়া পাই নাই; তাহারা আমাকে প্রহার
করিয়াছে, কিন্তু তাহা আমার বোধ হয় নাই। আমি
কখন্ জাগ্রৎ হইব? আর বার তাহার অন্বেষণ করিব।

## ২৪ অধ্যায়।

১ তুমি দুর্বৃত্ত লোকদের উপরে মাৎসর্য্য করিও না, এবং
২ তাহাদের সঙ্গে থাকিতে ইচ্ছা করিও না। কেননা

তাহাদের অন্তঃকরণ উপদ্রবের কল্পনা করে, ও তাহা-
দের ওষ্ঠ ক্লেশদায়ক কথা কহে। গৃহ প্রজ্ঞাদ্বারা ৩
নির্ম্মিত ও বুদ্ধিদ্বারা স্থিরীকৃত হয়। জ্ঞানদ্বারা কুঠরী ৪
সকল বহুমূল্য ও উত্তম২ সামগ্রীতে পরিপূর্ণ হয়। বিজ্ঞ ৫
লোক বলবান্, ও জ্ঞানী পরাক্রমবিশিষ্ট হয়। অনেক ৬
বিবেচনা করিয়া যুদ্ধ কর; কেননা অনেক মন্ত্রী হইলে
জয় হয়। মূর্খের কাছে প্রজ্ঞা অতি উচ্চ; সে বিচার- ৭
স্থানে মুখ খুলিতে পারে না। কুকল্পনাকারি লোক ৮
কুমন্ত্রী নামে বিখ্যাত হয়। অজ্ঞানের কল্পনাই পাপ, ৯
এবং নিন্দক মনুষ্য সকলের ঘৃণিত। বিপদের সময়ে ১০
যদি হীনসাহস হও, তবে তোমার শক্তি অল্প। প্রাণনা- ১১
শার্থে ধৃত লোকদিগকে উদ্ধার কর, ও হত হওনার্থে
চালিত লোকদিগের প্রতি অবহেলা করিও না। যদি ১২
বল, আমরা তাহা জানি না, তবে, যিনি অন্তঃকরণের
পরীক্ষা করেন, তিনি কি তাহা বুঝিবেন না? ও তো-
মার প্রাণরক্ষাকর্ত্তা কি তাহা জানিতে পারিবেন না?
তিনি কি প্রত্যেক লোককে আপন২ ক্রিয়ানুসারে ফল
দিবেন না? হে আমার পুত্র, মধু পান কর, যেহেতুক ১৩
তাহা সুস্বাদু, এবং মধুর চাক তোমার মুখে মিষ্ট
লাগিবে। নিজ মনের জন্যে প্রজ্ঞাকে তদ্রূপ (বাঞ্ছনীয়) ১৪
জ্ঞান কর, তাহা উপার্জন করিলে তুমি পারত্রিক ফল
পাইবা, ও তোমার আশা ব্যর্থ হইবে না। তুমি দুষ্ট ১৫
লোকের ন্যায় ধার্ম্মিকের বাটী আক্রমণ করিতে লুক্কা-
য়িত থাকিও না, ও তাহার আশ্রম নষ্ট করিও না।
কেননা ধার্ম্মিক সাত বার পড়িলেও আর বার উঠে; ১৬
কিন্তু দুষ্ট লোক আপদে মগ্ন হয়। তোমার শত্রুর ১৭
পতন হইলে হৃষ্ট হইও না, এবং সে বিঘ্ন পাইলে
তোমার মন আনন্দিত না হউক; পাছে পরমেশ্বর ১৮

তাহা দেখিয়া অসন্তুষ্ট হন, এবং তাহাহইতে ক্রোধ
১৯ ফিরান। কদাচারি লোককে দেখিয়া ব্যাকুল হইও
২০ না, ও দুষ্টকে দেখিয়া মাৎসর্য্য করিও না। যেহেতুক
কদাচারির পারত্রিক মঙ্গল হয় না, ও দুষ্টগণের প্রদীপ
২১ নির্ব্বাণ হয়। হে আমার পুত্র, পরমেশ্বরকে ও রা-
জাকে ভয় কর, এবং চঞ্চলমতিদের সঙ্গ করিও না।
২২ কেননা তাহাদের অকস্মাৎ বিনাশ ঘটিবে; এবং
সেই উভয়ে যে সংহার করিবেন, তাহা কে জা-
নিতে পারে?

২৩ এই সকলও বিদ্বান লোকদের কথা। বিচারে মুখা-
২৪ পেক্ষা করা উচিত নয়। যে কেহ দুষ্টকে ধার্ম্মিক বলে,
প্রজাগণ তাহাকে শাপ দেয়, ও লোকেরা তাহাকে
২৫ ঘৃণা করে। কিন্তু দোষানুযোগকারিদের প্রতি আনন্দ
২৬ হয়, ও তাহাদের প্রতি উত্তম আশীর্ব্বাদ ঘটে। যথার্থ
উত্তরকারির যে ওষ্ঠাধর, তাহা লোক চুম্বন করে।
২৭ বাহিরে তোমার কার্য্য প্রস্তুত কর, ও ক্ষেত্রে তাহা
২৮ নিষ্পন্ন কর, পরে তোমার বাটী নির্ম্মাণ কর। অকা-
রণে তোমার প্রতিবাসির বিপক্ষে সাক্ষী হইও না, ও
২৯ তোমার ওষ্ঠদ্বারা প্রতারণা করিও না। 'সে আমার
প্রতি যেমন করিয়াছে, আমিও তাহার প্রতি তদ্রূপ
করিব; ও যাহার যেমন কর্ম্ম, তাহাকে তেমনি ফল
দিব,' এমত কথা কহিও না।

৩০ আমি অলসের ক্ষেত্র দিয়া ও অজ্ঞানের দ্রাক্ষাক্ষেত্র
৩১ দিয়া গিয়াছিলাম। দেখ, তাহার সর্ব্বত্র কাঁটা ও
বিছুটিতে ব্যাপ্ত ও তাহার প্রস্তরময় প্রাচীর ভগ্ন
৩২ ছিল। তাহা অবলোকন করিয়া আমি মনে২ বিবে-
চনা করিলাম, এবং তাহা দেখিয়া উপদেশ পাইলাম।
৩৩ আর অল্প কাল নিদ্রা ও অল্প কাল তন্দ্রা ও অল্প কাল

শয়নে হস্ত জড়সড় করিলে, তোমার দৈন্য দস্যুর ন্যায় ৩৪
ও তোমার দীনতা সুসজ্জ সেনার ন্যায় উপস্থিত হইবে।

## ২৫ অধ্যায়।

১ রাজগণের বিষয়ে কথা, ৮ ও কলহের কথা ও নানাবিধ কথা।

সুলেমানের নিম্নলিখিত হিতোপদেশ বাক্য সকল যি- ১
হূদা দেশের হিষ্কিয় নামক রাজার লোকদ্বারা সংগৃহীত
হইয়াছিল।

কথা গোপন করা ঈশ্বরের গৌরব, কিন্তু তাহা ২
অনুসন্ধান করা রাজার গৌরব। যেমন স্বর্গের উচ্চতা ও ৩
পৃথিবীর নীচতা, তদ্রূপ রাজার অন্তঃকরণ বোধের
অগম্য। তুমি রূপাহইতে খাদ বাহির কর, তাহাতে ৪
স্বর্ণকারদ্বারা এক পাত্র নির্ম্মিত হইবে। রাজার নিকট- ৫
হইতে দুষ্টকে দূর কর, তাহাতে তাহার সিংহাসন
ধর্ম্মেতে স্থির হইবে। রাজার সম্মুখে আত্মশ্লাঘা করিও ৬
না, এবং প্রধান লোকের পদে দাঁড়াইও না। কেননা ৭
তুমি যাহার দর্শন পাইয়াছ, সেই রাজার সাক্ষাতে
তোমার অমর্য্যাদা প্রাপ্তি ভাল নয়; বরং তুমি এই
উচ্চতর স্থানে আইস, এমন আজ্ঞা প্রাপ্তি তো-
মার মঙ্গল।

হঠাৎ বিবাদ করিতে যাইও না; গেলে তোমার ৮
প্রতিবাসী তোমাকে লজ্জিত করিলে শেষে তুমি কি
করিবা? প্রতিবাসির সহিত বিবাদ নিষ্পত্তি কর, এবং ৯
পরের গোপনীয় কথা প্রকাশ করিও না। করিলে যে ১০
জন তাহা শুনিবে, সে তোমাকে লজ্জা দিবে, ও তো-
মার সেই অপযশ ঘুচিবে না। রূপার পাত্রে যেমন ১১
সুবর্ণ ফল, উপযুক্ত সময়ে সৎকথা তদ্রূপ হয়। যেমন ১২
সুবর্ণের নথ ও নির্ম্মল কাঞ্চনের অভরণ, তদ্রূপ আজ্ঞা-

১৩ নুবর্ত্তি কর্ণের প্রতি জ্ঞানবান ভর্ৎসনাকারী। শস্য কাট-
নের সময়ে যেমন হিমের স্নিগ্ধতা, তদ্রূপ প্রেরকের
নিকটে বিশ্বস্ত দূত; যেহেতুক সে আপন কর্ত্তার প্রাণকে
১৪ আপ্যায়িত করে। যে কেহ মিথ্যা দান বিষয়ে দর্প
১৫ কথা কহে, সে নির্জ্জল মেঘ ও বায়ুস্বরূপ। দীর্ঘসহিষ্ণু-
তাদ্বারা রাজাও অনুনীত হয়, এবং কোমল জিহ্বা
১৬ অস্থি ভগ্ন করিতে পারে। মধু পাইলে পরিমিত রূপে
পান কর; নতুবা তোমার ঘৃণা জন্মিলে তুমি তাহা
১৭ বমি করিবা। তোমার প্রতিবাসির গৃহে পুনঃ২ গমন-
হইতে তোমার চরণকে নিবৃত্ত কর; নতুবা তাহার
১৮ ঘৃণা জন্মিলে সে তোমার শত্রু হইবে। যে কেহ প্রতি-
বাসির বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দেয়, সে গদা ও খড়্গ ও
১৯ তীক্ষ্ণ বাণস্বরূপ। যেমন ভগ্ন দন্ত ও খঞ্জ চরণ, তদ্রূপ
২০ কষ্টের সময়ে প্রতারক লোকেতে বিশ্বাস। দুঃখি মনের
নিকটে গান করা শীতকালে বস্ত্রত্যাগের ন্যায় ও
২১ সোরার উপরে অম্লরস দেওনের তুল্য। তোমার শত্রু
যদি ক্ষুধিত হয়, তবে তাহাকে অন্ন ভোজন করাও;
এবং যদি তৃষ্ণাযুক্ত হয়, তবে তাহাকে জল পান
২২ করাও; তাহাতে তুমি তাহার মস্তকে জ্বলদগ্নি রাশি
করিয়া রাখিবা, এবং পরমেশ্বর তোমাকে ফল
২৩ দিবেন। উত্তরীয় বায়ু যেমন বৃষ্টি দূর করে, তদ্রূপ
২৪ ক্রোধদৃষ্টি কর্ণেজপ জিহ্বাকে দূর করে। কলহকারিণী
স্ত্রীর সহিত প্রশস্ত বাটীতে বাস করা অপেক্ষা বরং
২৫ ছাতের এক কোণে বাস করা ভাল। পিপাসার্ত্ত
লোকের পক্ষে যেমন শীতল জল, দূরদেশহইতে মঙ্গ-
২৬ লসমাচার তদ্রূপ। দুষ্টের সম্মুখে ধার্ম্মিকের পতন
২৭ ঘোলা জলের আকর ও মলিন উনুইস্বরূপ। অনেক
মধু পান করা যেমন ভাল নয়, তদ্রূপ গৌরবের অন্বে-

ষণ করা ভার। যে জন আপন মনকে দমন না করে, ২৮
সে ভগ্ন ও প্রাচীরহীন নগরের তুল্য।

## ২৬ অধ্যায়।

১ মূর্খদের বিষয়ে কথা, ১৩ ও অলসদের বিষয়ে কথা, ১৭ ও কলহকারিদের বিষয়ে কথা।

যেমন গ্রীষ্মকালে হিম ও শস্য কাটনের সময়ে বৃষ্টি, ১
তদ্রূপ অজ্ঞানের সম্ভ্রম অসম্ভব। অকারণে দত্ত শাপ ২
ভ্রমণকারি পক্ষির ও উড্ডীয়মান তালচোঁচ পক্ষির
ন্যায় নিকটে আইসে না। যেমন অশ্বের নিমিত্তে কশা ৩
ও গর্দ্দভের নিমিত্তে বল্‌গা, তদ্রূপ মূর্খের পৃষ্ঠের নিমিত্তে
দণ্ড। তুমি মূর্খকে তাহার মূর্খতানুসারে উত্তর দিও না, ৪
পাছে তুমিও তাহার সদৃশ হও। তুমি মূর্খকে তাহার ৫
মূর্খতানুসারে উত্তর দেও, পাছে সে আপনাকে জ্ঞানী
বোধ করে। যে জন মূর্খ লোকদ্বারা সমাচার প্রেরণ ৬
করে, সে আপনার পদ আপনি ছেদন করে ও ক্ষতিপ্রাপ্ত
হয়। খঞ্জের চরণ যেমন কুৎসিত, অজ্ঞানের মুখে ৭
শ্লোক তদ্রূপ। যেমন প্রস্তররাশিতে মণির থলি, তেমনি ৮
মূর্খ লোকেতে সম্ভ্রম সমর্পণ। যেমন মত্ত লোকের হস্তে ৯
কণ্টক, তদ্রূপ অজ্ঞানের মুখে শ্লোক। বিশ্বের সৃষ্টিকর্ত্তা ১০
মহান্, তিনিই অজ্ঞানদিগকে ও আজ্ঞালঙ্ঘনকারিগণকে
প্রতিফল দেন। যেমন কুক্কুর আপন বমির প্রতি ফিরে, ১১
তদ্রূপ অজ্ঞান আপন অজ্ঞানতার প্রতি ফিরে। আ- ১২
পনি আপনাকে জ্ঞানবান বোধ করে, এমন লোককে
কি দেখিতেছ? তাহা অপেক্ষা বরং মর্খের বিষয়ে
অধিক প্রত্যাশা আছে।

অলস বলে, পথে সিংহ আছে, ও রাজপথে বল- ১৩
বান সিংহ থাকে। কব্জাতে যেমন কপাট, তদ্রূপ ১৪

১৫ অলস আপন শয্যাতে ফিরে। অলস থালে হস্ত রা-
খিলে পুনর্ব্বার মুখে দিতে তাহার ক্লেশ বোধ হয়।
১৬ সৎপরামর্শি সাত জন অপেক্ষা অলস আপনাকে
অধিক জ্ঞানবান করিয়া মানে।
১৭ যে জন পথে যাইতে২ পরের বিবাদে হস্ত দেয়,
১৮ সে কুক্কুরের কর্ণগ্রাহি লোকের সদৃশ। যে পাগল
১৯ অঙ্গার ও মৃত্যুজনক বাণ নিক্ষেপ করে, এবং যে জন
প্রতিবাসিকে প্রতারণা করিয়া বলে, আমি কি খেলা
২০ করিতেছি না? এই উভয় লোকই সমান। যেমন
কাষ্ঠের অভাবে অগ্নি নির্ব্বাণ হয়, তদ্রূপ কর্ণেজপের
২১ অভাবে বিরোধ থাকে না। যেমন জ্বলন্ত অঙ্গারের
প্রতি অঙ্গার ও অগ্নির প্রতি কাষ্ঠ, তদ্রূপ বিরোধবৃদ্ধির
২২ প্রতি বিরোধি লোক। কর্ণেজপের কথা মিষ্টান্নস্বরূপ,
২৩ তাহা অন্তঃকরণের অভ্যন্তরে প্রবিষ্ট হয়। স্তুতিকর
ওষ্ঠ ও দুষ্টান্তঃকরণ লোক রৌপ্যপাত্র মণ্ডিত খাপরা-
২৪ স্বরূপ। ঘৃণাকারি লোক মনের মধ্যে প্রতারণা রাখিয়া
২৫ ওষ্ঠেতে কাপট্যকথা কহে। সে মধুর কথা কহিলে
তাহাতে বিশ্বাস করিও না; কারণ তাহার অন্তঃকরণ
২৬ ঘৃণ্য বস্তুতে পরিপূর্ণ আছে। যাহার ঘৃণা কপটতাতে
২৭ আচ্ছন্ন, তাহার দোষ সভাতে প্রকাশিত হয়। যে জন
খাত খুদে, সে তন্মধ্যে পতিত হয়; ও যে কেহ প্রস্তর
২৮ গড়ায়, তাহা তাহারই প্রতি ফিরে। মিথ্যাবাদি জিহ্বা
যাহাকে ক্লেশ দেয়, তাহাকেই ঘৃণা করে; ও স্তুতিকর
মুখ বিনাশের কর্ম্ম করে।

## ২৭ অধ্যায়।

১ আত্মশ্লাঘা ও ক্রোধের কথা, ৫ ও সত্য প্রেমের কথা, ১১ ও বিঘ্ন না জন্মাওনের কথা, ২৩ ও গৃহকর্ম্মের কথা

১ কল্যের বিষয়ে গর্ব্বকথা কহিও না; কেননা এক দিনের

মধ্যে কি ঘটিবে, তাহা তুমি জান না। অন্য লোক ২
তোমার প্রশংসা করুক, কিন্তু তোমার নিজ মুখ না
করুক; ও অন্য লোক তোমার সুখ্যাতি করুক, কিন্তু
তোমার নিজ ওষ্ঠ না করুক। প্রস্তর ভারী এবং বালিও ৩
ভারী বটে, কিন্তু অজ্ঞানের রাগ ঐ উভয় অপেক্ষা
ভারী। ক্রোধ দুরন্ত ও কোপ প্রলয়কারী; কিন্তু স্ত্রীনি- ৪
মিত্তক অন্তর্জ্বালার নিকটে কে দাঁড়াইতে পারে?

গুপ্ত প্রেম অপেক্ষা প্রকাশিত অনুযোগ ভাল। বন্ধু ৫
লোকের প্রহার বিশ্বাসযোগ্য, কিন্তু শত্রুর চুম্বন অবি- ৬
শ্বাসযোগ্য। তৃপ্ত লোকের মৌচাকে ঘৃণা বোধ হয়; ৭
কিন্তু ক্ষুধিতের কাছে তিক্ত দ্রব্যও মিষ্ট। যে জন আ- ৮
পন স্থান ছাড়িয়া ভ্রমণ করে, সে বাসাহইতে ভ্রমণ-
কারি পক্ষির ন্যায়। সুগন্ধি তৈল ও ধূপহইতে যেমন ৯
মনের তুষ্টি, তদ্রূপ স্নেহযুক্ত পরামর্শহইতে মিত্রতার
মিষ্টতা জন্মে। তোমার মিত্রকে ও পিতার মিত্রকে ১০
ত্যাগ করিও না, এবং আপন বিপদকালে ভ্রাতার
গৃহে যাইও না; কেননা দূরস্থ ভ্রাতা অপেক্ষা নিকটস্থ
মিত্র ভাল।

হে আমার পুত্র, জ্ঞানবান হও, ও আমার মনকে ১১
আনন্দিত কর; তাহাতে আমি আপন অপমানকারির
প্রতি উত্তর দিতে পারিব। সতর্ক লোক বিপদ দেখিলে ১২
আপনাকে লুক্কায়িত করে; কিন্তু জড়বুদ্ধিরা অগ্রে
যাইয়া শাস্তি পায়। যে জন পরের প্রতিভূ হয়, তাহার ১৩
বস্ত্র লও; এবং যে কেহ বারাঙ্গনার নিমিত্তে হয়,
তাহার সর্ব্বস্ব বন্ধকরূপে লও। যে জন প্রত্যূষে উঠিয়া ১৪
উচ্চৈঃস্বরে আপন বন্ধুকে আশীর্ব্বাদ করে, তাহার সেই
কর্ম্ম অভিশাপরূপে গণিত হয়। বৃষ্টিকালে ফোঁটা২ ১৫
জল পড়া, ও কলহকারিণী স্ত্রী, এ উভয়ই সমান।

১৬ যে জন সেই স্ত্রীকে লুকাইতে পারে, সে বায়ুকে এবং আপন দক্ষিণ হস্তস্থিত স্বপ্রকাশকারি তৈলকেও লুকা-
১৭ ইতে পারে। যেমন লৌহ লৌহকে সতেজ করে, তদ্রূপ
১৮ মনুষ্য আপন মিত্রের মুখকে সতেজ করে। যে জন ডুম্বুরবৃক্ষ রক্ষা করে, সে তাহার ফল ভোজন করে; ও যে কেহ আপন প্রভুর সেবা করে, সে যশ পায়।
১৯ জলমধ্যে যেমন মুখের সদৃশ মুখ, তেমনি মনোমধ্যে
২০ মনুষ্যের সদৃশ মনুষ্য দেখা যায়। যেমন পরলোকের ও কবরের তৃপ্তি নাই, তদ্রূপ মানুষের চক্ষু তৃপ্ত হয়
২১ না। যেমন মূষী রূপাকে ও হাফর সুবর্ণকে তদ্রূপ মনুষ্য
২২ প্রশংসাকে পরীক্ষা করে। যদ্যপি ঢেঁকিতে গড়ের মধ্যে ধান্যের ন্যায় অজ্ঞানকে কুটে, তথাপি তাহার মূর্খতা ঘুচিবে না।
২৩ তুমি আপন মেষপালের তত্ত্ব জ্ঞাত হও, ও পশু-
২৪ পালের প্রতি মনোযোগ কর। কেননা (অন্য) ধন চিরস্থায়ি নয়, ও রাজমুকুট পুরুষানুক্রমে থাকে না।
২৫ কিন্তু ঘাস ছিন্ন হইলে নবীন তৃণ প্রকাশ পাইবে, এবং পর্ব্বতগণের ওষধি সংগ্রহ করা যাইতে পা-
২৬ রিবে। আর মেষবৎস তোমাকে বস্ত্র দিবে, ও ছাগের
২৭ পাল ক্ষেত্রের মূল্যস্বরূপ হইবে। এবং ছাগী তোমার ও তোমার পরিবারের ও যুবতিদের খাদ্যের নিমিত্তে যথেষ্ট দুগ্ধ দিবে।

## ২৮ অধ্যায়।

ধর্ম্মাধর্ম্ম বিষয়ে নানা উপদেশ কথা।

১ কেহ তাড়না না করিলেও দুষ্ট লোক পলায়ন করে;
২ কিন্তু ধার্ম্মিকেরা সিংহের ন্যায় নির্ভয়ে থাকে। প্রজাগণের দোষে নিত্য নূতন রাজা হয়; কিন্তু বুদ্ধিমান ও

জ্ঞানি লোকদ্বারা রাজ্য সুস্থির থাকে। যে দরিদ্র দরি- ৩
দ্রের প্রতি উপদ্রব করে, সে তাবৎ শস্যনাশকারি প্লাব-
নের ন্যায়। শাস্ত্রত্যাগি লোক দুষ্টদের প্রশংসা করে; ৪
কিন্তু যাহারা শাস্ত্র পালন করে, তাহারা তাহাদের সহিত
বিরোধ করে। কদাচারি লোক ন্যায় বুঝে না, কিন্তু ৫
পরমেশ্বরের অন্বেষণকারি লোকেরা সকলি বুঝে।
বক্রপথগামি ধনবান লোক অপেক্ষা সরলাচারি দরিদ্র ৬
লোকও ভাল। যে ব্যবস্থা মানে, সেই জ্ঞানবান পুত্র; ৭
কিন্তু যে জন অপব্যয়ির মিত্র, সে আপন পিতার
লজ্জাকর হয়। যে কেহ সুদ ও অযথার্থ লাভদ্বারা ধন ৮
বৃদ্ধি করে, সে দরিদ্রের প্রতি দয়াকারি লোকদের জন্যে
তাহা সঞ্চয় করে। যে জন শাস্ত্র শ্রবণহইতে কর্ণকে ৯
নিবৃত্ত করে, তাহার প্রার্থনাও ঘৃণাস্পদ হয়। যে জন ১০
সরল লোককে কুপথে লইয়া যায়, সে স্বকৃত খাতে
পতিত হয়; কিন্তু সাধু লোক উত্তম অধিকার পায়।
ধনি লোক আপনাকে জ্ঞানবান বোধ করে, কিন্তু বুদ্ধি- ১১
মান দরিদ্র তাহার পরীক্ষা করে। ধার্ম্মিকদের আনন্দ ১২
হইলে মহাগৌরব হয়, কিন্তু দুষ্টদের উন্নতি হইলে
লোক গুপ্ত থাকে। যে জন আপনার পাপ আচ্ছাদন ১৩
করে, সে মঙ্গল পায় না; কিন্তু যে কেহ তাহা স্বীকার
করিয়া ত্যাগ করে, সে দয়া প্রাপ্ত হয়। যে জন সর্ব্বদা ১৪
ভয় রাখে, সে ধন্য; কিন্তু যে কেহ আপন মনকে
কঠিন করে, সে আপদে পতিত হয়। যেমন গর্জ্জনকারি ১৫
সিংহ ও দুর্বৃত্ত ভল্লূক, দরিদ্র প্রজাগণের প্রতি দুষ্ট শাস-
নকর্ত্তা তদ্রূপ হয়। নির্ব্বোধ রাজা বড় উপদ্রবী হয়; ১৬
কিন্তু যে জন লোভকে ঘৃণা করে, তাহার দীর্ঘায়ু হয়।
যে মানুষ নরহত্যাপাপে ভারগ্রস্ত হয়, তাহাকে কবর ১৭
পর্য্যন্ত পলায়ন করিতে হয়; তাহাকে ধরিতে ব্যস্ত

১৮ হইও না। যে কেহ সরল পথে গমন করে, সে রক্ষা
১৯ পায়; কিন্তু বক্রপথগামী অকস্মাৎ পতিত হয়। যে
জন আপন ভূমির চাস করে, সে যথেষ্ট আহার পায়;
কিন্তু যে জন অলসদিগের অনুগামী, তাহার যথেষ্ট
২০ অকুলান হয়। বিশ্বস্ত লোক অনেক আশীর্ব্বাদ পায়;
কিন্তু হঠাৎ ধনবান হইতে উদ্যোগি লোক নির্দ্দোষ
২১ নয়। বিচারে পক্ষপাত করা উচিত নয়, তাহা করিলে
২২ লোক এক খণ্ড রুটীর নিমিত্তেও দোষী হইবে। কুদৃষ্টি
মানুষ শীঘ্র ধনবান হইতে উদ্যোগী হয়; কিন্তু তাহার
প্রতি যে দরিদ্রতা আসিতেছে, তাহা সে বিবেচনা করে
২৩ না। জিহ্বাতে প্রিয়বাদি লোক অপেক্ষা ভর্ৎসনাকারি
২৪ লোক শেষে অনুগ্রহ পায়। যে জন আপন পিতামা-
তার ধন চুরি করিয়া বলে, ইহাতে পাপ নাই, সে বি-
২৫ নাশকের মিত্র। অহঙ্কারি লোক বিরোধজনক; কিন্তু
২৬ পরমেশ্বরের শরণাপন্ন লোক আপ্যায়িত হয়। যে জন
আপন মনেতে নির্ভর দেয়, সে অজ্ঞান; কিন্তু যে কেহ
২৭ প্রজ্ঞারূপ পথে চলে, সে রক্ষা পায়। যে জন দরিদ্রকে
দান করে, তাহার দরিদ্রতা ঘটে না; কিন্তু যে জন
তাহার প্রতি চক্ষু মুদে, সে অনেক অভিশাপ পায়।
২৮ দুষ্ট লোকেরা উন্নতি পাইলে অন্য লোক লুক্কায়িত
থাকে; কিন্তু তাহারা নষ্ট হইলে ধার্ম্মিকদের বৃদ্ধি হয়।

## ২৯ অধ্যায়।

১ যে জন পুনঃ২ অনুযোগ পাইয়াও গ্রীবা নত করে না,
সে হঠাৎ উচ্ছিন্ন হইবে, তাহার প্রতিকার হইবে না।
২ সাধুগণ উন্নতি পাইলে প্রজাদের আনন্দ হয়; কিন্তু দুষ্ট
৩ জন কর্ত্তৃত্ব করিলে প্রজারা দুঃখিত হয়। যে জন প্রজ্ঞাতে
প্রেম করে, সে পিতার আনন্দদায়ক হয়; কিন্তু যে

কেহ বেশ্যাদিগেতে অনুরক্ত হয়, সে আপন ধন অপ-
ব্যয় করে। রাজা সুবিচারদ্বারা রাজ্য সুস্থির করে; ৪
কিন্তু উৎকোচগ্রাহি রাজা তাহার বিপর্য্যয় করে। যে ৫
জন আপন প্রতিবাসিকে স্তুতিবাদ করে, সে তাহার
পায়ের নীচে জাল পাতে। দুষ্টতা দুষ্ট লোকের ফাঁদ- ৬
স্বরূপ, কিন্তু ধার্ম্মিক আনন্দিত হইয়া গান করে। ধার্ম্মিক ৭
লোক দরিদ্রের বিষয়ে বিচার করে; কিন্তু দুষ্ট লোক
তাহা বুঝিতে মনোযোগ করে না। নিন্দকগণ নগরে ৮
অগ্নি লাগায়; কিন্তু জ্ঞানবান কোপানল নির্ব্বাণ করে।
অজ্ঞানের সহিত বিবাদ করিলে জ্ঞানবান লোক রাগ ৯
করুক কিম্বা হাস্য করুক, কিছুই শান্তি পায় না।
বধকারিগণ সাধুকে ঘৃণা করে; কিন্তু সরল লোক ১০
তাহার প্রাণরক্ষার চেষ্টা করে। অজ্ঞান লোক আপ- ১১
নার তাবৎ মনঃস্থ প্রকাশ করে, কিন্তু জ্ঞানী উচিত সম-
য়ের জন্যে তাহা রাখে। যে রাজা মিথ্যাকথা গ্রাহ্য ১২
করে, তাহার তাবৎ ভৃত্য দুষ্ট হইবে। দরিদ্র ও উপদ্রবী ১৩
মিলে, এবং পরমেশ্বর উভয়েরই চক্ষু দীপ্তিমান করেন।
যে রাজা যথার্থরূপে দরিদ্রের বিচার করে, তাহার ১৪
সিংহাসন নিত্যস্থায়ী হয়। দণ্ড ও অনুযোগ জ্ঞান ১৫
জন্মায়; কিন্তু অশাসিত সন্তান আপন মাতার লজ্জা-
জনক হয়। দুষ্ট লোক বৃদ্ধি পাইলে অনেক দোষ হয়; ১৬
কিন্তু ধার্ম্মিকগণ তাহাদের নিপাত দেখে। তুমি নিজ ১৭
পুত্রকে শাস্তি দেও, তাহাতে সে তোমাকে শান্তি দিবে
এবং মনেতেও আনন্দ দিবে। ঈশ্বরীয় বাক্যের অভাবে ১৮
প্রজাগণ দুষ্ট হয়; কিন্তু যে জন শাস্ত্র মানে, সে ধন্য হয়।
কথাতে দাসের দমন হয় না, কেননা সে বুঝিলেও কথা ১৯
মানে না। তুমি কি হঠাৎবাদিকে দেখিতেছ? বরং ২০
তাহার অপেক্ষা মূর্খের বিষয়ে অধিক প্রত্যাশা আছে।

২১ যে দাস বাল্যকালাবধি কর্ত্তাদ্বারা কোমলরূপে প্রতি-
পালিত হয়, সে শেষে তাহার পুত্র হইয়া উঠে।
২২ রাগি লোক বিরোধ জন্মায়, ও ক্রোধি লোক বিস্তর
২৩ পাপ করে। মনুষ্যের অহঙ্কার তাহাকে অধঃপতন
২৪ করে কিন্তু নম্রমনা লোক গৌরব পায়। চোরের অংশি
লোক আপন প্রাণকে ঘৃণা করে; সে দিব্য করাওনের
কথা শুনে, কিন্তু তাহা প্রকাশ করে না। মনুষ্যবিষয়ক
২৫ ভয় মানুষকে ফাঁদে ফেলে; কিন্তু পরমেশ্বরের শরণাগত
২৬ লোক সুরক্ষিত হয়। অনেকে শাসনকর্ত্তার অনুগ্রহ
প্রার্থনা করে; কিন্তু মানুষের বিচার পরমেশ্বরহইতে
২৭ হয়। পাতকী ধার্ম্মিকের ঘৃণাস্পদ, ও সরলাচারি লোক
দুষ্টদের ঘৃণাস্পদ হয়।

## ৩০ অধ্যায়।

১ আগূরের ধর্ম্মকথা, ৭ ও তাহার প্রার্থনা, ১০ ও নানা উপদেশকথা।

১ যাকির পুত্র আগূরের কথা। সেই ব্যক্তি ঈথীয়েল্‌কে
বরং ঈথীয়েল্ ও উকল্‌কে এই ধর্ম্মোপদেশবাক্য
২ কহিয়াছিল। আমি অন্য মনুষ্যহইতেও মূর্খ, আমার
৩ মনুষ্যবৎ বুদ্ধি নাই। আমি বিদ্যাভ্যাস করি নাই, ও
৪ ধর্ম্মজ্ঞান বুঝি না। কে স্বর্গারোহণ করিয়া তাহাহইতে
নামিয়াছে? এবং কে মুষ্টিতে বায়ু গ্রহণ করিয়াছে?
ও কে বস্ত্রে সমূহ জল বাঁধিয়াছে? ও কে পৃথিবীর
তাবৎ সীমা নিরূপণ করিয়াছে? তাঁহার নাম কি? ও
৫ তাঁহার পুত্রের নাম কি? যদি জান, তবে বল। ঈশ্বরের
প্রত্যেক বাক্যই নির্ম্মল, যাহারা তাঁহাতে বিশ্বাস করে,
৬ তিনি তাহাদের ঢালস্বরূপ। তাঁহার কথাতে আর কিছু
যোগ করিও না, করিলে তিনি তোমাকে অনুযোগ করি-
বেন ও তুমি মিথ্যাবাদী হইবা।

(হে ঈশ্বর) আমি তোমার কাছে দুই বর প্রার্থনা ৭
করি, আমার যাবজ্জীবন তাহা দিতে অস্বীকার করিও
না। অলীকতা ও মিথ্যাকথা আমার নিকটহইতে দূর ৮
কর; এবং দরিদ্রতা কিম্বা ধনাঢ্যতা আমাকে না দিয়া
উপযুক্ত খাদ্য দ্রব্য ভোজন করাও; নতুবা আমি তৃপ্ত ৯
হইয়া তোমাকে অস্বীকার করিয়া বলিব, পরমেশ্বর
কে? কিম্বা দরিদ্র হইয়া চুরি করিব ও আমার ঈশ্বরের
নাম অনর্থক লইব।

প্রভুর নিকটে দাসের অপবাদ করিও না, করিলে সে ১০
তোমাকে শাপ দিবে ও তুমি অপরাধী হইবা। আপন ১১
পিতাকে শাপ দেয় ও আপন মাতার মঙ্গল প্রার্থনা
করে না, এমত এক বংশ আছে। এবং আপনার ১২
মল ধৌত না করিয়াও আপনাকে নির্ম্মল বোধ করে,
এমত এক বংশ আছে। এবং দৃষ্টি অতি উচ্চ ও চক্ষুর ১৩
পাতা অতি উন্নত করিয়া থাকে, এমত এক বংশ
আছে। এবং পৃথিবীতে দরিদ্রকে ও মনুষ্যের মধ্যহ- ১৪
ইতে দীনহীনকে ভক্ষণ করণার্থে যাহাদের দন্ত খড়্গের
ন্যায়, ও কসের দন্ত ছুরিকার ন্যায় হয়, এমত এক
বংশ আছে। দেও২ এই নামে জোঁকের দুই কন্যা ১৫
আছে; এবং তিন বস্তু কখনো তৃপ্ত হয় না, বরং চারি
বস্তু, 'যথেষ্ট হইল' এ কথা কখনো বলে না; অর্থাৎ ১৬
পরলোক, ও বন্ধ্যার জঠর, ও জলেতে অতৃপ্ত ভূমি, এবং
'যথেষ্ট হইল' এই বাক্য কহিতে অক্ষম অগ্নি। যে চক্ষু ১৭
আপন পিতাকে পরিহাস করে ও মাতার আজ্ঞা তুচ্ছ
করে, উপত্যকার কাকেরা তাহা বাহির করিবে, ও
উৎক্রোশপক্ষির শাবকগণ তাহা খাইবে। তিন বিষয় ১৮
আমার জ্ঞানের অগম্য, বরং চারি বিষয় আমি বুঝিতে
পারি না। অর্থাৎ উৎক্রোশপক্ষির গতি আকাশে, ও ১৯

সর্পের গতি শৈলে, ও জাহাজের গতি সমুদ্রেতে, এবং
২০ পুরুষের গতি যুবতিতে। ব্যভিচারিণীর গতিও তদ্রূপ;
সে খাইয়া মুখ পুঁছিয়া বলে, আমি পাপ করি নাই।
২১ তিন বস্তুহইতে পৃথিবী উদ্বিগ্ন হয়, বরং চারিও সহিতে
২২ পারে না; অর্থাৎ কর্তৃত্বকারি দাসকে, ও ভক্ষ্যেতে
২৩ পরিতৃপ্ত মূর্খকে; ও পত্নীর পদ প্রাপ্ত ঘৃণিতা স্ত্রীকে,
২৪ ও স্বকর্ত্রীর স্থান প্রাপ্ত দাসীকে। পৃথিবীতে চারি বস্তু
২৫ অতি ক্ষুদ্র হইলেও অতি জ্ঞানবান হয়; অর্থাৎ পি-
পীলিকাগণ শক্তিমান না হইলেও গ্রীষ্মকালে আহার
২৬ সঞ্চয় করে; এবং শাফন্ জন্তুগণ বলবান না হইলেও
২৭ পাষাণস্থলে গৃহ বাঁধে; পঙ্গপাল ফড়িঙ্গদিগের
যদ্যপি রাজা নাই, তথাপি তাহারা ব্যূহরচনাতে
২৮ গমন করে; এবং টিকটিকি হস্তপাদদ্বারা ভিত্তি ধরে
২৯ ও রাজার অট্টালিকাতেও থাকে। আর তিন সুন্দর
৩০ গমন করে, বরং চারিও সুন্দররূপে চলে; অর্থাৎ কা-
হারো হইতে পরাঙ্মুখ হয় না, এমত পশুরাজ সিংহ;
৩১ এবং বদ্ধকটি যুদ্ধের অশ্ব, ও ছাগ, ও অজেয় রাজা।
৩২ তুমি যদি অহঙ্কার প্রযুক্ত অজ্ঞানের কর্ম্ম করিয়া থাক
ও কোন দুশ্চিন্তা করিয়া থাক, তবে মুখে হস্ত দেও।
৩৩ কেননা যেমন দুগ্ধ মন্থনেতে নবনীত জন্মে, ও নাসিকা
পীড়নেতে রক্ত বাহির হয়, তেমনি ক্রোধের চালনেতে
বিরোধ জন্মে।

## ৩১ অধ্যায়।

১ লিমূয়েল্ রাজার মাতার উপদেশকথা, ১০ ও উত্তম স্ত্রীর বর্ণনা।

১ লিমূয়েল্ রাজার কথা। তাহার মাতা তাহাকে এই
২ ধর্ম্মোপদেশ শিক্ষা দিয়াছিল। হে আমার পুত্র,
হে আমার গর্ভজাত বালক, হে আমার মানতের ফল-

স্বরূপ পুত্র, আমি কি কহিব? তুমি স্ত্রীগণকে আপন ৩
শক্তি ও রাজবিনাশকারিণীগণকে আপন গতি দিও না।
হে লিমূয়েল, মদ্যপান রাজাদের উচিত্ত নয়, এবং ৪
সুরাপানে আশক্ত হওয়া নৃপতিদের উচিত নয়। পান ৫
করিলে তাহারা বিধি বিস্মৃত হইবে, ও সকল দুঃখি
লোকের প্রতি অন্যায় করিবে। মৃতকল্প জনকে সুরা ৬
দেও, ও ক্ষুণ্নমনা লোককে দ্রাক্ষারস দেও। সে পান ৭
করিয়া আপন দীনতা বিস্মৃত হউক, ও আপনার ক্লেশ
আর মনে না করুক। তুমি বোবা লোকদের পক্ষে ৮
ও তাবৎ দীনহীন লোকের বিচারে আপন মুখ খুল।
মুখ খুলিয়া ধর্ম্মবিচার কর, এবং দরিদ্র ও দীনহীনদের ৯
বিচার কর।

গুণবতী স্ত্রীকে কে পাইতে পারে? পদ্মরাগমণি- ১০
হইতেও তাহার অধিক মূল্য। তাহার স্বামী মনের ১১
সহিত তাহাতে বিশ্বাস করে, ও তাহার লাভের অভাব
হয় না। সে যাবজ্জীবন মঙ্গল বিনা কখনো স্বামির ১২
অমঙ্গল করে না। সে মেষলোম ও মসিনা অন্বেষণ ১৩
করে, ও আনন্দে আপন হস্তে সকল কর্ম্ম করে। সে ১৪
বাণিজ্যের জাহাজের ন্যায় দূরহইতে আপন খাদ্য সা-
মগ্রী আনয়ন করে। সে রাত্রি থাকিতে উঠিয়া পরিজন- ১৫
দিগকে খাদ্য ও দাসীদিগকে নিরূপিত কর্ম্ম দেয়। সে ১৬
ক্ষেত্রের বিষয়ে বিবেচনা করিয়া তাহা ক্রয় করে, ও
আপন হস্তের ফল দিয়া দ্রাক্ষাক্ষেত্র প্রস্তুত করে। সে ১৭
বলেতে কটি বন্ধন করে, ও আপন বাহু বলবান করে।
সে আপন ব্যবসায়ের উত্তম ফল আস্বাদন করে, রা- ১৮
ত্রিতে তাহার প্রদীপ নির্ব্বাণ হয় না। সে টেকুয়াদ্বারা ১৯
আপন হস্তে কর্ম্ম করে, ও হস্ত দিয়া পাঁজ ধরে। সে ২০
দরিদ্রের প্রতি মুক্তহস্ত হয়, ও দীনহীনদের প্রতি হস্ত

২১ বিস্তার করে। সে পরিবারের বিষয়ে শীতকালহইতে
ভয় পায় না; কারণ তাহার তাবৎ পরিজন লালবর্ণ
২২ শীতবস্ত্র পরিধান করে। সে আপনার নিমিত্তে বিচিত্র
আচ্ছাদনবস্ত্র নির্ম্মাণ করে, ও শুক্লপট্ট ও রক্তবর্ণ বস্ত্রে
২৩ বস্ত্রান্বিতা হয়। তাহার স্বামী দেশীয় প্রাচীনদের সহিত
২৪ বসিয়া বিচারসভাতে পরিচিত হয়। সে মসিনার বস্ত্র
প্রস্তুত করিয়া বিক্রয় করে। ও বণিক্‌দের কাছে
২৫ পটুকা বিক্রয় করে। বল ও মর্য্যাদা তাহার বস্ত্র-
স্বরূপ হয়, সে ভবিষ্যৎকালের বিষয়ে আনন্দ করে।
২৬ সে মুখ খুলিয়া জ্ঞানের কথা কহে, তাহার জিহ্বাগ্রে
২৭ অনুগ্রহের ব্যবস্থা থাকে। সে আপন পরিবারের
আচরণে মনোযোগ করে ও আলস্যের খাদ্য খায় না।
২৮ তাহার সন্তানগণ উঠিয়া তাহার ধন্যবাদ করে, ও তা-
২৯ হার স্বামীও তাহার এই রূপ প্রশংসা করে; ‘অনেক
রমণী ভাল কর্ম্ম করিয়াছে বটে, কিন্তু তুমি সর্ব্বাপেক্ষা
৩০ শ্রেষ্ঠা।’ লাবণ্য মিথ্যা, ও সৌন্দর্য্য অসার, কিন্তু পর-
৩১ মেশ্বরহইতে ভীতা যে স্ত্রী সেই প্রশংসনীয়া। তাহার
হস্তের ফল তাহাকে দেও, ও বিচারসভাতে তাহার
ক্রিয়ার প্রশংসা হউক।